১৩-১৫। টিপ্পনী। সুপ্রাপাণি ফলপুষ্পাণি যত্র তানি, প্রশান্তমৃগযূথানি প্রশান্তমৃগযূথবিশিষ্টানি কান্তপক্ষিগণানি কমনীয়পক্ষিগণৈরাকীর্ণানি বনানি, ফুল্লপঙ্কজষণ্ডানি প্রফুল্লপঙ্কজরাশিযুতানি প্রসন্নানি স্বচ্ছানি সলিলানি যত্র তানি কারণ্ডবৈর্জলকুক্কুটৈর্বিঘুষ্টানি নিনাদিতানি তড়াগানি সরাংসি চ, দৃষ্টিরম্যাণি রমণীয়দর্শনানি গিরিপ্রস্রবণানি গিরিনির্ঝরান্‌, ময়ূরাণাং বিরুতানি যত্র তানি ময়ূরনাদবিনিনাদিতানীত্যর্থঃ অরণ্যানি চ পশ্য। শ্লোকত্রয়মেকান্বয়ম্‌। স্রোতোরহিতানি তড়াগানি তৎসহিতানি সরাংসীতি ন পৌনরুক্ত্যম্‌। শিরোঃ।

হে রাম, হে বীর, তুমি দণ্ডকারণ্যবাসী তপঃশুদ্ধাত্মা এই তপস্বীদিগের আশ্রমস্থানসমূহ দর্শন করিতে প্রবৃত্ত হও ॥ ১২ ॥

তুমি সুলভ-ফলপুষ্পবিরাজিত প্রশান্ত-মৃগযূথ-নিষেবিত কমনীয়-পক্ষিগণ-সমাকীর্ণ বিচিত্র কাননসমূহ, প্রফুল্ল-পঙ্কজরাশি-পরিশোভিত কারণ্ডব-নিনাদিত স্বচ্ছসলিল তড়াগ ও সরোবরসমূহ, রমণীয়দর্শন গিরিপ্রস্রবণসমূহ এবং ময়ূর-নিনাদিত রমণীয় অরণ্যসমূহ দর্শন কর ॥ ১৩-১৫ ॥

১। ঙ 'রাম'। ২। ঙ 'সংপ্রাপ্ত-', ছ-ঠ-ড 'সুপ্রাজ্য-'। ৩। ঙ-ছ-ঠ 'শান্ত-'। ৪। ঝ '-মৃগাণি'। ৫। ঠ '-পুষ্পাণি'। ৬। অতঃ পরং ড-পুস্তকে 'রমণীয়ান্যরণ্যানি ময়ূরবিরুতানি চ' ইত্যধিকঃ। ৭। ঝ '-ণ্ডবাবজুষ্টানি'। ৮। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৯। ঘ '-রুচিরাণি'।

শিবায় গম্যতাং রাম সৌমিত্রে বৎস[1] গম্যতাম্।
আগন্তব্যং[2] তু[3] নো[4] দ্রষ্টুং পুনরাশ্রমমণ্ডলম্ ॥ ১৬ ॥
এবমুক্তস্তথেত্যুক্ত্বা কাকুৎস্থঃ সহলক্ষ্মণঃ।
প্রদক্ষিণং মুনিং কৃত্বা প্রস্থাতুমুপচক্রমে ॥ ১৭ ॥
ততঃ শুভতরাংস্তূণান্ ধনুষী চায়তেক্ষণা।
দদৌ সীতা তয়োর্ভ্রাত্রোরসী চারিনিবর্হণৌ[5] ॥ ১৮ ॥

১৮। লো-টী। শুভতরান্ অত্যুত্তমান্। অরিনিবর্হণৌ অরিনাশনৌ।

১৬। টিপ্পনী। শিবায় শুভপ্রাপ্তয়ে। অস্মান্ দ্রষ্টুং পুনরাশ্রমমণ্ডলং মদীয়মিতি শেষঃ, আগন্তব্যং প্রত্যাগন্তব্যম্। 'আগন্তব্যং চ তে দৃষ্ট্বা পুনরেবাশ্রমং প্রতি' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৮।১৬)। তে ত্বয়া সকলঋষীণামাশ্রমান্ দৃষ্ট্বা পুনরপি মমাশ্রমং প্রত্যাগন্তব্যমিত্যর্থঃ। তিঃ।

১৮। টিপ্পনী। ততঃ প্রস্থানোপক্রমোত্তরকালে শুভতরান্ অতিসুন্দরান্ তূণান্ প্রত্যেকং দ্বৌ দ্বাবিতি কৃত্বা তূণচতুষ্টয়মিত্যর্থঃ, ধনুষী ধনুর্দ্বয়ম্ অরিনিবর্হণৌ শত্রুসংহারকৌ অসী অসিদ্বয়ঞ্চ ভ্রাত্রোর্ভ্রাতৃভ্যাং দদৌ। ভ্রাত্রোঃ প্রত্যেকম্ একং ধনুরেকমসিং দ্বৌ তূণৌ চ দদাবিত্যর্থঃ। 'ততঃ শুভতরে তূণী ধনুষী চায়তেক্ষণা। দদৌ সীতা তয়োর্ভ্রাত্রোঃ খড়্গৌ চ বিমলৌ ততঃ ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (২।৮।১৮)। ততঃ প্রস্থানোপক্রমানন্তরম্। বিমলৌ তত ইতি ততো ধনুরাদিদানানন্তরমিত্যর্থঃ। ততঃ শুভতরে ইত্যাদিনা অয়মর্থোঽবগম্যতে— আশ্রমপ্রবেশে কিমস্মাকমায়ুধৈরিতি মন্যমানা সীতা আয়ুধানি মুনিগৃহে কুত্রচিন্নিহিতবতী। অথ অমার্গেণেত্যাদিরামবাক্যেন অরিষ্টং গচ্ছেত্যাদিমুনিবাক্যেন চ তয়োর্হৃদয়ং বিদিত্বা স্বয়মেবাদায় পুনর্দত্তবতীতি। অত এবোত্তরসর্গে স্বাশয়ং বক্ষ্যতি। গোঃ রাঃ।

রাম, তুমি মঙ্গলপ্রাপ্তির নিমিত্ত গমন কর; বৎস লক্ষ্মণ, তুমিও গমন কর; পরন্তু, আমাদিগকে দর্শন করিবার জন্য পুনরায় তোমরা [আমার] আশ্রমমণ্ডলে আগমন করিও ॥ ১৬ ॥

এইরূপে অভিহিত রামচন্দ্র 'আচ্ছা তাহাই হউক' ইহা বলিয়া লক্ষ্মণ-সমভিব্যাহারে মুনিকে প্রদক্ষিণ করত গমনের উপক্রম করিলেন ॥ ১৭ ॥

১। ঙ 'অবগম্যতাম্'। ২। ঘ-ঝ-ঠ-ড '-ব্যঞ্চ'। ৩। ঙ 'জনৈর্জুষ্টং'। ৪। ড 'নৌ'। ৫। ড 'চাপে নিবর্হণে'।

নিবধ্য তৌ চ তাংস্তূণান্ ধনুষী চ প্রগৃহ্য তৌ।
নিষ্ক্রান্তাবাশ্রমং[1] দ্রষ্টুং[2] ততস্তৌ রামলক্ষ্মণৌ ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে সুতীক্ষ্ণাশ্রমনিবাসো নাম
দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

১৯। টিপ্পনী। প্রগৃহ্য ধৃত্বা

অনন্তর, আয়তলোচনা সীতা সেই ভ্রাতৃদ্বয়কে অতি সুন্দর [চারিটী] তূণীর, দুইখানি শরাসন এবং শত্রুসংহারক দুইখানি খড়্গ প্রদান করিলেন ॥ ১৮ ॥

অনন্তর, সেই রাম ও লক্ষ্মণ [সীতাপ্রদত্ত] সেই তূণীর [-চতুষ্টয়] বন্ধনপূর্ব্বক শরাসনদ্বয় ধারণ করিয়া আশ্রমমণ্ডল দর্শন করিতে বহির্গত হইলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে সুতীক্ষ্ণাশ্রমনিবাস-নামক
দ্বাদশ সর্গ সমাপ্ত ॥ ১২ ॥

১। ছ '-শ্রমান্'। ২। ঙ-ছ-ঝ-ড 'তত্র তৌ'।

ত্রয়োদশঃ সর্গঃ

প্রস্থিতৌ ধৃতচাপৌ চ[1] তৌ নিশম্যাথ[2] জানকী।
হৃদ্যয়া স্নিগ্ধয়া বাচা ভর্ত্তারমিদমব্রবীৎ ॥ ১ ॥
প্রাপ্যতেঽহিংসয়া রাম ধর্ম্মঃ[3] সদ্ভিঃ সদা শুভঃ।
নাশনানি[4] পুনস্তস্য সপ্তাহুর্ব্ব্যসনানি[5] চ ॥ ২ ॥
তত্র[6] কামসমুত্থানি[7] চত্বার্য্যুক্তানি[8] রাঘব[9]।
ক্রোধোদ্ভবানি চ ত্রীণি ব্যসনানি প্রচক্ষতে ॥ ৩

১। লো-টী। নিশম্য শ্রুত্বা। অথানন্তরম্। হৃদ্যয়া হৃদয়লগ্নয়া।

৩। লো-টী। চত্বারি স্ত্রিয়ো হিংসা মৃগয়া পানম্। সপ্তব্যসনানামত্রানুপযুক্তত্বাৎ সর্ব্বং ন বিবৃতম্।

১। টিপ্পনী। নিশম্য দৃষ্ট্বা। হৃদ্যয়া মনোহরয়া, স্নিগ্ধয়া মধুরয়া। শিরোঃ। হৃদ্যয়া যুক্তিমত্ত্বেন হৃদয়ঙ্গময়া, স্নিগ্ধয়া স্নেহপ্রবৃত্তয়া। তিঃ।

২। টিপ্পনী। শুভঃ পবিত্রঃ। সপ্ত ব্যসনানি তস্য ধর্ম্মস্য নাশনানি আহুঃ।

৩। টিপ্পনী। কামসমুত্থানি কামোদ্ভবানি। 'ত্রীণ্যেব ব্যসনান্যত্র কামজানি ভবন্ত্যুত' ইতি পাশ্চাত্যাঃ (৩।৯।৩)।

অনন্তর, সীতা রাম ও লক্ষ্মণকে প্রস্থানোদ্যত এবং শরাসনধারী দেখিয়া স্নেহপূর্ণ মনোহর বাক্যে স্বামীকে ইহা বলিলেন—॥ ১ ॥

রামচন্দ্র, সজ্জনগণ সর্ব্বদা অহিংসাদ্বারা [-ই] পবিত্র ধর্ম্ম লাভ করিয়া থাকেন; কিন্তু সপ্তবিধ ব্যসন ঐ ধর্ম্মের বিনাশক বলিয়া অভিহিত হয় ॥ ২ ॥

হে রাঘব, তাহার (ঐ সপ্তবিধ ব্যসনের) মধ্যে চারিটী ব্যসন কাম-জ বলিয়া অভিহিত হয় এবং তিনটী ব্যসনকে ক্রোধ-জ বলিয়া থাকে ॥ ৩ ॥

* ১। ঙ-ছ-ঠ-ড 'তু'। ২। ছ 'নিশা-'। ৩। ঙ 'কর্ম্মকৃদ্ভিঃ'। ৪। ছ '-কানি'। ৫। ঘ 'সর্ব্বাণি ব্যস-', ঠ 'সর্ব্বাণি বাসনান্যুত'। ৬। ঘ 'অত্র'। ৭। ঝ '-সমগ্রাণি'। ৮। ছ 'চত্বারি ব্যসনানি চ'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে 'স্ত্রিয়োঽক্ষা মৃগয়া পানং তস্য যুক্তানি রাঘব' ইত্যধিকঃ।

মিথ্যাবাক্যন্তু প্রথমং যৎ সদ্‌ভিস্ত্যজ্যতে সদা[1]।
পরদারাভিগমনং বিনা বৈরঞ্চ রৌদ্রতা[2] ॥ ৪ ॥
তানি[3] সর্ব্বাণি সংযন্তুং[4] শক্যং রাম জিতেন্দ্রিয়ৈঃ।
তব বশ্যেন্দ্রিয়ত্বঞ্চ জানামি[5] শুভনিশ্চয়ম্[6] ॥ ৫ ॥

৪। লো-টী। মিথ্যাবাক্যং ক্রোধোদ্ভবব্যসনং তথা বিনা রৌদ্র্যঞ্চ রৌদ্রতাম্। রৌদ্রতাং স্বার্থে তল্‌প্রত্যয়ঃ। রৌদ্রং দূষণং বিনা পরস্য রৌদ্র্যং দূষণম্। অস্থানে বৈরকরণমিতি ত্রীণি। পরদারাভিগমনং পরহিংসা চেতি দ্বয়ং কামোদ্ভবম্। 'রৌদ্রং ঘর্ম্মে রণে চণ্ড্যাং স্ত্রী তীব্রে দূষণে ত্রিষু'ইতি কোষঃ। এতদ্ব্যসনং ভয়াশয়ং ভয়মাশেতে তিষ্ঠত্যস্মিন্ ইতি তথা ভয়জনকমিত্যর্থঃ। (যস্তেতৎ তর্হি উপস্থিতমবশ্যং ভবতীত্যর্থঃ ইত্যুক্তং সদ্‌ভিরিতি শেষঃ ?)। 'ভয়হেতুমুপস্থিতমি'তি পাঠে ভয়হেতুকমিত্যর্থঃ।

৪। টিপ্পনী। কামজানাং ব্যসনানাং পরিগণনে প্রথমমেবায়াতি মিথ্যাবাক্যম্, ততঃ পরদারাভিগমনং বৈরং শত্রুত্বং বিনা রৌদ্রতা হিংসকতা চ। এতদ্দ্বয়ং মিথ্যাবাক্যাদ্ গুরুতরমিতি ভাবঃ। 'মিথ্যাবাক্যন্তু পরমং তস্মাদ্ গুরুতরাবুভৌ। পরদারাভিগমনং বিনা বৈরঞ্চ রৌদ্রতা ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৯।৩-৪)। রৌদ্রতা ক্রূরকর্ম্মকারিত্বম্। শিরোঃ। বিনা বৈরং রৌদ্রতা রৌদ্রভাবাবলম্বনম্, মৃগাণামত্যন্তদুর্ব্বলত্বেন তেষু বৈরপ্রসক্ত্যভাবাদিতি ভাবঃ। তিঃ।

৫। টিপ্পনী। তানি মিথ্যাবাক্যাদীনি জিতেন্দ্রিয়ৈঃ সংযন্তুং প্রতিবন্ধুং শক্যম্। তব শুভনিশ্চয়ং শুভো নিশ্চয়ঃ সংকল্পো যস্য তাদৃশং বশ্যেন্দ্রিয়ত্বং জিতেন্দ্রিয়ত্বং জানামি।

[কামজ ব্যসনের মধ্যে] প্রথমই মিথ্যাবাক্য, যাহা সজ্জনগণ সর্ব্বদা পরিত্যাগ করিয়া থাকেন ; তৎপরে পরস্ত্রীগমন এবং শত্রুতাব্যতিরেকে পরহিংসা [যাহা মিথ্যাবাক্য হইতে গুরুতর] ॥ ৪ ॥

রামচন্দ্র, জিতেন্দ্রিয় ব্যক্তিগণ এই সমস্ত ব্যসনই সংযত করিতে সমর্থ হয়েন ; আর, আপনার শুভনিশ্চয় (অর্থাৎ যাহার সঙ্কল্পও শুভদায়ক ঈদৃশ) জিতেন্দ্রিয়ত্ব আমি পরিজ্ঞাত আছি ॥ ৫ ॥

১। ঙ-ঠ-ড 'সদ্‌ভিঃ সন্ত্যজ্যতে'। ২। ঙ-ঝ '-তাম্'। ৩। ঝ-পুস্তকে অস্য শ্লোকস্য স্থানে 'অস্থানে বৈরকরণং ভয়াশয়মুপস্থিতম্' ইতি পাঠঃ। ৪। ঙ 'সংছেত্তুং'। ৫। ঙ-ড 'পশ্যামি'। ৬। ঙ '-য়ঃ'। অতঃ পরং ঙ-ছ-পুস্তকয়োঃ 'বাক্‌পারুষ্যঞ্চ তে রাম ন ভূতং ন ভবিষ্যতি। ক্রোধজং ব্যসনং ঘোরং কুতঃ কামসমুদ্ভবম্। অস্থানে বৈরকরণং তচ্চ তে সমুপস্থিতম্ ॥' ইতি, ঠ-ড-পুস্তকয়োঃ 'বাক্‌পারুষ্যাদৃতে রাম ন ভূতং ন ভবিষ্যতি। ক্রোধজং ব্যসনং ঘোরং কৃতং কামসমুদ্ভবম্ ॥ অস্থানে বৈরকরণং রক্ষোভিস্তু ন তে হিতম্।' ইত্যধিকঃ।

[1]মিথ্যা বাক্যং[2] ন তে [3]ভূতং ন ভবিষ্যতি রাঘব।
[4]কুতো নু দূষণং রাম [5]কুতঃ স্ত্রীগমনং প্রভো[6]।
[7]অস্থানে বৈরকরণং তচ্চ তে সমুপস্থিতম্ ॥ ৬ ॥
[8]যদিদং তে ব্যবসিতং [9]পরহিংসাকৃতং ব্রতম্।
বৈরপ্রসঙ্গজননং র[10]ক্ষোভিস্তন্ন তে হিতম্ ॥ ৭ ॥
[11]প্রতিজ্ঞাতস্ত্বয়া বীর দণ্ডকারণ্যবাসিনাম্।
ঋষীণাং [12]রক্ষণকৃতে বধঃ [13]সংযতি রক্ষসাম্ ॥ ৮ ॥

৭। লো-টী। রক্ষোভিঃ সহ তে তব বৈরপ্রসঙ্গজননং তে তব ন হিতম্।
৮। লো-টী। সংযতি যুদ্ধে।

৬-৭। টিপ্পনী। দূষণং হাবভাবস্পর্শাদিভিঃ পরস্ত্রীণাং মনোবিকৃত্যুৎপাদনম্। স্ত্রীগমনং পরস্ত্রীসঙ্গমঃ। 'কুতোঽভিলষণং স্ত্রীণাং পরেষাং ধর্ম্মনাশনম্' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৯।৫)। চস্ত্বর্থে, কিন্তু তৎ প্রসিদ্ধম্ অস্থানে বৈরকরণম্ অস্থানে অকারণং যথা স্যাত্তথা বৈরকরণং শত্রুতাচরণরূপব্যসনং তব সমুপস্থিতম্। পরহিংসাকৃতং পরহিংসায়াঃ কৃতং করণং যত্র তথাভূতং পরহিংসয়া সাধ্যমিত্যর্থঃ, তথা রক্ষোভিঃ রাক্ষসৈঃ সাকং বৈরপ্রসঙ্গজননং শত্রুতায়া অবসরোৎপাদকঞ্চ যদিদং ব্রতং তে ত্বয়া ব্যবসিতং প্রারব্ধং তৎ তে ন হিতং হিতকরম্।
৮-৯। টিপ্পনী। নন্বু কথং বৈরপ্রসঙ্গ ইত্যত আহ—প্রতিজ্ঞাত ইত্যাদি। ঋষীণাং

রাঘব, মিথ্যাবাক্য [-কথন] আপনার ঘটে নাই এবং ঘটিবে না ; হে রাম, হে প্রভো, [স্ত্রী-] দূষণ (হাবভাব এবং স্পর্শাদিদ্বারা পরস্ত্রীর বিকৃতি উৎপাদন) কোথা হইতে সম্ভবপর হইবে এবং [পর-] স্ত্রীগমন [-ই বা] কোথা হইতে সম্ভবপর হইতে পারে ? তবে, অকারণে শত্রুতাচরণ [-রূপ ব্যসন] আপনার সমুপস্থিত হইয়াছে। পরহিংসাকৃত (অর্থাৎ পরহিংসাদ্বারা যাহা নিষ্পন্ন করিতে হইবে ঈদৃশ) এবং রাক্ষসগণের সহিত বৈরপ্রসঙ্গজনন (অর্থাৎ শত্রুতার সুযোগ উৎপাদক) এই যে ব্রত আপনি আরম্ভ করিয়াছেন তাহা আপনার হিতকর নহে ॥ ৬-৭ ॥

১। ঙ-পুস্তকে ইতোঽর্দ্ধপঙ্ক্তকস্থানে 'বাক্পারুষ্যাদৃতে রাম ন কৃতং ন ভবিষ্যতি। ক্রোধজং ব্যসনং ঘোরং কুতঃ কামসমুদ্ভবম্॥ অস্থানে বৈরকরণং রক্ষোভিস্তেন তে হিতম্॥' ইতি পাঠঃ। ২। ড '-ক্যঞ্চ'। ৩। ঘ-ড 'ত্বদ্ভূতং'। ৪। ছ-ঠ-ড '-তোঽন্য', ঝ '-তো নু ভূষণং'। ৫। ছ-ঠ-ড 'পরস্ত্রী-'। ৬। ঘ-ছ-ঠ-ড 'তথা'। ৭। গ-ছ-ঝ-ঠ-ড-পুস্তকেষু ইদমর্দ্ধং নাস্তি। ৮। ছ-ড 'যত্ত্বিদং', ঝ 'ন ত্বিদং'। ৯। ঙ 'জনহিংসাকৃতং'। ১০। ক-ঙ-ঝ '-ভিস্তে ন', ঠ '-ভিস্তন্নু তে'। ১১। ঙ-ঝ '-স্ত্বয়া'। ১২। ঝ '-কৃতৈর্বধঃ'। ১৩। ঘ-ছ-ঠ-ড 'সংপ্রতি'।

বধার্থে[1] রক্ষসাং বীর দণ্ডকারণ্যবাসিনাম্ ।
প্রস্থিতস্ত্বং সহ ভ্রাত্রা গৃহীত্বা সশরং ধনুঃ ॥ ৯ ॥
ত্বাঞ্চৈব প্রস্থিতং দৃষ্ট্বা[2] রাম চিন্তাকুলং মনঃ ।
সর্ব্বতশ্চিন্তয়ন্ত্যা[3] মে তব[4] নিঃশ্রেয়সং নৃপ ॥ ১০ ॥
ন চ মে[5] রোচতে বীর গমনং[6] দণ্ডকং প্রতি ।
কারণন্তত্র[7] বক্ষ্যামি বদন্ত্যাঃ[8] শ্রূয়তাঞ্চ মে ॥ ১১ ॥
ত্বং হি বাণধনুষ্পাণির্ভ্রাত্রা সহ বনং গতঃ ।
দৃষ্ট্বা বনচরান্[9] নাথ[10] কিং ন কুর্য্যাঃ শরব্যয়ম্ ॥ ১২ ॥

১২। লো-টী। শরব্যয়ং শরপ্রক্ষেপম্ ।

রক্ষণকৃতে রক্ষণকরণায় সংযতি যুদ্ধে রক্ষসাং বধস্ত্বয়া প্রতিজ্ঞাতঃ তেষাং বধার্থে চ ভ্রাত্রা সহ প্রস্থিতঃ ।

১০। টিপ্পনী। সর্ব্বতঃ সর্ব্বভাবৈস্তব নিঃশ্রেয়সং মঙ্গলং চিন্তয়ন্ত্যাস্ত্বাঞ্চ প্রস্থিতং দৃষ্ট্বা স্থিতায়া মম মনশ্চিন্তাকুলং জায়তে।

১১। টিপ্পনী। দণ্ডকং প্রতি অস্মাকং গমনং ন মে মহ্যং রোচতে ন মে মনস্তোষমুৎপাদয়তীত্যর্থঃ।

১২। টিপ্পনী। বনচরান্ দৃষ্ট্বা কিং শরব্যয়ং শরমোক্ষং ন কুর্য্যাঃ অপি তু করিষ্যস্যেব। ইদমেব তৈঃ সহ বৈরকরণস্য মূলং হিংসালক্ষণাধর্ম্মপ্রাপ্তেশ্চ কারণম্। বনচরান্ রাক্ষসান্। তিঃ।

হে বীর, আপনি দণ্ডকারণ্যবাসী ঋষিগণের রক্ষার নিমিত্ত যুদ্ধে রাক্ষসগণের সংহার [করিবেন বলিয়া] প্রতিশ্রুত হইয়াছেন, [এবং] হে বীর, আপনি দণ্ডকারণ্যবাসী রাক্ষসগণকে নিধন করিবার নিমিত্ত [-ই] সশর শরাসন ধারণপূর্ব্বক ভ্রাতার সহিত গমন করিতেছেন ॥ ৮-৯ ॥

হে রাম, হে নৃপ, সর্ব্বপ্রকারে আপনার মঙ্গলচিন্তায় নিরতা আমার মন আপনাকে গমনোন্মুখ দেখিয়া চিন্তাকুল হইতেছে ॥ ১০ ॥

আর, হে বীর, দণ্ডকারণ্যে গমন করা আমার ভাল লাগিতেছে না ; তাহার কারণ বলিতেছি ; আমি বলিতে থাকিলে আপনি শ্রবণ করুন ॥ ১১ ॥

১। ঘ-ছ-ঠ '-র্থং', ঙ '-য়' । ২। ঘ-ঙ-ছ-ঠ-ড 'মম'। ৩। ক '-ন্নিত্বা'। ৪। ঠ 'তপোনিঃশ্রেয়সং মনঃ' ৫। ক 'তে'। ৬। ঙ 'দণ্ডকে গমনং'। ৭। ঝ 'কাকুৎস্থ তত্র'। ৮। ঙ '-ত্যামিতি', ঠ '-ত্যাস্ম মে', ড '-ত্যাং মম'। ৯। ঝ 'চ নগরং নাথ'। ১০। ধ '-রান্ রাম', ঙ '-রং রাম'।

ক্ষত্রিয়স্য ধনুশ্চোক্তং[১] হুতাশস্যেন্ধনং যথা[২]।
তৎ সমীপে স্থিতং[৩] ভূয়স্তেজো মূর্চ্ছয়তে[৪] বলাৎ ॥ ১৩ ॥

এবং হি দৃষ্ট্বা[৫] বিক্রান্তং বিত্রস্যন্তি[৬] বনেচরাঃ।
একান্তেঽপি[৭] স্থিতাস্তে তু[৮] বধমিচ্ছন্তি[৯] তাবকম্ ॥ ১৪ ॥

পুরা কিল মহাবাহো তপস্বী সংযতেন্দ্রিয়ঃ।
কশ্চিদ্বনগতঃ সিদ্ধস্তাপসারণ্যমাশ্রিতঃ[১০] ॥ ১৫ ॥

১৩। লো-টী। ধনুঃ সমীপস্থং যদি তদা ভূয়োঽধিকং তেজঃ বলাৎ স্বভাবাৎ মূর্চ্ছয়তে বর্দ্ধয়তে। যথা হুতাশস্য ইন্ধনম্।

১৪। লো-টী। তাবকং ত্বৎকৃতম্, ঋচ্ছন্তি প্রাপ্নুবন্তি। তপস্বী সন্তপ্তঃ।

১৫। লো-টী। সিদ্ধঃ প্রসিদ্ধঃ।

১৩। টিপ্পনী। ননু শরব্যয়ং ন করোমীত্যত আহ—ক্ষত্রিয়স্যেত্যাদি। ক্ষত্রিয়স্য ধনুঃ হুতাশনস্যেন্ধনমিবোক্তম্। যথেন্ধনং বহ্নেরুদ্দীপকং তথা ধনুঃ ক্ষত্রিয়স্যেতি ভাবঃ। অতস্তদ্ ধনুঃ সমীপে স্থিতং সদ্ বলাৎ অনিচ্ছতোঽপি ধানুষ্কস্যেত্যর্থঃ, তেজো মূর্চ্ছয়তে বর্দ্ধয়তে। অতো ভবতঃ শরব্যয়ো ভবিষ্যত্যেব।

১৪। টিপ্পনী। এবং বিক্রান্তং বিক্রমশালিনং ত্বাং দৃষ্ট্বা বনেচরা বিত্রস্যন্তি ভীতা ভবিষ্যন্তি। ভীতিবশাদেকান্তে নির্জ্জনপ্রদেশে স্থিতা অপি তে তাবকং ত্বৎসম্বন্ধিনং বধমিচ্ছন্তি ত্বাং হন্তুং কাময়িষ্যন্ত ইত্যর্থঃ।

১৫। টিপ্পনী। অস্ত্রসাহচর্য্যাদ্ হিংসাবৃত্তিস্ততশ্চাধর্ম্ম ইত্যর্থে ইতিহাসং প্রমাণয়ন্ত্যাহ—পুরেত্যাদি। কশ্চিৎ সংযতেন্দ্রিয়স্তপস্বী বনগতঃ সন্ তাপসারণ্যং তপোবনমাশ্রিতঃ।

নাথ, আপনি ধনুর্ব্বাণ ধারণপূর্ব্বক ভ্রাতার সহিত বনে গমন করত বনচরদিগকে দর্শন করিয়া [তাহাদের প্রতি] কি বাণক্ষেপ করিবেন না ? ॥ ১২ ॥

ক্ষত্রিয়ের পক্ষে ধনু বহ্নির পক্ষে ইন্ধনের ন্যায় [উদ্দীপক বলিয়া] কথিত হইয়া থাকে ; [বিশেষতঃ] সেই ধনু সমীপে থাকিলে বলপূর্ব্বক (অর্থাৎ ধনুর্ধারী ব্যক্তি ইচ্ছা না করিলেও) [তাহার] অতীব তেজোবৃদ্ধি করিবে ॥ ১৩ ॥

আপনাকে এইরূপ বিক্রমশালী দেখিয়া বনচরগণ ভীত হইবে এবং [ভীতিবশে] নির্জ্জনে অবস্থান করিয়াও তাহারা আপনার নিধন ইচ্ছা করিবে ॥ ১৪ ॥

১। ক ‘-নুঃ প্রোক্তং’। ২। ঙ ‘তথা’। ৩। ঙ-ঝ ‘-পস্থিতং’। ৪। ঘ-ড ‘বর্দ্ধয়তে’। ৫। ঘ ‘দৃষ্ট্বা হি’ ঙ ‘দৃষ্ট্বা বিনিক্রান্তং’। ৬। ঙ ‘বিত্রস্যন্তে’, ছ ‘বিক্রমন্তি’। ৭। ঙ ‘-স্তে তু’, ছ ‘-স্তে চ’। ৮। ঙ ‘-স্তে চ’, ছ ‘-স্তেঽপি’। ৯। ঙ ‘বলমৃচ্ছন্তি’, ঝ ‘বধমৃচ্ছন্তি’। ১০। ঘ-ছ-ড ‘-সোঽরণ্যা-’, ঙ-ঝ ‘-সো বনমা-’।

তস্য কেনচিদাহৃত্য নিশিতং খড়্গমুত্তমম্ ।
সন্ন্যাসবিধিনা দত্তং পুণ্যে মহতি তিষ্ঠতঃ ॥ ১৬ ॥
স তচ্ছস্ত্রমনুপ্রাপ্য ন্যাসরক্ষণতৎপরঃ ।
বনেঽপি ন জহাত্যেনং রক্ষন্ প্রত্যয়মাত্মনঃ ॥ ১৭ ॥

১৬। লো-টী। আগত্য আগম্য। 'আহৃত্যে'তি পাঠে আনীয়। সন্ন্যাসবিধির্নিক্ষেপ ইতি নারায়ণঃ। খড়্গং দত্তমিতি ষণ্ঢত্বমার্ষম্।

১৭। লো-টী। প্রত্যক্ষমিতি পাঠঃ। প্রত্যয়মিতি পাঠে আত্মনঃ প্রত্যয়ং বিশ্বাসম্।

১৬। টিপ্পনী। মহতি পুণ্যে পুণ্যজনকে তপস্যাদাবিত্যর্থঃ তিষ্ঠতস্তস্য কেনচিৎ নিশিতং তীক্ষ্ণং খড়্গম্ আহৃত্য আনীয় সন্ন্যাসবিধিনা 'রাজচৌরাদিকভয়াদ্দায়াদানাঞ্চ বঞ্চনাৎ। স্থাপ্যতেঽন্যগৃহে দ্রব্যং ন্যাসঃ স পরিকীর্ত্তিতঃ ॥' ইত্যুক্তো ন্যাসস্তদ্বিধিং সম্যগ্ অনুসৃত্য অয়ং মে স্বকীয়ঃ খড়্গাস্ত্বৎসকাশে রক্ষ্যতে, সাবধানম্ ইমং রক্ষ সময়ান্তরে গ্রহীষ্যামীতি নিয়োগং কৃত্বে-ত্যর্থঃ, দত্তম্। দত্তমিতি ক্লীবত্বম্ আর্ষম্। 'শচীপতিঃ স্বয়ং সত্যবান্ ইতিনাম্ন ঋষেস্তপোবিঘ্নম্ উৎপাদয়িতুং ভটরূপং ধৃত্বা খড়্গং প্রদত্তবান্' ইতি পাশ্চাত্ত্যরামায়ণে (৩।৯।১৭)।

১৭। টিপ্পনী। অনুপ্রাপ্য লব্ধ্বা। আত্মনঃ প্রত্যয়ং বিশ্বাসং রক্ষন্ রক্ষিতুং নির্জ্জনত্বাদ্ অপহরণাশঙ্কায়া অভাববতি বনেঽপি এনং ন্যাসভূতং খড়্গং ন জহাতি। 'বনে তু বিচরত্যেব রক্ষন্ প্রত্যয়মাত্মনঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৯।১৯)। আত্মনঃ প্রত্যয়ং বিশ্বাসস্থাপিতং বস্তু 'প্রত্যয়োঽধীনশপথজ্ঞানবিশ্বাসহেতুষু' ইত্যমরঃ। গোঃ রাঃ।

হে মহাবাহো, শুনিতে পাওয়া যায়, পূর্ব্বকালে বিজিতেন্দ্রিয় কোনও সিদ্ধ তপস্বী বনে গমনপূর্ব্বক তপোবনে বাস করিতে থাকেন ॥ ১৫ ॥

মহাপুণ্য কার্য্যে (অর্থাৎ তপস্যায়) নিযুক্ত তাহাকে কোনও ব্যক্তি একখানি উত্তম তীক্ষ্ণ খড়্গ আনয়ন করিয়া ন্যাসরূপে প্রদান করিলেন ॥ ১৬ ॥

তিনি সেই শস্ত্র লাভ করত ন্যাসরক্ষণে তৎপর হইয়া নিজ বিশ্বাস রক্ষা করিবার নিমিত্ত বনেও তাহা (ন্যাসরূপে রক্ষিত খড়্গ) পরিত্যাগ করিতেন না (অর্থাৎ বনে অপহরণের আশঙ্কা না থাকিলেও সর্ব্বদা তিনি তাহা সঙ্গে লইয়াই বিচরণ করিতেন) ॥ ১৭ ॥

১। ক-ঝ '-গত্য'। ২। ঠ '-তঃ'। ৩। ঠ 'উত্তমঃ'। ৪। ঙ 'সংবাস-'। ৫। ঠ 'দত্তঃ'। ৬। ঙ-ঝ '-ত্যেবং', ছ '-ত্যেব'। ৭। ঙ 'প্রবর-', ঝ 'প্রত্যক্ষ-'।

যত্র গচ্ছত্যুপাদাতুং পুষ্পাণি চ ফলানি চ।
ন বিনা তত্র খড়্গেন যাতি ন্যাসবিশঙ্কিতঃ ॥ ১৮ ॥
নিত্যং শস্ত্রং পরিচরন্ ক্রমেণ স তপোধনঃ।
চকার রৌদ্রাং স্বাং বুদ্ধিং ত্যক্ত্বা তাপসনিশ্চয়ম্ ॥ ১৯ ॥
ততঃ স রৌদ্রয়া বুদ্ধ্যা তদানীং ধর্ম্মকর্ষিতঃ।
তস্য শস্ত্রস্য সংসর্গাজ্জগাম নিরয়ং মুনিঃ ॥ ২০ ॥
স্নেহাচ্চ বহুমানাচ্চ স্মারয়ে ত্বাং ন শিক্ষয়ে।
ন কথঞ্চিন্মনঃ কার্য্যং গৃহীতধনুষা ত্বয়া ॥ ২১ ॥

১৯। লো-টী। পরিচরন্ গৃহ্লন্। তাপসং ভাবম্।
২০। লো-টী। ধর্ম্মকর্ষিতো ধর্ম্মাচ্চ্যুতঃ।
২১। লো-টী। মনঃ কার্য্যং হিংসায়ামিতি শেষঃ।

১৮। টিপ্পনী। উপাদাতুং গ্রহীতুম্। ন্যাসবিশঙ্কিতো ন্যাসহরণশঙ্কাযুক্তঃ।

১৯। টিপ্পনী। পরিচরন্ বহন্। তাপসনিশ্চয়ং তাপসোচিতাং বুদ্ধিম্ অহিংসাবুদ্ধিমিত্যর্থঃ, ত্যক্ত্বা স্বাং স্বকীয়াং বুদ্ধিং রৌদ্রাং নিষ্ঠুরাং চকার। 'চকার রৌদ্রীং স্বাং বুদ্ধিং ত্যক্ত্বা তপসি নিশ্চয়ম্' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৯।২১)। রৌদ্রীং হিংসাপরাম্। গোঃ রাঃ।

২০। টিপ্পনী। ধর্ম্মকর্ষিতো দূরীকৃতধর্ম্মঃ। শিরোঃ।

২১। টিপ্পনী। নন্বেবং প্রগল্ভেব কিমিত্যুপদিশসি? নেত্যাহ—স্নেহাদিতি, ক্রিয়াদ্বয়ে হেতুদ্বয়স্য যথাসঙ্খ্যেনোপন্যাসঃ। তথা চ ত্বয়ি স্নেহাৎ পূর্ব্বোক্তমর্থং স্মারয়ে, বহুমানাৎ ত্বয়ি মে সম্মানবুদ্ধের্ভাবাচ্চ ন শিক্ষয়ে ইত্যর্থঃ। স্নেহাৎ ত্বদ্বিষয়স্নেহাৎ, বহুমানাৎ মদ্বিষয়ে ত্বৎকৃতবহুমানাৎ, স্মারয়ে ভবদ্বিজ্ঞানার্থমেব স্মারয়ামি ন শিক্ষয়ে নাপূর্ব্বমর্থমুপদিশামি। গোঃ রাঃ বহুমানাদ্

তিনি পুষ্প ও ফল আনয়ন করিবার নিমিত্ত যথায় গমন করিতেন, ন্যাস অপহরণের আশঙ্কা করিয়া তথায় তিনি [সেই] খড়্গব্যতিরেকে গমন করিতেন না ১৮ ॥

সর্ব্বদা শস্ত্র বহন করিতে করিতে ক্রমে সেই তপোধন তাপসোচিত বুদ্ধি পরিত্যাগ করিয়া নিজ বুদ্ধিকে নিষ্ঠুর করিয়া তুলিলেন ॥ ১৯ ॥

অতঃপর, নিষ্ঠুরবুদ্ধিনিবন্ধন তৎকালে ধর্ম্মভ্রষ্ট সেই মুনি সেই শস্ত্রের সাহচর্য্যবশত নরকে গমন করিয়াছিলেন ॥ ২০ ॥

১। ঠ 'নো'। ২। ঝ 'অত্র'। ৩। ঙ '-বহন্'। ৪। ঠ 'রৌদ্রীং'। ৫। ঘ 'বুদ্ধিং'। ৬। ঠ 'তপসি নি-'। ৭। ঝ '-মুত্তমম্'। ৮। ঙ 'তচ্চ'। ৯। ঙ '-গর্ব্বিতঃ'। ১০। ঙ-ঝ-ঠ 'সংবাসা-', ছ 'সংসক্তা-', ড় 'সন্ন্যাসা-' ১১। ঝ 'ততঃ'।

রাক্ষসানাং বিনা বৈরং বধো বীর ন যুজ্যতে
অপরাধাদৃতে[1] নাপি[2] হন্তব্যা রাক্ষসাস্ত্বয়া ॥ ২২ ॥

ক্ষত্রিয়াণাং হি শূরাণাং স্বধর্ম্মনিরতাত্মনাম্ ।
ধনুষা কার্য্যমেতাবদার্ত্তানাং পরিরক্ষণম্ ॥ ২৩ ॥

ক্ব চ শস্ত্রং ক্ব চ বনং[3] ক্ব চ[4] ক্ষাত্রং তপঃ[5] ক্ব চ ।
প্রতিষিদ্ধমিদং[6] সর্ব্বমেষ[7] ধর্ম্মস্তু[8] পূজ্যতাম্[9] ॥ ২৪ ॥

২২। লো-টী। অপরাধান্ ঋতে রাক্ষসা অপি ন হন্তব্যাঃ।

২৩। লো-টী। ন চাপরাধং বিনাপি আর্ত্তরক্ষণায় রাক্ষসা হন্তব্যা ইতি বাচ্যম্, তত্রাহ—ক্ষত্রিয়াণাং হীতি। স্বধর্ম্মে প্রজাপালনরূপে নিরতাত্মনামেব। ধনুষা এতাবদেব কার্য্যম্, কিন্তুদার্ত্তানামিতি, তব রাজ্যাভাবাৎ কুতো হিংসেত্যর্থঃ।

২৪। লো-টী। কিঞ্চ অসতি রাজ্যে তবৈতচ্চতুষ্টয়মসম্ভাবিতমিত্যাহ—ক্ব চেতি। শস্ত্রমনপকারিবধায় শস্ত্রধারণম্, রণং যুদ্ধম্, ক্ষাত্রং ক্ষত্রিয়বীর্য্যপ্রকাশনম্, তপ আর্ত্তপরিপালনরূপম্। এষ ধর্ম্মঃ পিত্রাজ্ঞয়া বনবাসরূপঃ।

অতিসৎকারং প্রাপয্য। শিরোঃ। ত্বয়া গৃহীতধনুষা সতা ন কথঞ্চিৎ মনঃ কার্য্যং হিংসাবুদ্ধিস্ত্বয়া কথমপি ন কর্ত্তব্যেত্যর্থঃ।

২২। টিপ্পনী। বৈরং বিনা, অপরাধাদ্ ঋতে অপরাধং বিনা চ রাক্ষসাস্ত্বয়া ন হন্তব্যাঃ।

২৩। টিপ্পনী। স্বধর্ম্মে নিরতাত্মনাং প্রণিহিতান্তঃকরণানাং ক্ষত্রিয়াণাং ধনুষা এতাবৎ কার্য্যং যদ্ যথা আর্ত্তানাং দুষ্টভৎর্সনাদিনা পরিরক্ষণং ভবেৎ।

২৪। টিপ্পনী। নম্বার্ত্তানাং রক্ষণার্থং ধনুর্ধার্য্যমেবেত্যাশঙ্ক্য ভবতাং তত্রাপ্যধিকারো নাস্তী-

---

[আপনার প্রতি আমার] স্নেহবশতঃ [এই পুরাবৃত্ত] আপনাকে স্মরণ করাইয়া দিতেছি [-মাত্র], [আপনার প্রতি] বহুমানবশতঃ [আপনাকে] শিক্ষা প্রদান করিতেছি না (অর্থাৎ আপনাকে সম্মান করি, কাজেই আপনাকে শিক্ষা দেওয়ার প্রগল্‌ভতা আমার নাই)। আপনি ধনুর্ধারণ করিয়া কোনও প্রকারে হিংসার বুদ্ধি করিবেন না ॥ ২১ ॥

হে বীর, শত্রুতাব্যতিরেকে রাক্ষসদিগকে বধ করা যুক্তিসঙ্গত নহে। অপরাধব্যতিরেকেও আপনি রাক্ষসদিগকে বধ করিবেন না ॥ ২২ ॥

[প্রজাপালনরূপ] স্বধর্ম্মে নিরতবুদ্ধি শৌর্য্যশালী ক্ষত্রিয়গণের ধনুর দ্বারা কর্ত্তব্য এই পর্য্যন্ত যে, আর্ত্তদিগের রক্ষাসাধন হয় ॥ ২৩ ॥

১। ঙ '-রাধমৃতে-'। ২। ঠ 'নৈব'। ৩। ক-ঙ 'রণং', ঠ 'বলং'। ৪। ঝ 'ক চাত্রং বৈ', ঙ 'ক চ ক্ষত্রং'। ৫। ছ 'ক বৈ তপঃ'। ৬। ছ 'প্রায়োঽসিদ্ধ-'। ৭। ঠ 'সর্ব্বং নৈষ'। ৮। ঙ '-র্ম্মঃ প্রযু-' ৯। ঘ 'যুজ্যতাম্', ছ 'যুজ্যতে', ঠ 'পূজ্যতে'।

ত্বমার্য্য কলুষাং বুদ্ধিং ত্যজৈনাং শাস্ত্রগর্হিতাম্‌।
গত্বা পুনরযোধ্যায়াং ক্ষত্রধর্ম্মং[1] চরিষ্যসি।
অক্ষয়া হি[2] ভবেৎ প্রীতিঃ শ্বশ্রূশ্বশুরয়োর্ম্মম[3] ॥ ২৫ ॥
অধর্ম্মকলুষা[4] বুদ্ধির্জায়তে শস্ত্রসেবনাৎ।
যদি রাজ্যেঽপি সন্ত্যক্তে ভবেস্ত্বং নিয়তো মুনিঃ ॥ ২৬ ॥

২৬। লো-টী। যদি মুনির্ভবেঃ তদা শস্ত্রসেবনাৎ।

ত্যাহ—কেতি। বনং বনবাসঃ, ক্ষাত্রং ক্ষত্রিয়োচিতং দুষ্টবধাদি। তপো জটাবল্কলাদিধারণপুরঃসরং তপস্যানুষ্ঠানম্‌। শস্ত্রবনয়োঃ ক্ষাত্রতপসোশ্চ পরস্পরবিরুদ্ধত্বাৎ ক্ষাত্রশস্ত্রে বিহায় বনবাসতপশ্চরণে এব ক্রিয়েতামিতি ভাবঃ। ইমমেবার্থমাহ প্রতিষিদ্ধমিতি। ইদং সর্ব্বং শস্ত্রধারণক্ষাত্রাদিকং প্রতিষিদ্ধং বিপ্রতিষিদ্ধং পরস্পরবিরুদ্ধমিত্যর্থঃ; এষ ধর্ম্মোঽহিংসা লক্ষণ এব পূজ্যতাং সমাদ্রিয়তাম্‌।

২৫। টিপ্পনী। কলুষাং পাপকরীম্‌। ননু কিং ক্ষাত্রং ময়া চিরায় পরিত্যাজ্যম্? নেত্যাহ—গত্বেতি। অযোধ্যায়াং পুনর্গত্বা রাজ্যপালনকালে দুষ্টনিগ্রহরূপং ক্ষত্রধর্ম্মং চরিষ্যসি। তেন চ মম শ্বশ্রূশ্বশুরয়োরক্ষয়া প্রীতির্ভবেৎ। এতেনেদানীং ক্ষাত্রানুষ্ঠানে তয়োরপ্রীতিরেব ভবিষ্যতীতি সূচিতম্‌।

২৬। টিপ্পনী। এবং যদি শস্ত্রস্যৈবাধর্ম্মজনকত্বং নিশ্চীয়তে তদা শস্ত্রপরিত্যাগলক্ষণো মুনিভাব এব বরমিত্যাহ—অধর্মকলুষেতি। রাজ্যে সন্ত্যক্তেঽপি যদি শস্ত্রসেবনাৎ অধর্মকলুষা অধর্মেণ মলিনীকৃতা বুদ্ধির্জায়তে তদা ত্বং নিয়তঃ সংযতেন্দ্রিয়ো মুনির্ভবেঃ, শস্ত্রপরিত্যাগেন মুনিবৃত্তিরেবাশ্রয়ণীয়েতি ভাবঃ।

শস্ত্রই বা কোথায়, বনবাসই বা কোথায়, ক্ষত্রিয় ধর্ম্মই বা কোথায় এবং তপস্যাই বা কোথায়? এই সমস্ত [শস্ত্র ও বন ক্ষাত্র ও তপস্যা] পরস্পরবিরুদ্ধ; আপনি অহিংসাধর্ম্মেরই সমাদর করুন ॥ ২৪ ॥

হে আর্য্য, আপনি শাস্ত্রবিগর্হিত [তপশ্চরণবিরোধী] এই পাপ ক্ষাত্রবুদ্ধি পরিত্যাগ করুন। আপনি অযোধ্যায় প্রত্যাগমন করিয়া ক্ষাত্রধর্ম্মের অনুষ্ঠান করিবেন; [তাহাতেই] আমার শ্বশ্রূ এবং শ্বশুরের অক্ষয় প্রীতি জন্মিবে ॥ ২৫ ॥

যদি রাজ্য পর্য্যন্ত পরিত্যাগ করিলেও শস্ত্রসেবায় [নিশ্চিতই] অধর্ম্মকলুষিত বুদ্ধি উৎপন্ন হয়, তাহা হইলে আপনার [অস্ত্র পরিত্যাগ করিয়া] সংযতেন্দ্রিয় মুনি হওয়া উচিত ॥ ২৬ ॥

১। ক-ড 'ক্ষাত্রং ধর্ম্মং'। ২। ঙ 'চ'। ৩। ঙ '-য়োরপি। ৪। ঙ-ছ-ঠ-ড '-কার্য্যক-'।

ধর্ম্মাদর্থঃ প্রভবতি ধর্ম্মাৎ প্রভবতে[১] সুখম্।
ধর্ম্মেণ লভ্যতে স্বর্গো ধর্ম্মসার[২]মিদং জগৎ ॥ ২৭ ॥
আত্মানং নিয়মৈস্তৈস্তৈঃ কর্ষয়িত্বা প্রযত্নতঃ।
প্রাপ্যতে পুরুষৈঃ[৩] স্বর্গো ন সুখাল্লভ্যতে সুখম্ ॥ ২৮ ॥
অহিংসানিরতঃ সৌম্য ভব[৪] ধর্ম্মপরায়ণঃ[৫]।
সর্ব্বং হি তে[৬] সুবিদিতং লোকে[৭] রাঘব তত্ত্বতঃ ॥ ২৯ ॥

২৭। লো-টী। ধর্ম্মস্তু কার্য্য ইত্যাহ—ধর্ম্মাদিতি ধর্ম্মসারং ধর্ম্মশ্রেষ্ঠকম্
২৮। লো-টী। আত্মানং দেহম্।

২৭। টিপ্পনী ধর্ম্মানুষ্ঠানস্য সর্ব্বশ্রেয়োমূলত্বমাহ— ধর্ম্মাদিতি। ধর্ম্মাৎ কালোচিতস্বস্বধর্ম্মানুষ্ঠানাৎ। ধর্ম্মাদ্ অহিংসাপ্রধানাৎ। তিঃ। ধর্ম্মসারং ধর্ম্ম এব সারো যস্মিংস্তৎ।

২৮। টিপ্পনী। কস্তাবদ্ বনবাসোচিতধর্ম্ম ইত্যাহ—আত্মানমিতি। তৈস্তৈঃ শাস্ত্রোক্তৈর্বনবাসিনামনুষ্ঠেয়ৈরিত্যর্থঃ, নিয়মৈশ্চান্দ্রায়ণাদিব্রতৈরাত্মানং দেহং কর্ষয়িত্বা ক্ষীণীকৃত্য পুরুষৈর্বনবাসিভিঃ পুরুষৈঃ স্বর্গসুখং লভ্যতে, সুখাদ্ আপাতরমণীয়সুখলাভোপায়ভূতকর্ত্তব্যাচরণাৎ সুখং ন লভ্যতে।

২৯। টিপ্পনী। উপসংহরতি—অহিংসেতি। অহিংসানিরতঃ সন্ বনবাসী ত্বং ধর্ম্মপরায়ণো ভব। ননু কস্তাবদ্ধর্ম্ম ইত্যাহ—সর্ব্বং হীতি। তত্ত্বতো যাথার্থ্যেন লোকে সর্ব্বং ধর্ম্মসাধনং তব সুবিদিতমেব। অতঃ স্বোচিতং বিচার্য্য ক্রিয়তামিতি ব্যঞ্জিতম্।

[দেশ-কাল বিচারপূর্ব্বক অনুষ্ঠিত] ধর্ম্ম হইতে অর্থ হয়, ধর্ম্ম হইতে সুখ হয়, ধর্ম্মের দ্বারা স্বর্গ লাভ হইয়া থাকে, এই জগৎ ধর্ম্মসার (অর্থাৎ এই জগতে ধর্ম্মই সার বস্তু) ॥ ২৭ ॥

শাস্ত্রোক্ত [চান্দ্রায়ণাদি] ব্রতসমূহের দ্বারা প্রযত্নসহকারে দেহ ক্ষীণ করিয়া [বনবাসব্রতাবলম্বী] মানবগণ সুখ লাভ করিয়া থাকে, [আপাতরমণীয়] সুখসেবা হইতে সুখলাভ হয় না ॥ ২৮ ॥

হে সৌম্য, আপনি অহিংসানিরত হইয়া ধর্ম্মপরায়ণ হউন। হে রাঘব, জগতে সমস্তই (অর্থাৎ ধর্ম্মলাভের সমস্ত উপায়ই) যথার্থরূপে আপনার সুবিদিত আছে ॥ ২৯ ॥

১। ছ 'সম্পদ্যতে'। ২। ঙ '-মূল-'। ৩। ঠ 'ঋষিভিঃ'। ৪। ঙ 'তব'। ৫। ঋ '-রূণ'। ৬। ঙ 'হিতেষু বি-'। ৭। ঘ 'তত্ত্বং লোকেষু রাঘব'।

স্ত্রীচাপলাদেতদুদাহৃতং মে[১]
ধর্ম্মং হি বক্তুং তব কঃ সমর্থঃ।
বিচার্য্য বুদ্ধ্যা তু সহানুজেন
যদ্ রোচতে বৈ কুরু তন্নরেন্দ্র ॥ ৩০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে সীতাবাক্যং নাম
ত্রয়োদশঃ সর্গঃ ॥ ১৩ ॥

৩০। লো-টী। স্ত্রীচাপলাৎ স্ত্রীচাপল্যাৎ।

৩০। টিপ্পনী। বিনয়েন ক্ষমাপয়তি—স্ত্রীতি। স্ত্রীচাপলাৎ স্ত্রীসুলভচাপল্যাৎ।

স্ত্রীসুলভ চপলতাবশতই আমি ইহা বলিলাম; আপনাকে ধর্ম্মোপদেশ প্রদান করিতে কোন্ ব্যক্তি সমর্থ? হে নরেন্দ্র, [আপনার] অনুজের সহিত বুদ্ধিপূর্ব্বক বিচার করিয়া যাহা অভিপ্রেত হয় তাহাই করুন ॥ ৩০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে সীতাবাক্য-নামক
ত্রয়োদশ সর্গ সমাপ্ত ॥ ১৩ ॥

১। ঘ-ঠ-ড 'মন্না', ঙ-ছ-ঝ 'তে'।

চতুর্দ্দশঃ সর্গঃ

বাক্যমেতত্তু বৈদেহ্যা ব্যাহৃতং ধর্ম্মসংহিতম্।
নিশম্য[1] মধুরং রামো মৈথিলীং[2] প্রত্যুবাচ হ ॥ ১ ॥
হিত[3]মুক্তং ত্বয়া দেবি স্নিগ্ধয়া সদৃশং বচঃ।
কুলং স্বমভিসন্ধায় ধর্ম্মজ্ঞে জনকাত্মজে ॥ ২ ॥
[4]কিং তে বক্ষ্যামি সুশ্রোণি যত্ত্বয়োক্তমিদং বচঃ।
ক্ষত্রি[5]য়ৈর্ধার্য্যতে শস্ত্রং নার্ত্তশব্দো ভবেদিতি ॥ ৩ ॥

৩। লো-টী। আর্ত্তানাময়মার্ত্তঃ আর্ত্তানাং পীড়াজনিতশব্দো ন ভবতীতি হেতোঃ ['নার্ত্তশব্দ' ইতি] অবিসর্গো বা পাঠঃ।

১। টিপ্পনী। বৈদেহ্যা ব্যাহৃতং কথিতং ধর্ম্মসংহিতং ধর্ম্মযুক্তমেতন্মধুরং বাক্যং নিশম্য শ্রুত্বা।

২। টিপ্পনী। স্নিগ্ধয়া মদ্বিষয়কস্নেহবিশিষ্টয়া ত্বয়া স্বং স্বীয়ং কুলম্ অভিসন্ধায় বিচার্য্য সদৃশং স্বযোগ্যং হিতং হিতকরং বচ উক্তম্।

৩। টিপ্পনী। হে সুশ্রোণি সুনিতম্বে, তে তুভ্যং কিং বক্ষ্যামি, যদ্ যস্মাৎ ত্বয়ৈব আর্ত্তশব্দো ন ভবেৎ জগতি আর্ত্ত ইতি শব্দো ন স্যাদিত্যেতদর্থং ক্ষত্রিয়ৈঃ শস্ত্রং ধার্য্যতে ইদম্ এতদর্থকং বচ উক্তং 'ধনুষা কার্য্যমেতাবদার্ত্তানাং পরিরক্ষণম্' ইত্যনেন। 'কিং নু বক্ষ্যাম্যহং দেবি ত্বয়ৈবোক্তমিদং বচঃ। ক্ষত্রিয়ৈর্ধার্য্যতে চাপো নার্ত্তশব্দো ভবেদিতি ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১০।৩)। রক্ষকাভাবকৃত আর্ত্তানাং শব্দো মা ভূদিত্যর্থং ক্ষত্রিয়ৈশ্চাপো ধার্য্যতে। তিঃ। যতঃ আর্ত্তশব্দো ন ভবেদিতি হেতোঃ ক্ষত্রিয়ৈশ্চাপো ধার্য্যতে ইতি এতদর্থবোধকং বচস্ত্বয়ৈবোক্তমতঃ কিং নু বক্ষ্যামি, এতেন মৎকর্ম্ম ত্বৎসম্মতিবিষয়ীভূতমেবেতি সূচিতম্। শিরোঃ।

সীতাকর্ত্তৃক অভিহিত এই ধর্ম্মসংযুক্ত মধুর বাক্য শ্রবণ করিয়া রাম সীতাকে প্রত্যুত্তরে বলিলেন— ॥ ১ ॥

হে দেবি, হে ধর্ম্মজ্ঞে, হে জনকাত্মজে, স্নেহসম্পন্না তুমি স্বীয় কুল বিচার করিয়া [তোমার] যোগ্য হিতকর বাক্য [-ই] বলিয়াছ ॥ ২ ॥

১। ঘ-ঙ-ঠ-ড 'বচনং'। ২। ঙ 'প্রত্যভাষত'। ৩। ঋ '-যুক্তং'। ৪। ঠ 'কিন্নু'। ৫। ঋ '-ভ্রিয়তে'।

তে চার্ত্তা দণ্ডকারণ্যে মুনয়ঃ সংশিতব্রতাঃ।
মাং সীতে স্বয়মাগত্য শরণ্যাঃ[১] শরণং[২] গতাঃ ॥ ৪ ॥
বসন্তো[৩] ধর্ম্মনিরতা বনে মূলফলাশনাঃ।
ন লভন্তে সুখং সীতে রাক্ষসৈঃ পরিপীড়িতাঃ[৪] ॥ ৫ ॥
নিয়তাঃ সর্ব্বকালেষু নিয়মৈর্ব্বিবিধৈর্ব্বনে[৫]
ভক্ষ্যন্তে রাক্ষসৈর্ঘোরৈর্ব্বিকৃতৈর্ব্বনচারিভিঃ ॥ ৬ ॥

৪। লো-টী। শরণ্যাঃ শরণং মৃগয়ন্তঃ।

৪। টিপ্পনী। নাহং গর্ব্বাদিদোষেণ রক্ষোবধার্থং প্রবর্ত্তে, অপি তু আর্ত্তানাং রক্ষণায়ৈবেত্যাহ—তে চার্ত্তা ইত্যাদি। সংশিতব্রতাঃ কঠোরব্রতবন্তো ব্রতানুষ্ঠানপরা বা, শরণ্যা আশ্রয়দানসমর্থা মুনয়ঃ স্বয়ং সমাগত্য মম শরণং গতাঃ। সংশিতব্রতাস্তীক্ষ্ণব্রতাঃ। তিঃ।

৫। টিপ্পনী। বনে বসন্তো ধর্ম্মনিরতা মুনয়ঃ পরিপীড়িতাঃ সন্তঃ সুখং শান্তিং ন লভন্তে।

৬। টিপ্পনী। বনে সর্ব্বকালেষু স্নানোপবাসাদিভির্বিবিধৈর্নিয়মৈরুপায়ভূতৈর্নিয়তাঃ সংযতেন্দ্রিয়া মুনয়ো বনচারিভিঃ বিকৃতৈর্বিকৃতাকারৈ রাক্ষসৈর্ভক্ষ্যন্তে।

হে সুনিতম্বে তোমাকে আর কি বলিব, যে হেতু তুমিই [জগতে] যেন 'আর্ত্ত' এই শব্দ না থাকে, তজ্জন্যই ক্ষত্রিয়গণ শস্ত্রধারণ করেন, ঈদৃশ বাক্য বলিয়াছ ॥ ৩ ॥

হে সীতে, দণ্ডকারণ্যে কঠোরব্রত (অথবা ব্রতানুষ্ঠানপরায়ণ) আশ্রয়দানসমর্থ সেই মুনিগণ আর্ত্ত হইয়া স্বয়ং আগমনপূর্ব্বক [আমার] শরণ গ্রহণ করিয়াছেন ॥ ৪ ॥

হে সীতে, ফলমূলভোজী ধর্ম্মনিরত বনবাসী মুনিবৃন্দ রাক্ষসগণকর্ত্তৃক পীড়িত হইয়া শান্তি লাভ করিতেছেন না ॥ ৫ ॥

বনে সর্ব্বকালে বিবিধ নিয়মপ্রতিপালনে সংযতেন্দ্রিয় মুনিগণকে বিকৃতাকার বনচারী ভীষণ রাক্ষসগণ ভক্ষণ করিতেছে ॥ ৬ ॥

১। ছ '-গম্য'। ২। ছ-ঠ '-ণাং'। ৩। ছ '-সন্তি'। ৪। ছ 'পিশিতপ্রিয়ৈঃ', ঠ 'ক্রূরকর্ম্মভিঃ'।
৫। ক-ঝ 'বিবিধৈর্নিয়মৈ-'।

তে ভক্ষ্যমাণা মুনয়ো দণ্ডকারণ্যবাসিনঃ।
অস্মানভ্যুপপদ্যৈব[১] তত্রোচুর্ভয়বিহ্বলাঃ[২] ॥ ৭ ॥
ময়া চ বচনং[৩] শ্রুত্বা তেষামেতন্মুখচ্যুতম্[৪][৫]।
কৃত্বা চরণশুশ্রূষাং বাক্যমেতদুদাহৃতম্[৬] ॥ ৮ ॥
প্রসীদন্তু ভবন্তো মে[৭] পীড়ৈষা[৮] মম দারুণা।
যদীদৃশৈরহং বিপ্রৈরুপস্থেয়ৈরুপস্থিতঃ ॥ ৯ ॥

৭। লো-টী। অভ্যুপপত্য আগত্য অস্মান্ রক্ষেত্যেতদূচুঃ।

৮। লো-টী। চরণশুশ্রূষাং প্রণামম্।

৯। লো-টী। ঈদৃশৈরুপস্থেয়ৈরারাধ্যৈরহম্ উপস্থিত আরাধিত ইতি যৎ এষা মম পীড়া।

৭। টিপ্পনী। তে ভক্ষ্যমাণা আসন্নভক্ষণা মুনয়ঃ অস্মান্ মাম্, 'অস্মদো দ্বয়োশ্চ' ইতি একত্বে বিবক্ষিতে অস্মদো বহুবচনম্। অভ্যুপপদ্যৈব আগম্যৈব তত্র রক্ষঃপীড়াবিষয়ে মাম্ ঊচুঃ।

৮। টিপ্পনী। তেষাং মুখাচ্চ্যুতং মুখবিনিঃসৃতম্ এতদ্ রাক্ষসকৃতপীড়নবিষয়কং বচনং শ্রুত্বা ময়া তেষাং চরণশুশ্রূষাং পাদবন্দনং কৃত্বা এতদ্ বক্ষ্যমাণং বাক্যম্ উদাহৃতং কথিতম্।

৯। টিপ্পনী। তদ্বচনপ্রকারমাহ—প্রসীদন্ত্বিতি। ভবন্তো মে প্রসীদন্তু মাং প্রতি ভবন্তঃ প্রসন্না ভবন্তু মদপচারং ক্ষমন্তামিত্যর্থঃ। ভবতামীদৃশাগমনেন অহং নিতরাং পীড়ামেবানুভবামীত্যত্রাহ—পীড়ৈষেতি। উপস্থেয়ৈরস্মদুপাস্যৈঃ ঈদৃশৈস্তপস্যাদিসম্পন্নৈর্বিপ্রৈর্যদহমুপস্থিত উপাসিতঃ রক্ষণার্থমিতি শেষঃ, এষা তদুপস্থানমিত্যর্থঃ, মম দারুণা পীড়া পীড়াস্বরূপম্। উপস্থেয়ৈরভিগন্তব্যৈঃ উপস্থিতোঽভিগতঃ। গোঃ রাঃ। উপস্থেয়ৈরস্মাভিঃ স্তুত্যৈঃ, উপস্থিতঃ স্তুতঃ। শিরোঃ। 'প্রসীদন্তু ভবন্তো মে হ্রীরেষা তু মমাতুলা' ইতি পাশ্চাত্যাঃ (৩।১০।৮)।

[রাক্ষসগণ-কর্তৃক] ভক্ষ্যমাণ [অতএব] ভয়বিহ্বল দণ্ডকারণ্যবাসী সেই মুনিবৃন্দ আমার সমীপে আগমন করিয়াই সেই বিষয়ে (অর্থাৎ রাক্ষসদিগের অত্যাচার-বিষয়ে) [আমাকে বিস্তৃতভাবে] বলিলেন ॥ ৭ ॥

আমিও তাঁহাদের মুখবিনিঃসৃত এই (অর্থাৎ রাক্ষসগণের অত্যাচারবিষয়ক) বাক্য শ্রবণপূর্ব্বক পাদবন্দনা করিয়া এই বাক্য বলিলাম— ॥ ৮ ॥

১। ঘ-ঠ '-পদ্যেতি', ঙ '-পত্যেহ', ড '-পংস্বেতি'। ২। ঘ-ঠ-ড 'ত উচু-', ঙ 'ততঃ সভয়-বিহ্বলাঃ' ৩। ঠ 'তেষামেবমেতন্মুখাচ্চ্যুতম্'। ৪। ঙ '-মেব যথাশ্রুতম্'। ৫। ঘ-ঝ '-খাচ্চ্যুতম্'। ৬। ঝ '-দুবাচ হ'। ৭। ঝ 'বৈ'। ৮। ঠ 'হ্রীরেষা'।

ময়া কিং করণীয়ঞ্চ[1] ইত্যুক্তে[2] দ্বিজসন্নিধৌ।
সর্ব্বৈরেব চ তৈরার্ত্তৈর্ব্বাগিয়ং সমুদাহৃতা ॥ ১০ ॥
রাক্ষসৈর্দ্দণ্ডকারণ্যে বহুভিঃ কামরূপিভিঃ[3]।
অর্দ্দিতাঃ[4] স্ম[5] ভৃশং রাম তেভ্যো[6] নস্ত্রাতুমর্হসি ॥ ১১ ॥
হোমকালেঽগ্নিহোত্রাণাং পর্ব্বকালেষু[7] চানঘ।
ক্রুদ্ধাঃ[8] প্রধর্ষয়ন্ত্যস্মান্[9] রাক্ষসাঃ পিশিতাশনাঃ[10] ॥ ১২ ॥

১১। টিপ্পনী। কামরূপিভিঃ স্বেপ্সিতরূপধারণসমর্থৈঃ। অর্দ্দিতাঃ পীড়িতাঃ স্ম স্মঃ। আর্ষঃ সলোপঃ। শিরোঃ।

১২। টিপ্পনী। হে অনঘ নিষ্পাপ, অগ্নিহোত্রাণাম্ অগ্নিহোত্রযজ্ঞানাং হোমকালে পর্ব্বকালেষু চ পিশিতাশনা মাংসাশিনো রাক্ষসা অস্মান্ প্রধর্ষয়ন্তি পীড়য়ন্তি। 'হোমকালে তু সংপ্রাপ্তে পর্ব্বকালেষু চানঘ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১০।১১)। হোমকালেষু অগ্নিহোত্রকালেষু। পর্ব্বকালেষু দর্শপৌর্ণমাসাদিযজ্ঞকালেষু। ধর্ষয়ন্তি অভিধাবন্তি। গোঃ রাঃ। ধর্ষয়ন্ত্যভিভবন্তি। তিঃ।

আপনারা আমার প্রতি প্রসন্ন হউন ; ঈদৃশ [তপঃপ্রভাবসম্পন্ন] আরাধ্য ব্রাহ্মণগণকর্ত্তৃক যে আমি আরাধিত হইতেছি, ইহা আমার পক্ষে দারুণ পীড়াস্বরূপ হইতেছে ॥ ৯ ॥

আর, 'আমার কি কর্ত্তব্য' দ্বিজগণের সমীপে ইহা বলিলে তাঁহারা সকলেই আর্ত্ত হইয়া [আমাকে] এই বাক্য বলিলেন— ॥ ১০ ॥

রাম, দণ্ডকারণ্যে বহুসংখ্যক কামরূপী (অভিলাষানুরূপ রূপধারণে সমর্থ) রাক্ষসগণ আমাদিগকে নিরতিশয় পীড়িত করিতেছে ; রাক্ষসগণ হইতে আমাদিগকে ত্রাণ কর ॥ ১১ ॥

হে নিষ্পাপ, অগ্নিহোত্রযজ্ঞের হোমকালে এবং দর্শপৌর্ণমাসযজ্ঞকালে মাংসাশী রাক্ষসগণ ক্রুদ্ধ হইয়া আমাদিগকে লাঞ্ছিত করিয়া থাকে ॥ ১২ ॥

১। ছ-ঝ-ঠ '-য়ং ব'। ২। ঙ-ঠ '-ক্তং', ঝ '-ক্তো'। ৩। ক 'ক্রূরকর্ম্মভিঃ'। ৪। ড 'স্মো'। ৫। ছ 'বয়ং'। ৬। ঠ 'ততো'। ৭। ক-ঙ '-লে চ রাঘব'। ৮। ঙ 'ক্রূরাঃ'। ৯। ছ 'প্রদূষয়-'। ১০। ঙ 'শিনঃ'।

রাক্ষসৈঃ পীড্যমানানাং তাপসানাং[১] তপস্বিনাম্ ।
নান্যা বিমৃশতামস্তি[২] ত্বদৃতে[৩] পরমা গতিঃ ॥ ১৩ ॥
কামং তপঃপ্রভাবেণ[৪] শক্তা হন্তুং নিশাচরান্ ।
চিরার্জ্জিতন্তু[৫] নেচ্ছামস্তপঃ খণ্ডয়িতুং স্বয়ম্[৬] ॥ ১৪ ॥
বহুবিঘ্নং তপশ্চর্ত্তুং দুশ্চরঞ্চৈব[৭] রাঘব ।
তেন[৮] শাপং[৯] ন মুঞ্চামো[১০] ভক্ষ্যমাণাশ্চ রাক্ষসৈঃ ॥ ১৫ ॥

১৩। লো-টী। তাপসানাং তাপবতাম্, বিমৃষ্যতাং বিচারয়তাম্।

১৩। টিপ্পনী। রাক্ষসৈঃ পীড্যমানানাং বিমৃশতাং বিচারয়তাং তপস্বিনাং তপোঽনুষ্ঠান-পরাণাং তাপসানাং বানপ্রস্থানাং মুনীনাং ত্বদৃতে ত্বাং বিনা অন্যা পরমা উত্তমা গতিরাশ্রয়স্থলং ত্রাতেতি যাবৎ, নাস্তি।

১৪। টিপ্পনী। নন্বু তাপসৈর্ভবদ্ভিস্তপঃপ্রভাবেণ কথং ন রাক্ষসা নিরাক্রিয়ন্তে ইত্যত আহ—কামমিতি। কামং স্বেচ্ছাক্রমেণ আয়াসং বিনেতি যাবৎ। চিরার্জ্জিতং বহুকালসঞ্চিতং তপঃ স্বয়ং স্বেচ্ছয়া খণ্ডয়িতুং নাশয়িতুং নেচ্ছামঃ।

১৫। টিপ্পনী। তপশ্চর্ত্তুং তপশ্চরণমিত্যর্থঃ বহুবিঘ্নম্, দুশ্চরং দুঃখেনানুষ্ঠাতুং শক্যঞ্চ। তেন সঞ্চিততপোব্যয়ভয়েন রাক্ষসৈর্ভক্ষ্যমাণাশ্চ আসন্নভক্ষণা অপি বয়ং শাপং ন মুঞ্চামঃ তান্ প্রতি শাপং ন দদ্মঃ।

বিচার করিয়া দেখিলে রাক্ষসনিপীড়িত তপস্যানুষ্ঠানতৎপর তাপসবৃন্দের (বানপ্রস্থাশ্রমী মুনিবৃন্দের) তোমাব্যতিরেকে অন্য [কোনও] উত্তম আশ্রয়-স্থল নাই ॥ ১৩ ॥

তপস্যাপ্রভাবে আমরা অনায়াসে নিশাচরদিগকে বিনাশ করিতে সমর্থ; কিন্তু আমরা বহুকালার্জ্জিত তপস্যা স্বেচ্ছায় নষ্ট করিতে ইচ্ছা করি না ॥ ১৪ ॥

হে রাঘব, তপস্যার অনুষ্ঠানে বহু বিঘ্ন এবং অতিকষ্টে তাহার অনুষ্ঠান করিতে হয়; কাজেই রাক্ষসগণ আমাদিগকে ভক্ষণ করিতে উদ্যত হইলেও আমরা [তাহাদিগকে] শাপপ্রদান করি না ॥ ১৫ ॥

১। ঘ 'সর্ব্বেষাং বৈ'। ২। ঘ 'বিমৃসিতা-', ঝ 'বিমৃষ্যতা-'। ৩। ঙ 'ত্বামৃতে'। ৪। ঙ '-স্বভাবেন'। ৫। ঘ-ঙ-ছ '-ঞ্চ'। ৬। ঘ-ছ-ড 'বয়ম্'। ৭। ঙ 'দুর্দ্ধরঞ্চৈ', ঠ 'ত্বাং জ্ঞাতুঞ্চৈ-'। ৮। ঙ 'তেষাং'। ৯। ছ 'শাপান্'। ১০। ঝ '-মি'।

[১]তদর্দ্দ্যমানান্ রক্ষোভির্দ্দণ্ডকারণ্যবাসিভিঃ।
[২]রক্ষাস্মাংশ্চাপমুদ্যম্য ত্বন্নাথা হি বয়ং বনে ॥ ১৬ ॥
[৩]ময়া চৈতদ্বচঃ শ্রুত্বা যত্নেন পরিপালনম্।
ঋষীণাং দণ্ডকারণ্যে [৪]সংশ্রুতং লোকসাক্ষিকম্ ॥ ১৭ ॥
সংশ্রুত্য চ ন শক্নোমি জীব[৫]ন্নেতৎ [৬]প্রতিশ্রুতম্।
মুনীনা[৭]মন্যথা কর্ত্তু[৮]ং সত্যমিষ্টং হি মে সদা ॥ ১৮ ॥

১৭। লো-টী। সংশ্রুতং প্রতিজ্ঞাতম্, লোকসাক্ষিকং সর্ব্বলোকস্য সাক্ষাৎ
১৮। লো-টী। হি যতঃ সত্যম্ ইষ্টং প্রিয়ম্।

১৬। টিপ্পনী। রক্ষোভিঃ অর্দ্দ্যমানান্ পীড্যমানান্ অস্মান্ চাপং ধনুঃ উদ্যম্য গৃহীত্বা রক্ষ। ত্বন্নাথাঃ ত্বমেব নাথো রক্ষকো যেষাং তে।

১৭। টিপ্পনী। দণ্ডকারণ্যে ঋষীণাং পরিপালনং রক্ষণং ময়া লোকসাক্ষিকং সর্ব্বলোক-সমক্ষং সংশ্রুতং প্রতিজ্ঞাতম্।

১৮। টিপ্পনী। মুনীনামগ্রে সংশ্রুত্য প্রতিজ্ঞাং কৃত্বা। এতৎ প্রতিশ্রুতং প্রতিজ্ঞাং জীবন্নহম্ অন্যথা কর্ত্তুং ন শক্নোমি। হি যতঃ সত্যং সদা মম ইষ্টং প্রিয়ম্।

অতএব তুমি ধনুর্গ্রহণপূর্ব্বক দণ্ডকারণ্যবাসী রাক্ষসগণের দ্বারা উৎপীড়িত আমাদিগকে রক্ষা কর ; [এই] বনে তুমিই আমাদিগের রক্ষাকর্ত্তা ॥ ১৬ ॥

আমিও এই বাক্য শ্রবণ করিয়া সমস্ত লোকের সাক্ষাতে প্রতিজ্ঞা করিয়াছি যে, দণ্ডকারণ্যে ঋষিগণকে যত্নসহকারে রক্ষা করিব ॥ ১৭ ॥

আর, মুনিগণের সমক্ষে [একবার] প্রতিজ্ঞা করিয়া জীবিত থাকিতে আমি এই প্রতিজ্ঞা অন্যথা করিতে সমর্থ নহি ; যে হেতু সত্য [-ই] সর্ব্বদা আমার প্রিয় ॥ ১৮ ॥

১। ঙ 'তৈর্বধ্য-', ছ 'তদ্ বধ্য-', ঠ 'তৈর্দ্দহ্য-'। ২। ঠ 'রক্ষ ত্বং সহবাসেন'। ৩। ঙ 'মম'। ৪। ঙ 'ন শ্রুতং'। ৫। ছ-ড '-ন্নেবং', ঠ '-ন্নেতুং'। ৬। ঙ-ছ-ঠ '-শ্রবম্', ড '-স্রবম্'। ৭। ঙ '-মগ্রতঃ'। ৮। ড '-মেবং হি'।

অপ্যহং জীবিতং জহ্যাং ত্বাং সীতে সহলক্ষ্মণাম্।
ন তু[2] প্রতিজ্ঞাং সংশ্রুত্য ব্রাহ্মণেষু[3] বিশেষতঃ ॥ ১৯ ॥
তদবশ্যং[4] ময়া কার্য্যমৃষীণাং পরিপালনম্।
অনুদ্বেগেন[5] যে ধর্ম্মং সাধয়ন্তি মনীষিণঃ ॥ ২০ ॥
রক্ষার্থং মুনিসঙ্ঘানামেতদুক্তং ময়াপি[6] হ[7]।
অনুক্তেনাপি বৈদেহি কিং পুনঃ সত্যসংশ্রবে[8][9] ॥ ২১ ॥

২১। লো-টী। তেষাং মুনিসঙ্ঘানাম্ অনুক্তেনাপি ময়া মুনিরক্ষণং কার্য্যমিতি এতদুক্তম্। স হ স্ফুটম্ সোঽহং সত্যসংশ্রবঃ সত্যপ্রতিজ্ঞঃ কিং পুনঃ, ন করিষ্যামীতি ন বক্তব্যমিত্যর্থঃ। 'ময়াপি হে'তি বা পাঠঃ।

১৯। টিপ্পনী। প্রতিজ্ঞাং কদাপি ন পরিত্যক্ষ্যামীত্যাহ—অপ্যহমিতি। বিশেষতো ব্রাহ্মণেষু ব্রাহ্মণসবিধে সংশ্রুত্য ন জহ্যাম্। 'ব্রাহ্মণেভ্যো বিশেষতঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১০।১৯)। প্রতিজ্ঞাং সংশ্রুত্য কৃত্বা ন জহ্যাং ব্রাহ্মণেভ্যো ব্রাহ্মণার্থং সংশ্রুত্য চ বিশেষতো ন জহ্যাম্। শিরোঃ।
২০। টিপ্পনী। যে মনীষিণঃ প্রশস্তধিয় ঋষয়োঽনুদ্বেগেন উদ্বেগরাহিত্যেন চিত্তস্থৈর্য্যেণেতি যাবৎ, ধর্ম্মং তপোলক্ষণং সাধয়ন্তি।
২১। টিপ্পনী। অনুক্তেনেতি নাস্ত্যুক্তং বচনং যস্য সোঽনুক্তস্তেন বাক্যহীনেন মুনীন্ পালয়িষ্যামীত্যপ্রতিজানানেনাপীত্যর্থঃ, মুনীনাং রক্ষণং কার্য্যমিতি শেষঃ। সত্যসংশ্রবে কৃতপ্রতিজ্ঞে ময়ি সতি কিং পুনর্বক্তব্যমিত্যর্থঃ। 'তদবশ্যং ময়া কার্য্যমৃষীণাং পরিপালনম্। অনুক্তেনাপি বৈদেহি প্রতিজ্ঞায় কথং পুনঃ ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১০।১৯-২০)। অনুক্তেন রক্ষণপ্রতিজ্ঞারহিতেন অপি ময়া ঋষীণাং পরিপালনমবশ্যং কার্য্যম্। শিরোঃ।

হে সীতে, বরং আমি [নিজ] জীবন এবং লক্ষ্মণের সহিত তোমাকে পরিত্যাগ করিতে পারি, কিন্তু প্রতিজ্ঞা করিয়া, বিশেষতঃ ব্রাহ্মণগণের নিকট প্রতিজ্ঞা করিয়া, সেই প্রতিজ্ঞা পরিত্যাগ করিতে পারি না ॥ ১৯ ॥

কাজেই ঋষিগণের রক্ষা আমাকে অবশ্যই করিতে হইবে, মনীষাসম্পন্ন যে ঋষিগণ নিরুদ্বেগে (অর্থাৎ শান্তচিত্তে) [তপস্যারূপ] ধর্ম্মসাধন করিয়া থাকেন ॥ ২০ ॥

বৈদেহি, আমি মুনিগণের রক্ষার নিমিত্ত এতাদৃশ বাক্য বলিয়াছিলাম। আমি কিছু না বলিয়া থাকিলেও মুনিগণকে রক্ষা করা আমার কর্ত্তব্য, যখন প্রতিজ্ঞা করিয়াছি তখন আর বক্তব্য কি ॥ ২১ ॥

১। ঘ-ঙ 'ত্বাঞ্চ সীতে সল-'। ২। ঝ 'চ'। ৩। ঝ '-ণেভ্যো'। ৪। ছ 'তচ্চাবশ্যং'। ৫। ঠ 'উদ্বেগেন চ'। ৬। ঘ 'ময়াপ্য', ঙ 'ময়ানঘে', ছ 'ময়া বচঃ', ঝ 'ময়া সহ', ড 'ময়া ত্বিহ'। ৭। ঠ 'তে'। ৮। ছ 'প্রতি-'। ৯। ঙ-ড '-সংশ্রবঃ'।

মদ্‌ভক্ত্যা[1] তু ত্বয়া সীতে হিতমুক্তং বচো মম।
সদৃশং চানুরূপঞ্চ কুলস্য তব শোভনে ॥ ২২ ॥

মম স্নেহেন প্রীত্যা চ যত্তু[2]ক্তোঽহং ত্বয়া বচঃ।
পরিতুষ্টোঽস্মি বৈদেহি নানিষ্টো হ্যনুশাস্যতে ॥ ২৩ ॥

এতাবদুক্ত্বা[3] বচনং মহাত্মা
সীতাং তদা মৈথিলরাজপুত্রীম্।
রামো ধনুষ্মান্ সহ লক্ষ্মণেন
জগাম রম্যাণি[4] তপোবনানি ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রামবাক্যং নাম
চতুর্দ্দশঃ সর্গঃ ॥ ১৪ ॥

২৩। লো-টী। অনিষ্টোঽপ্রিয়ো জনঃ নানুশাস্যতে ন হিতমুপদিশ্যতে।

২২। টিপ্পনী। ত্বয়া সদৃশং ন্যায্যং তব কুলস্য চানুরূপং বচো মম মহ্যম্ উক্তম্।
২৩। টিপ্পনী। যদ্ বচস্ত্বয়াঽহমুক্তস্তেন পরিতুষ্টোঽস্মি।
২৪। টিপ্পনী। রামো ধনুষ্মান্ ধনুষ্পাণিঃ সন্ তপোবনানি জগাম।

হে সীতে, হে শোভাময়ি, তুমি আমার প্রতি ভক্তিবশতঃ আমাকে তোমার বংশের অনুরূপ ও যুক্তিযুক্ত হিতকর বাক্য বলিয়াছ ॥ ২২ ॥

আমার প্রতি স্নেহ ও প্রীতিবশতঃ তুমি আমাকে যে [সমস্ত] কথা বলিয়াছ, তাহাতে আমি পরিতুষ্ট হইয়াছি ; কারণ, অপ্রিয় ব্যক্তিকে কেহ উপদেশ প্রদান করে না ॥ ২৩ ॥

মহাত্মা রাম মিথিলারাজনন্দিনী সীতাকে তখন এই পর্য্যন্ত বলিয়া ধনুর্ধারণপূর্ব্বক লক্ষ্মণের সহিত রমণীয় তপোবনসমূহের উদ্দেশে গমন করিলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রামবাক্য-নামক
চতুর্দ্দশ সর্গ সমাপ্ত ॥ ১৪ ॥

১। ঝ 'চ'। ২। ঙ '   ং', ড 'যদুক্তং হি'। ৩। ঙ-ঝ 'এবমুক্ত্বা'। ৪। ঙ 'বন্যানি'।

পঞ্চদশঃ সর্গঃ

অগ্রতোঽথ যযৌ রামঃ সীতা[১] মধ্যে সুমধ্যমা।
পৃষ্ঠতস্তু[২] ধনুষ্পাণির্লক্ষ্মণোঽ[৩]নুজগাম হ ॥ ১ ॥
পশ্যন্তৌ[৪] তৌ চ রম্যাণি বনান্যুপবনানি চ।
পর্ব্বতাংশ্চ নদীশ্চৈব রাঘবৌ সহ সীতয়া ॥ ২ ॥
সারসাংশ্চক্রবাকাংশ্চ নদীপুলিনচারিণঃ।
সরাংসি চ সপদ্মানি[৫] নানাপক্ষিগণানি[৬] চ ॥ ৩ ॥
হরীণাং[৭] যূথপাংশ্চৈব মদোদ্ধতাংশ্চ[৮] কুঞ্জরান্।
মহিষাংশ্চ বরাহাংশ্চ গবয়াংশ্চ[৯]মরাংস্তথা ॥ ৪ ॥

১। টিপ্পনী। অগ্রতঃ অগ্রে। সুমধ্যমা শোভনকটিবিশিষ্টা।

২-৪। টিপ্পনী। রম্যাণি বনাদীনি, নদীপুলিনচারিণঃ নদীপুলিনে বিহরণশীলান্ সারসান্ চক্রবাকান্, নানাপক্ষিগণৈরাকীর্ণানি সপদ্মানি কমলসহিতানি সরাংসি, হরীণাং বানরাণাং যূথপান্ যূথপতীন্, মদোদ্ধতান্ মদেনোৎকটান্ কুঞ্জরান্ হস্তিনঃ, গবয়ান্ চমরান্ মৃগবিশেষাংশ্চ পশ্যন্তৌ তৌ জগ্মতুরিতি শেষঃ।

অতঃপর, অগ্রে রাম [এবং] মধ্যে সুমধ্যমা (শোভনকটিসম্পন্না) সীতা গমন করিতে লাগিলেন; পশ্চাতে ধনুর্হস্ত লক্ষ্মণ [তাঁহাদের] অনুগমন করিলেন ॥ ১ ॥

রঘুনন্দন রাম ও লক্ষ্মণ সীতার সহিত রমণীয় বন ও উপবনসমূহ, পর্ব্বত ও নদীসমূহ, নদীপুলিনে বিচরণকারী সারস ও চক্রবাকসমূহ, নানাপক্ষিগণাকীর্ণ পদ্মসমন্বিত সরোবরসমূহ, বানরযূথপতিসমূহ, মদোৎকট মাতঙ্গসমূহ, মহিষ ও বরাহসমূহ এবং গবয় ও চমর (মৃগবিশেষ)-সমূহ দর্শন করিতে করিতে গমন করিতে লাগিলেন ॥ ২-৪ ॥

১। ঙ 'সীতাশ্চৈব সুমধ্যমাম্'। ২। ঙ '-শ্চ'। ৩। ঙ '-ণোঽথ', ঝ '-ণোঽপি'। ৪। ছ 'তৌ পশ্যন্তৌ চ'। ৫। ঠ 'সুপ-'। ৬। ঙ-ঝ-ড '-গণানপি'। ৭। ঙ-ঝ-ড 'হরিণান্'। ৮। ঘ-ছ 'সদো-', ঝ 'মদোন্মত্তাংশ্চ', ঠ 'মদান্ধাংশ্চৈব'। ৯। ঙ-ঝ-ঠ-ড '-য়ান্ সৃমরাং-'।

তে গত্বা দূরমধ্বানং লম্বমানে দিবাকরে।
দদৃশুঃ সহিতা[1] রম্যং তড়াগং যোজনায়তম্ ॥ ৫ ॥
পদ্মোৎকরবিচিত্রান্তং[2] গজযূথবিলোড়িতম্[3]।
শরারিহংসকুররৈরাকীর্ণং[4] জলচারিভিঃ ॥ ৬ ॥
প্রসন্নসলিলে রম্যে তস্মিন্ সরসি শুশ্রুবে।
গীতবাদিত্রনির্ঘোষো ন তু[5] কশ্চিদদৃশ্যত ॥ ৭ ॥

৬। লো-টী। পদ্মকেশরৈঃ কিঞ্জল্কৈশ্চিত্রমাশ্চর্য্যভূতমন্তং স্বরূপং যস্য।

৫। টিপ্পনী। তে সহিতা মিলিতাঃ সন্তঃ দূরমধ্বানং দূরপথং গত্বা দিবাকরে লম্বমানে অস্তগমনোন্মুখে সতি যোজনায়তং তড়াগং দদৃশুঃ। দিবাকরে লম্বমানে সায়াহ্নে ইত্যর্থঃ, যোজনায়তং চতুর্দ্দিক্ষু যোজনায়তম্। তিঃ। দিবাকরে সূর্য্যে লম্বমানে অস্তং গচ্ছতি সতি, যোজনায়তং ক্রোশচতুষ্টয়বিস্তৃতম্। শিরোঃ। লম্বমানে অস্তময়োন্মুখে, যোজনায়তং চতুর্দ্দিশি যোজনপ্রমাণ-বিস্তারম্। গোঃ রাঃ।

৬। টিপ্পনী। তড়াগং বিশিনষ্টি পদ্মেত্যাদিনা। পদ্মোৎকরৈঃ পদ্মপুঞ্জৈর্বিচিত্রা বিশোভিতা অন্তাঃ প্রান্তভাগা যস্য তৎ, শরার্য্যাদিভির্জলচারিভিঃ পক্ষিভিঃ আকীর্ণং ব্যাপ্তম্। শরারিকুররৌ পক্ষিবিশেষৌ।

৭। টিপ্পনী। গীতবাদিত্রনির্ঘোষঃ গীতোপেতবাদ্যশব্দঃ। 'ন তু কশ্চন দৃশ্যতে' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১১।৭)। ন তু কশ্চনেতি গীতাদিকর্ত্তেত্যর্থঃ। তিঃ। গীতানি ষড়্জাদিস্বরনিবদ্ধপ্রবন্ধাঃ, বাদিত্রাণি ততঘনসুষিরানদ্ধভেদেন চতুর্ব্বিধানি, তেষাং নির্ঘোষঃ। অত্র যাদবঃ 'বাদিত্রং বাদিতং বাদ্যমাতোদ্যং তচ্চতুর্ব্বিধম্। ততং বীণাদিকং বাদ্যং তালং তু বিততং ঘনম্। বংশাদিকং তু সুষিরমানদ্ধং মুরজাদিকম্॥' ইতি। কশ্চন বাদয়িতা ন দৃশ্যতে নাদৃশ্যত। গোঃ রাঃ।

তাঁহারা মিলিত হইয়া দূরপথ (অর্থাৎ বহুদূর) গমন করিবার পর দিবাকর অস্তগমনোন্মুখ হইলে, প্রান্তভাগে পদ্মপুঞ্জবিশোভিত গজযূথবিলোড়িত শরারি, হংস ও কুরর [-প্রভৃতি] জলচর [পক্ষি-] গণে সমাকীর্ণ [চতুর্দ্দিকে] যোজনবিস্তৃত [এক] রমণীয় সরোবর দেখিতে পাইলেন ॥ ৫-৬ ॥

১। ঝ '-তাঃ সর্ব্বে সরসং'। ২। ছ 'পদ্মাকরং বিচিত্রান্তং', ঙ-ঝ 'পদ্মকেশরচিত্রান্তং', ট-ড 'পদ্মাকর-বিচিত্রান্তং'। ৩। ড '-লোভনম্'। ৪। ঙ-ঝ-ঠ 'সরারি-'। ৫। ছ 'চ'।

ততঃ কৌতূহলাদ্রামো লক্ষ্মণশ্চ মহাযশাঃ[১]।
মুনিং ধর্ম্মভৃতং[২] নাম পপ্রচ্ছতুরুপেত্য বৈ ॥ ৮ ॥
ইদমত্যদ্ভুতং দৃষ্ট্বা সর্ব্বেষাং নো মহাদ্যুতে।
কৌতূহলং মহজ্জাতং কিমিদং সাধু কথ্যতাম্ ॥ ৯ ॥
তেনৈবমুক্তো ধর্ম্মাত্মা রাঘবেণ মহাত্মনা।
প্রভাবং[৩] তস্য সরস আখ্যাতুমুপচক্রমে ॥ ১০ ॥
ইদং পঞ্চাপ্সরো নাম সরঃ পৌরাণমুচ্যতে।
নির্ম্মিতং তপসা রাম মুনিনা মন্দকর্ণিনা ॥ ১১ ॥

৮। টিপ্পনী। ধর্ম্মভৃতং নাম ধর্ম্মভৃতনামকং ধর্ম্মভৃন্নামকং বা শরণাগতেষনুযায়িষ্বেকম্। তিঃ। ধর্ম্মভৃৎসংজ্ঞকম্। শিরোঃ।

৯। টিপ্পনী। অদ্ভুতমিদমুচ্চারয়িতৃদর্শনরহিতং শব্দজাতম্। শিরোঃ। সাধু সম্যক্।

১০। টিপ্পনী। রাঘবেণ লক্ষ্মণসহিতেন রামেণেত্যর্থঃ। প্রভাবং মহিমানম্।

১১। টিপ্পনী। পৌরাণম্ অতীব পুরাতনম্। তপসা করণেন। 'ইদং পঞ্চাপ্সরো নাম তটাকং সার্ব্বকালিকম্। নির্ম্মিতং তপসা রাম মুনিনা মাণ্ডকর্ণিনা ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১১।১১)। পঞ্চাপ্সরঃক্রীড়াসাধনত্বাৎ পঞ্চাপ্সরো নাম। সার্ব্বকালিকং সর্ব্বকালে ভবং সর্ব্বস্মিন্নপি কালে অশুষ্যদিত্যর্থঃ। গোঃ রাঃ। তপসা হেতুভূতেন। শিরোঃ। এতস্য মুনের্নাম দমকর্ণিঃ। স চ বর্ষাযুতং তপস্তেপে ইতি রামায়ণমঞ্জর্য্যাম্ (৩।৪৩৪।৩৫)।

সেই রমণীয় স্বচ্ছসলিল সরোবরে তাঁহারা গীতবাদ্যশব্দ শ্রবণ করিলেন, কিন্তু কোনও লোক দৃষ্টিগোচর হইল না ॥ ৭ ॥

অতঃপর, মহাযশঃসম্পন্ন রাম ও লক্ষ্মণ কৌতূহলনিবন্ধন [অনুগামী মুনিবৃন্দের মধ্যে] ধর্ম্মভৃতনামক [এক] মুনির নিকট গমনপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ৮ ॥

হে মহাদ্যুতে, এই অত্যাশ্চর্য্য ব্যাপার অবলোকন করিয়া আমাদের সকলেরই মহা কৌতূহল জন্মিয়াছে ; ইহা কি, [আমাদিগকে] সম্যক্ প্রকারে বলুন ॥ ৯ ॥

ধর্ম্মাত্মা ধর্ম্মভৃত মহাত্মা রঘুনন্দন রামচন্দ্র [এবং লক্ষ্মণ] -কর্ত্তৃক এইরূপে অভিহিত হইয়া সেই সরোবরের মাহাত্ম্য বর্ণনা করিতে আরম্ভ করিলেন ॥ ১০ ॥

১। ঠ ড '-মনাঃ'। ২। ঙ 'ধর্ম্মরতং'। ৩। ঙ 'প্রভবং'।

স হি তেপে তপস্তীব্রং মন্দকর্ণির্ম্মহামুনিঃ।
দশবর্ষসহস্রাণি বায়ুভক্ষ্যঃ শিলাসনঃ[১] ॥ ১২ ॥
ততঃ প্রব্যথিতাঃ সর্বে দেবা ইন্দ্রপুরোগমাঃ।
অব্রুবন্নয়মস্মাকং[২] স্থানং প্রার্থয়তে মুনিঃ ॥ ১৩ ॥
তস্য কর্ত্তুং তপোবিঘ্নং নিযুক্তাঃ সর্ব্বদৈবতৈঃ।
প্রধানাপ্সরসঃ পঞ্চ[৩] দিব্যাভরণভূষিতাঃ ॥ ১৪ ॥
[৪]তত্রাগতাস্তা গায়ন্ত্যো নন্দন্ত্যশ্চ[৫] সুমধ্যমাঃ।
[৬]তমলোভয়ল্লঁলনা মুনিং তীব্রতপোব্রতম্[৭] ॥ ১৫ ॥

১২। লো-টী। শিলাসনঃ শিলোপবিষ্টঃ। শিলাশন ইতি পাঠে শিলাচূর্ণভোজন ইত্যর্থঃ

১৫। লো-টী। ললনা উত্তমস্ত্রিয়ঃ।

১২। টিপ্পনী। তন্নির্ম্মাণপ্রকারমাহ—স হীতি। 'বায়ুভক্ষো জলাশয়ে' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১১।১২)। বায়ুভক্ষঃ সন্ জলাশয়ে তীব্রং তপস্তেপে। শিরোঃ।

১৩। টিপ্পনী। ইন্দ্রপুরোগমা ইন্দ্রপুরঃসরাঃ সর্ব্বে দেবাঃ প্রব্যথিতাঃ সন্তঃ পরস্পরম্ অব্রুবন্, অয়ং মুনিরস্মাকং স্থানং পদং প্রার্থয়তে কাময়তে। 'ততঃ প্রব্যথিতাঃ সর্ব্বে দেবাঃ সাগ্নিপুরোগমাঃ' ইতি 'অস্মাকং কস্যচিৎ স্থানমেষ প্রার্থয়তে মুনিঃ' ইতি চ পাশ্চাত্ত্যপাঠৌ (৩।১১।১৩-১৪)।

১৪। টিপ্পনী। সর্ব্বদৈবতৈঃ পঞ্চ অপ্সরসো নিযুক্তা আসন্।

১৫। টিপ্পনী। তত্রাগতাঃ সত্যো নন্দন্ত্যো রমমাণাস্তীব্রতপোব্রতং তীব্রতপোরূপ-ব্রতানুষ্ঠানপরং তং মুনিম্ অলোভয়ন্ প্রলুব্ধং কর্ত্তুং প্রবৃত্তা অভবন্।

রাম, মন্দকর্ণি-মুনিকর্ত্তৃক তপঃপ্রভাবে নির্ম্মিত পঞ্চাপ্সরনামক এই সরোবর [অতি-] প্রাচীন বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে ॥ ১১ ॥

সেই মহামুনি মন্দকর্ণি শিলাতলে উপবেশনপূর্ব্বক বায়ুভক্ষ্য হইয়া দশসহস্র বৎসর উগ্র তপস্যা করিয়াছিলেন ॥ ১২ ॥

অতঃপর ইন্দ্রপ্রমুখ দেবগণ সকলে নিরতিশয় ব্যথিত হইয়া বলিতে লাগিলেন—এই মুনি আমাদের পদ কামনা করিতেছেন ॥ ১৩ ॥

তাঁহার তপোবিঘ্ন করিবার নিমিত্ত নিখিল দেববৃন্দ দিব্যাভরণভূষিতা পাঁচটী প্রধান অপ্সরাকে নিযুক্ত করিলেন ॥ ১৪ ॥

১। ঙ '-শনঃ'। ২। ছ '-বন্ন্ কিম-', ঙ '-বন্ ধ্রুবম-'। ৩। ঙ 'মুনিপত্নীত্বমাগতাঃ'। ৪। ঙ-পুস্তকে অত্রারভ্য সপ্তদশশ্লোকপূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি, ছ 'অত্রা-'। ৫। ছ-ড 'ললন্ত্যশ্চ', ঝ 'ললনাশ্চ', ঠ 'নৃত্যন্ত্যশ্চ'। ৬। ঘ 'অলোভয়ন্ত ল-', ছ-ঝ-ঠ-ড 'তমলোভয়ন্ত' ল-]। ৭। ঘ-ছ-ঠ-ড '-ধনম্'।

অপ্সরোভিস্ততস্তাভির্মুনির্দৃষ্টপরাবরঃ।[1]
নীতো মদনবশ্যত্বং সুরাণামর্থসিদ্ধয়ে ॥ ১৬ ॥
তাশ্চৈবাপ্সরসঃ পঞ্চ মুনেঃ[2] পত্নীত্বমাগতাঃ।
তড়াগে নির্ম্মিতং তাসামস্মিন্নন্তর্হিতং গৃহম্ ॥ ১৭ ॥
তা ইহা[3]প্সরসঃ পঞ্চ নি[4]বসন্তি যথাসুখম্।
রময়ন্তি তপোযোগা[6]ন্মুনিং যৌবনদর্পিতাঃ ॥ ১৮ ॥

১৭। লো-টী। অন্তর্হিতমন্যৈরদৃশ্যম্।

১৬। টিপ্পনী। সুরাণামর্থসিদ্ধয়ে কার্য্যসিদ্ধ্যর্থং দৃষ্টপরাবরো মুনির্মদনবশ্যত্বং কামবশত্বং নীতঃ প্রাপিতঃ। দৃষ্টপরাবরো দৃষ্টৈহিকপারলৌকিকধর্ম্মাধর্ম্মঃ। তিঃ। দৃষ্টপরাবরঃ দৃষ্টে পরাবরে উপনিষৎপ্রসিদ্ধপরাবরবিদ্যে যেন সঃ। শিরোঃ। দৃষ্টপরাবরঃ দৃষ্টপরমাত্মজীবস্বরূপঃ। গোঃ রাঃ।

১৭। টিপ্পনী। তড়াগে তেনৈব মুনিনা সহ ক্রীড়ার্থং তাসাং পত্নীনাম্ অন্তর্হিতং গুপ্তং গৃহং নির্ম্মিতম্।

১৮। টিপ্পনী। তপোযোগাৎ তপঃসম্বন্ধাৎ পূর্ব্বার্জ্জিততপোবলেনেতি যাবৎ, যৌবনদর্পিতাস্তা অপ্সরসঃ মুনিং রময়ন্তি তৎপ্রীতিমুৎপাদয়ন্তি। 'রময়ন্তি তপোযোগান্মুনিং যৌবনমাস্থিতম্' ইতি পাশ্চাত্যাঃ (৩।১১।১৮)। তপোযোগো যৌবনে হেতুঃ। তিঃ। তপোরূপোপায়াৎ যৌবনমাস্থিতম্। গোঃ রাঃ।

[5] মনোহরকটিসম্পন্ন সেই ললনাগণ তথায় আগমন করিয়া গান এবং আমোদ করিতে করিতে তীব্র তপস্যারূপ ব্রতবিশিষ্ট সেই মুনিকে প্রলোভিত করিতে লাগিল ॥ ১৫ ॥

অতঃপর, সেই অপ্সরাবৃন্দ দেবকার্য্য সাধনের নিমিত্ত ঐহিক ও পারলৌকিক ধর্ম্মাধর্ম্মদর্শী সেই মুনিকে কামপরবশ করিল এবং সেই পাঁচটী অপ্সরাই মুনির পত্নীরূপে পরিণতা হইল; [মুনির সহিত বিহার করিবার নিমিত্ত] তাহাদের এই সরোবরে গুপ্তগৃহ নির্ম্মিত হইয়াছে ॥ ১৬-১৭ ॥

১। ঠ। '-ভ্রূবিকারৈ-'। ২। ঝ 'মুনিপত্নী-'। ৩। ঙ 'ইবাপ্-'। ৪। ঙ 'দিব্যাভরণভূষিতাঃ'। ৫। অতঃ পরং ড-পুস্তকে 'তত্রাগতাস্তা গায়ন্ত্যো ললনাশ্চ সুমধ্যমাঃ॥ তমলোভয়ন্ত ললনা মুনিং তীব্রতপোধনম্। অপ্সরোভিস্ততস্তাভির্মুনির্দৃষ্টপরাপরঃ। নীতো মদনবশ্যত্বং সুরাণামর্থসিদ্ধয়ে। তাশ্চৈবাপ্সরসঃ পঞ্চ নিবসন্তি যথাসুখম্ ॥' ইত্যেবং প্রায়েণ পূর্বানুরূপাঃ শ্লোকা দৃশ্যন্তে। ৬। ড '-গান্মুনিযৌবনগর্ব্বিতাঃ'।

তাসাং সংক্রীড়মানানাং[1] মহানেষোঽত্র নিস্বনঃ।
শ্রূয়তে ভূষণোন্মিশ্রো[2] গীতঃ[3] শ্রুতিমনোহরঃ[4] ॥ ১৯ ॥
আশ্চর্য্যমিতি তস্যৈতদ্বচনং ভাবিতাত্মনঃ।
রাঘবঃ প্রতিজগ্রাহ সহ[5] ভ্রাত্রা মহাবলঃ ॥ ২০ ॥
এবং কথয়তস্তস্য দদর্শাশ্রমমণ্ডলম্।
কুশচীরপরিক্ষিপ্তং নানাবৃক্ষলতাবৃতম্[6] ॥ ২১ ॥

১৯। লো-টী। ভূষণানাং নূপুরাদীনাম্ উন্মিশ্রঃ শব্দেন মিশ্রিত ইত্যর্থঃ। গীতঃ শব্দঃ।
২০। লো-টী। প্রতিজগ্রাহ প্রত্যয়ামাস (?)।

১৯। টিপ্পনী। এষ মহান্ নিস্বনো বাদিত্রশব্দঃ ভূষণোন্মিশ্রো বলয়াদিভূষণধ্বনিসংযুক্তো গীতঃ গীতশব্দশ্চ শ্রূয়তে। 'তাসাং সংক্রীড়মানানাম্ এষ বাদিত্রনিস্বনঃ। শ্রূয়তে ভূষণোন্মিশ্রো গীতশব্দো মনোহরঃ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (২।১১।১৯)।

২০। টিপ্পনী। ভাবিতাত্মনো বিশুদ্ধচিত্তস্য তস্য মুনের্বচনম্ আশ্চর্য্যমিতি প্রতিজগ্রাহ। ভাবিতাত্মনঃ পরিশীলিতপরমাত্মনস্তস্য ঋষেরেতদ্ বচনং শ্রুত্বা আশ্চর্য্যমিতি প্রতিজগ্রাহ মেনে। শিরোঃ। প্রতিজগ্রাহ শ্রুতবান্। গোঃ রাঃ।

২১। টিপ্পনী। এবং কথয়তস্তস্য এবং তস্মিন্ কথয়তীত্যর্থঃ। কুশচীরপরিক্ষিপ্তং কুশৈশ্চীরৈশ্চ পরিক্ষিপ্তং পরিব্যাপ্তম্। চীরং বল্কলং খণ্ডপটো বা।

যৌবনগর্ব্বিত সেই পাঁচটী অপ্সরা যথাসুখে এই সরোবরে বাস করিতেছে এবং তপোযোগনিবন্ধন (অর্থাৎ তাহাদের তপস্যাবল আছে বলিয়া) মুনির প্রীতি উৎপাদন করিতেছে ॥ ১৮ ॥

ক্রীড়াপরায়ণা সেই অপ্সরাদিগের এই উচ্চ বাদিত্রশব্দ এবং ভূষণশব্দমিশ্রিত শ্রোত্রমনোহর গীতশব্দ এইস্থানে শ্রুত হইতেছে ॥ ১৯ ॥

ভ্রাতার সহিত মহাবল রামচন্দ্র বিশুদ্ধাত্মা সেই মুনির এই কথা আশ্চর্য্যজনক বলিয়া মনে করিলেন ॥ ২০ ॥

১। ঙ-ছ-ঝ-ঠ-ড 'প্রক্রী-'। ২। ঘ-ছ-ড '-নৈর্মিশ্রো', ঠ '-নৈর্মিশ্রগীতশ্রুতি-'। ৩। ছ 'গীতিঃ'। ৪। ছ '-হরা'। ৫। ছ-ঠ-ড 'ভ্রাত্রা সহ মহাবলঃ', ঝ 'পাদৌ তস্য মহাবলঃ'। ৬। ঝ '-কুলম্'।

তং প্রবিশ্যাশ্রমং রামঃ সীতয়া লক্ষ্মণেন চ।
সহিতো মুনিভিঃ সর্ব্বৈঃ সৎকারেণাথ[1] সৎকৃতঃ[2] ॥ ২২ ॥
ততস্তস্মিন্ স কাকুৎস্থঃ শ্রীমত্যাশ্রমমণ্ডলে[3]।
ন্যবসৎ সুসুখং[4] তৈস্তৈঃ পূজ্যমানো মহর্ষিভিঃ ॥ ২৩ ॥
জগাম চাশ্রমং তেষাং পর্য্যায়েণ মহাত্মনাম্।
পাদাভিবাদনং[5] কর্ত্তুং সকাশং[6] রাঘবস্তদা[7] ॥ ২৪ ॥

২৩। লো-টী। স রামঃ সকাকুৎস্থঃ সলক্ষ্মণঃ। 'সুসুখমি'তি বা পাঠঃ।
২৪। লো-টী। পর্য্যায়েণ ক্রমেণ।

২২। টিপ্পনী। সৎকারেণার্ঘ্যাদিসৎকারদ্রব্যেণ। সীতয়া লক্ষ্মণে ন চ সহিতো রামঃ।
২৩। টিপ্পনী। শ্রীমতি শোভাসম্পন্নে। তৈস্তৈর্মহর্ষিভিঃ পূজ্যমানো ন্যবসৎ।
২৪। টিপ্পনী। পর্য্যায়েণ ক্রমেণ। সকাশম্ অবিদূরস্থম্।

সেই মুনি এইরূপ বলিলে রামচন্দ্র [-প্রভৃতি] কুশ ও চীরে (ছিন্ন বস্ত্রখণ্ডে, অথবা বল্কলে) পরিব্যাপ্ত, নানাবৃক্ষ ও লতায় পরিবৃত আশ্রমমণ্ডল দেখিতে পাইলেন ॥ ২১ ॥

অনন্তর, সীতা এবং লক্ষ্মণের সহিত রামচন্দ্র সেই আশ্রমমণ্ডলে প্রবেশ করিয়া নিখিল মুনিবৃন্দকর্ত্তৃক [বিবিধ] সৎকারে সৎকৃত হইলেন ॥ ২২ ॥

অতঃপর, সেই সেই মুনিবৃন্দকর্ত্তৃক সৎকৃত হইয়া অতিসুখী ককুৎস্থ-বংশোদ্ভব রামচন্দ্র শোভাসম্পন্ন সেই আশ্রমমণ্ডলে [সীতা এবং লক্ষ্মণের সহিত] বাস করিলেন ॥ ২৩ ॥

আর, তখন রাম সেই মহাত্মাদিগের চরণে অভিবাদন করিবার নিমিত্ত এক এক করিয়া নিকটবর্ত্তী [তাঁহাদের] আশ্রমমণ্ডলে গমন করিতে লাগিলেন ॥ ২৪ ॥

১। ঙ-ঝ '-রেণ চ'। ২। অতঃ পরং ঙ-ছ-ঝ-পুস্তকেষু 'বনরাজীং শুভাং (ঙ '-জীঞ্চ তাং') রম্যাং সমন্তাদবলোকয়ন্' ইত্যধিকঃ। ৩। ঝ 'শ্রীমদাশ্রম-'। ৪। ঝ-ঠ 'স সু-'। ৫। ঙ-ঝ-ঠ '-বন্দনং'। ৬। ঘ '-শে'। ৭। অতঃ পরং ঘ-ছ-ড-পুস্তকেষু 'অথ সংবসতস্তস্য। (ঘ 'তথা সংসরতস্তস্য', ড 'তথা সংবিশতস্তস্য') মুনীনামাশ্রমে সুখম্' ইত্যধিকঃ।

১ ২ ৩ ৪
কচিৎ পরিবসন্ মাসমেকং সংবৎসরং তথা।
৫ ৬
কচিচ্চ চতুরো মাসান্ পঞ্চ ষড়্ বাপি চ কচিৎ॥ ২৫ ॥
৭ ৮ ৯
অপরত্রাধিকং মাসমধ্যর্দ্ধমপরং কচিৎ।
১০
ত্রীন্ মাসানপরানষ্টৌ রাঘবো ন্যবসৎ সুখম্॥ ২৬॥

২৫। লো-টী। মাসপদং সংবৎসরপরম্। 'মাসঃ পক্ষদ্বয়ে প্রোক্তস্তথা সংবৎসরেঽপি চ' ইতি নিঘণ্টুঃ। এতেন বর্ষঃ কচিৎ, চতুর ইতি পদমুভয়ত্রান্বয়ি। পঞ্চচতুরো মাসান্ বিংশতি-মাসান্ ইত্যর্থঃ। কচিচ্চ ষড়পরান্ চতুরো মাসান্ চতুর্ব্বিংশতিমাসানিত্যর্থঃ। এতেনাষ্টমাসাধিক-বর্ষত্রয়ম্।

২৬। লো-টী। অপরত্র অধিকং মাসং দ্বাদশাত্মকং বর্ষমিতি যাবৎ। কচিদপরং মাসম্, কিম্ভূতম্ অধি অধিকম্ অর্দ্ধং যত্র তৎ সার্দ্ধমাসমিত্যর্থঃ। ত্রীন্ মাসানপরানষ্টৌ একাদশ মাসাঃ। এতেন বর্ষদ্বয়ং পঞ্চদশ দিনানি।

২৫। টিপ্পনী। পরিবসন্ আসীদিতি শেষঃ।

২৬। টিপ্পনী। অপরত্র অধিকম্ একং মাসং সপ্তমাসানিত্যর্থঃ। কচিৎ অধ্যর্দ্ধম্ অর্দ্ধমাসাধিকম্ অপরম্ একং মাসং সার্দ্ধাষ্টমাসানিত্যর্থঃ। 'কচিচ্চ চতুরো মাসান্ পঞ্চ ষট্ চ পরান্ কচিৎ। অপরত্রাধিকান্ মাসানধ্যর্দ্ধমধিকং কচিৎ॥' ইতি পাশ্চাত্যাঃ (৩।১১।২৫)। পরান্ ষণ্মাসতোঽধিকান্ সপ্তমাসানিত্যর্থঃ। অপরত্র অধিকান্ সপ্তমাসতঃ আধিক্যবিশিষ্টান্ মাসান্ অষ্টমাসানিত্যর্থঃ। কচিৎ অধ্যর্দ্ধং মাসার্দ্ধাধিকম্। শিরোঃ।

রামচন্দ্র কোথাও এক মাস এবং কোথাও এক বৎসর, কোথাও চারি মাস কোথাও বা পাঁচ মাস অথবা ছয় মাস অবস্থান করিলেন; অপরস্থলে আর এক মাস অধিক (অর্থাৎ সাত মাস), কোথাও সার্দ্ধ আর এক মাস (অর্থাৎ সাড়ে আট মাস) এবং কোথাও একাদশ মাস (তিনমাস + অপর আটমাস) সুখে বাস করিলেন॥ ২৫-২৬॥

১। ছ 'কচিচ্চ প্রাবসন্'। ২। ঝ 'পরিচরন্'। ৩। ঙ '-মাসং কচিৎ'। ৪। ছ-ড 'কচিৎ', ঘ 'তদা'। ৫। ঙ 'সপ্ত পরান্'। ৬। ঘ-ছ-ঝ-ঠ-ড 'বাপরান্'। ৭। ঝ '-ত্রষ্যধিকং'। ৮। ছ '-বসৎ'। ৯। ঝ 'তথা'। ১০। ছ '-রাংস্ত্রষ্টৌ'।

মাসদ্বয়ং[1] চাপরত্র[2] সাগ্রং সংবৎসরং ক্বচিৎ।
পক্ষমন্যত্র[3] মাসঞ্চ ন্যবসদ্রাঘবস্তদা ॥ ২৭ ॥
তথা[4] সংবসতস্তস্য[5] মুনীনামাশ্রমে সুখম্।
রমতশ্চানুকূল্যেন[6][7] যযুঃ সংবৎসরা দশ ॥ ২৮ ॥
তথা পরিবসংশ্চৈব রাঘবঃ সহ সীতয়া।
সুতীক্ষ্ণস্যাশ্রমং শ্রীমান্[8] পুনরেব[9] জগাম হ ॥ ২৯ ॥

২৭-২৮। লো-টী। অপরত্র মাসদ্বয়ম্। সাগ্রং সংবৎসরং ক্বচিদিতি অগ্রপদং বিশেষ্যবাচকম্। বক্ষ্যতি চ সুন্দরকাণ্ডে রাজপ্রেষণসর্গে 'এবং তেষাং নিবসতাং মাসং সাগ্রো যযৌ তদা।' পশ্চাত্তত্রৈব সর্গে 'এবং তেষাং যযৌ মাসো দ্বিতীয়ঃ শিশিরস্তদা' ইতি। যদ্বা অগ্রপদেন স্বাভিলষিতার্থ উচ্যতে, অতো বর্ষদ্বয়ং পক্ষং মাসঞ্চ এতেন বর্ষদ্বয়ং মাসত্রয়ঞ্চ পক্ষঞ্চ এতেন মাসদ্বয়ং সার্দ্ধমাসঞ্চ এতেন দশ বর্ষাণি (?)।

২৭। টিপ্পনী। সাগ্রম্ আধিক্যবিশিষ্টং সংবৎসরং সংবৎসরাদধিকং কালমিত্যর্থঃ। পক্ষং মাসঞ্চ সার্দ্ধমাসমিত্যর্থঃ।

২৮। টিপ্পনী। মুনীনাম্ আশ্রমে সুখং নিবসতঃ আনুকূল্যেন স্বেচ্ছায়া অবিঘাতেন রমতো রমমাণস্য চ রামস্য দশ সংবৎসরা যযুঃ।

২৯। টিপ্পনী। তথা সুখেনেতি যাবৎ। পরিবসন্ পর্য্যুষ্য।

রামচন্দ্র তখন অপরস্থলে দুই মাস এবং কোথাও বৎসরাধিক এবং অন্যত্র এক পক্ষ ও এক মাস (অর্থাৎ দেড় মাস) বাস করিয়াছিলেন ॥ ২৭ ॥

মুনিগণের আশ্রমে সেইভাবে সুখে বাস করিতে করিতে এবং স্বেচ্ছানুসারে চিত্তবিনোদন করিতে করিতে রামচন্দ্রের দশ বৎসর অতীত হইল ॥ ২৮ ॥

সেইভাবে [আশ্রমে] বাস করিয়া শ্রীমান্ রামচন্দ্র সীতার [এবং লক্ষ্মণের সহিত] সুতীক্ষ্ণের আশ্রমে পুনরায় আগমন করিলেন ॥ ২৯ ॥

১। ঙ-পুস্তকে অয়ং শ্লোকোঽষ্টাবিংশশ্লোকপূর্ব্বার্দ্ধঞ্চ ন স্তঃ। ২। ঝ 'তথা চাত্র'। ৩। ঠ 'মাসাংশ্চ'। ৪। ড 'তদা'। ৫। ছ-ট-ঠ 'সংবৎসরস্তস্য'। ৬। ঘ ঝ-ঠ 'বসত-'। ৭। ঙ '-শ্চাস্যকৃত্যেন', ছ-ঠ '-শ্চানুকূলেন'। ৮। ঘ-ঙ-ঝ-ড 'ধীমান্'। ৯। ঙ '-রেবাজ-'।

স তদাশ্রমমাগত্য[1][2] মুনিভিঃ প্রতিপূজিতঃ।[3]

তত্রাপি ন্যবসদ্রামঃ কঞ্চিৎ কালমরিন্দমঃ ॥ ৩০ ॥

অথাশ্রমস্থঃ[4] কাকুৎস্থঃ কদাচিত্তং[5] মহামুনিম্।

উপাসীনঃ[6] স ধর্ম্মাত্মা সুতীক্ষ্মমিদমব্রবীৎ ॥ ৩১ ॥

অস্মিন্নরণ্যে ভগবন্নগস্ত্যো মুনিসত্তমঃ।

বসতীতি ময়া পূর্ব্বং সতাং কথয়তাং শ্রুতম্ ॥ ৩২ ॥

ন তু জানামি তং দেশং বনস্যাস্য মহত্তয়া।

যত্রাশ্রমপদং[7][8] পুণ্যং[9] মহর্ষেস্তস্য ধীমতঃ ॥ ৩৩ ॥

তব প্রসাদাদ্ ভগবন্ সানুজঃ সহ সীতয়া।

অগস্ত্যমভিগচ্ছেয়মভিবাদয়িতুং মুনিম্ ॥ ৩৪ ॥

৩০। টিপ্পনী। প্রতিপূজিতঃ সৎকৃতঃ সন্। অরিন্দমঃ শত্রুদমনো রামঃ।

৩১। টিপ্পনী। মহামুনিম্ উপাসীনস্তৎসমীপোপবিষ্টঃ। উপাসীনঃ সমীপস্থঃ। তিঃ।

৫। লো-টী। ভ্রষ্টাচারং ভ্রষ্টরাজধর্ম্মম্। 'নদীপঙ্কমি'তি পাঠঃ। 'পঙ্কাদি'তি পাঠে পঙ্কাদ্ধেতোঃ।

৬। লো-টী। সাগরানিব সাগরান্ প্রাপ্যেব। 'সাগরান্ যথে'তি বা পাঠঃ।

৪। টিপ্পনী। যো ভূমিপঃ কালে সাধনসময়ে স্বয়ং কার্য্যাণি ন অনুতিষ্ঠন্তি তস্যাত্মা রাজ্যেন তৈরননুষ্ঠিতৈঃ কার্য্যৈশ্চ সহ বিনশ্যতি। তস্য রাজ্যভ্রংশো জায়তে কার্য্যাণি ন সম্পন্নানি ভবন্তি স্বয়ঞ্চ নাশমাপ্নোতীত্যর্থঃ। কার্য্যাণি পালনাদীনি। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। অস্বাধীনং স্ত্র্যাদিপরতন্ত্রম্। তিঃ। অস্বাধীনং ভোগবশমিত্যর্থঃ। শিরোঃ। অস্বাধীনং পত্ন্যাদিপরতন্ত্রং পরপ্রত্যয়নেয়বুদ্ধিং বা। গোঃ রাঃ।

৬। টিপ্পনী। যে পরাধীনা ভোগপরতন্ত্রা নরাধিপা বিষয়ং রাজ্যং ন রক্ষন্তি তে সাগরে মগ্না গিরয় ইব বৃদ্ধ্যা অভ্যুদয়েন ন প্রকাশন্তে প্রকাশং লভন্তে তেষাম্ অভ্যুদয়ো ন পরি দৃশ্যতে ইতি যাবৎ। তে সাগরে নিমগ্না ইতি শেষঃ, গিরয় ইব বৃদ্ধ্যা স্বসম্পত্ত্যাধিক্যেন ন প্রকাশন্তে। শিরোঃ।

যে ভূমিপতি যথাসময়ে স্বয়ং [কর্ত্তব্য] কার্য্যসমূহের অনুষ্ঠান করেন না, তাঁহার আত্মা রাজ্য এবং [সেই সমস্ত] কার্য্যের সহিত বিনষ্ট হইয়া থাকে (অর্থাৎ তিনি রাজ্যভ্রষ্ট হয়েন, তাঁহার কার্য্যসমূহ অসম্পন্নই থাকিয়া যায় এবং পরিশেষে তিনি মৃত্যুমুখে পতিত হয়েন) ॥ ৪ ॥

হস্তিগণ যেরূপ দূর হইতেই নদীপঙ্ক পরিহার করে, প্রজাগণও সেইরূপ আচারভ্রষ্ট অধর্ম্মজ্ঞ অস্বাধীন (ভোগপরতন্ত্র) নৃপতিকে পরিহার করিয়া থাকে ॥ ৫ ॥

১। ছ 'মহীপতিম্'। ২। ক-ঝ 'নরা'। ৩। ক 'মগ্না', ঙ-ড 'ন বুদ্ধ্যা'।

বিগৃহ্যমাণা[1] গন্ধর্ব্বৈরাত্মবদ্[2]ভিশ্চ দানবৈঃ।
অযুক্তচারা রাজানো ভবিষ্যন্তি কথং নু তে[3] ॥ ৭ ॥
যেষাং কামশ্চ[4] ক্রোধশ্চ নয়শ্চ নয়তাং[5] বর।
অস্বাধীনা নরেন্দ্রাণাং প্রাকৃতৈ[6]স্তে[7] নরৈঃ সমাঃ ॥ ৮ ॥
যস্মাৎ পশ্যন্তি দূরস্থাঃ[8] সর্ব্বানর্থান্ নরাধিপাঃ।
চারেণ তস্মাদুচ্যন্তে রাজানশ্চারচক্ষুষঃ ॥ ৯ ॥

৭। লো-টী। যে গন্ধর্ব্বৈর্দেবপুঙ্গবৈর্বিগৃহ্যমাণা বিগ্রহং কুর্ব্বাণাঃ, আত্মবদ্ভিরাত্মজ্ঞৈ-র্দানবৈরপি। 'অর্থবিদ্ভিরি'তি পাঠে ধনিভিঃ পরমার্থবিদ্ভির্বা। অযুক্তচারা অনিযুক্তচারাস্তে নু কথং রাজানো ভবিষ্যন্তি। 'গন্ধর্ব্বো দেবভেদে স্যাদ্ গন্ধর্ব্বো দেবপুঙ্গবে' ইতি ধ্বনিঃ।

৭। টিপ্পনী। যে আত্মবদ্ভির্গন্ধর্ব্বাদিভির্বিগৃহ্যমাণ' বিরোধং কুর্ব্বাণা ভবন্তি তে অযুক্তচারা অনিযোজিতচারাঃ সন্তঃ কথং নু রাজানো ভবিষ্যন্তি চারাননিযোজ্য কথং তৈ রাজপদং চিরম্ অধিষ্ঠাতুং শক্যতে ইত্যর্থঃ। আত্মবদ্ভির্বশীকৃতান্তর্বহিরিন্দ্রিয়ৈঃ। তিঃ। আত্মবদ্ভিঃ প্রশস্তযত্নবিশিষ্টৈঃ। শিরোঃ। আত্মবদ্ভিস্ত্বৎপ্রতীকারদত্তাবধানৈরিত্যর্থঃ। গোঃ রাঃ।

৮। টিপ্পনী। হে নয়তাং বর নেতৃপ্রবর, যেষাং নরেন্দ্রাণাং কামাদয়োঽস্বাধীনাঃ-অবশীভূতাস্তে প্রাকৃতৈর্নরৈঃ সাধারণপ্রজাভিঃ সমাস্তুল্যাঃ। প্রাকৃতৈ রাজব্যবহারানর্হদাসীদাস-জনৈঃ। তিঃ।

৯। টিপ্পনী। যস্মাদ্ রাজানো দূরস্থা দূরদেশাবস্থিতা অপি সর্ব্বান্ অর্থান্ বিষয়ান্ চারেণ পশ্যন্তি তস্মাত্তে চারচক্ষুষ উচ্যন্তে।

[ভোগ-] পরতন্ত্র যে সমস্ত নৃপতি রাজ্য রক্ষা করেন না, সাগরনিমগ্ন পর্ব্বতের ন্যায় তাঁহারা বৃদ্ধিসহকারে প্রকাশ পায়েন না (অর্থাৎ তাহাদের অভ্যুদয় পরিদৃষ্ট হয় না) ॥ ৬ ॥

প্রযত্নপরায়ণ গন্ধর্ব্ব এবং দানবগণের সহিত যাঁহারা বিরোধ করেন, চার নিযুক্ত না করিলে তাঁহারা কিরূপে রাজপদে অধিষ্ঠিত থাকিতে পারেন? ॥ ৭ ॥

হে নায়কপ্রবর, যে সকল নৃপতির কাম ক্রোধ এবং নীতি স্ববশীভূত নহে, তাঁহারা সাধারণ মানুষের তুল্য ॥ ৮ ॥

১। ছ 'নিগৃ-'। ২। ঝ '-বিদ্-'। ৩। অতঃ পরং ড-পুস্তকে 'যে ন রক্ষন্তি বিষয়ং পরাধীনা নরাধিপাঃ।' ইত্যধিকঃ। ৪। ঙ 'ক্রোধশ্চ মানশ্চ', ছ 'মানশ্চ', ঠ 'চারশ্চ কোষশ্চ'। ৫। ছ 'জয়তাং'। ৬। ঝ '-জাস্তে'। ৭। ঠ '-স্তৈন-'। ৮। ঙ-ছ-ড '-স্থান্'।

অযুক্তচারং মন্যে ত্বাং প্রাকৃতৈঃ সচিবৈর্ব্বৃতম্।
জনস্থানং হতস্থানং[1] যো[2] মৌর্খ্যান্নাববুধ্যসে ॥ ১০ ॥
খরং[3] বিনিহতং সঙ্খ্যে দূষণঞ্চ নিপাতিতম্।
ন বুধ্যসে[4] জনস্থানে শয়ানৌ শরপীড়িতৌ ॥ ১১ ॥
চতুর্দ্দশ সহস্রাণি রক্ষসাং দীপ্ততেজসাম্[5]।
হতান্যেকেন রামেণ মানুষেণ পদাতিনা ॥ ১২ ॥

১০। লো-টী। জনস্থানং হতস্থানং হতসদৃশম্। 'স্থানং সাদৃশ্যেঽবকাশে স্থিতৌ বৃদ্ধিক্ষয়েতরে' ইতি কোষঃ।

১০। টিপ্পনী। ত্বাম্ অযুক্তচারম্ অনিয়োজিতচারম্ অতঃ প্রাকৃতৈঃ সাধারণৈঃ কার্য্যনৈপুণ্যরহিতৈরিতি যাবৎ, সচিবৈর্বৃতং মন্যে। যস্ত্বং মৌর্খ্যাৎ মূর্খতাহেতোর্জ্জনস্থানং হতস্থানং বিনষ্টপ্রায়ং ন অববুধ্যসে ন জানাসি। চারাযুক্তত্বে হেতুং বদন্ত্যাহ—অযুক্তেতি। প্রাকৃতৈঃ শাস্ত্রসংস্কাররহিতৈঃ। শিরোঃ।

১১। টিপ্পনী। শরপীড়িতৌ সন্তৌ বিনিহতং খরং নিপাতিতং দূষণঞ্চ জনস্থানে শয়ানৌ ন বুধ্যসে।

যেহেতু নৃপতিগণ, দূরে থাকিয়া [-ও] চারের দ্বারা সমস্ত বিষয় দর্শন করেন, সেই হেতু নৃপতিগণ চার-চক্ষুঃ (চারই যাঁহাদের চক্ষুঃস্বরূপ) বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ৯ ॥

তোমাকে অযুক্তচার (যে চার নিযুক্ত করে নাই) [অতএব] সাধারণ সচিবগণে পরিবৃত বলিয়া আমি মনে করি; যে তুমি মূর্খতানিবন্ধন জনস্থানকে বিনষ্টপ্রায় বলিয়া জানিতেছ না ॥ ১০ ॥

যুদ্ধে শরনিপীড়িত হইয়া নিহত খর, নিপাতিত দূষণ জনস্থানে শয়ান রহিয়াছে, [ইহা] তুমি জানিতেছ না ॥ ১১ ॥

মানুষ [ও] পদাতি রাম একাকী দীপ্ততেজঃসম্পন্ন চতুর্দ্দশসহস্র রাক্ষস বিনাশ করিয়াছে ॥ ১২ ॥

১। ছ 'হতং স্থানং', ঠ 'কৃতস্থানং'। ২। ঙ-ছ-ঝ-ড 'যন্মৌ-', ঠ 'যঃ সৌখ্যা-'। ৩। ঙ-ঝ-ড 'খরঞ্চ নি-'। ৪। ঘ '-ধ্যতে'। ৫। ছ-ঠ 'ভীমকর্ম্মণাম্'।

ঋষীণামভয়ং দত্তং কৃতাঃ ক্ষেমাশ্চ দণ্ডকাঃ।
ধর্ষিতঞ্চ জনস্থানং রামেণাক্লিষ্টকর্ম্মণা[1] ॥ ১৩ ॥
ত্বং তু লুব্ধঃ প্রমত্তশ্চ পরাধীনশ্চ[2] রাবণ।
বিষয়ে[3] স্বে সমুৎপন্নং ভয়ং ঘোরং ন বুধ্যসে ॥ ১৪ ॥
তীক্ষ্ণং ক্রূরমদাতারং[4] প্রমত্তং মদদর্পিতম্[5]।
ব্যসনে নানুকম্পন্তে সর্ব্বভূতানি ভূমিপম্ ॥ ১৫
অভিমানিনমুদ্‌ভ্রান্তমাত্মসংভাবিতং শঠম্।
ক্রোধনঞ্চৈব[6] নৃপতিং ব্যসনে ঘ্নন্তি মানবাঃ[7] ॥ ১৬ ॥

১৩। লো-টী। ধর্ষিতং গৃহীতং নাশিতং বা।

১৫। লো-টী। ব্যসনে ব্যসনোপস্থিতিকালে।

১৩। টিপ্পনী। অক্লিষ্টকর্ম্মণা কর্ম্মণি ক্লেশমননুভবতা রামেণ দণ্ডকা দণ্ডকারণ্যং ক্ষেমা বিঘ্নশূন্যাঃ কৃতাঃ জনস্থানঞ্চ ধর্ষিতং বিধ্বস্তম্।

১৪। টিপ্পনী। হে রাবণ, লুব্ধো ভোগলোলুপঃ প্রমত্তোঽনবধানঃ পরাধীনো বিষয়ভোগপরতন্ত্রস্ত্বং স্বে বিষয়ে স্বকীয়ে রাজ্যে সমুৎপন্নং ভয়ং ন বুধ্যসে ন জানাসি।

১৫। টিপ্পনী। তীক্ষ্ণত্বাদিদোষযুক্তং ভূমিপং ব্যসনে বিপদি সর্ব্বভূতানি নানুকম্পন্তে ন দয়ন্তে তদ্রক্ষণায় ন প্রবর্ত্তন্তে ইত্যর্থঃ।

১৬। টিপ্পনী। ব্যসনে বিপদি উপস্থিতায়াং সত্যাম্ অভিমানিনং গর্ব্বিতম্ উদ্‌ভ্রান্তম্ উচ্ছৃঙ্খলম্ আত্মসম্ভাবিতম্ আত্মানং বহুমন্যমানম্ আত্মশ্লাঘিনমিত্যর্থঃ, নৃপতিং মানবাঃ প্রজা ঘ্নন্তি। আত্মসম্ভাবিতম্ আত্মনা স্বেনৈব সম্ভাবিতং বহুমানং প্রাপ্তম্। তিঃ।

অক্লান্তকর্ম্মা রাম ঋষিদিগকে অভয় প্রদান করিয়াছে, দণ্ডকারণ্য বিঘ্নশূন্য করিয়াছে এবং জনস্থান বিধ্বস্ত করিয়াছে ॥ ১৩ ॥

হে রাবণ, [ভোগ-] লোলুপ ইন্দ্রিয়পরতন্ত্র অনবধান তুমি কিন্তু নিজ রাজ্যে সমুৎপন্ন ভীষণ বিপদ্ অবগত নহ ॥ ১৪ ॥

তীক্ষ্ণস্বভাব, ক্রূরপ্রকৃতি, অদাতা, অনবধান, [ঐশ্বর্য্য-] মদগর্ব্বিত ভূমিপতির প্রতি কোন প্রাণীই (অর্থাৎ ভৃত্য অমাত্যপ্রভৃতি কেহই) বিপদে অনুকম্পা প্রকাশ করে না ॥ ১৫ ॥

১। ঋ '-ণ দুষ্ট-'। ২। ঋ 'পরাধীনঃ প্রমত্তশ্চাপি'। ৩। ঋ '-য়েষু', ছ '-য়ে তে'। ৪। ঘ-ঋ 'ঘোর-'। ৫। ঘ-ঙ-ঠ-ড 'বলগর্ব্বিণম্', ছ 'বল-'। ৬। ঙ '-শ্চাপি'। ৭। ক-ঝ 'বৈরিণঃ'।

নানুতিষ্ঠসি কার্য্যাণি[১] ভয়েষু ন বিভেষি চ।
ক্ষিপ্রং রাজ্যচ্যুতো দীনস্তৃণতুল্যো[২] ভবিষ্যসি ॥ ১৭ ॥
শুষ্কৈঃ কাষ্ঠৈর্ভবেৎ কার্য্যমপি[৩] বা পাংশুলোষ্টকৈঃ[৪]।
ন তু রাজ্যপরিভ্রষ্টৈঃ কিঞ্চিৎ কার্য্যং নরাধিপৈঃ ॥ ১৮ ॥
উপভুক্তং যথা বাসঃ স্রজো বিমৃদিতা[৫] যথা।
তথা রাজ্যপরিভ্রষ্টঃ[৬] সমর্থোঽপি নিরর্থকঃ ॥ ১৯ ॥

১৭। লো-টী। কল্যাণং কল্যাণকর্ম্ম। 'কার্য্যাণী'তি বা পাঠঃ।
১৯। লো-টী। তস্য সম্বন্ধোঽপি নিরর্থকঃ।

১৭। টিপ্পনী। ত্বং কার্য্যাণি স্বজনপালনাদীনি নানুতিষ্ঠসি ভয়েষু, ভয়হেতুষু প্রাপ্তস্বজন-ভীতিষ্বিত্যর্থঃ, ন বিভেষি অতস্ত্বং রাজ্যচ্যুতঃ সন্ তৃণতুল্যঃ সর্ব্বৈরনাদরণীয়ো ভবিষ্যসি।

১৮। টিপ্পনী। শুষ্কৈঃ কাষ্ঠৈঃ পাংশুভির্ধূলিভির্লোষ্টৈশ্চ কিঞ্চিৎ কার্য্যং প্রয়োজনং সিদ্ধং ভবেৎ রাজ্যপরিভ্রষ্টৈর্নরাধিপৈস্তু ন কিঞ্চিৎ কার্য্যং স্যাৎ।

১৯। টিপ্পনী। উপভুক্তং পরিধৃতং বাসো বস্ত্রং যথা নিরর্থকম্, বিমৃদিতাঃ পরিমর্দ্দিতাঃ স্রজো মাল্যানি যথা নিরর্থিকাঃ তথা সমর্থো বলান্বিতোঽপি রাজ্যপরিভ্রষ্টো রাজা নিরর্থকঃ। নিরর্থকম্ অন্যপ্রয়োজনাসাধকম্। শিরোঃ।

বিপদ্ উপস্থিত হইলে, গর্ব্বিত উচ্ছৃঙ্খল আত্মশ্লাঘাপরায়ণ শঠ ও ক্রোধন-স্বভাব নৃপতিকে প্রজাগণ নিধন করিয়া থাকে ॥ ১৬ ॥

তুমি কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিতেছ না এবং ভয়কারণ উপস্থিত হইলেও ভীত হইতেছ না; অবিলম্বেই তুমি রাজ্যচ্যুত ও দুর্দ্দশাগ্রস্ত হইয়া তৃণতুল্য [মানহীন] হইবে ॥ ১৭ ॥

শুষ্ক কাষ্ঠের দ্বারা অথবা ধূলি ও লোষ্ট্রের দ্বারা [বরং] কার্য্য হয়, কিন্তু রাজ্যপরিভ্রষ্ট নৃপতির দ্বারা কোন কার্য্যই হয় না ॥ ১৮ ॥

উপভুক্ত বস্ত্র যেরূপ [নিরর্থক অর্থাৎ অন্য প্রয়োজন সাধনের উপযোগী নহে], বিমর্দ্দিত মাল্য যেরূপ [নিরর্থক], রাজ্যপরিভ্রষ্ট নৃপতি সমর্থ (বলশালী)

১। ঘ-ঙ-ঝ 'কল্যাণং'। ২। ড '-স্মৃতি'। ৩। ছ '-মথ'। ৪। ঘ 'লোষ্ট্রপাংশুকৈঃ', ছ 'কাষ্ঠ-', ঝ-ড 'পাংশুলোষ্ট্রভিঃ'। ৫। ঙ 'বা মৃদিতা', ঠ 'বিমৃদিতং'। ৬। ঙ 'রাজা'।

অপ্রমত্তস্তু যো রাজা সর্ব্বজ্ঞো বিজিতেন্দ্রিয়ঃ।
কৃতজ্ঞো ধর্ম্মশীলশ্চ স রাজ্যে তিষ্ঠতে চিরম্ ॥ ২০ ॥

নয়নৈর্যঃ প্রসুপ্তোঽপি জাগর্ত্তি নয়চক্ষুষা।
ত্যক্তক্রোধোঽপ্রমাদশ্চ শস্যতে স মহীপতিঃ ॥ ২১ ॥

ত্বন্তু রাবণ দুর্ব্বুদ্ধিগু্ণৈরেতৈর্ব্বিবর্জ্জিতঃ।
যস্য তেঽয়ং ন বিদিতো রক্ষসাং বধ ঈদৃশঃ ॥ ২২ ॥

পরাবমন্তা বিষয়েষ্বসঙ্গবান্ নদেশকালপ্রবিভাগকোবিদঃ।
অযুক্তবুদ্ধিগু্ণদোষদর্শনে কথং নু রাজা ভবিতাসি রক্ষসাম্ ॥ ২৩ ॥

২১। লো-টী। নয়নৈর্নেত্রৈঃ।

২৩। লো-টী। সঙ্গবান্ আসক্তঃ। দেশাদিপ্রবিভাগানামকোবিদঃ মূর্খঃ।

২১। টিপ্পনী। নয়চক্ষুষা জাগর্ত্তি অপ্রমত্তো ভবতীত্যর্থঃ। অপ্রমাদোঽনবধানতারহিতঃ। শস্যতে প্রশংসিতো ভবতি।

২২। টিপ্পনী। যস্য তে ন বিদিতঃ যেন ত্বয়া ন জ্ঞাত ইত্যর্থঃ।

২৩। টিপ্পনী। পরাবমন্তা সর্ব্বানাদরকারী, বিষয়েষু রাজকার্য্যেষু অসঙ্গবান্ আসক্তিরহিতঃ তত্রানবধান ইত্যর্থঃ, নদেশকালপ্রবিভাগকোবিদঃ দেশকালবিভাগানভিজ্ঞঃ দেশং কালঞ্চ

হইলেও সেইরূপ নিরর্থক (অর্থাৎ তাঁহার দ্বারা কোন প্রয়োজন সাধিত হয় না) ॥ ১৯ ॥

কিন্তু যে রাজা অপ্রমত্ত (সাবধান), সর্ব্বজ্ঞ (স্বরাজ্যের এবং পররাজ্যের বৃত্তান্ত যাঁহার বিশেষভাবে পরিজ্ঞাত), বিজিতেন্দ্রিয়, কৃতজ্ঞ ও ধর্ম্মশীল, তিনি দীর্ঘকাল রাজ্যে অধিষ্ঠিত থাকেন ॥ ২০ ॥

যিনি [চর্ম্ম-] চক্ষুতে নিদ্রিত হইয়াও নীতিচক্ষুতে জাগরিত থাকেন, যিনি ক্রোধত্যাগী অপ্রমাদ (অনবধানতারহিত), সেই মহীপতি [-ই] প্রশংসিত হয়েন ॥ ২১ ॥

কিন্তু রাবণ, তুমি দুর্ব্বুদ্ধি ও এই সমস্ত গুণবিরহিত, যে তুমি রাক্ষসগণের এতাদৃশ এই নিধনব্যাপার পরিজ্ঞাত নহ ॥ ২২ ॥

১। ঙ '-মেয়স্তু'। ২। ঝ '-জ্ঞোঽতিজি-'। ৩। ক 'তিষ্ঠতি', ঝ-ড 'বর্ত্ততে'। ৪। ঝ '-মাম্'। ৫। ঘ-ঙ-ছ 'ত্যক্তক্রোধপ্রমা-', ঠ 'ত্যক্তঃ ক্রোধপ্রমাদাভ্যাং'। ৬। ছ '-রেভি-'। ৭। ঘ-ঙ-ছ-ঠ '-য়েষু সঙ্গ-'।

১
ইতি স্বদোষান্ পরিকীর্ত্তিতাংস্তয়া
বিমৃশ্য বুদ্ধ্যা ক্ষণদাচরেশ্বরঃ।
২
ধনেন দর্পেণ বলেন চান্বিতঃ
৩
প্রচিন্তয়ামাস চিরং স রাবণঃ ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রাবণোদ্দীপনং নাম
অষ্টাত্রিংশঃ সর্গঃ ॥ ৩৮ ॥

বিচার্য্য কার্য্যকরণাক্ষম ইত্যর্থঃ, কার্য্যাণাং গুণদোষদর্শনে চ অযুক্তবুদ্ধিঃ অপ্রবর্ত্তিতবুদ্ধিস্ত্বং কথং রক্ষসাং রাজা ভবিতাসি ভবিষ্যসি। 'বিষয়েষু সঙ্গবান্' 'নদেশকালপ্রবিভাগতত্ত্ববিৎ' ইতি পাশ্চাত্ত্যপাঠৌ। বিষয়েষু সঙ্গবান্ অত্যাসক্তিবিশিষ্টঃ। শিরোঃ। পরাবমন্তা শত্রুষূপেক্ষাবান্, নদেশকালপ্রবিভাগতত্ত্ববিদিত্যেকং পদম্, নগ-নৈকাদিবন্নসমাসঃ ; দেশকাল-ভেদাতত্ত্বজ্ঞ ইত্যর্থঃ। গোঃ রাঃ।

২৪। টিপ্পনী। তয়া শূর্পণখয়া ইত্যনেন প্রকারেণ পরিকীর্ত্তিতান্ স্বদোষান্ বুদ্ধ্যা বিমৃশ্য বিচার্য্য ধনাদিনা অন্বিতঃ ক্ষণদাচরেশ্বরঃ নিশাচরাধিপঃ স রাবণশ্চিরং বহুকালং ব্যাপ্য প্রচিন্তয়ামাস।

তুমি পরের অবমাননাকারী রাজকার্য্যে আসক্তিবিরহিত এবং দেশকাল-বিভাগে অনভিজ্ঞ (অর্থাৎ দেশকাল বিবেচনা করিয়া তুমি কার্য্য করিতে পার না) ; [কার্য্যের] দোষগুণবিচারে তোমার বুদ্ধি নিযুক্ত নহে, কিরূপে তুমি রাক্ষসদিগের রাজা হইবে ? ॥ ২৩ ॥

ধন দর্প ও বলসমন্বিত নিশাচরাধিপতি সেই রাবণ শূর্পণখাকর্ত্তৃক এইরূপে কীর্ত্তিত নিজের দোষ বুদ্ধিপূর্ব্বক বিচার করিয়া অনেকক্ষণ পর্য্যন্ত চিন্তা করিলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রাবণোদ্দীপন-নামক
অষ্টাত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ৩৮ ॥

১। ঙ-ড 'নিশম্য দো-', ঠ 'ইতি স্ব দো-'। ২। ঙ-ছ-ড 'গর্ব্বিতঃ', ঝ 'গর্ব্বিতঃ'। ৩। ছ 'বিচি-'।

একোনচত্বারিংশঃ সর্গঃ

ততঃ শূর্পণখাং ক্রুদ্ধাং[১] ব্রুবতীং পরুষং বচঃ।
অমাত্যমধ্যে সংক্রুদ্ধঃ পরিপপ্রচ্ছ রাবণঃ ॥ ১ ॥
কস্য[২] রামঃ কুতো[৩] রামঃ কিংবীর্য্যঃ কিংপরাক্রমঃ[৪]
কিমর্থং দণ্ডকারণ্যং[৫] প্রবিষ্টশ্চ[৬] সুদুর্গমম্[৭] ॥ ২ ॥
আয়ুধং কিঞ্চ রামস্য নিহতা যেন রাক্ষসাঃ।
খরশ্চ[৮] নিহতঃ সংখ্যে দূষণস্ত্রিশিরাস্তথা ॥ ৩ ॥
ইত্যুক্তা রাক্ষসেন্দ্রেণ রাক্ষসী ক্রোধমূর্চ্ছিতা।
ততো রামং যথাতত্ত্বমাখ্যাতুমুপচক্রমে[৯] ॥ ৪ ॥

২। লো-টী। কস্য রামঃ কস্য পুত্র ইত্যর্থঃ। কুতো রামঃ কুত আগত ইত্যর্থঃ। কিং বীর্য্যং যস্য সঃ। কঃ পরাক্রমো যুদ্ধোৎসাহো যস্য সঃ।

৪। টিপ্পনী। রামং যথাতত্ত্বং যথাস্বরূপম্ আখ্যাতুং রামস্য স্বরূপং যথাযথভাবেন বর্ণয়িতুমিত্যর্থঃ, উপচক্রমে আরেভে।

অতঃপর, ক্রোধাবিষ্টা শূর্পণখা অমাত্যগণমধ্যে কর্কশ বাক্য বলিতে থাকিলে রাবণ কুপিত হইয়া জিজ্ঞাসা করিলেন—॥ ১ ॥

রাম কাহার পুত্র? রাম কোথা হইতে আসিয়াছে? তাহার কিরূপ বীর্য্য? তাহার কিরূপ পরাক্রম (যুদ্ধোৎসাহ)? কি নিমিত্ত সে অতিদুর্গম দণ্ডকারণ্যে প্রবেশ করিয়াছে? ॥ ২ ॥

আর, রামের অস্ত্র [-ই বা] কি, যাহার দ্বারা রাক্ষসগণ নিহত হইয়াছে, খর, দূষণ এবং ত্রিশিরাও যুদ্ধে নিহত হইয়াছে? ॥ ৩ ॥

রাক্ষসরাজকর্তৃক এইরূপে অভিহিত হইয়া ক্রোধমূর্চ্ছিতা রাক্ষসী [শূর্পণখা] রামের স্বরূপ যথাযথভাবে বলিতে আরম্ভ করিল—॥ ৪ ॥

১। ঙ 'রুদন্তীং', ঠ-ড 'ব্রুবন্তীং'। ২। ক 'কশ্চ', ঙ-ছ 'কঃ স'। ৩। ঠ 'কথং'। ৪। ঝ 'কঃ পরা-'। ৫। ঙ-ড '-রণ্যে'। ৬। ঠ 'সংপ্রাপ্তঃ স'। ৭। ছ '-স্তু'। ৮। ড '-স্তু'। ৯। ছ '-তত্ত্বং ব্যা-'।

দীর্ঘবাহুর্ব্বিশালাক্ষশ্চীরকৃষ্ণাজিনাম্বরঃ।
কন্দর্পসমরূপশ্চ রামো দশরথাত্মজঃ ॥ ৫ ॥
শক্রচাপনিভং[১] চাপং বিকৃষ্য কনকাঙ্গদম্।
দীপ্তান্ ক্ষিপতি নারাচান্ সর্পানিব মহাবিষান্[২] ॥ ৬ ॥
নাদদানং[৩] শরান্ ঘোরান্ ন মুঞ্চন্তং[৪] মহাবলম্।
কার্ম্মুকং[৫] বা বিকর্ষন্তং রামং পশ্যামি সংযুগে ॥ ৭ ॥
হতমেব[৬] তু[৭] তৎ সৈন্যং পশ্যামি শরবৃষ্টিভিঃ।
রাঘবেণোত্তমং শস্যমিন্দ্রেণেবাশ্মবৃষ্টিভিঃ[৮] ॥ ৮ ॥
চতুর্দ্দশসহস্রাণি রক্ষসাং ভীমকর্ম্মণাম্।
নিহতানি শরৈস্তীক্ষ্ণৈস্তেনৈকেন[৯] ধনুষ্মতা ॥ ৯ ॥

৬। টিপ্পনী। শক্রচাপনিভম্ ইন্দ্রধনুঃসদৃশং কনকাঙ্গদং কনকবলয়ভূষিতং চাপং ধনুঃ বিকৃষ্য মহাবিষান্ সর্পানিব নারাচান্ বাণবিশেষান্ ক্ষিপতি।

৭-৮। টিপ্পনী। মহাবলং রামং শরান্ আদদানং গৃহ্নন্তং শরান্ মুঞ্চন্তং কার্ম্মুকং ধনুর্বা বিকর্ষন্তং ন পশ্যামি বেগাতিশয়েনাদানাদিকং ন পশ্যামীত্যর্থঃ, কিন্তু ইন্দ্রেণোত্তমং সুপুষ্টং শস্যমিব তেন তৎ সৈন্যং হতং পশ্যামি। অশ্মবৃষ্টিভিঃ করকাময়বর্ষৈঃ। গোঃ রাঃ।

রাম দশরথের পুত্র, দীর্ঘবাহু, বিশালাক্ষ, চীরকৃষ্ণাজিনপরিহিত এবং কন্দর্প-তুল্যরূপবিশিষ্ট ॥ ৫ ॥

সে [যুদ্ধে] ইন্দ্রশরাসনসদৃশ সুবর্ণবলয়ভূষিত শরাসন আকর্ষণ করিয়া মহাবিষসর্পতুল্য প্রদীপ্ত নারাচ (বাণবিশেষ) -সমূহ নিক্ষেপ করে ॥ ৬ ॥

যুদ্ধে আমি মহাবল রামকে ভীষণ শরসমূহ না গ্রহণ করিতে না ক্ষেপণ করিতে অথবা না শরাসন আকর্ষণ করিতে দেখিয়াছি ॥ ৭ ॥

কিন্তু দেখিয়াছি, শিলাবর্ষণদ্বারা দেবরাজ যেরূপ সুপুষ্ট শস্য নষ্ট করেন, বাণবর্ষণদ্বারা রামও সেইরূপ সেই [রাক্ষস-] সৈন্য নষ্ট করিল ॥ ৮ ॥

১। ঠ '-সমং'। ২। ঙ 'বিষোপমান্'। ৩। ঠ 'আদ-'। ৪। ঘ-ছ 'মুঞ্চন্তং', ঙ 'প্রমুঞ্চন্তং'। ৫। ছ-ঠ '-কঞ্চাপি কর্ষ-'। ৬। ঝ 'ভক্তমেব'। ৭। ঙ-ঝ-ড 'ততঃ'। ৮। ঙ-ঝ-ঢ 'সন্যাগি-'। ৯। ঘ-ড '-র্দিব্যৈ-'।

খরশ্চ নিহতঃ সংখ্যে দূষণস্ত্রিশিরাস্তথা।

ঋষীণামভয়ং দত্তং কৃতাঃ ক্ষেমাশ্চ দণ্ডকাঃ ॥ ১০ ॥

কথঞ্চিদেকা মুক্তাঽহং কারুণ্যাৎ স্ত্রীতি চ প্রভো।

রামেণ তৎ কৃতং কর্ম্ম মামেবং[১] পরিভূয় চ ॥ ১১ ॥

ভ্রাতা তস্য[২] মহাতেজা গুণবাং[৩]স্তুল্যলক্ষণঃ[৪]।

অনুরক্তশ্চ ভক্তশ্চ লক্ষ্মণো নাম বীর্য্যবান্ ॥ ১২ ॥

১২। লো-টী। তুল্যং সমানং লক্ষণং শুভলক্ষণং যস্য সঃ।

১০। টিপ্পনী। দণ্ডকা দণ্ডকারণ্যং ক্ষেমা বিঘ্নশূন্যাঃ কৃতাঃ।

১১। টিপ্পনী। স্ত্রীতি কৃত্বা স্ত্রীবধং শঙ্কমানেনেত্যর্থঃ, রামেণাহং কথঞ্চিন্মুক্তা। মাম্ এবং পরিভূয় নাসাকর্ণহীনাং কৃত্বেত্যর্থঃ, রামেণ তদ্ রাক্ষসনিধনরূপং কর্ম্ম কৃতম্।

১২। টিপ্পনী। তুল্যলক্ষণঃ রাম ইব শুভলক্ষণোপেত ইত্যর্থঃ। অনুরক্তঃ রামবিষয়কাত্যনুরাগবান্, ভক্তস্তৎসেবানিরতশ্চ। শিরোঃ। অনুরক্তোঽনুরাগবান্, ভক্তস্তৎকার্য্যভজনশীলঃ। গোঃ রাঃ।

[দেখিয়াছি] ধনুর্ধর রাম একাকী তীক্ষ্ণ শরসমূহের দ্বারা ভীমকর্ম্মা চতুর্দ্দশসহস্র রাক্ষস নিহত করিল ॥ ৯ ॥

যুদ্ধে খর দূষণ ও ত্রিশিরা নিহত হইয়াছে, রাম ঋষিগণকে অভয় প্রদান করিয়াছে এবং দণ্ডকারণ্য বিঘ্নশূন্য করিয়াছে ॥ ১০ ॥

প্রভো, একমাত্র আমি [রামের] দয়াবশতঃ এবং স্ত্রীলোক বলিয়া কোনও প্রকারে মুক্তিলাভ করিয়াছি; আমাকে এইরূপে (অর্থাৎ নাসাকর্ণচ্ছেদনপূর্ব্বক) অপমান করিয়া রাম [রাক্ষসনিধনরূপ] সেই কর্ম্ম সম্পাদন করিয়াছে ॥ ১১ ॥

লক্ষ্মণনামে রামের [এক] ভ্রাতা [আছে, সে] মহাতেজঃসম্পন্ন, গুণবান্, বীর্য্যবান্, রামের ন্যায় [শুভ-] লক্ষণসমন্বিত, [রামের প্রতি] অনুরক্ত ও ভক্ত (রামের সেবায় নিরত) ॥ ১২ ॥

১। ও '-মেব'। ২। ক-ছ-ঠ 'চাস্য'। ৩। ঘ 'লক্ষ্মণস্তুল্যলক্ষণঃ'। ৪। ছ '-বান্ ভ্রাতৃবৎসলঃ'।

অমর্ষী দুর্জ্জয়ো জেতা বিক্রান্তো বলবান্ সুখী।
রামস্য দক্ষিণো বাহুর্নিত্যং প্রাণো বহিশ্চরঃ ॥ ১৩
রামস্য চ[১] বিশালাক্ষী ধর্ম্মপত্নী যশস্বিনী।
সীতা নাম বরারোহা বেদি[২]প্রতিমমধ্যমা ॥ ১৪ ॥
নৈব[৩] দেবী ন গন্ধর্ব্বী ন যক্ষী ন চ কিন্নরী[৪]।
তথারূপা ময়া নারী দৃষ্টপূর্ব্বা মহীতলে[৫] ॥ ১৫ ॥

১৪। লো-টী। বেদির্মুষ্টিতাঙ্গুলিস্তৎপ্রতিমং তত্তুল্যং মধ্যমং যস্যাঃ সা।
১৫। লো-টী। নারী স্ত্রী।

১৩। টিপ্পনী। অমর্ষী ক্রোধী রামাপরাধাসহনশীলো বা, দুর্জ্জয়ো দুঃখেন জেতুং শক্যঃ, জেতা শত্রুজয়ী, বিক্রান্তো বিক্রমশালী। রামস্য দক্ষিণো বাহুরিত্যনেন সর্ব্বতৎকার্য্যধুরন্ধরত্বম্, বহিশ্চর প্রাণ ইত্যনেন নিরতিশয়প্রেমাস্পদত্বং সূচ্যতে। তিঃ। রামস্য দক্ষিণো বাহুরিব সর্ব্বকার্য্যসাধক ইত্যর্থঃ, বহিশ্চর প্রাণ ইব অতিপ্রিয় ইত্যর্থঃ। শিরোঃ।

১৪। টিপ্পনী। বরারোহা প্রশস্তসৌন্দর্য্যশালিনী। বেদিপ্রতিমমধ্যমা বেদিরিব ক্ষীণ-মধ্যেত্যর্থঃ।

১৫। টিপ্পনী। 'এবং রূপা ময়া নারী' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (৩।৩৪।১৮)। এবং-রূপা দেবী চ ন দৃষ্টপূর্ব্বা গন্ধর্ব্বী চ ন দৃষ্টপূর্ব্বা, যক্ষী চ ন দৃষ্টপূর্ব্বা কিন্নরী চ ন দৃষ্টপূর্ব্বা, এবংরূপা নারী মহীতলেঽপি ন দৃষ্টপূর্ব্বেত্যন্বয়ঃ। উত্তরার্দ্ধে মহীতল ইত্যনেন পূর্ব্বার্দ্ধে স্বর্গলোক ইতি সিদ্ধম্, দেব্যাদীনাং তত্রৈব বাসসম্ভবাৎ; যদ্বা মহীতল ইতি সর্ব্বলোকোপলক্ষণম্। গোঃ রাঃ।

ক্রোধী, [সমরে] দুর্জ্জয়, [শত্রু-] জয়ী, বিক্রমশালী, বলবান্, [রাম-সাহচর্য্যে] সুখী [সেই] লক্ষ্মণ রামের দক্ষিণ বাহু, [অধিক কি, সেই লক্ষ্মণ] সর্ব্বদা [তাহার] বহিশ্চর (যে দেহের বাহিরে চলাফেরা করে) প্রাণ ॥ ১৩ ॥

সীতানামে রামের [এক] ধর্ম্মপত্নী [আছে, সে] আয়তলোচনা যশস্বিনী সৌন্দর্য্যময়ী [এবং] বেদিপ্রতিমমধ্যমা (বেদির মধ্যদেশের ন্যায় যাহার কটি-প্রদেশ ক্ষীণ) ॥ ১৪ ॥

আমি পূর্ব্বে তাদৃশরূপবতী [কোন] দেবী দেখি নাই, [তাদৃশরূপবতী

১। ক 'তু'। ২। ঠ 'বেদীপ্র-'। ৩। খ 'ন চ'। ৪। ঠ 'পন্নগী', ড 'রাক্ষসী'। ৫। ব 'ন ভূতলে', খ 'মহীপতে'।

যস্য ভার্য্যা ভবেৎ সীতা যঞ্চ হৃষ্টা পরিষ্বজেৎ।
অপি জীবেৎ স লোকেষু দেবেষ্বিব পুরন্দরঃ ॥ ১৬ ॥
এবং সীতা মহারাজ রূপেণাপ্রতিমা ভুবি।
তবানুরূপা ভার্য্যা সা ত্বঞ্চ তস্যাঃ পতিস্তথা ॥ ১৭ ॥
সা হি বিস্তীর্ণজঘনা পদ্মরক্তান্তলোচনা।
দৃশ্যমানা প্রযত্নেন মমাপি হরতে মনঃ ॥ ১৮ ॥

১৬। লো-টী। অপিশব্দো বার্থে, পরিহৃষ্টা বা পরিষ্বজেৎ।

১৮। লো-টী। বিস্তীর্ণজঘনা বিস্তীর্ণনিতম্বা। 'জঘনন্তু স্ত্রিয়াঃ শ্রোণিপুরোভাগে কটাবপী'তি কোষঃ। পদ্মরক্তান্তলোচনা রক্তপদ্মমিব অন্তং প্রান্তং যয়োস্তে লোচনে যস্যাঃ সা।

১৬। টিপ্পনী। ভার্য্যা প্রণয়িনী। পুরন্দর ইন্দ্রো দেবেষ্বিব স এব লোকেষু জনেষু জীবেৎ জনমধ্যে তস্যৈব জীবনধারণং সার্থকমিত্যর্থঃ।

১৮। টিপ্পনী। পদ্মরক্তান্তলোচনা পদ্মমিব রক্তৌ অন্তৌ প্রান্তভাগৌ যয়োঃ ঈদৃশে লোচনে যস্যাঃ সা। প্রযত্নেন মনঃসংযোগেন।

কোন] গন্ধর্ব্বী দেখি নাই, [তাদৃশরূপবতী কোন] যক্ষী দেখি নাই, [তাদৃশরূপবতী কোন] কিন্নরী দেখি নাই এবং মহীতলেও [তাদৃশরূপবতী কোন] নারী দেখি নাই ॥ ১৫ ॥

সীতা যাহার প্রণয়িনী হইবে এবং যাহাকে হৃষ্টচিত্তে আলিঙ্গন করিবে, দেবগণের মধ্যে পুরন্দরের ন্যায় জনগণের মধ্যে সেই ব্যক্তিই [যথার্থ] জীবনধারণ করিবে ॥ ১৬ ॥

মহারাজ, এবংবিধা সীতা রূপে ভূলোকে অতুলনীয়া, সে তোমার অনুরূপা ভার্য্যা এবং তুমি তাহার অনুরূপ পতি ॥ ১৭ ॥

প্রশস্তজঘনা পদ্মরক্তান্তলোচনা (যাহার নয়নের প্রান্তভাগ পদ্মের ন্যায় রক্তবর্ণ) সীতাকে মনোযোগপূর্ব্বক দর্শন করিলে সে আমারও মন হরণ করিতে পারে ॥ ১৮ ॥

১। ঠ 'সীতা ভবেদ্ ভার্য্যা'। ২। ঝ 'পরিতুষ্টা পরিষ্বজেৎ', ড 'যদি'। ৩। ছ 'বৈ'। ৪। ঘ-ঙ-ঠ 'মমাপ্যাক্ষিপ্যতে'।

[১] [২]
ত্বয়া দৃষ্টা চ বৈদেহী পূর্ণচন্দ্রনিভাননা।
[৩] [৪]
মন্মথস্য শরাণাঞ্চ বিধেয়স্ত্বং ভবিষ্যসি ॥ ১৯ ॥
[৫] [৬] [৭]
তস্যাস্ত্বপ্রতিরূপায়া বচনং মধুরাক্ষরম্।
[৮]
অকামোঽপি বলাৎ কামং দর্শনাদেব কাময়েৎ ॥ ২০ ॥
যদি তস্যামভিপ্রায়ো ভার্য্যার্থং তব জায়তে।
শীঘ্রমুদ্ধ্রিয়তাং পাদো জয়ার্থমিহ দক্ষিণঃ ॥ ২১ ॥

১৯। লো-টী। বিধেয়ো বশবর্ত্তী।

২০। লো-টী। তস্যা বলাৎ বলং রূপমাশ্রিত্য দর্শনাদেব দর্শনাদ্বা অকামোঽপি জনঃ বদনং কামং কাম্যং কাময়েৎ ইচ্ছেৎ। 'বলং গন্ধরসে রূপে স্থামনি স্থৌল্যসৈন্যয়োরি'তি কোষঃ। কামং যথেষ্টং বা।

২১। লো-টী। ইহ অস্মিন্নেব সময়ে উদ্ধ্রিয়তাং প্রচাল্যতাং যাত্রা ক্রিয়তামিত্যর্থঃ।

১৯। টিপ্পনী। বৈদেহী ত্বয়া দৃষ্টা চেৎ ত্বং মন্মথস্য কামস্য বিধেয়ো বশবর্ত্তী ভবিষ্যসি।

২০। টিপ্পনী। অপ্রতিরূপায়া নিরুপমরূপশালিন্যাস্তস্যা বচনং মধুরাক্ষরম্, তস্যা দর্শনাদেব দর্শনমাত্রেণৈব অকামোঽপি কামহীনোঽপি জনঃ কামং নিশ্চিতং বলাৎ অসত্যপ্যভিলাষে ইত্যর্থঃ, কাময়েৎ তাং প্রত্যাসক্তো ভবেৎ।

তুমি যদি পূর্ণচন্দ্রসদৃশাননা বৈদেহীকে দর্শন কর, তুমি [-ও] কামশরের বশবর্ত্তী হইয়া পড়িবে ॥ ১৯ ॥

নিরুপমরূপবতী সীতার বাক্য মধুরাক্ষরসম্বলিত; [তাহার] দর্শনমাত্রই অকাম ব্যক্তিও নিশ্চয়ই [নিজ] ইচ্ছার বিরুদ্ধে তাহার প্রতি আসক্ত হইয়া উঠে ॥ ২০ ॥

যদি ভার্য্যা করিবার নিমিত্ত তাহাতে তোমার অভিলাষ হয়, তাহা হইলে এক্ষণে বিজয়লাভার্থ তুমি সত্বর দক্ষিণপদ উদ্ধৃত কর (অর্থাৎ যাত্রা কর) ॥ ২১ ॥

১। ঠ 'ত্বঞ্চ দৃষ্ট্বা চ বৈদেহীং'। ২। ঠ '-ননাং'। ৩। ক-ঠ '-স্তত্বং গমিষ্যসি'। ৪। ঘ-ছ 'ভবান্ গতঃ'। ৫। ছ 'যস্যা-'। ৬। ঠ '-স্ত্বং প্রতি-'। ৭। ঘ-ঝ '-দনং'। ৮। ঘ 'কামো'।

বৈরং প্রতিকুরুষ্বেহ[১] তস্মিন্ রাক্ষসপুঙ্গব।
যত্তে ভ্রাতৃবধাজ্জাতং[২] রামে বৈরং সলক্ষ্মণে ॥ ২২ ॥
কুরু প্রতিক্রিয়াং[৩] তেষাং রক্ষসাং রাক্ষসেশ্বর।
বধাত্তস্য নৃশংসস্য[৪] রামস্যাশ্রমবাসিনঃ ॥ ২৩ ॥
তং শরৈর্নিশিতৈর্হত্বা লক্ষ্মণঞ্চ মহারথম্।
হতনাথাং সুখং সীতাং যথাবদুপভোক্ষ্যসে[৫] ॥ ২৪ ॥
যদি তে রোচতে বাক্যং মমেদং রাক্ষসেশ্বর।
ক্রিয়তাং নির্ব্বিশঙ্কেন নেদৃশং প্রাপ্স্যসে[৬] প্রিয়ম্[৭] ॥ ২৫ ॥

২২। লো-টী। বৈরং প্রতিহরস্ব উদ্ধর। 'প্রতিকুরুষ্বে'তি পাঠে এতৎ সীতাহরণং বৈরপ্রতীকারং কুরুষ্বেত্যর্থঃ।

২২। টিপ্পনী। তব ভ্রাতৃবধাদ্ রামে যদ্ বৈরং জাতম্ ইহাস্মিন্ ক্ষণে তদ্ বৈরং প্রতিকুরুষ তদ্বৈরপ্রতীকারং কুরু।

২৩। টিপ্পনী। তেষাং হতানাং রক্ষসাং বধস্যেতি শেষঃ, প্রতিক্রিয়াং প্রতীকারং বৈরশুদ্ধিমিতি যাবৎ।

২৪। টিপ্পনী। হতনাথাং নিহতরক্ষকাম্, যথাবদ্ যথোচিতম্।

২৫। টিপ্পনী। নির্ব্বিশঙ্কেন চিত্তেন যথাকর্ত্তব্যং ক্রিয়তাম্। ঈদৃশং প্রিয়ম্ অভীষ্টং ন প্রাপ্স্যসে ইতঃ পরমিতি শেষঃ।

হে রাক্ষসপুঙ্গব, [তোমার] ভ্রাতৃবধহেতু সলক্ষ্মণ সেই রামচন্দ্রের প্রতি তোমার যে শত্রুতা উৎপন্ন হইয়াছে, এক্ষণে সেই শত্রুতার প্রতীকার কর ॥ ২২ ॥

হে রাক্ষসেশ্বর, আশ্রমবাসী সেই নৃশংস রামচন্দ্রের বিনাশ সাধন করিয়া [তোমার অনুগত নিহত] সেই রাক্ষসবৃন্দের [নিধন-] প্রতিশোধ গ্রহণ কর ॥ ২৩ ॥

তীক্ষ্ণ বাণের দ্বারা মহারথ রাম ও লক্ষ্মণকে নিধন করিয়া হতনাথা (যাহার রক্ষক বিনষ্ট হইয়াছে ঈদৃশী) সীতাকে সুখে যথোচিতভাবে উপভোগ করিতে পারিবে ॥ ২৪ ॥

১। ঙ-ছ-ড '-কুরুষ্বৈতৎ', ঝ '-হরষ্বৈতৎ'। ২। ঙ-ড '-বধে জাতং', ঠ '-বধাদ্ভূতং'। ৩। ক '-ক্রিয়ং'। ৪। ঠ '-স্য বন-'। ৫। ঝ '-ভোক্ষসে'। ৬। ঝ-ঠ '-প্স্যসি'। ৭। ঙ-ঠ 'প্রিয়ম্', ঠ টি 'প্রিয়ম্'।

[1]নিশম্য [2]রামেণ শরৈরজিহ্মগৈ-
হতাঞ্জ্ জনস্থানগতাংশ্চ রাক্ষসান্।
খরং [3]সশস্ত্রং নিহতঞ্চ দূষণং
[4]ততো যথাবৎ প্রতিকর্ত্তুমর্হসি ॥ ২৬ ॥

বিধৎস্ব রামস্য বধং দুরাত্মনঃ
সলক্ষ্মণ[5]স্যাহবদুর্ম্মদস্য [6]চ।
সমাহিতং [7]চার্থপরায়ণং রণে
সমীক্ষ্য সম্যক্ ক্রিয়তাং মনোরথঃ ॥ ২৭ ॥

২৭। লো·টী। সমাহিতং মমৈতৎ সমাধানং বচনমিতি যাবৎ। অর্থপরায়ণম্ অভীষ্টমর্থম্। 'পরায়ণমভীষ্টে স্যাত্তৎপরাশ্রয়য়োরপী'তি কোষঃ। 'সত্ত্ব' ইতি বা পাঠঃ। 'সমাহিতঃ প্রতিজ্ঞাতে সমাধানে চ ন দ্বয়োরি'তি ভূরিঃ।

২৬। টিপ্পনী। অজিহ্মগৈঃ শীঘ্রগামিভিঃ শরৈর্হতান্ নিশম্য শ্রুত্বা যথাবদ্ যথাযোগ্যং প্রতিকর্ত্তুমর্হসি।

২৭। টিপ্পনী। আহবদুর্ম্মদস্য যুদ্ধগর্ব্বিতস্য। সমাহিতম্ অবহিতচিত্তং যথা স্যাত্তথা, অর্থপরায়ণং সীতারূপমভীষ্টং সম্যক্ সমীক্ষ্য বিচার্য্য রণে মনোরথো বুদ্ধিঃ ক্রিয়তাম্।

হে রাক্ষসেশ্বর, যদি আমার এই বাক্য তোমার অভিপ্রেত হয়, তাহা হইলে তুমি নির্ব্বিশঙ্কচিত্তে কার্য্যে প্রবৃত্ত হও; তুমি [অতঃপর] ঈদৃশ অভীষ্ট প্রাপ্ত হইবে না ॥ ২৫ ॥

শীঘ্রগামী শরসমূহে জনস্থানস্থ রাক্ষসগণ এবং সশস্ত্র খর ও দূষণ রামকর্ত্তৃক নিহত হইয়াছে শ্রবণ করিবার পর যথাযোগ্য প্রতীকার করা তোমার কর্ত্তব্য ॥ ২৬ ॥

যুদ্ধগর্ব্বিত সলক্ষ্মণ দুরাত্মা রামের বিনাশবিধান কর; তুমি অবহিতচিত্তে অভীষ্টবিষয় সম্যক্ বিবেচনা করিয়া যুদ্ধের সঙ্কল্প কর ॥ ২৭ ॥

১। ক-খ-ঠ-পুস্তকেষু অয়ং শ্লোকো নাস্তি। ২। ঘ '-মস্য'। ৩। ঙ-ড 'বিশস্ত্রং'। ৪। ঙ-ড 'ততোঽস্য বাক্যং'। ৫। ঝ-ড '-মুখ্যবর্ত্তিনঃ'। ৬। ক-ছ-ঝ-ড-পুস্তকেষু 'চ' নাস্তি। ৭। ছ-ড 'চাস্ম-', ঠ 'স্বার্থপরায়ণে'।

তথাহি তদ্রাক্ষসবংশনাশনং

তয়া প্রযুক্তং বচনং স রাবণঃ।

মুদা চ সংহৃষ্য[১] নরেন্দ্রতাপন-

শ্চকার বুদ্ধিং স্বকুলস্য নাশিনীম্ ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে শূর্পণখাবাক্যং নাম
একোনচত্বারিংশঃ সর্গঃ ॥ ৩৯ ॥

২৮। লো-টী। তয়া প্রযুক্তং বচনং স রাবণঃ মুদা হর্ষেণ তথা হি জ্ঞাতবান্। অশৃণোদিত্যর্থঃ। ততঃ সংপ্রহৃষ্য চ সীতাহরণায় বুদ্ধিং চকারেত্যন্বয়ঃ।

২৮। টিপ্পনী। তয়া শূর্পণখয়া প্রযুক্তং কথিতম্। নরেন্দ্রতাপনঃ রাজবৃন্দসন্তাপদায়কো রাবণঃ মুদা সংহৃষ্য হর্ষেণোৎফুল্লো ভূত্বেত্যর্থঃ, স্বকুলনাশিনীং বুদ্ধিং চকার।

এইরূপে শূর্পণখাকথিত রাক্ষসবংশবিনাশন সেই বাক্য শ্রবণ করত রাজগণের সন্তাপদায়ক রাক্ষস রাবণ হর্ষে গদ্‌গদ হইয়া নিজবংশধ্বংসকারিণী বুদ্ধি [-র আশ্রয় গ্রহণ] করিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে শূর্পণখাবাক্যনামক
ঊনচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥ ৩৯ ॥

[১] ঘ '-প্রহৃষ্য', ঙ-ঠ '-হৃষ্টেন-'।

চত্বারিংশঃ সর্গঃ

ততঃ শূর্পণখাবাক্যং শ্রুত্বা তল্লোমহর্ষণম্।
সচিবানভ্যনুজ্ঞায় [1] কার্য্যং বুদ্ধ্যা জগাম হ [2] ॥ ১ ॥
বিমৃশ্য [3] চ [4] ততঃ [5] কার্য্যং যথাবদুপলভ্য চ।
দোষাণাঞ্চ গুণানাঞ্চ সংপ্রধার্য্য বলাবলম্ ॥ ২ ॥
ইতি কর্ত্তব্যমিতি [6] চ কৃত্বা নিশ্চয়মাত্মনঃ।
স্থিরবুদ্ধিস্ততো রম্যাং যান[7]শালাং [8] জগাম সঃ [9] ॥ ৩

১। লো-টী। সচিবানভ্যনুজ্ঞেয়ং সচিবানামনুমতিরহিতম্। 'সচিবানভ্যনুজ্ঞায়ে'তি বা পাঠঃ। সীতাহরণং কার্য্যমিতি বুদ্ধ্যা।

২। লো-টী। যথাবদুপলভ্য চ হরণোপায়ঞ্চ জ্ঞাত্বা দোষাণাঞ্চ গুণানাঞ্চ বলাবলং সংপ্রধার্য্য রামস্য সাক্ষাৎ হরণে দোষঃ, অসাক্ষাৎ হরণে চ গুণঃ।

৩। লো-টী। ইতি কর্ত্তব্যং সাক্ষাৎ হরণং কার্য্যমিত্যাত্মনা নিশ্চয়ং কৃত্বা। যানশালাং যাত্রাগৃহম্।

১। টিপ্পনী। লোমহর্ষণং ভয়োৎপাদকত্বেন রোমাঞ্চকরং তৎ শূর্পণখাবাক্যং শ্রুত্বা সচিবান্ অভ্যনুজ্ঞায় বিসৃজ্য গমনানুমতিকান্ কৃত্বেত্যর্থঃ, সীতাহরণরূপং কার্য্যং কর্ত্তব্যমিতি বুদ্ধ্যা জগাম মারীচাশ্রমং গন্তুমিয়েষ। 'সচিবানভ্যনুজ্ঞায় কার্য্যং বুদ্ধা জগাম হ' ইতি পাশ্চাত্যপাঠঃ (৩।৩৫।১)। রোমহর্ষণম্, শূর্পণখাবাক্যস্য কামবিকারজনকতয়া রোমাঞ্চকরত্বম্। তিঃ। কার্য্যং স্বকর্ত্তব্যং বুদ্ধা নিশ্চিত্য সচিবান্ অনুজ্ঞায় জগাম মারীচাশ্রমমিতি শেষঃ। শিরোঃ।

২-৩। টিপ্পনী। কার্য্যং সীতাহরণরূপং বিমৃশ্য পর্য্যালোচ্য। যথাবদুপলভ্য ইদমিত্থমিতি নিশ্চিত্য। গোঃ রাঃ। সীতাহরণে দোষাণাং গুণানাঞ্চ বলাবলং গুরুলাঘবং সংপ্রধার্য্য বিচার্য্য ইতি সীতাহরণরূপং কার্য্যং কর্ত্তব্যমিতি চ আত্মনো নিশ্চয়ং কৃত্বা রাবণো যানশালাং জগাম।

অতঃপর, শূর্পণখার সেই লোমহর্ষণ বাক্য শ্রবণ করিয়া দশানন সচিবগণকে [গমনের] আদেশ প্রদানপূর্ব্বক [সীতাহরণরূপ] কার্য্য [করিতে হইবে এই] বুদ্ধিতে [মারীচাশ্রমের দিকে] গমন করিবার সঙ্কল্প করিলেন ॥ ১ ॥

অনন্তর, [সীতাহরণরূপ] কার্য্য পর্য্যালোচনা করিয়া, [সীতাহরণোপায়]

১। ঘ-ঙ-ৰ 'কার্য্যবুদ্ধ্যা', ঠ 'কার্য্যমুক্ত্বা'। ২। ক 'সঃ'। ৩। ঙ-ৰ-ঠ '-মৃশ্য'। ৪। ঠ 'স'। ৫। ঘ-ঙ 'স তৎ', ঠ 'তদা'। ৬। ঠ '-মিত্যেবং'। ৭। ঘ 'পান-'। ৮। ছ '-ভূমিং'। ৯। ক-ৰ 'হ', ছ 'চ'।

যানশালাং[১] ততো[২] গত্বা প্রচ্ছন্নং[৩] রাক্ষসেশ্বরঃ।
সূতং সঞ্চোদয়ামাস রথো মে যুজ্যতামিতি ॥ ৪ ॥

এবমুক্তঃ[৪] ক্ষণে তস্মিন্ সারথিল৴ঘুবিক্রমঃ।
রথং সংযোজয়ামাস তস্যাভি[৫]রুচিরং[৬] শুভম্[৭] ॥ ৫ ॥

সর্ব্বোপকরণৈর্যু৴ক্তং পতাকাভিরলঙ্কৃতম্।
স[৮] তং কাঞ্চনমাস্থায় কামগং[৯] হেমভূষিতম্[১০] ॥ ৬ ॥

পিশাচবদনৈর্যু৴ক্তং খরৈঃ কনক[১১]ভূষণৈঃ[১২]।
রাক্ষসাধিপতিঃ[১৩] শ্রীমান্ যযৌ নদনদীপতিম্ ॥ ৭ ॥

৪। টিপ্পনী। দুষ্টে কর্ম্মণি প্রবৃত্তৌ বৃদ্ধাদিনিরোধশঙ্কয়া প্রচ্ছন্নং গূঢ়ম্। তিঃ। প্রকাশশ্চেদ্ বৃদ্ধা মন্দোদর্য্যাদয়শ্চ বারয়িষ্যন্তীতি ভাবঃ। যদ্বা, পৌরুষং বিহায় চৌর্য্যমার্গাশ্রয়ণং লজ্জাবহমিতি প্রচ্ছন্নমার্গাশ্রয়ণম্। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। লঘুবিক্রমঃ শীঘ্রগতিঃ। তস্য অভিরুচিরং তদভীষ্টং শুভং সুখদং রথং সংযোজয়ামাস।

৬-৭। টিপ্পনী। সর্ব্বোপকরণৈরস্ত্রশস্ত্রাদিরূপৈযু৴ক্তং কামগং কামচারিণং হেমভূষিতং

যথাযথভাবে নিশ্চয় করিয়া দোষ এবং গুণের বলাবল বিচার করিয়া (অর্থাৎ সীতাহরণে দোষ ও গুণের লাঘবগৌরব বিবেচনা করিয়া) এবং ইহা [-ই] (অর্থাৎ সীতাহরণরূপ কার্য্যই) করিতে হইবে নিজের এই সিদ্ধান্ত করিয়া রাবণ স্থিরবুদ্ধিতে মনোরম যানগৃহাভিমুখে গমন করিলেন ॥ ২-৩ ॥

অতঃপর, রাক্ষসাধিপতি [রাবণ] গোপনে যানগৃহে গমন করিয়া 'আমার রথ যোজনা কর' সারথিকে ইহা বলিলেন ॥ ৪ ॥

রাবণকর্ত্তৃক এইরূপে কথিত হইয়া ক্ষিপ্রগতি সারথি তৎক্ষণাৎ তাঁহার অভিমত ও সুখদায়ক রথ যোজিত করিল ॥ ৫ ॥

রাক্ষসাধিপতি শ্রীমান্ রাবণ স্বর্ণভূষিত পিশাচবদন (যাহাদের মুখ পিশাচের

১। ঝ 'সমাগম্য'। ২। ঙ-ঝ-ড 'রাবণো'। ৩। ঙ '-সাধিপঃ'। ৪। ঠ 'এতদুক্তং'। ৫। ঙ '-স্যাভির-'। ৬। ছ-ঝ-ঠ-ড '-তং'। ৭। ঙ 'দৃঢ়ম্'। ৮। ঠ 'তু'। ৯। ঠ 'কাম্যং হেমবিভূষিতম্'। ১০। ঝ '-ভূষণম্'। ১১। ছ 'কাঞ্চন-'। ১২। অতঃ পরং ঘ-ঙ-ছ-ড-পুস্তকেষু 'মেঘপ্রতিমনাদেন স তেন (ঙ-ড 'রথেন') ধনদানুজঃ' ইত্যর্দ্ধমধিকম্। ১৩। ঘ '-সানাং পতিঃ'।

স শ্বেতবালব্যজনঃ শ্বেতচ্ছত্রো দশাননঃ।
[১]
শতক্রতুরিবাদিত্যো দিব্যকাঞ্চনভূষণঃ ॥ ৮ ॥
[২] [৩]
কাঞ্চনং রথমাস্থায় শুশুভে রাক্ষসাধিপঃ।

বিদ্যুন্মণ্ডলবান্ মেঘঃ সবলাক ইবাম্বরে ॥ ৯ ॥
[৪]
স্নিগ্ধবৈদূর্য্যসঙ্কাশস্তপ্তকাঞ্চনভূষণঃ।
[৫]
ঘর্ম্মান্তে মারুতোদ্ধূতঃ সবিদ্যুদিব তোয়দঃ ॥ ১০ ॥

৮। লো-টী। বালব্যজনশ্চামরঃ।

১০। লো-টী। বৈদূর্য্যং শ্যামো রত্নবিশেষঃ।

কাঞ্চনং কাঞ্চনময়ং কনকভূষণৈঃ পিশাচবদনৈঃ পিশাচা দেবযোনয়স্তৎসদৃশমুখৈঃ খরৈর্যুক্তং তং রথমাস্থায় আরুহ্য রাবণো নদনদীপতিং সমুদ্রং যযৌ।

৮-৯। টিপ্পনী। আদিত্যঃ অদিতিপুত্রঃ শতক্রতুরিন্দ্র ইব স রাক্ষসাধিপঃ কাঞ্চনং রথম্ আস্থায় সবলাকো বকপংক্তিসহিতো মেঘ ইব অম্বরে আকাশে শুশুভে। বিদ্যুৎস্থানে আভরণানি মেঘস্থানে রাবণঃ বলাকাস্থানে অলঙ্কৃতরথঃ। গোঃ রা;। বলাকাস্থানে ছত্রম্। তিঃ।

১০। টিপ্পনী। ঘর্ম্মান্তে বর্ষর্ত্তৌ মারুতোদ্ধূতো বায়ুচালিতঃ সবিদ্যুদ্ বিদ্যুৎসমন্বিতস্তোয়দো মেঘ ইব শুশুভে ইত্যন্বয়ঃ।

ন্যায়) খর (অশ্বতর)-দ্বারা বাহিত, সকল [অস্ত্রশস্ত্রাদি] উপকরণে যুক্ত, পতাকা-শোভিত, কাঞ্চনভূষিত, কাঞ্চনময়, কামগামী সেই রথে আরোহণ করিয়া সাগরাভিমুখে গমন করিলেন ॥ ৬-৭ ॥

অদিতিপুত্র ইন্দ্রের তুল্য সেই রাক্ষসাধিপতি দশানন শ্বেতচামরবিশিষ্ট, শ্বেতচ্ছত্রযুক্ত ও দিব্য স্বর্ণালঙ্কারে ভূষিত হইয়া স্বর্ণরথে আরোহণপূর্ব্বক বিদ্যুদ্‌বেষ্টিত বকপংক্তিসমন্বিত মেঘের ন্যায় আকাশে শোভা পাইতে লাগিলেন ॥ ৮-৯ ॥

[স্বভাবতঃ] স্নিগ্ধ বৈদূর্য্যের ন্যায় [ঘননীলবর্ণ] রাবণ উত্তপ্ত স্বর্ণভূষণে ভূষিত হইয়া, বায়ুচালিত বিদ্যুদ্‌যুক্ত বর্ষাকালীন মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১০ ॥

১। ঝ-পুস্তকে নবমশ্লোকেন সহৈদমর্দ্ধং নাস্তি। ঙ-ড 'সহস্রাংশু-', ঠ 'শতরশ্মি-'। ২। ড-পুস্তকে অয়ং শ্লোকো দশমশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং চ ন দৃশ্যেতে। ৩। ছ '-শেখরঃ'। ৪। ঠ '-মণ্ডলঃ'। ৫। ঙ 'বায়ুনো-'।

স শৈলসাগরানূপং বীর্য্যবানবলোকয়ন্।
রমণীয়ং ততোঽপশ্যদ্ গর্জ্জন্তং চৈব সাগরম্।
সত্ত্বৈর্ব্বহুবিধৈর্ব্যাপ্তং ক্বচিচ্চিত্রং ক্বচিৎ সমম্ ॥ ১১ ॥
কেতকদ্রুমসঙ্ঘাতৈর্নারিকেলোপশোভিতৈঃ।
সালৈস্তালৈশ্চ হিন্তালৈরর্জ্জুনৈঃ প্রিয়কৈর্ব্বরৈঃ।
অন্যৈশ্চ বৃক্ষৈর্ব্বহুভিঃ সমাকীর্ণং সহস্রশঃ ॥ ১২ ॥

১১। লো-টী। সাগরানূপং সাগরসমীপে জলপ্লাবিতদেশম্। ক্বচিচ্চিত্রম্ আশ্চর্য্যরূপম্, ক্বচিৎ সমং তরঙ্গাদিশূন্যং স্থিরমিত্যর্থঃ।

১১। টিপ্পনী। সশৈলসাগরানূপং শৈলসহিতসাগরানূপং তৎকূলম্। তিঃ। সশৈলং শৈলসহিতং সাগরানূপং সমুদ্রতীরম্। গোঃ রাঃ। সত্ত্বৈর্জলজন্তুভিঃ।

১২। টিপ্পনী। সাগরানূপং বিশিনষ্টি কেতকদ্রুমসঙ্ঘাতৈরিত্যাদিনা। নারিকেলোপশোভিতৈঃ নারিকেলবৃক্ষকৃতশোভৈঃ কেতকদ্রুমসঙ্ঘাতৈঃ কেতকবৃক্ষসমূহৈঃ বরৈঃ শ্রেষ্ঠৈঃ প্রিয়কৈঃ অন্যৈশ্চ বৃক্ষৈঃ সমাকীর্ণম্।

বীর্য্যবান্ রাবণ পর্ব্বত ও সাগরের তটভূমি অবলোকন করিতে করিতে বহুবিধ [জল-] জন্তুতে পরিব্যাপ্ত, কোথাও আশ্চর্য্যরূপ (তরঙ্গাদিবহুল), কোথাও [বা] সমতল (তরঙ্গাদিশূন্য) গর্জ্জনকারী রমণীয় সমুদ্র দেখিতে পাইলেন ॥ ১১ ॥

সেই তটভূমি নারিকেলবৃক্ষশোভিত কেতকদ্রুমসমূহে, সাল, তাল, হিন্তাল, অর্জ্জুন ও শ্রেষ্ঠ প্রিয়কবৃক্ষে এবং সহস্র সহস্র অন্যান্য বহু বৃক্ষে সমাকীর্ণ ॥ ১২ ॥

১। ঘ '-লং সাগরানূপে', ছ '-লান্ সাগ-'। ২। ঠ '-রাং পৃথ্বীং'। ৩। ঠ '-বান্ সম-'। ৪। ছ-ঠ-ড 'স্তদাপ-'। ৫। ঘ-ঠ 'গচ্ছংস্তকৈব', ছ 'গচ্ছন্নেব স'। ৬। ছ 'সত্ত্বৈশ্চ বিবিধৈ-'। ৭। ঙ-ঝ-ঞ '-মুক্তং'। ৮। ঘ-ছ '-চ্ছিদ্রং'। ৯। ঘ-ঝ-ঠ-পুস্তকেষু ইদমর্দ্ধং নাস্তি। ড '-কেতকী-'। ১০। ছ-ঠ 'শালৈস্তালৈস্তমালৈশ্চ হিন্তালৈর্ব্বীজপূরকৈঃ', ঠ 'শালৈস্তালৈস্তমালৈশ্চ হিন্তালৈর্ব্বঞ্জুলৈর্ধবৈঃ'। ১১। ড '-র্ধবৈঃ'। ১২। ছ 'বহুভির্ব্বৃক্ষৈঃ', ঠ 'বিবিধৈর্ব্বৃক্ষৈরবকীর্ণং'। ১৩। ছ-ঠ 'সমন্ততঃ'।

বিশালৈশ্চাশ্রমপদৈঃ[1] শোভিতঞ্চ[2] মহর্ষিভিঃ।
শীতনির্ম্মলতোয়াভির্নদীভিশ্চ সমাকুলম্[3] ॥ ১৩ ॥
নাগৈঃ সুপর্ণ[4]গন্ধর্ব্বৈঃ কিন্নরৈশ্চ সহস্রশঃ।
জিতকামৈশ্চ[5] সিদ্ধৈশ্চ কৃতপুণ্যৈশ্চ[6] শোভিতম্ ॥ ১৪ ॥
পাণ্ডরাণি[7] বিচিত্রাণি দিব্যমাল্যযুতানি[8] চ।
ক্রীড়াগৃহাণ্যপ্সরোভি[9]র্ভূষিতান্যবলোকয়ন্[10] ॥ ১৫ ॥
ক্রীড়ারতিবিধিজ্ঞাভি[11]রপ্সরোভিঃ সমন্ততঃ।
দিব্যাভরণমাল্যাভির্দিব্যরূপাভি[12]রাবৃতম্ ॥ ১৬ ॥

১৬। লো-টী। ক্রীড়ারাজবিধিজ্ঞাভিঃ রাজ্ঞাং শক্রাদীনাং ক্রীড়া ক্রীড়ারাজঃ তদ্বিধিজ্ঞাভিঃ প্রকারজ্ঞাভিঃ।

১৩। টিপ্পনী। আশ্রমপদৈর্মহর্ষিভিশ্চ শোভিতম্। সুপর্ণা দেবযোনিবিশেষাঃ। জিতকামৈঃ কামজয়িভিঃ কৃতপুণ্যৈশ্চ জনৈঃ শোভিতম্।

১৫। টিপ্পনী। সমুদ্রতীরে পাণ্ডরাণি শুভ্রাণি ক্রীড়াগৃহাণি অবলোকয়ন্ পশ্যন্ যথাবিতি শেষঃ।

১৬। টিপ্পনী। ক্রীড়ারতিবিধিজ্ঞাভিঃ বিবিধক্রীড়াসু রতৌ রমণে চ বিধিজ্ঞাভিঃ নিপুণাভির্দিব্যরূপাভিরপ্সরোভিঃ আবৃতম্ অনুপম্।

সেই তটভূমি বিশাল আশ্রমস্থানসমূহে ও মহর্ষিগণে পরিশোভিত এবং শীতল ও স্বচ্ছসলিলবিশিষ্ট নদীসমূহে সমাকীর্ণ ॥ ১৩ ॥

সেই তটভূমি সহস্র সহস্র নাগ সুপর্ণ গন্ধর্ব্ব কিন্নর ও সিদ্ধগণে এবং কামজয়ী ও কৃতপুণ্য ব্যক্তিগণে পরিশোভিত ॥ ১৪ ॥

তিনি [সেই তটভূমিতে] দিব্যমাল্যসমন্বিত, অপ্সরাগণে বিভূষিত, বিচিত্র ক্রীড়াগৃহসমূহ দেখিতে দেখিতে গমন করিতে লাগিলেন ॥ ১৫ ॥

[দেখিলেন] সেই তটভূমি সর্ব্বত্র ক্রীড়া ও রমণনিপুণ, দিব্য আভরণ ও [দিব্য] মাল্যে বিভূষিত, দিব্যরূপ অপ্সরাগণে সমাবৃত রহিয়াছে ॥ ১৬ ॥

১। ঘ-ঝ '-স্রাশ্রম-'। ২। ঠ 'সেবিত-'। ৩। ঠ '-বৃতম্'। ৪। ঙ-ছ-ঠ '-পর্ণৈর্গ-'। ৫। ঘ '-কামৈশ্চ'। ৬। ক '-ণ্যৈর্ব্বি-', ঘ '-ণ্যৈঃ সুশোভনৈঃ'। ৭। ঘ-ছ 'বিশালানি', ঙ-ঝ-ড 'সুদাণ্ডানি'। ৮। ছ '-মালাবৃতানি চ'। ৯। ঘ-ঠ-পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ১০। ঙ '-তানি বিলো-'। ১১। ছ '-ভিঃ স্ত্রীভির্ব্যাপ্তং'। ১২। ঙ '-রূপাভি-', ছ '-মালাভি-'।

উত্তরাংশ্চ[1] কুরূন্ পশ্যন্ পশ্যংশ্চৈব নগোত্তমান্ ।
দেবদানবসঙ্ঘৈশ্চ সেবিতং হ্যমৃতার্থিভিঃ ।
হংসসারসসঙ্ঘৈশ্চ সমস্তাদনু[2]নাদিতম্[3] ॥ ১৭ ॥
তূর্য্যগীতবিঘুষ্টানি বিমানানি সমন্ততঃ ।
তপসা[4]র্জ্জিতলোকানামিতশ্চেতশ্চ ধাবতাম্ ।
গন্ধর্ব্বাপ্সরসাঞ্চৈব[5] দদর্শ ধনদানুজঃ ॥ ১৮ ॥
বৈদূর্য্যশঙ্খমুক্তানাং প্রবালানাঞ্চ সঞ্চয়ান্ ।
অন্যেষাঞ্চৈব রত্নানাং কৃতান্[6] রত্নোপজীবিভিঃ ॥ ১৯

১৭। লো-টী। উত্তরান্ কুরূন্ দেশবিশেষান্ ।
১৮। লো-টী। ধাবতাং গন্ধর্বাদীনাং বিমানানি দদর্শ ইত্যন্বয়ঃ

১৮। টিপ্পনী। ধনদানুজঃ কুবেরানুজো রাবণস্তপসা অর্জ্জিতলোকানাং জিতদিব্য-লোকানাম্ ইতশ্চেতশ্চ ধাবতাং গন্ধর্ব্বাণাম্ অপ্সরসাঞ্চৈব তূর্য্যগীতবিঘুষ্টানি তূর্য্যনাদৈরনুনাদিতানি বিমানানি দদর্শ ।

১৯। টিপ্পনী। সমুদ্রতীরে রত্নোপজীবিভী রত্নক্রয়বিক্রয়কারকৈর্ব্বণিগ্‌ভিঃ বৈদূর্য্যাদীনাং রত্নানাং সঞ্চয়ান্ কৃতান্ দদর্শেত্যন্বয়ঃ ।

তিনি উত্তর কুরুপ্রদেশ দর্শন করিতে করিতে এবং প্রধান পর্ব্বত-সমূহ দর্শন করিতে করিতে গমন করিতে লাগিলেন। [তিনি দেখিলেন] তটভূমি অমৃতার্থী দেবদানবগণে সেবিত এবং সর্ব্বত্র হংসসারসগণে অনুনাদিত ॥ ১৭ ॥

কুবেরানুজ [রাবণ] চতুর্দ্দিকে তপস্যাদ্বারা অর্জ্জিতলোক (যাঁহারা দিব্য-লোক জয় করিয়াছেন ঈদৃশ) ইতস্ততঃ প্রধাবিত গন্ধর্ব্ব এবং অপ্সরাগণের তূর্য্যগীত-নিনাদিত বিমানসমূহ দর্শন করিলেন ॥ ১৮ ॥

দেখিলেন [তটভূমিতে] রত্নব্যবসায়িগণ বৈদূর্য্য শঙ্খ মুক্তা প্রবাল এবং অন্যান্য রত্নসমূহ রাশীকৃত করিয়া রাখিয়াছেন ॥ ১৯ ॥

১। ছ 'স উত্তরান্ কু-'। ২। ঝ-ঠ '-দব-'। ৩। অতঃ পরং ড-পুস্তকে 'পাণ্ডরাণি বিশালানি দিব্যমাল্যযুতানি চ' ইত্যধিকঃ। ৪। ঘ-ঠ '-সা জিত-'। ৫। ঠ '-সশ্চৈব'। ৬। ঙ 'কৃতা'।

বনানি চ সুরম্যাণি কক্কোলানাং ত্বচস্য চ।
অগুরূণাং তমালস্য গুল্মাংশ্চ মরিচস্য চ ॥ ২০ ॥
কাঞ্চনান্ পর্ব্বতাংশ্চৈব রাজতাংশ্চ সহস্রশঃ।
হ্রদান্ বিমলতোয়াংশ্চ শৈলপ্রস্রবণানি চ ॥ ২১ ॥
ধনধান্যোপপন্নানি স্ত্রীরত্নৈরাবৃতানি চ।
হস্ত্যশ্বরথপূর্ণানি নগরাণ্যবলোকয়ন্ ॥ ২২ ॥
স পশ্যন্নথ সংপ্রাপ্ত আশ্রমং পুণ্যকর্ম্মণঃ।
সিন্ধুরাজস্য চ মুনের্জ্জটামণ্ডলধারিণঃ ॥ ২৩ ॥
তমতিক্রম্য বেগেন রাবণো গগনেচরঃ।
তদনন্তরমেবাসৌ পশ্যতি স্ম মহাক্রমম্ ॥ ২৪ ॥

২০। লো-টী। রচনানি নির্ম্মাণানি। তমালস্য করঞ্জবৃক্ষস্য গুল্মান্ গুচ্ছান্।
২৩। লো-টী। সিন্ধুরাজনামা মুনিঃ।

২০-২২। টিপ্পনী। কক্কোলানাং ত্বচস্য অগুরূণাং তমালস্য চ বনানি, মরিচস্য গুল্মাংশ্চ ধনধান্যোপপন্নানি ধনধান্যসমৃদ্ধানি নগরাণি চাবলোকয়ন্ যযাবিত্যন্বয়ঃ।
২৪-২৫। টিপ্পনী। গগনেচরঃ আকাশচারী স রাবণঃ বেগেন তম্ আশ্রমম্ অতিক্রম্য

কক্কোল ত্বচ অগুরু এবং তমালবৃক্ষের সুরম্য বনসমূহ, মরিচের গুল্মসমূহ, সহস্র সহস্র সৌবর্ণ ও রৌপ্য পর্ব্বত, স্বচ্ছজল হ্রদসমূহ, গিরিপ্রস্রবণসমূহ এবং ধনধান্যসমৃদ্ধ স্ত্রীরত্নসমাকীর্ণ হস্ত্যশ্বরথপূর্ণ নগরসমূহ অবলোকন করিতে করিতে যাইতে লাগিলেন ॥ ২০-২২ ॥

রাবণ [এই সমস্ত দৃশ্য] দর্শন করিতে করিতে জটামণ্ডলধারী পুণ্যকর্ম্মা মুনি সিন্ধুরাজের আশ্রমে উপস্থিত হইলেন ॥ ২৩ ॥

গগনচারী সেই রাবণ বেগে সেই আশ্রম অতিক্রম করিয়া অবিদূরেই

১। ছ '-নাং ত্বচস্তথা', ঝ '-নাঞ্চ সর্ব্বশঃ'। ২। ক-ঝ 'নির্ম্মল-'। ৩। ঝ '-রবিভানি'। ৪। ছ 'পশ্যন্নথ স', ঝ 'স পশ্যন্ রথ-'। ৫। ঝ '-প্তমা-'। ৬। ক-ঘ 'তু'। ৭। ছ '-র এবা-'।

নীলজীমূতসঙ্কাশং ন্যগ্রোধমৃষিভির্বৃতম্।
সমন্তাদ্ যস্য তাঃ[1] শাখা বিবৃদ্ধাঃ শতযোজনম্[2] ॥ ২৫ ॥
যস্য হস্তিনমাদায় মহাকায়ঞ্চ কচ্ছপম্।
ভক্ষার্থী গরুড়ঃ শাখামাজগাম মহাবলঃ ॥ ২৬ ॥
যস্য তাং মহতীং শাখাং ভরেণ[3] পতগোত্তমঃ।
সুপর্ণঃ[4] পর্ণবহুলাং বভঞ্জ তরসা বলী ॥ ২৭ ॥
যত্র[5] বৈখানসাঃ সিদ্ধা বালখিল্যা[6] মরীচিপাঃ।
লম্বমানাস্তপোগ্লানাঃ[7] শাখায়াং পরমর্ষয়ঃ ॥ ২৮ ॥

২৫। লো-টী। শতযোজনং যথা ভবতি তথা বিবৃদ্ধাঃ। 'শতযোজনা' ইতি পাঠে শতং যোজনং যাসাং তাঃ।

২৭। লো-টী। তরসা বলেন।

২৮। লো-টী। 'তপোলগ্নাঃ' 'তপোগ্লানা' ইতি বা পাঠঃ।

তদনন্তরং তৎসমীপবর্ত্তিনম্ ঋষিভির্বৃতং নীলজীমূতসঙ্কাশং মহাদ্রুমং পশ্যতি স্ম। শতযোজনম্ যস্য শাখা বিবৃদ্ধা বৃদ্ধিং প্রাপ্তাঃ।

২৬। টিপ্পনী। প্রসঙ্গতো বটমাহাত্ম্যমাহ—যস্যেত্যাদিনা। যস্য শাখামাজগামেত্যন্বয়ঃ। গজকচ্ছপভক্ষণামৃতাহরণাদিগরুড়বৃত্তান্তা মহাভারতে আদিপর্ব্বণি (২৯-৩৪ অঃ) বর্ণিতাঃ।

২৭। টিপ্পনী। পতগোত্তমঃ পক্ষিশ্রেষ্ঠঃ সুপর্ণো গরুড়ঃ। তরসা বেগেনোপলক্ষিতঃ।

২৮। টিপ্পনী। বৈখানসাদয়স্তাপসবিশেষাঃ। স্বসিদ্ধ্যা অনেকশরীরধারিণো বৈখানসাঃ ব্রহ্মনখোৎপন্নাঃ 'যে নখাস্তে বৈখানসাঃ' ইতি শ্রুতেঃ। বালখিল্যা ব্রহ্মকেশজাঃ 'যে বালাস্তে

ঋষিগণ-পরিবৃত নীলজীমূতসঙ্কাশ মহাদ্রুম বট দেখিতে পাইলেন ; যাহার শাখাসমূহ চতুর্দ্দিকে শতযোজন বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে ॥ ২৪-২৫ ॥

মহাবল গরুড় মহাকায় গজ ও কচ্ছপ গ্রহণপূর্ব্বক ভক্ষণার্থী হইয়া যাহার শাখায় আগমন করিয়াছিলেন ॥ ২৬ ॥

বেগসম্পন্ন পতগশ্রেষ্ঠ বলবান্ গরুড় যাহার সেই পত্রবহুলা মহতী শাখা [অতি-] ভারে ভগ্ন করিয়াছিলেন ॥ ২৭ ॥

১। ঝ 'বৈ'। ২। ঝ-ছ-ঠ-ড '-জনাঃ'। ৩। ক-ঝ 'ভারেণ', ঠ 'জবেন'। ৪। ড '-পর্ণপর্ণ-'। ৫। ঙ 'তত্র'। ৬। ঝ-ড 'বালি-'। ৭। ঝ '-মগ্নাঃ'।

বভূবুর্ব্বহুসাহস্রা যত্র তে চ[1] মহর্ষয়ঃ।
অজাশ্চ[2] বাজিমেষাশ্চ সংগতা[3] হ্যূর্দ্ধরেতসঃ[4] ॥ ২৯ ॥
যেষাং দয়ার্থং গরুড়স্তাং শাখাং শতযোজনাম্।
জগামাদায়[5] বেগেন তৌ চোভৌ গজকচ্ছপৌ ॥ ৩০ ॥
যো নিষাদেষু ধর্ম্মাত্মা ভক্ষয়িত্বা তদামিষম্।
নিষাদবিষয়ং কৃৎস্নং শাখয়া[6] নিজঘান হ[7] ॥ ৩১ ॥

২৯। লো-টী। অজাশ্চ বাজিনো মেষা ইতি ইচ্ছয়া তদ্রূপধরা ইত্যর্থঃ। বালখিল্যাঃ' ইতি শ্রুতেঃ। মরীচিপা রবিকিরণমাত্রপাননিষ্ঠাঃ। যত্র শাখায়াং তপোগ্লানা-স্তপঃকৃশা বৈখানসাদয়ো লম্বমানাঃ সন্তোঽতিষ্ঠন্নিতি শেষঃ।

২৯। টিপ্পনী। যত্র শাখায়াং বহুসাহস্রা বহুসংখ্যাকাস্তে বৈখানসাদয়ো মহর্ষয়ঃ ঊর্দ্ধরেতসো ধৃতবীর্য্যা অজাদয়শ্চ তপস্যার্থং সঙ্গতাঃ সমাগতা বভূবুঃ। অজা বাজিমেষাশ্চ ঋষিবিশেষাঃ।

৩০। টিপ্পনী। তেষাং দয়ার্থং শাখাপাতেন তেষাং নাশো মা ভূদিত্যনুগ্রহার্থম্।

৩১। টিপ্পনী। নিষাদেষু নিষাদদেশেষু আমিষং গজকচ্ছপমাংসং ভক্ষয়িত্বা কৃৎস্নং সমগ্রং নিষাদবিষয়ং নিষাদদেশং শাখয়া শাখাপাতেন নিজঘান বিনাশিতবান্।

যে শাখায় তপঃকৃশ বৈখানস সিদ্ধ বালখিল্য মরীচিপ [-প্রভৃতি] মহর্ষিগণ লম্বমান হইয়া অবস্থান করিতেন ॥ ২৮ ॥

যথায় বহুসহস্র সেই সমস্ত বৈখানসাদি মহর্ষিগণ এবং ঊর্দ্ধরেতা অজ ও বাজিমেষগণ সমবেত ছিলেন ॥ ২৯ ॥

যাঁহাদের প্রতি অনুকম্পানিবন্ধন গরুড় সেই শতযোজনবিস্তৃত শাখা এবং সেই গজ ও কচ্ছপ উভয়কে গ্রহণ করিয়া বেগে গমন করিলেন ॥ ৩০ ॥

যে ধর্ম্মাত্মা গরুড় তখন নিষাদদেশে [গজ কচ্ছপের] আমিষ (মাংস) ভক্ষণ করিয়া শাখাদ্বারা সমগ্র নিষাদদেশ বিনাশ করেন ॥ ৩১ ॥

১। ঝ-ঠ 'পরমর্ষয়ঃ'। ২। ঙ 'বাজিনো রূপাঃ সঙ্গতাস্তূর্দ্ধ-', ছ 'বাজিমেধাশ্চ', ঝ 'বাজিনো মেষাঃ'। ৩। ঘ 'সংহতা'। ৪। ঘ-ছ-ড 'ঊর্দ্ধ-', ঠ 'বৃদ্ধতেজসঃ'। ৫। ঝ 'ভগ্নামা-'। ৬। ঙ '-খায়া'। ৭। ঠ 'সঃ'।

নিষাদবিষয়ং হত্বা[1] শাখয়া পতগোত্তমঃ।
প্রহর্ষমতুলং লেভে মহর্ষীংশ্চ বিমুচ্য তান্ ॥ ৩২ ॥
তেনৈব তু স[2] হর্ষেণ দ্বিগুণা[3]দ্ভুতবিক্রমঃ।
অমৃতা[4]নয়না[5]র্থঞ্চ চকার মতি[6]মান্ মতিম্ ॥ ৩৩ ॥
অয়োজালঞ্চ[7] তং[8] ছিত্ত্বা গৃহং ভিত্ত্বা[9] চ কাঞ্চনম্।
মহেন্দ্রভবনা[10]দ্ গুপ্তমাজহার[11] ততোঽমৃতম্ ॥ ৩৪ ॥

৩৩। লো-টী। তেনৈব তু সহস্রেণ ঋষীণাং বহুসহস্রেণ হেতুনা তেষামাশীর্ব্বাদেনেত্যর্থঃ। 'সহার্ঘ্যেণে'তি পাঠে অর্ঘ্যেণ মহর্ষিসহস্রেণ স্বামিনা স গরুড়ঃ স্ফুটং দ্বিগুণাদ্ভুতবিক্রমঃ।

৩৪। লো-টী। রক্ষণার্থম্ আযুজ্যতে আব্রিয়তে ইতি আয়োজনম্ আবরণম্। 'অয়োজালমি'তি পাঠে লোহজালম্।

৩২। টিপ্পনী। মহর্ষিবিমোচনং শাখাপাতাৎ প্রাগিতি বোদ্ধব্যম্। 'মোক্ষয়িত্বা মহামুনীনি'তি পাশ্চাত্ত্যপাঠঃ (৩।৩৫।৩৩)। মহামুনীন্ বৈখানসাদীন্ নিষাদবিষয়স্থান্ ব্রাহ্মণান্ বা নিষাদৈঃ পীড্যমানান্ বা। গোঃ রাঃ।

৩৩। টিপ্পনী। তেনৈব হর্ষেণ আমিষভক্ষণনিষাদনাশনমুনিরক্ষণজসন্তোষেণ। তিঃ। দ্বিগুণাদ্ভুতবিক্রমঃ দ্বিগুণো দ্বিগুণিতঃ অদ্ভুতবিক্রমো যস্য সঃ।

৩৪। টিপ্পনী। তং মহেন্দ্রভবনস্থম্ অয়োজালং লৌহনির্ম্মিতজালকং ছিত্ত্বা তদন্তর্ব্বর্ত্তি কাঞ্চনং কাঞ্চনময়ং গৃহং ভিত্ত্বা তদ্গৃহবর্ত্তি গুপ্তম্ অমৃতং মহেন্দ্রভবনাদ্ আজহার।

শাখার দ্বারা নিষাদদেশ বিনাশ করিয়া এবং [তাহার পূর্ব্বেই] সেই মহর্ষিদিগকে মুক্ত করিয়া পতগশ্রেষ্ঠ গরুড় অতুল আনন্দ লাভ করিলেন ॥ ৩২ ॥

তাদৃশ হর্ষেই মতিমান্ গরুড়ের অদ্ভুত বিক্রম দ্বিগুণিত হইয়া উঠে এবং তিনি অমৃত আনয়নের নিমিত্ত সঙ্কল্প করেন ॥ ৩৩ ॥

অতঃপর তিনি [ইন্দ্রভবনের] সেই লোহজাল ছেদন করিয়া এবং [তদন্তর্ব্বর্ত্তী] কাঞ্চনময় গৃহ ভেদ করিয়া [তদ্গৃহবর্ত্তী] গুপ্ত অমৃত ইন্দ্রভবন হইতে আহরণ করেন ॥ ৩৪ ॥

১। ঝ 'গত্বা'। ২। ঝ 'সহস্রেণ', ঠ 'প্রহর্ষেণ'। ৩। ঠ '-ণীকৃত-'। ৪। ঙ '-হরণা-'। ৫। ঝ '-র্থায়', ঠ '-র্থং বৈ'। ৬। ঘ 'সুমতির্ম্ম-'। ৭। ঝ 'আয়োজনঞ্চ'। ৮। ঙ-ঠ-ড 'তচ্'। ৯। ক 'ছিত্বা' ১০। ঠ '-নাদ্দ্রুপ্ত-', ঠট '-নাচ্ছীঘ্র-'। ১১। ঙ '-জুহাব'।

[১] প্রকাশ্যেতি স্বকং তেজস্তা[২]নৃষীন্ [৩] বিপ্রমুচ্য চ।
কৃতকৃত্যমিবাত্মানং স মেনে পক্ষিণাং বরঃ॥ ৩৫॥
তং মহর্[৪]ষিগণৈর্জ্জু[৫]ষ্টং সুপর্ণকৃতলক্ষণম্।
না[৬]ম্না সুচন্দ্রং ন্যগ্রোধং দদর্শ ধনদানুজঃ॥ ৩৬॥
স গ[৭]ত্বা তু পরং পারং সমুদ্রস্য নদীপতেঃ।
দদর্শাশ্রমমেকান্তে পু[৮]ণ্যে রম্যে বনান্তরে॥ ৩৭॥
[৯] ততঃ কৃষ্ণাজিনধরং জটামণ্ডলধারিণম্।
দদর্শ নিয়তাহারং মারীচং [১০] নাম রাক্ষসম্॥ ৩৮॥

৩৫। লো-টী। উক্তমুপসংহরতি—প্রকাশ্যেতীতি। ইতি এবং স্বকং তেজঃ।

৩৬। লো-টী। সুপর্ণেন কৃতং লক্ষণং শাখাভঙ্গরূপং চিহ্নং যস্য তম্। ন্যগ্রোধস্য নাম সুচন্দ্র ইতি।

৩৫। টিপ্পনী। ইতি পূর্ব্বোক্তপ্রকারেণ স্বকং স্বীয়ং তেজঃ বীর্য্যং প্রকাশ্য।

৩৬। টিপ্পনী। সুপর্ণকৃতলক্ষণং কৃতং ভগ্নৈকমহাশাখাস্বরূপং লক্ষণং যস্য তম্। তিঃ। গরুড়কৃতশাখাভঙ্গরূপলক্ষণবিশিষ্টম্। শিরোঃ। 'নাম্না সুভদ্রং ন্যগ্রোধম্' ইতি পাশ্চাত্যাঃ (৩।৩৫।৩৬)।

৩৭। টিপ্পনী। নদীপতেঃ সমুদ্রস্য পরং পারং গত্বা একান্তে নির্জ্জনে বনান্তরে বনমধ্যে আশ্রমং দদর্শ।

এই প্রকারে নিজ বীর্য্য প্রকাশ করিয়া এবং সেই ঋষিগণকে মুক্ত করিয়া পক্ষিশ্রেষ্ঠ গরুড় নিজকে যেন কৃতকৃত্য বলিয়া মনে করিলেন॥ ৩৫॥

কুবেরানুজ [রাবণ] মহর্ষিগণসেবিত গরুড়কর্ত্তৃক [শাখাভঙ্গের দ্বারা] কৃতচিহ্ন সুচন্দ্রনামক সেই বটবৃক্ষ দর্শন করিলেন॥ ৩৬॥

তিনি নদীপতি সমুদ্রের পরপারে গমন করিয়া পবিত্র রম্য নির্জ্জন বনমধ্যে [এক] আশ্রম দেখিতে পাইলেন॥ ৩৭॥

১। ক-ঘ 'প্রকাশ্যাপি', ছ 'প্রকাশ্য চ', ঝ 'প্রকাশ্যেতি স্বয়ন্তেজ-'। ২। ঠ '-জো মাতরি'। ৩। ঙ-ড 'প্রতিমুচ্য', । ৪। ঝ '-র্ষিভিরাজু-'। ৫। ড '-র্ণং কৃ-'। ৬। ঙ 'সচন্দ্র-', ড 'সুপর্ণং'। ৭। ঘ 'তু গত্বা'। ৮। ঙ '-ণ্যেঽরণ্যে'। ৯। ক-ঘ 'তত্র'। ১০। ঠ 'রাক্ষসাধিপম্'।

[১] স রাবণঃ সমাগম্য [২] বিধিবত্তেন পূজিতঃ।
পশ্চাদিদং ততো বাক্যমব্রবীদ্বাক্যকোবিদঃ ॥ ৩৯ ॥

অচলবলমতি[৩]প্রকাশ[৪]ধৈর্য্যো
[৫] হ্যচলবলাশ্রয়মাশ্রয়ো বলানাম্।
[৬] অচলবলসমঃ [৭] কথান্তরে তং
বচনমিদং [৮] স জগাদ দেবশত্রুঃ ॥ ৪০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে মারীচাশ্রমপ্রবেশো নাম
চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪০ ॥

৪০। লো-টী। বলং সামর্থ্যম্, মতিরিচ্ছা বুদ্ধির্ব্বা, প্রকাশস্তেজঃ, ধৈর্য্যম্ এতানি অচলানি যস্য সঃ। অচলবলেন পর্ব্বতবলেন সমস্তুল্যঃ। বলানাং শস্ত্রশাস্ত্রবলানাম্ আশ্রয়োঽধিকরণম্। অচলবনাশ্রয়ং মারীচম্।

৩৯। টিপ্পনী। বাক্যকোবিদো বাক্যবিশারদঃ।

৪০। টিপ্পনী। অচলবলঃ অচলমতিঃ অচলপ্রকাশঃ অচলধৈর্য্যশ্চ, বলানাং বিবিধবীর্য্যাণামাশ্রয়ঃ, অচলবলসমঃ পর্ব্বততুল্যবলবিশিষ্টো দেবশত্রু রাবণঃ কথান্তরে কথাপ্রসঙ্গে অচলবলাশ্রয়ম্ অচলবলস্য স্থিরবীর্য্যস্যাশ্রয়ভূতং তং মারীচম্ ইদং বচনং জগাদ।

অতঃপর, তিনি কৃষ্ণাজিনপরিহিত জটামণ্ডলধারী নিয়তাহার মারীচনামক রাক্ষসকে দর্শন করিলেন ॥ ৩৮ ॥

[তাঁহার সহিত] মিলিত হইয়া এবং তৎকর্ত্তৃক সৎকৃত হইয়া তৎপরে বাক্যবিশারদ রাক্ষস রাবণ [তাঁহাকে] এই বাক্য বলিলেন—॥ ৩৯ ॥

স্থিরবল স্থিরমতি স্থিরবীর্য্য স্থিরধৈর্য্য বীর্য্যাশ্রয় পর্ব্বততুল্যবলবিশিষ্ট দেবশত্রু রাবণ অবিচলিতবীর্য্যের আশ্রয় সেই মারীচকে কথাপ্রসঙ্গে এই বাক্য বলিয়াছিলেন—॥ ৪০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে মারীচাশ্রমপ্রবেশ-নামক
চত্বারিংশ সর্গ সমাপ্ত ॥ ৪০ ॥

১। ছ 'রাবণস্তেন সংগম্য', ঠ 'তং'। ২। ঝ '-ণং'। ৩। ঘ-ঠ '-মতিঃ প্র-'। ৪। ছ '-বীর্য্যঃ। ৫। ছ 'প্রবল-'। ৬। ঠ '-বয়-'। ৭। ছ '-রেহসৌ'। ৮। ঙ-ড 'নিজগাদ', ঝ 'জগাদ দেব-'।

একচত্বারিংশঃ সর্গঃ

মারীচ শ্রূয়তাং তাবদ্বচনং[1] মম জল্পতঃ।
আর্ত্তোঽস্মি মম চার্ত্তস্য ভবানদ্য পরা গতিঃ ॥ ১ ॥
নৈর্ঋতানাং সহস্রেষু সঙ্গতেষু[2] বহুষ্বপি।
ন তবাস্তি[3] রণে বীর সহায়ঃ সদৃশঃ[4] ক্বচিৎ ॥ ২ ॥
মত্তদ্বিপসহস্রস্য যদ্বলং বলশালিনঃ।
সংক্রুদ্ধস্য হি[5] মারীচ তদ্ বলং ত্বয়ি তিষ্ঠতি ॥ ৩ ॥
বলং তেঽতিবলং[6] তাত যেনাহং পরিতোষিতঃ।
সংযুগে শক্রসৈন্যস্থো[7] যদা ক্রোধং নিযচ্ছসি ॥ ৪ ॥

২। লো-টী। বহুষু সহস্রেষু সঙ্গতেষু মিলিতেষ্বপি তে ত্বয়া সদৃশো মম সহায়ঃ ক্বচিন্নাস্তি।

৪। লো-টী। নিযচ্ছসি দদাসি, ক্রোধাৎ শক্রসৈন্যং সংহরসীত্যর্থঃ, তদৈব তেঽতিবলং ময়া জ্ঞাতমিত্যর্থঃ।

১। টিপ্পনী। জল্পতঃ কথয়তঃ।

২। টিপ্পনী। নৈর্ঋতানাং রাক্ষসানাং বহুষু সহস্রেষু সঙ্গতেষু সমবেতেষু সৎস্বপি রণস্থলে ক্বচিৎ কুত্রাপি তব সদৃশঃ সহায়ো মে নাস্তি।

৩। টিপ্পনী। সংক্রুদ্ধস্য মত্তদ্বিপসহস্রস্য যদ্বলং ত্বয়ি তদ্বলং তিষ্ঠতি।

৪। টিপ্পনী। তব বলম্ অতিবলম্ অতিক্রান্তশক্রবলং ভবতি। নিযচ্ছসি শক্রষু নিক্ষিপসি।

হে মারীচ, আমি বলিতেছি, আমার বাক্য শ্রবণ কর; আমি আর্ত্ত; আর, অদ্য আর্ত্ত আমার তুমি [-ই] পরম গতি ॥ ১ ॥

হে বীর, বহুসহস্র রাক্ষস সমবেত হইলেও যুদ্ধে কোথাও তোমার সদৃশ সহায় [আমার] নাই ॥ ২ ॥

হে মারীচ, বলশালী ক্রুদ্ধ সহস্র মত্তমাতঙ্গের যে বল, তোমাতে সেই বল বর্ত্তমান থাকে ॥ ৩ ॥

১। ছ 'তাত বচনং'। ২। ছ 'সম্মতেষু'। ৩। ঋ 'ন তে চাস্তি'। ৪। ঋ '-শস্তব'। ৫। ছ 'চ'। ৬। ছ '-শয়ং'। ৭। ঙ-ঝ '-স্থস্থ'।

ত্বং হি যোগ্যঃ[1] সহায়ত্বে ত্বং হি যোগ্যঃ পরাক্রমে।
ত্বদ্বিধং[2] ন চ[3] পশ্যামি লঙ্কায়াং বলশালিনম্ ॥ ৫ ॥
ন চ প্রণয়ভঙ্গো মে কর্ত্তব্যো ভবতা ত্বিহ।
অর্থী ত্বাং[4] প্রার্থয়াম্যদ্য কুরুষ্ব বচনং মম ॥ ৬ ॥
জানীষে ত্বং জনস্থানং[5] ভ্রাতা যত্র[6] খরো মম।
দূষণশ্চ মহাবীর্য্যঃ স্বসা শূর্পণখা চ মে ॥ ৭ ॥
ত্রিশিরাশ্চ মহাতেজা[7] রাক্ষসঃ[8] পিশিতাশনঃ।
অন্যে চ বহবঃ শূরা লব্ধলক্ষ্যা[9] নিশাচরাঃ ॥ ৮ ॥
বসন্তি মন্নিয়োগেন[10] কৃতবাসাশ্চ রাক্ষসাঃ।
বাধমানা মহারণ্যে মুনীন্[11] ধর্ম্মপরায়ণান্ ॥ ৯ ॥

৬। লো-টী। অর্থী কার্য্যার্থী।

৮। লো-টী। লব্ধং লক্ষ্যং শরব্যং যৈস্তে বিদ্ধশরব্যা ইত্যর্থঃ। নিশায়াং চরন্তীতি নিশাচরাঃ। যদ্বা সর্পা ইব ক্রূরাঃ। 'নিশাচরী পাংশুলায়াং না সর্পোলূককেম্বপী'তি ভূরিঃ।

৬। টিপ্পনী। প্রণয়ভঙ্গঃ প্রার্থনাবিহননম্। অর্থী রামাদিনিধনরূপকার্য্যসাধনাভিলাষী।

৮-৯। টিপ্পনী। পিশিতাশনো মাংসাদঃ। অন্যে চ লব্ধলক্ষ্যা লক্ষ্যবেধিনঃ মন্নিয়োগেন

হে তাত, যুদ্ধে শত্রুসৈন্যের মধ্যে অবস্থিত হইয়া যখন তুমি [তাহাদের প্রতি] ক্রোধ প্রকাশ কর, তখন তোমার বল শত্রুবল পরাভূত করে, যাহা আমাকে পরিতুষ্ট করিয়া থাকে ॥ ৪ ॥

তুমিই [আমার] সাহায্য করিবার যোগ্য ; তুমিই পরাক্রমে যোগ্য ; আমি লঙ্কায় তোমার তুল্য বলশালী ব্যক্তি দেখিতে পাই না ॥ ৫ ॥

এই সময়ে তুমি আমার প্রার্থনা ভঙ্গ করিও না ; আমি [রামাদিনিধনরূপ] কার্য্যসাধনাভিলাষী হইয়া অদ্য তোমার নিকট প্রার্থনা করিতেছি, তুমি আমার বাক্য রক্ষা কর ॥ ৬ ॥

জনস্থান [-নামক দেশ] তোমার পরিজ্ঞাত, যথায় আমার ভ্রাতা খর ও

১। খ '-গ্যো মে'। ২। ছ '-ধস্তু ন প-'। ৩। ঘ-ড 'হি ন'। ৪। ঘ 'ত্বামথয়া-', ছ-ঠ 'ত্বামর্থয়া-'। ৫। ঘ-ছ-ঠ '-স্থানে'। ৬। ড 'তত্র'। ৭। ছ '-বীর্য্যো'। ৮। ছ 'রক্ষসাং পিশিতাশিনাম্'। ৯। ঘ '-লক্ষা'। ১০। খ 'তত্রাবা-'। ১১। ঠ 'মহর্ষীন্ ধর্ম্মচারিণঃ'।

চতুর্দ্দশ সহস্রাণি রক্ষসাং ভীমকর্ম্মণাম্ ।
বহুশো লব্ধলক্ষ্যাণাং খরস্য বশবর্ত্তিনাম্ ॥ ১০ ॥
তে ত্বিদানীং জনস্থানে নিবসন্তো মহাবলাঃ ।
সঙ্গতাঃ পরমায়স্তা রামেণ কিল সংযুগে ॥ ১১ ॥
তেন সঞ্জাতরোষেণ রামেণ রণমূর্দ্ধনি ।
অনুক্ত্বা পরুষং কিঞ্চিচ্ছরৈরাশীবিষোপমৈঃ ॥ ১২ ॥

১১। লো-টী। পরমায়স্তাঃ পরমক্রুদ্ধাঃ। 'পরমাস্ত্রেণে'তি পাঠঃ।

বসন্তি ইতি জানীষে। যত্র চ কৃতবাসাস্তে রাক্ষসা জনস্থানান্তর্বর্ত্তিনি মহারণ্যে মুনীন্ বাধমানা উৎপীড়য়ন্ত আসত ইতি শেষঃ। লব্ধলক্ষ্যা লব্ধযুদ্ধোৎসাহাঃ। তিঃ।

১০। টিপ্পনী। বহুশো নিরন্তরং লব্ধলক্ষ্যাণাং লক্ষ্যবেধিনাং রক্ষসাং চতুর্দ্দশ সহস্রাণি তত্রাসন্নিত্যপি ত্বং জানীষে।

১১। টিপ্পনী। পরমায়স্তা অতিক্রুদ্ধাস্তে রাক্ষসাঃ রামেণ সংযুগে যুদ্ধে সঙ্গতাঃ তেন সহ সমরমকার্ষুরিত্যর্থঃ।

১২। টিপ্পনী। কিঞ্চিৎ পরুষং রুক্ষং বাক্যম্ অনুক্ত্বা স্থিতানীতি শেষঃ, তানি রাক্ষসানাং সহস্রাণীত্যগ্রেণান্বয়ঃ। অনুক্ত্বা পরুষং কিঞ্চিদিত্যনেন গাম্ভীর্য্যং বিবক্ষ্যতে। গোঃ রাঃ।

মহাবীর্য্য দূষণ আমার ভগিনী শূর্পণখা, মহাতেজঃসম্পন্ন পিশিতাশন (মাংসাশী) রাক্ষস ত্রিশিরা এবং অন্যান্য বহুসংখ্যক লক্ষ্যবেধী শৌর্য্যশালী রাক্ষস আমার আজ্ঞাক্রমে বাস করিত, এবং [যথায়] বাস করিয়া [সেই] রাক্ষসগণ মহারণ্যে ধর্ম্মপরায়ণ মুনিদিগকে উৎপীড়িত করিত ॥ ৭-৯ ॥

খরবশবর্ত্তী নিরন্তর লক্ষ্যবেধী ভীমকর্ম্মা চতুর্দ্দশ সহস্র রাক্ষস [তথায়] ছিল [ইহাও তুমি জান] ॥ ১০ ॥

[স্বভাবতঃ] অতিকোপন জনস্থাননিবাসী সেই সমস্ত মহাবল রাক্ষস সম্প্রতি রামের সহিত যুদ্ধে সমবেত হয় ॥ ১১ ॥

অতঃপর, মানুষ ও পদাতি সেই রাম ক্রুদ্ধ হইয়া রণে আশীবিষসদৃশ

১। ঘ-পুস্তকে অয়ং শ্লোক একাদশশ্লোকপূর্বার্দ্ধেন সহ ন দৃশ্যতে। ২। ঋ 'ন'। ৩। ঠ 'চেদানীং'। ৪। ঋ '-ন্তি'। ৫। ঋ-ঠ 'নিহতাঃ'।

ততস্তানি সহস্রাণি রাক্ষসানাং[১] চতুর্দ্দশ।
নিহতানি জনস্থানে মানুষেণ পদাতিনা ॥ ১৩ ॥
খরশ্চ নিহতঃ[২] সংখ্যে দূষণস্ত্রিশিরাস্তথা।
ঋষীণামভয়ং দত্তং কৃতাঃ ক্ষেমাশ্চ দণ্ডকাঃ ॥ ১৪ ॥
দুর্ভগাতনয়ো[৩] যোঽসৌ সুভগাবাক্যকারিণা।
পিত্রা নিরস্তঃ ক্রুদ্ধেন[৪] সভার্য্যঃ সহলক্ষ্মণঃ ॥ ১৫ ॥
স হন্তা তস্য সৈন্যস্য রামঃ ক্ষত্রিয়পাংসনঃ[৫]।
অশীলঃ কর্কশো[৬] মূর্খো লুব্ধস্তীক্ষ্ণোঽজিতেন্দ্রিয়ঃ ॥ ১৬ ॥

১২-১৩। লো-টী। কিঞ্চিদপি পরুষম্ অনুক্ত্বা নোক্ত্বা স্থিতানি তানি সহস্রাণি। রামেণ পদাতিনা নিহতানীতি দ্বাভ্যামন্বয়ঃ। 'তামুক্ত্বা' ইতি পাঠঃ।

১৬। লো-টী। ক্ষত্রিয়পাংশুলোঽধমঃ, কর্কশঃ সাহসিকঃ, লুব্ধঃ ব্যাধঃ, তীক্ষ্ণো বৃথারোষঃ।

১৪। টিপ্পনী। ক্ষেমা ভীতিশূন্যাঃ।

১৫-১৬। টিপ্পনী। সুভগাবাক্যকারিণা সুভগায়াঃ সৌভাগ্যশালিন্যাঃ কৈকেয্যা বাক্যপালকেন পিত্রা দশরথেন যোঽসৌ দুর্ভগাতনয়ঃ দৌর্ভাগ্যবত্যাঃ কৌশল্যায়াঃ পুত্রো রামো নিরস্তঃ রাজ্যাদ্ বিতাড়িতঃ স তস্য সৈন্যস্য হন্তেত্যন্বয়ঃ।

শরসমূহের দ্বারা, কোনরূপ কর্কশবাক্য প্রয়োগ করে নাই ঈদৃশ সেই চতুর্দ্দশ সহস্র রাক্ষসকে জনস্থানে নিহত করে ॥ ১২-১৩ ॥

যুদ্ধে খর দূষণ এবং ত্রিশিরা নিহত হইয়াছে; রাম ঋষিদিগকে অভয় প্রদান করিয়াছে এবং দণ্ডকারণ্য ভীতিশূন্য করিয়াছে ॥ ১৪ ॥

সুভগা (সৌভাগ্যশালিনী) মহিষীর বাক্যপ্রতিপালক পিতা [দশরথ] ক্রুদ্ধ হইয়া দুর্ভগা (দৌর্ভাগ্যবতী) মহিষীর পুত্র যে রামকে ভার্য্যা এবং লক্ষ্মণের সহিত [রাজ্য হইতে] বিতাড়িত করিয়া দিয়াছে, ক্ষত্রিয়াধম দুঃশীল কর্কশস্বভাব

১। ঘ 'রক্ষসাঞ্চ'। ২। ঘ '-রস্ত্র'। ৩। ছ-ঠ-পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ড 'দুর্ভগায়াঃ হৃতশ্চাসৌ'। ৪। ঠ '-রুদ্ধঃ'। ৫। ঝ '-পাংশনঃ', ঠ '-পাংশুলঃ'। ৬। ছ '-শস্তীক্ষ্ণো মূর্খো লুব্ধো-'।

ত্যক্তধর্ম্ম[১]স্ত্বধর্ম্মজ্ঞো[২] ভূতানাম[৩]হিতে রতঃ।
[৪]তপস্বী চীরধারী চ সভার্য্যঃ স ধনুর্দ্ধরঃ ॥ ১৭ ॥
যেন বৈরং বিনারণ্যে সত্ত্বমাশ্রিত্য কেবলম্।
কর্ণনাসাপ[৫]হারেণ ভগিনী মে বিরূপিতা ॥ ১৮ ॥
তস্য ভার্য্যা বিশালাক্ষী নাম্না সীতেতি বিশ্রুতা।
রূপযৌবনসম্পন্না শ্রী[৬]রপদ্মেব শো[৭]ভনা ॥ ১৯ ॥
অদ্য গত্বা জনস্থা[৮]নাৎ তা[৯]মহং লোকসুন্দরীম্।
আনয়িষ্যামি [১০]বিক্রম্য সহায়স্তত্র মে ভব ॥ ২০ ॥

১৮। লো-টী। সত্ত্বং বলম্।

১৯। লো-টী। অপদ্মা পদ্মং বিনা শ্রীরিব।

১৭। টিপ্পনী। ত্যক্তধর্মস্ত্যক্তধর্মা। তপস্বী তপোনিরতোঽপি চীরধারী বল্কলধরোঽপি স রামঃ সভার্য্যো ধনুর্দ্ধরশ্চ। তপস্যয়া সভার্য্যত্বস্য চীরধারিত্বেন চ ধনুর্দ্ধরত্বস্য বিরোধ ইতি বোধ্যম্।

১৮। টিপ্পনী। সত্ত্বং বলমেব কেবলম্ আস্থায় আশ্রিত্য ন তু ধর্ম্মম্। তিঃ। অপহারেণ ছেদনেন।

২০। টিপ্পনী। বিক্রম্য বিক্রমং প্রকাশ্য জনস্থানাৎ আনয়িষ্যামি আনেষ্যামি। ইত্যর্থঃ।

মূর্খ লোভপরায়ণ তীক্ষ্ণপ্রকৃতি অজিতেন্দ্রিয় সেই রাম [-ই] ঐ রাক্ষসৈন্যের নিহন্তা ॥ ১৫-১৬ ॥

ধর্ম্মপরিত্যাগী অধর্ম্মজ্ঞ প্রাণিগণের অহিতসাধনে রত তপস্বী ও বল্কলধারী সেই রাম ভার্য্যাসমভিব্যাহারী ও ধনুর্দ্ধর ॥ ১৭ ॥

অরণ্যে শত্রুতাব্যতিরেকে [-ও] যে রাম [ধর্ম্মের দিকে দৃষ্টিপাত না করিয়া] মাত্র [শরীর-] বল অবলম্বনপূর্ব্বক নাসাকর্ণ ছেদন করত আমার ভগিনীকে বিরূপা করিয়া দিয়াছে ॥ ১৮ ॥

তাহার ভার্য্যা বিশালাক্ষী, সীতা নামে বিখ্যাতা, রূপযৌবনসম্পন্না, পদ্মবিহীনা লক্ষ্মীর ন্যায় শোভাময়ী ॥ ১৯ ॥

১। ছ '-ধর্ম্মা হ্য-'। ২। খ '-স্তো'। ৩। ড 'লোকানা-'। ৪। ঘ-ছ-ঠ-পুস্তকেষিদমর্দ্ধং নাস্তি। ৫। খ-ড '-প্রহা-'। ৬। ঠ 'শ্রীঃ সপ-'। ৭। ঙ-ঠ 'শোভিতা'। ৮। ক-খ '-স্থানে', ঠ '-স্থানং'। ৯। ঠ 'স্থান-'। ১০। খ-ড 'বৈদেহীং'।

ত্বয়া হ্যহং সহায়েন পার্শ্বস্থেন মহাবল।
সেন্দ্রানপি সুরান্ যুদ্ধে সমস্তান্ ন বিচিন্তয়ে ॥ ২১ ॥
তৎ সহায়ো ভব ত্বং মে সমর্থোঽসি হি রাক্ষস।
বীর্য্যে শৌর্য্যে চ বুদ্ধৌ চ নৈবাস্তি সদৃশস্তব ॥ ২২ ॥
এতদর্থমহং প্রাপ্তস্ত্বৎসকাশমরিন্দম।
এতন্মম প্রিয়ং তাত মারীচ কুরু নান্যথা ॥ ২৩ ॥
তপোবনস্থং নিয়তং জানামি ত্বাং মহাবলম্।
অর্থগৌরবমপ্যেতৎ ততস্ত্বাং প্রব্রবীম্যহম্ ॥ ২৪ ॥

২১। টিপ্পনী। ন বিচিন্তয়ে ন গণয়ামি।

২২। টিপ্পনী। তৎ তস্মাৎ। সমর্থঃ সামর্থ্যবিশিষ্টঃ।

২৪। টিপ্পনী। নিয়তম্ ইন্দ্রিয়জয়িনম্। অর্থগৌরবং কার্য্যগুরুত্বমপি এতদ্ এতাদৃশম্। ততস্ত্বাং প্রব্রবীমি তৎকার্য্যকরণায়েতি শেষঃ।

আমি অদ্য গমন করিয়া জনস্থান হইতে সেই [ত্রি-] লোকসুন্দরী সীতাকে বিক্রম প্রকাশপূর্ব্বক আনয়ন করিব ; সেই কার্য্যে তুমি আমার সহায় হও ॥ ২০ ॥

হে মহাবল, তুমি আমার পার্শ্বে থাকিয়া সহায়তা করিলে আমি যুদ্ধে ইন্দ্রের সহিত নিখিল দেবগণকেও গণনার মধ্যে আনয়ন করি না ॥ ২১ ॥

অতএব তুমি আমার সহায় হও ; হে রাক্ষস, তুমি সামর্থ্যবিশিষ্ট ; বীর্য্যে শৌর্য্যে এবং বুদ্ধিতে তোমার সদৃশ ব্যক্তি নাই ॥ ২২ ॥

হে শত্রুদমন, এই নিমিত্ত [-ই] আমি তোমার নিকট আগমন করিয়াছি ; হে তাত মারীচ, তুমি আমার এই প্রিয় কার্য্য সাধন কর, অন্যথা করিও না ॥ ২৩ ॥

বভূব গগনে নীলঃ সঘোষ ইব তোয়দঃ ॥ ২৯ ॥
উত্তমাঙ্গচ্যুতা তস্যাঃ পুষ্পবৃষ্টির্মনোহরা।
সীতায়া হ্রিয়মাণায়াঃ পপাত ধরণীতলে ॥ ৩০ ॥

২৮। লো-টী। আবিধ্য সংযুজ্য।

২৭। টিপ্পনী। রাক্ষসাধিপমাশ্রিতা সা সীতা নীলং মণিমাশ্রিতা তদ্যুক্তেত্যর্থঃ, কাঞ্চনী কাঞ্চনময়ী কাঞ্চী মেখলেব শুশুভে। রজতমেব নীলরত্নস্য পরভাগকরমিতি প্রসিদ্ধিঃ, তেন কাঞ্চনস্য নীলমণিশোভাতিরস্কারকত্বাৎ শুশুভে ইতি ব্যতিরেকোক্ত্যা ন শুশুভে ইত্যর্থঃ। নেত্যনুষঙ্গো বা। গোঃ রাঃ।

২৮। টিপ্পনী। তপ্তভূষণা তপনীয়ালঙ্কারা স্বর্ণালঙ্কারযুতেতি যাবৎ। রাবণম্ আবিশ্য তদঙ্কং প্রবিশ্যেত্যর্থঃ, সীতা ঘনং মেঘমাবিশ্য দৃশ্যমানা বিদ্যুদিব শুশুভে।

২৯। টিপ্পনী। তস্যা বৈদেহ্যা ভূষণঘোষেণ আকর্ষণোত্থালঙ্কারধ্বনিনা, রাক্ষসাধিপঃ সঘোষঃ সনিনাদঃ নীলস্তোয়দো জলদ ইব বভূব।

স্বর্ণবর্ণা সীতা কৃষ্ণকায় রাক্ষসাধিপতিকে আশ্রয় করিয়া নীলমণিযুক্ত কাঞ্চনময় কাঞ্চীর (মেখলার) ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৭ ॥

পদ্মবর্ণ (পদ্মকেশরের ন্যায় পীতবর্ণ), তপ্ত [-কাঞ্চন]-ভূষণধারিণী জনকাত্মজা সীতা মেঘকান্তি রাবণের অঙ্কে প্রবেশ করিয়া মেঘে প্রবিষ্ট বিদ্যুতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৮ ॥

বৈদেহী সীতার অলঙ্কারশব্দে রাক্ষসাধিপতি [রাবণ] আকাশে সশব্দ নীল মেঘের ন্যায় [প্রতীয়মান] হইল ॥ ২৯ ॥

১। ড '-ভং'। ২। ঝ 'বৈদেহী'। ৩। ঠ 'মালা'। ৪। ঝ '-লাদ্রিমিব সংশ্রিতা'। ৫। ঘ 'নীলাভং'। ৬। ঠ 'তপ্তকাঞ্চনভূষণা'। ৭। ক-ঙ-ঝ-ঠ-ড '-বিধ্য'। ৮। ঙ 'রত্ন-', ঝ 'স্বর্ণ-'। ৯। অতঃ পরং ঠ-পুস্তকে 'বিদ্যুদ্ ঘনমিবাবিধ্য শুশুভে জনকাত্মজা' ইত্যধিকঃ।

সা তু[1] রাবণবেগেন সমুদ্ধূতা সমন্ততঃ।
পুষ্পবৃষ্টির্দ্দশগ্রীবং পুনরেবাভ্যবর্ষত ॥ ৩১ ॥
অভ্যবর্ষত[2] পুষ্পাণাং ধারা[3] বৈশ্রবণানুজম্।
তরুপ্রবরমুক্তেব[4] পুষ্পবৃষ্টির্ম্মহীধরম্ ॥ ৩২ ॥
[5]শোভয়ামাস বৈদেহ্যাঃ পুষ্পবৃষ্টির্মনোহরা[6]।
নক্ষত্রমালা বিমলা রক্ষো মেরুমিবোজ্জ্বলম্[7] ॥ ৩৩ ॥

৩৩। লো-টী। রক্ষঃ শোভয়ামাসেতি সম্বন্ধঃ।

৩০। টিপ্পনী। তস্যাঃ সীতায়া উত্তমাঙ্গচ্যুতা উত্তমাঙ্গাৎ মস্তকাদ্ গতিবেগেন পরিভ্রষ্টা।

৩১। টিপ্পনী। সা পুষ্পবৃষ্টিঃ রাবণবেগেন রাবণবেগজনিতবাতেন সমুদ্ধূতা পুনর্দশগ্রীবমেব অভ্যবর্ত্তত অভিতঃ প্রাবর্ত্তিষ্ট। অনেন রাবণস্য ত্বরিতগমনমুক্তম্। গোঃ রাঃ।

৩২। টিপ্পনী। পুষ্পাণাং সীতোত্তমাঙ্গচ্যুতানাম্। বৈশ্রবণানুজং রাবণম্। মহীধরং পর্ব্বতং তত্র প্ররূঢ়তরুমুক্তা পুষ্পবৃষ্টিরিব অভ্যবর্ষত।

৩৩। টিপ্পনী। পুষ্পবৃষ্টিঃ কর্ত্রী রক্ষো রাবণং শোভয়ামাস, বিমলা নক্ষত্রমালা উজ্জ্বলং মেরুমিব।

[রাবণকর্ত্তৃক] হ্রিয়মাণা সেই সীতার মস্তক হইতে বিচ্যুত মনোহর পুষ্পবৃষ্টি ধরণীতলে পতিত হইল ॥ ৩০ ॥

[ভূপতিত] সেই পুষ্পবৃষ্টি কিন্তু রাবণবেগে (অর্থাৎ রাবণের দ্রুত গমনজন্য বায়ুবেগে) চতুর্দ্দিকে উৎক্ষিপ্ত হইয়া পুনরায় রাবণকেই পরিব্যাপ্ত করিল ॥ ৩১ ॥

[পর্ব্বতপ্ররূঢ়-] তরুপ্রবরমুক্ত পুষ্পবৃষ্টি যেরূপ পর্ব্বতকে পরিব্যাপ্ত করে, [বৈদেহীমস্তকচ্যুত সেই] পুষ্পধারাও তদ্রূপ কুবেরানুজকে পরিব্যাপ্ত করিল ॥ ৩২ ॥

বিমল নক্ষত্রমালা যেরূপ উজ্জ্বল মেরুপর্ব্বতকে শোভিত করে, বৈদেহীর [মস্তকচ্যুত সেই] মনোহর পুষ্পবৃষ্টিও রাক্ষস রাবণকে সেইরূপ শোভিত করিল ॥ ৩৩ ॥

১। ঝ 'বারণবেগেন'। ২। ঘ '-বর্ত্তত'। ৩। ঝ 'সা চ'। ৪। ড '-যুক্তেব'। ৫। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৬। ছ '-রমা'। ৭। ঘ '-লা'।

চরণান্নূপুরং ভ্রষ্টং বৈদেহ্যাঃ পাবকোপমম্।
বিদ্যুন্মণ্ডলসঙ্কাশং পপাত ধরণীতলে ॥ ৩৪ ॥
নিষ্টপ্তকনকাভা সা নীলাঙ্গং রাক্ষসাধিপম্।
অশোভয়ত বৈদেহী গজং কক্ষেব কাঞ্চনী ॥ ৩৫ ॥
তাং মহোল্কামিবাকাশে দীপ্যমানাং স্বতেজসা।
জহারাকাশমাবিশ্য সীতাং বৈশ্রবণানুজঃ ॥ ৩৬ ॥
তস্যাস্তান্যগ্নিবর্ণানি ভূষণানি মহীতলে।
সদ্যঃ খান্নির্ব্যশীর্য্যন্ত ক্ষীণাস্তারা ইবাম্বরাৎ ॥ ৩৭ ॥

৩৪। টিপ্পনী। ভ্রষ্টমিত্যনেন নূপুরস্য চৈতন্যং ধ্বনিতম্। তেন কশ্চিন্মাং সংগৃহ্য রাঘবায় দর্শয়েৎ অত এব রাঘবোঽপহরণদিশং বিজানীয়াদিতি হেতুঃ সূচিতঃ। শিরোঃ।

৩৫। টিপ্পনী। নিষ্টপ্তকনকাভা নিষ্টপ্তম্ অতিশয়েন তপ্তং সমুজ্জ্বলমিত্যর্থঃ, যৎ কনকং তদ্বদ্ আভা যস্যাঃ সা। কাঞ্চনী স্বর্ণময়ী কক্ষ্যা গজাচ্ছাদনী গজমিব প্রাশোভয়ত। শিরোঃ। কক্ষ্যা ইভবন্ধনী। যথা কক্ষ্যা গজগতা গজং যন্তুর্নিগ্রাহ্যং করোতি তথেয়ং রাবণং প্রাপ্য রাম-নিগ্রাহ্যমকরোদিতি ভাবঃ। গোঃ রাঃ। কক্ষা কক্ষ্যা পর্যায়ৌ।

৩৬। টিপ্পনী। আকাশম্ আবিশ্য আশ্রিত্য। অত্র প্রকরণে বারং বারং বৈশ্রবণানুজত্বোক্ত্যা ঈদৃশক্রিয়ায়া অত্যনৌচিত্যপ্রদর্শনেন শীঘ্রফলদত্বং সূচয়তি। তিঃ।

৩৭। টিপ্পনী। ক্ষীণাঃ ক্ষীণজ্যোতিষঃ। ক্ষীণাঃ ক্ষীণপুণ্যাস্তারাস্তারারূপাবস্থিতাঃ পুণ্যকৃত ইত্যর্থঃ। তিঃ। খাৎ আকাশাৎ নির্ব্যশীর্য্যন্ত ন্যপতন্।

অগ্নিতুল্য [উজ্জ্বল পীতবর্ণ] বৈদেহীর নূপুর [তাহার] চরণ হইতে ভ্রষ্ট হইয়া বিদ্যুন্মণ্ডলের ন্যায় ধরণীতলে পতিত হইল ॥ ৩৪ ॥

গজের কাঞ্চনময় কক্ষা (কক্ষবন্ধনরজ্জু) যেরূপ গজকে শোভান্বিত করে, সুতপ্ত স্বর্ণের ন্যায় কান্তিবিশিষ্টা বৈদেহী সীতা সেইরূপ কৃষ্ণকায় রাক্ষসকে শোভান্বিত করিলেন ॥ ৩৫ ॥

মহোল্কার ন্যায় নিজ তেজে দীপ্যমানা সেই সীতাকে কুবেরানুজ [রাবণ] আকাশদেশ আশ্রয় করিয়া [এইরূপে] হরণ করিয়া লইয়া চলিল ॥ ৩৬ ॥

ক্ষীণজ্যোতি হইয়া তারাসমূহ যেরূপ আকাশ হইতে ভূতলে পতিত হয়,

১। ঙ-ড '-কপ্রভম্'। ২। ঘ-ঠ '-কাঞ্চনাভাসা'। ৩। ঙ-ড '-লাভং'। ৪। ঙ '-সেশ্বরম্'। ৫। ক 'শোভয়ামাস' ৬। ঘ 'সত্তোষাণি ব্যনী-', ঙ-ছ 'সঘোষাণি ব্যনী-', ড 'অঘোষাণি ব্যনী-'।

বিশীর্ণঃ পাণ্ডুরঃ শ্রীমাংস্তস্যা হারঃ স্তনান্তরাৎ।
বৈদেহ্যা নিপতন্ ভাতি গঙ্গেব নভসশ্চ্যুতা ॥ ৩৮ ॥
ততস্তু[১] বাতাভিহতা নানাদ্বিজকুলাবৃতাঃ[২]।
মা ভৈষীরিতি ধূতাগ্রা ব্যাজহ্রুরিব পাদপাঃ ॥ ৩৯ ॥
নলিন্যো ধ্বস্তকমলাস্ত্রস্তমীনজলেচরাঃ[৩]।
বয়স্যা ইব চোদ্‌বাষ্পাঃ[৪] শোচন্তি জনকাত্মজাম্ ॥ ৪০ ॥
তথা মহাবনে[৫] ক্রুদ্ধাঃ[৬] সিংহব্যাঘ্রমৃগ[৭]দ্বিপাঃ[৮]।
অন্বধাবং[৯]স্তদা[১০] সীতাং সর্ব্বে ছায়ানুগামিনঃ ॥ ৪১ ॥

৩৮। টিপ্পনী। স্তনান্তরাৎ স্তনয়োরন্তরালাৎ, বক্ষঃস্থলাদিত্যর্থঃ। পাণ্ডুরঃ শুভ্রঃ। শ্রীমান্ উজ্জ্বলঃ।

৩৯। টিপ্পনী। বাতাভিহতাঃ পবনান্দোলিতাঃ, অত এব ধূতাগ্রাঃ কম্পিতাগ্রাঃ পাদপাঃ। এতেন নিষেধো দর্শিতঃ। নানাদ্বিজকুলাবৃতা বিবিধপক্ষিপরিব্যাপ্তাঃ। এতেন পক্ষিকূজনেনৈব ব্যাহরণমুপপাদিতম্।

৪০। টিপ্পনী। ধ্বস্তানি কমলানি যাসু তাঃ। উদ্‌বাষ্পা উদ্‌গতবাষ্পাঃ। বয়স্যাঃ সখ্যঃ।

৪১। টিপ্পনী। সিংহাদয়ঃ ক্রুদ্ধাঃ ছায়ানুগামিনশ্চ সন্তঃ অন্বধাবন্ পশ্চাদ্ধাবিতবন্তঃ।

সেইরূপ সীতার অগ্নিবর্ণ সেই সকল ভূষণও [সীতার অঙ্গভ্রষ্ট হওয়ায় ক্ষীণজ্যোতি হইয়া] ভূতলে পতিত হইল ॥ ৩৭ ॥

বৈদেহী সীতার শুভ্রবর্ণ সমুজ্জ্বল হার বক্ষস্থল হইতে ত্রুটিত হইয়া পতনকালে আকাশচ্যুত গঙ্গার ন্যায় দীপ্তি পাইতে লাগিল ॥ ৩৮ ॥

অতঃ পর, নানাবিধ পক্ষিসমূহে পরিব্যাপ্ত পবনান্দোলিত বৃক্ষরাজী অগ্রভাগ (শিরোদেশ) সঞ্চালন করিয়া 'ভয় করিও না' [সীতাকে] যেন ইহা বলিতে লাগিল ॥ ৩৯ ॥

ধ্বস্তকমল (যাহার কমলকুল নষ্ট অর্থাৎ মলিন হইয়াছে), ত্রস্তমীনজলচর (যাহার মৎস্য ও জলচর জন্তুগণ ভীত হইয়াছে ঈদৃশ) সরসীসমূহ উদ্‌গতবাষ্পা বয়স্যার ন্যায় [সেই] জনকাত্মজার উদ্দেশে শোক করিতে লাগিল ॥ ৪০ ॥

১। ঠ '-শ্চ'। ২। ঘ-ছ '-শতাকুতাঃ', ঙ-ড '-সমাধুলাঃ', ঝ '-সমাবৃতাঃ', ঠ '-গণাবৃতাঃ'। ৩। ঙ '-লা ভ্রষ্ট-', ছ '-লাস্তপ্ত-', ঝ '-লা ধ্বস্ত-', ঠ '-লাঃ। স্রস্ত-'। ৪। ক 'চামুষ্যাঃ'। ৫। ঘ 'বনে মহাক্রুদ্ধাঃ'। ৬। ছ 'ক্রুদ্ধাঃ'। ৭। ঠ 'সিংহা ব্যাঘ্রা মৃগা দ্বিজাঃ'। ৮। ঝ ড '-দ্বিজাঃ'। ৯। ঙ-ছ-ত 'অভ্যধা-'। ১০। ঘ-ঝ '-স্তথা'।

জলপ্রপাতবিরুতৈঃ শৃঙ্গৈরুচ্ছ্রিতবাহুবঃ ।
সীতায়াং হ্রিয়মাণায়াং বিক্রোশন্তীব পর্ব্বতাঃ ॥ ৪২ ॥

হ্রিয়মাণাস্তু[১] বৈদেহীং দৃষ্ট্বা দীনো দিবাকরঃ ।
প্রবিধ্বস্ত[২]প্রভাজাল[৩] আসীৎ পাণ্ডরমণ্ডলঃ ॥ ৪৩ ॥

নাস্তি ধর্ম্মঃ কুতঃ সত্যং নার্জ্জবং[৪] নানৃশংসতা ।
যত্র রামস্য বৈদেহীং সীতাং হরতি রাবণঃ ॥ ৪৪ ॥

ইতি সর্ব্বাণি ভূতানি গগনে পর্য্যদেবয়ন্ ।
দৃষ্ট্বা সীতাং পরামৃষ্টাং রাবণেন যশস্বিনীম্[৫] ॥ ৪৫ ॥

৪২। টিপ্পনী। শৃঙ্গৈঃ শিখরৈরুপলক্ষিতাঃ পর্ব্বতাঃ উচ্ছ্রিতবাহব উন্নতহস্তাঃ, শিখররূপান্ বাহূন্ উন্নময্যেত্যর্থঃ, ক্রোশন্তোঽপি হি বাহূমুন্নময়ন্তি ; জলপ্রপাতস্য নির্ঝরবারিপাতস্য বিরুতৈঃ শব্দৈঃ, এতেন ক্রোশনমুপপাদিতম্, রাবণং বিক্রোশন্তীব তিরস্কুর্ব্বন্তীব ।

৪৩। টিপ্পনী। বৈদেহীং হ্রিয়মাণাং দৃষ্ট্বা দিবাকরঃ দীনঃ অত এব প্রবিধ্বস্তপ্রভাজালঃ অত এব পাণ্ডরমণ্ডল আসীৎ। শিরোঃ।

৪৪। টিপ্পনী। যত্র কালে। যত্র যস্মিন্ রাক্ষসশরীরে স্থিতো রাবণঃ সীতাং হরতি তস্মিন্ রাক্ষসশরীরে ধর্ম্মো নাস্তি, সত্যং কুতঃ ? আর্জ্জবং নম্রতা নাস্তি কুতোঽনৃশংসতা। শিরোঃ।

৪৫। টিপ্পনী। পর্য্যদেবয়ন্ ব্যলপন্। গোঃ রাঃ। গগনে ভূতানি গগনচারীণি ভূতানি।

আর, তখন সিংহ, ব্যাঘ্র, মৃগ এবং হস্তিসকল ক্রুদ্ধ হইয়া মহাবনে [সীতার] ছায়ানুসরণ করিয়া সীতার অনুধাবন করিতে লাগিল ॥ ৪১ ॥

সীতা [রাবণকর্ত্তৃক] অপহৃতা হইতে লাগিলে, শৃঙ্গবিশিষ্ট পর্ব্বতসমূহ যেন [শৃঙ্গরূপ] বাহু উন্নত করিয়া জলপ্রপাতশব্দে [রাবণকে] তিরস্কার করিতে লাগিল ॥ ৪২ ॥

বৈদেহীকে [রাবণকর্ত্তৃক] অপহ্রিয়মাণা দেখিয়া দিবাকর দুঃখিত, বিনষ্টদ্যুতি [ও] শুভ্রমণ্ডল হইলেন ॥ ৪৩ ॥

'যে যুগে রামের [পত্নী] বৈদেহী সীতাকে রাবণ হরণ করিতেছে, সে যুগে ধর্ম্ম নাই, সত্য কিরূপে থাকিবে ? [সে যুগে] সরলতা নাই, দয়া নাই' ; যশস্বিনী সীতাকে রাবণকর্ত্তৃক পরামৃষ্ট (প্রধর্ষিত) দেখিয়া আকাশস্থ প্রাণিসকল এইরূপে বিলাপ করিতে লাগিল ॥ ৪৪-৪৫ ॥

১। ঋ '-ণাং স বৈ-'। ২। ক-ঠ 'পরি-' 'প্রতি-', ঋ 'পরিভ্রষ্ট-'। ৩। ঙ°'-জালমা-'। ৪। ঘ '-ত্যমার্জ্জবং'। ৫। ঋ 'তপস্বিনীম্'।

হা লক্ষ্মণেতি রামেতি ক্রোশন্তীং মধুরাক্ষরম্[১]।
অবেক্ষমাণাং বৈদেহীং বহুশো ধরণীতলম্ ॥ ৪৬ ॥
স তামাকুলকেশান্তাং বিপ্রনষ্ট[২]বিশেষকাম্[৩]।
জহারাত্মবিনাশায় দশগ্রীবো[৪] মনস্বিনীম্ ॥ ৪৭ ॥
ততস্তু সা[৫] চারুদতী[৬] শুচিস্মিতা[৭] বিনাকৃতা বন্ধুজনেন মৈথিলী।
অপশ্যতী রাঘবলক্ষ্মণাবুভৌ বিবর্ণবক্ত্রা[৮] ভয়মোহমূর্চ্ছিতা ॥ ৪৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রাবণপ্রতিপ্রযাণং নাম
ঊনষষ্টিতমঃ সর্গঃ ॥ ৫৯ ॥

৪৬। লো-টী। ধরণীতলম্ অবেক্ষমাণাং সীতাং দৃষ্ট্বা পথ্যাদেবয়মিতি পূর্ব্বক্রিয়াসম্বন্ধঃ।

৪৮। লো-টী। ভয়মোহমূর্চ্ছিতা বভূবেতি শেষঃ।

৪৭। টিপ্পনী। আকুলকেশান্তাং বেগবশাদ্বিক্ষিপ্তকেশাগ্রভাগাম্, বিপ্রনষ্টবিশেষকামুচ্ছিন্নতিলকরচনাম্। তাং সীতাং স রাবণঃ আত্মবিনাশায় আত্মনো নাশার্থং জহার।

৪৮। টিপ্পনী। চারুদতী শোভনদন্তবিশিষ্টা শুচিস্মিতা মৈথিলী বন্ধুজনেন বিনাকৃতা রহিতা রামলক্ষ্মণৌ অপশ্যতী অপশ্যন্তী অতএব বিবর্ণবক্ত্রা ভয়েন ভীত্যা মোহেন বৈচিত্ত্যেন চ হেতুনা মূর্চ্ছিতা অভবদিতি শেষঃ।

'হা লক্ষ্মণ, হা রাম' বলিয়া মধুরাক্ষরে চীৎকারপরায়ণা বারংবার ভূমিতলে দৃষ্টিক্ষেপকারিণী বিক্ষিপ্তকেশাগ্রা বিলুপ্তিতিলকচিহ্না মনস্বিনী বিদেহরাজপুত্রী সীতাকে দশগ্রীব রাবণ আত্মবিনাশের নিমিত্ত অপহরণ করিল ॥ ৪৬-৪৭ ॥

অতঃপর, বন্ধুজনপরিত্যক্তা চারুদশনযুক্তা শুচিস্মিতা মৈথিলী, রাম লক্ষ্মণ [এই] উভয়কেই দেখিতে না পাইয়া বিবর্ণবদনা [ও] ভয়মোহে মূর্চ্ছিতা হইলেন ॥ ৪৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রাবণপ্রতিযান-নামক
ঊনষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৫৯ ॥

১। ঘ-ছ '-স্বনাম্', ঙ '-স্বরম্', ঠ-ড '-স্বরাম্'। ২। ছ 'প্রবিলিপ্ত-'। ৩। অতঃ পরং ঘ-ঙ-ড-পুস্তকেষু 'বরপ্রস্থানসংপন্নো বলবীর্য্যমদেন চ' ইত্যধিকঃ। ৪। ছ 'বৈদেহীন্তু'। ৫। ছ-ড 'সীতা'। ৬। ক-ঋ '-বৈ রুদ-', ছ-ড 'রুদতী'। ৭। ছ-ঋ 'সুবিস্মিতা'। ৮। ঋ '-বর্ণা'।

ষষ্টিতমঃ সর্গঃ

খমুৎপতন্তং[১] দৃষ্ট্বা[২] তং মৈথিলী জনকাত্মজা।
দুঃখিতা পরমোদ্বিগ্না বর্ত্তমানা মহাভয়ে ॥ ১ ॥
গচ্ছন্তী[৩] সাথ বৈদেহী রাবণাঙ্কে মনস্বিনী।
রোষরোদনতাম্রাক্ষী ভীমাক্ষং রাক্ষসাধিপম্।
রুদতী রাবণং সীতা হ্রিয়মাণেদমব্রবীৎ ॥ ২ ॥
পরমং খলু বীর্য্যন্তে দৃশ্যতে রাক্ষসাধিপ।
ন ব্যপত্রপসে[৪] নীচ[৫] কর্ম্মণানেন রাবণ
জ্ঞাত্বা বিরহিতাং যো মাং বলাত্ত্বং হর্ত্তুমিচ্ছসি ॥ ৩ ॥

৩। লো-টী। পরমং খলু বীর্য্যং তে রামলক্ষ্মণয়োরসাক্ষাদ্ যন্মম হরণমিত্যাক্ষেপঃ।

১-২। টিপ্পনী। পরমোদ্বিগ্না আসীদিত্যেকং রাবণমব্রবীদিত্যপরং বাক্যম্। 'ভয়ে মহতি বর্ত্তিনী'তি পাশ্চাত্ত্যপাঠঃ। খমাকাশমুৎপতন্তং ভীমাক্ষং রাক্ষসাধিপং তং দৃষ্ট্বা মহতি ভয়ে বর্ত্তিনী অত এব দুঃখিতা প্রাপ্তখেদা অত এব পরমোদ্বিগ্না অত্যুদ্বিগ্নচিত্তা অত এব রোষরোদনতাম্রাক্ষী রোষরোদনেন রাবণবিষয়ককোপহেতুকাশ্রুবিমোকেণ তাম্রে অরুণে অক্ষিণী যস্যাঃ সা সীতা করুণং রুদতী সতী তং রাবণমব্রবীৎ। শ্লোকদ্বয়মেকান্বয়ি। শিরোঃ।

৩। টিপ্পনী। নীচেতি সম্বোধনম্। ন ব্যপত্রপসে ন লজ্জসে। বিরহিতাং রামলক্ষ্মণাভ্যামিতি শেষঃ। গোঃ রাঃ। অনেন কর্ম্মণা চৌর্য্যেণ। তিঃ। নীচকর্ম্মণেত্যেকং বা পদম্। অনেন নীচকর্ম্মণা নীচজনোচিতকার্য্যেণ, চৌরবদলক্ষিতাপহরণেনেত্যর্থঃ। সামর্থ্যে সত্যপ্যেতাদৃগাচরণং সমধিকলজ্জাকরমেবেতি ভাবঃ।

রাবণ আকাশে উঠিতেছে দেখিয়া মহাভয়ে অবস্থিতা জনকাত্মজা সীতা দুঃখিতা [ও] অতিশয় উদ্বিগ্না হইলেন ॥ ১ ॥

অতঃপর, [রাবণকর্ত্তৃক] হ্রিয়মাণা রোদনপরায়ণা রোষে ও রোদনে রক্তনেত্রা মনস্বিনী বিদেহরাজনন্দিনী সেই সীতা রাবণাঙ্কগত হইয়া যাইতে যাইতে ভীষণচক্ষু রাক্ষসাধিপতি রাবণকে ইহা বলিলেন—॥ ২ ॥

১। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ঙ-ঝ ঠ 'তং দৃষ্ট্বা', ড 'দৃষ্ট্বা তু'। ৩। ঝ 'ত্বথ'। ৪। ছ 'চাপত্র-'। ৫। ঙ-ড 'বীর'।

ত্বয়ৈব নূনং দুষ্টাত্মন্ ভীরুণা হর্ত্তুমিচ্ছতা।
মমাপবাহিতো ভর্ত্তা মৃগরূপেণ মায়য়া ॥ ৪ ॥
পরমং খলু বীর্য্যন্তে দৃশ্যতে রাক্ষসাধিপ।
বিশ্রাব্য নামধেয়ং স্বং[১] যুদ্ধেনাস্মি[২] জিতা ত্বয়া ॥ ৫ ॥
রামস্য সদৃশেনৈব[৩] স্বরেণ করুণং[৪] চ যৎ।
বিক্রুষ্টং[৫] ত্বৎপ্রয়োগোঽসাবস্মদ্ধৃদয়তাপনঃ ॥ ৬ ॥

৪। লো-টী। অপবাহিতোঽন্যত্র নীতঃ।

৫। লো-টী। যুদ্ধেনাস্মি বিনির্জ্জিতেতি সোল্লুণ্ঠনং বাক্যম্।

৬। লো-টী। রামস্য সদৃশেন স্বরেণ করুণেন যেন ত্বয়া তত্তদা বিক্রুষ্টম্, স বিক্রোশঃ। 'বিক্রুষ্টং ত্বৎপ্রয়োগোঽসাবি'তি পাঠে অসৌ ত্বৎপ্রয়োগঃ তব ক্রোশরূপশব্দপ্রয়োগঃ।

৪। টিপ্পনী। মায়য়া মৃগরূপেণ মায়াগৃহীতমৃগরূপেণেত্যর্থঃ। অপবাহিতোঽন্যত্র নায়িতঃ, মায়য়া মৃগরূপেণ মারীচেনেতি শেষঃ। তিঃ। অপবাহিতঃ অপনীতঃ। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। নামপ্রখ্যাপনপূর্ব্বকং যুদ্ধকরণমেব শূরধর্ম্মঃ, স ধর্ম্মস্ত্বয়া ন পালিত ইতি সীতা রাবণমুপহসতি পরমমিত্যাদিনা। 'পরমং খলু তে বীর্য্যমি'তি পাশ্চাত্ত্যপাঠঃ। পরমমিতি সোল্লুণ্ঠনং বচনম্, অতিনীচমিত্যর্থঃ। তত্র হেতুমাহ বিশ্রাব্যেতি। হি যস্মাৎ স্বনামধেয়ং বিশ্রাব্য অহং রাবণোঽস্মীতি স্বনাম প্রখ্যাপ্য যুদ্ধেন অস্মি অহং জিতেতি ব্যতিরেকোক্তিঃ। যদ্বা তে পরমমবীর্য্যং ক্লীবত্বং হি ; যস্মাদ্ যুদ্ধে ন জিতাস্মি। গোঃ রাঃ। এতেন ত্বং চোর এব ন তু পরাক্রমবানিতি সূচিতম্। শিরোঃ।

৬। টিপ্পনী। বিক্রুষ্টম্ উচ্চৈর্নদিতম্। অসৌ বিক্রোশঃ অস্মদ্ধৃদয়তাপনো মম হৃদয়স্য সন্তাপজনক ত্বৎপ্রয়োগস্ত্বদীয়মনুষ্ঠানম্। অসাবিতি বিধেয়প্রাধান্যাৎ পুংস্ত্বম্।

হে রাক্ষসাধিপতে, তোমার বিলক্ষণ বীর্য্যবত্তা দেখিতেছি ; হে নীচস্বভাব রাবণ, [তোমার অনুষ্ঠিত] এই কর্ম্মদ্বারা তুমি লজ্জিত হইতেছ না ? যে তুমি আমাকে [রামলক্ষ্মণ-] বিরহিতা জানিয়া বলপূর্ব্বক হরণ করিতে ইচ্ছা করিতেছ ? ॥ ৩ ॥

রে দুষ্টচিত্ত, নিশ্চয় কাপুরুষ তুমিই [আমাকে] হরণ করিতে ইচ্ছা করিয়া মায়া [-গৃহীত] মৃগরূপে আমার স্বামীকে অন্যত্র লইয়া গিয়াছিলে ॥ ৪ ॥

হে রাক্ষসাধিপতে, তোমার বিলক্ষণ বীর্য্যবত্তা দেখিতে পাইতেছি, তুমি [রামচন্দ্রকে] নিজ নাম শ্রবণ করাইয়া যুদ্ধে আমাকে জয় করিয়াছ [বটে] ॥ ৫ ॥

১। ক-খ 'তে'। ২। ক-খ 'বিনির্জ্জিতা'। ৩। ছ '-শেন ত্বং'। ৪। খ 'করুণেন চ'। ৫। খ 'তত্ত্বয়া যেন সোঽস্ম-'।

ঈদৃশং গর্হিতং কর্ম্ম কথং কৃত্বা ন লজ্জসে।
স্ত্রিয়াশ্চ[১] হরণং নীচ রহিতে চ পরস্য[২] চ॥ ৭ ॥
কথয়িষ্যন্তি[৩] তে লোকে[৪] জনাঃ কর্ম্ম জুগুপ্সিতম্।
সুনৃশংসমধর্ম্মিষ্ঠং[৫] তব শৌটীরমানিনঃ[৬] ॥ ৮ ॥
ধিক্ তে[৭] বীর্য্যঞ্চ সত্ত্বঞ্চ[৮] যৎ ত্বয়া কথিতং স্বয়ম্
কুলাক্রোশকরং[৯] লোকে ধিক্ তে[১০] চারিত্রমীদৃশম্ ॥ ৯ ॥

৭। লো-টী। পরস্য ত্বত্তো বিশিষ্টস্য রামস্য রহিতে ত্যক্তে আশ্রমে।

৮। লো-টী। আনৃশংস্যম্ আ সমন্তাৎ ক্রূরতরম্।

৯। লো-টী। সত্ত্বং বলম্। কুলাক্রোশকরং কুলনিন্দাকরম্।

৭। টিপ্পনী। স্ত্রিয়া হরণমেব গর্হিতং রাক্ষসাদিবিবাহানাং শাস্ত্রে গর্হিতত্বাৎ, তত্রাপি পরস্য বিবাহিতায়াঃ, তত্রাপি রহিতে পতিরহিতে কালে দেশে চেত্যতিনিন্দ্যং তে কর্ম্মেতি ভাবঃ। তিঃ।

৮। টিপ্পনী। শৌটীরমানিনঃ শূরমানিনঃ। তাদৃশস্যেদৃশী লোকে নিন্দা মরণাদপ্যধিকেতি ভাবঃ। তিঃ। সুনৃশংসমতিক্রূরম্। অধর্ম্মিষ্ঠমত্যধর্ম্মম্। শিরোঃ।

৯। টিপ্পনী। সত্ত্বং ধৈর্য্যম্। কুলাক্রোশঃ কুলনিন্দা। চারিত্রমাচারঃ। তিঃ।

অবিকল রামসদৃশ [কণ্ঠ-] স্বরে এবং করুণভাবে যে চীৎকারশব্দ হইয়াছিল, [বুঝিতেছি] উহা আমার হৃদয়ের সন্তাপজনক ত্বদীয় অনুষ্ঠান ॥ ৬ ॥

রে নীচ, [জন-] শূন্য প্রদেশে, স্ত্রীলোকের [বিশেষতঃ] পরপত্নী হরণরূপ ঈদৃশ গর্হিত কর্ম্ম করিয়া কেন লজ্জিত হইতেছ না ॥ ৭ ॥

বীর্য্যবত্তাভিমানী তোমার [এই] কর্ম্ম অতিনির্দ্দয়, একান্ততো ধর্ম্মহীন ও নিন্দিত বলিয়া জনগণ জগতে কীর্ত্তন করিবে ॥ ৮ ॥

তোমার যে বীর্য্যবত্তা ও ধৈর্য্যবত্তা তুমি নিজে [পূর্ব্বে আমার নিকট] কীর্ত্তন করিয়াছিলে, তাহাকে ধিক্ ; জগতে কুলনিন্দাকর তোমার এবংবিধ আচরণকে [-ও] ধিক্ ॥ ৯ ॥

১। ঙ-ড '-ণে', ঝ '-ণার্থায়'। ২। ঘ-ঙ-ছ-ড '-রস্পরম্'। ৩। ঝ 'কথয়ন্তি নরা'। ৪। ছ 'লোকে তে নরাঃ'। ৫। ঙ 'সুভৃশং মম ধর্ম্মিষ্ঠং', ঝ 'আনৃশংস্যমধর্ম্যাঞ্চ', ঠ 'অনৃ-'। ৬। ক-ঝ ঠ 'শৌটীর্য্যমানিনঃ', ঠ 'শৌটীয়শালিনঃ'। ৭। ঠ 'ত্বাং'। ৮। ছ 'শৌর্য্যঞ্চ বীর্য্যঞ্চ', ঠ 'সত্ত্বঞ্চ বীর্য্যঞ্চ'। ৯। ঘ-ড় 'কুলনাশকরং'। ১০। ঙ-ড 'ত্বাং'।

এবং গতে তু কিং শক্যং কর্ত্তুং যস্ত্বং পলায়সে।
মুহূর্ত্তমপি তিষ্ঠ ত্বং ন জীবন্ প্রতিযাস্যসি ॥ ১০ ॥
ন হি[1] চক্ষুঃপথং প্রাপ্য তয়োঃ পুরুষসিংহয়োঃ।
সসৈন্যোঽপি সমর্থস্ত্বং মুহূর্ত্তমপি জীবিতুম্ ॥ ১১ ॥
ন ত্বং শক্তঃ শরস্পর্শং তয়োঃ সোঢ়ুং কথঞ্চন[2]।
বনে প্রজ্বলিতস্যেব স্পর্শমগ্নের্ব্বিহঙ্গমঃ ॥ ১২ ॥
যেন ত্বং ব্যবসায়েন বলান্মামভিবাঞ্ছসি[3]।
ব্যবসায়ঃ স তে পাপ ভবিষ্যতি নিরর্থকঃ ॥ ১৩ ॥

১০। লো-টী। এবং গতে মাং চৌর্য্যেণ হৃতবতি সতি।

১০। টিপ্পনী। এবং গতে এতাদৃশ্যামবস্থায়াম্। তব কিং কর্ত্তুং কিং: প্রতিবিধাতুং শক্যং রামেণেতি শেষঃ। যস্ত্বং পলায়সে, স ত্বং মুহূর্ত্তমপি তিষ্ঠ, তর্হি ন জীবন্ প্রতিযাস্যসি সজীবো ন নিবর্ত্তিষ্যসে, অর্থাদিহৈব মরিষ্যসীতি ভাবঃ।

১১। টিপ্পনী। তয়ো রামলক্ষ্মণয়োঃ।

১২। টিপ্পনী। তয়ো রামলক্ষ্মণয়োঃ শরস্পর্শং সোঢ়ুং বনে প্রজ্বলিতস্যাগ্নেঃ স্পর্শং বিহঙ্গম ইব কথঞ্চনাপি ন শক্তঃ সমর্থোঽসীতি শেষঃ। শিরোঃ।

১৩। টিপ্পনী। ব্যবসায়েন অভিপ্রায়েণ। যেনেতি, ব্যবসায়েন ভোগব্যবসায়েনে-ত্যগ্রাম্যোক্তিঃ। গোঃ রাঃ।

ঈদৃশ অবস্থায় রাম [তোমার] কি করিতে পারেন; তুমি মুহূর্ত্তমাত্র অপেক্ষা কর, যে তুমি পলায়ন করিতেছ; জীবিতাবস্থায় ফিরিতে পারিবে না ॥ ১০

পুরুষসিংহ রামলক্ষ্মণের নেত্রপথে আসিয়া তুমি সৈন্যসমন্বিত হইলেও মুহূর্ত্ত কালও জীবিত থাকিতে পারিবে না ॥ ১১ ॥

বিহঙ্গম যেরূপ বনে প্রজ্বলিত বহ্নির স্পর্শ সহ্য করিতে সমর্থ হয় না, তুমিও সেইরূপ রামলক্ষ্মণের বাণস্পর্শ কোনরূপে সহ্য করিতে সমর্থ হইবে না ॥

হে পাপ, তুমি যে [দুষ্ট] অভিপ্রায়ে আমাকে বলপূর্ব্বক [লাভ করিতে] ইচ্ছা করিতেছ, তোমার সেই অভিপ্রায় সফল হইবে না ॥ ১৩ ॥

১। ছ 'তু'। ২। ঠ '-দাচন'। ৩। ঠ '-স্মাং প্রতি-'।

ন হ্যহং তমপশ্যন্তী ভর্ত্তারং বিবুধোপমম্।
উৎসহে [১]শত্রুবশগা প্রাণান্ ধারয়িতুং [২]চিরম্ ॥ ১৪ ॥
[৩]সত্যো লোকপ্রবাদোঽয়ং [৪]শ্রূয়তে ভুবি রাক্ষস।
যদি তে ন শ্রুতং পূর্ব্বং [৫]গুরুভ্যঃ শ্রূয়তাং মম ॥ ১৫ ॥
দীপনির্ব্বাণগন্ধঞ্চ সুহৃদ্বাক্যমরুন্ধতীম্।
ন জিঘ্রতি মুমূর্ষু[৬]র্ব্বৈ ন শৃণোতি ন পশ্যতি ॥ ১৬ ॥
[৭]নূনং [৮]ত্বং নাত্মনঃ শ্রেয়ঃ সমবেক্ষিতুমিচ্ছসি।
শূরনাথবতীমেবং [৯]যো মাং [১০]ত্বং হর্ত্তুমিচ্ছসি ॥ ১৭ ॥

১৪। লো-টী। ত্বদ্বশা ভবিতুমিতি শেষঃ।

১৫। লো-টী। তরুণ্যাঃ স্ত্রিয়া মম স্থানে ইত্যাক্ষেপঃ। 'গুরুভ্যঃ' ইতি বা পাঠঃ।

১৪। টিপ্পনী। বিবুধোপমং দেবোপমম্। নোৎসহে নোৎসহিষ্যে ন সমর্থা ভবিষ্যামীত্যর্থঃ। নৈরর্থক্যমেবাহ—ন হীতি। ইদানীং কথং ধারয়সি, অত্র পরিহারঃ চিরমিতি। গোঃ রাঃ।

১৭। টিপ্পনী। শ্রেয়ঃ কল্যাণম্। শূরনাথবতীং বিদ্যমানবীরস্বামিকাম্।

আমি দেবোপম ভর্ত্তা রামচন্দ্রকে দর্শন করিতে না পাইলে শত্রুবশীভূতা হইয়া নিশ্চয়ই বহুকাল জীবনধারণ করিতে সমর্থা হইব না ॥ ১৪ ॥

হে রাক্ষস, পৃথিবীতে যথার্থ এই লোকপ্রবাদ শুনা যায়; যদি পূর্ব্বে গুরুজনদিগের নিকট তোমার শুনা না থাকে, [তবে] আমার নিকট শ্রবণ কর ॥ ১৫ ॥

'মুমূর্ষু ব্যক্তি নিশ্চয়ই দীপনির্ব্বাণগন্ধ আঘ্রাণ করে না, সুহৃদ্‌বাক্য শ্রবণ করে না, অরুন্ধতী দর্শন করে না' ॥ ১৬ ॥

তুমি নিশ্চয়ই নিজ মঙ্গল দেখিতে ইচ্ছা কর না, যে তুমি বীরপতিবিশিষ্টা আমাকে এইরূপে হরণ করিতে অভিলাষ করিতেছ ॥ ১৭ ॥

১। ঝ 'ত্বদ্বশা নাহং'। ২। ঝ 'চিরাং'। ৩। ঘ 'সত্যলোক-', ড 'সত্যো লোকে'। ৪। ঙ 'শ্রুতস্তে রাক্ষসেশ্বর', ড 'শ্রুতস্তে'। ৫। ক-ঝ-ঠ 'তরুণ্যাঃ'। ৬। ক '-র্যো', ঝ '-শ্চ'। ৭। ঘ-ঙ-ঠ-ড 'নূনঞ্চ'। ৮। ছ-ঝ 'ত্বমাত্ম-'। ৯। ঝ 'যস্মাং'। ১০। ঠ 'হর্ত্তুং ত্বমি-'।

মুমূর্ষূণাং[১] হি সর্ব্বেষাং যৎ পথ্যং তন্ন রোচতে।
পশ্যামি[২] পাপ কণ্ঠে[৩] ত্বাং কালপাশাবপাশিতম্[৪] ॥ ১৮ ॥
যথা[৫] চাস্মিন্ ভয়স্থানে ন বিভেষি দশানন।
নূনং হিরণ্ময়ান্ মোহাৎ[৬] ত্বং[৭] পশ্যসি মহীরুহান্[৮] ॥ ১৯ ॥
নদীং বৈতরণীং মৃত্যোঃ ক্ষারগম্ভীরবাহিনীম্।
খড়্গপত্রবনং[৯] তত্র[১০] ভীমং[১১] দ্রক্ষ্যসি রাবণ ॥ ২০ ॥
তপ্তকাঞ্চনপুষ্পাঞ্চ[১২] বৈদূর্য্যহরিতচ্ছদাম্[১৩]।
দ্রক্ষ্যসে শাল্মলীং কীর্ণাং[১৪] তীক্ষ্ণৈরায়সকণ্টকৈঃ ॥ ২১ ॥

১৮। লোটী। পাশিতং বন্ধনম্।
১৯। লো-টী। অস্মিন্ ভয়স্থানে ন বিভেষি। 'লোভাৎ' 'মোহাৎ' ইতি পাঠঃ।
২০। লো-টী। ক্ষারগম্ভীরবাহিনীং ক্ষারময়ীং গম্ভীরবাহিনীমিত্যর্থঃ।
২১। লো-টী। কীর্ণাং ব্যাপ্তাম্।

১৮। টিপ্পনী। সর্ব্বেষাং মুমূর্ষূণাং যৎ পথ্যং তন্ন রোচতে। শিরোঃ। ত্বাং কণ্ঠে কালপাশাবপাশিতং কালপাশেন বদ্ধং পশ্যামি।

১৯। টিপ্পনী। ভয়স্থানে ভয়কারণে। ভয়স্থানে, ভীতিভবনে অস্মিন্নপহরণে ত্বং ন বিভেষি। গোঃ রাঃ। হিরণ্ময়বৃক্ষদর্শনং মৃত্যুচিহ্নম্। তিঃ।

২০। টিপ্পনী। খড়্গপত্রবনং নরকবিশেষঃ। 'অসিপত্রবনম্' ইতি পাশ্চাত্তপাঠঃ। অসিময়পত্রযুক্তবনমিতি নরকবিশেষস্য নাম। গোঃ রাঃ।

সকল মুমূর্ষু ব্যক্তিরই যাহা পথ্য তাহা রুচিকর হয় না। হে পাপ, তোমাকে আমি কণ্ঠদেশে কালপাশদ্বারা আবদ্ধ দেখিতেছি ॥ ১৮ ॥

আর, হে দশানন, তুমি যে [আমার অপহরণরূপ] এই ভয়কারণ বিদ্যমান থাকিতে [-ও] ভীত হইতেছ না, ইহাতে [মনে হয়] নিশ্চয় তুমি অজ্ঞানবশতঃ বৃক্ষসমূহকে স্বর্ণময় দর্শন করিতেছ [স্বর্ণময়বৃক্ষদর্শন মৃত্যুলক্ষণ] ॥ ১৯ ॥

হে রাবণ, তুমি ক্ষারসলিলা গম্ভীরবাহিনী (গভীর খাতে প্রবাহিতা)

১। ড '-ণাঞ্চ'। ২। ক-ঘ-ঝ '-ম্যেব হি', ছ '-মীব হি'। ৩। ঝ 'ত্বে'। ৪। ঙ '-পাশাবসাদিতম্', ঝ '-পাশেন পা-'। ৫। ঝ 'যথাস্মিন্ন ভয়স্থানে বিভেষি ত্বং'।' ৬। ঝ 'লোভাৎ' ঠ 'বৃক্ষান্'। ৭। ঙ-ঠ-ড 'পশ্যসি ত্বং'। ৮। ঝ '-হম্'। ৯। ছ 'অসিপত্রবনং যত্তু'। ১০। ক-ঘ-ঠ '-বলং'। ১১। গ-ঙ 'তচ্চ'। ১২। ক-ঝ '-প্রখ্যাঞ্চ'। ১৩। ছ '-চরিত-'। ১৪। ছ 'তীক্ষ্ণাং'।

বদ্ধস্ত্বং কালপাশেন দুর্নিবারেণ রাবণ।
ক্ব গতো লপ্স্যসে শর্ম্ম ভর্ত্তুর্ম্মম মহাত্মনঃ ॥ ২২ ॥
ন হি ত্বমীদৃশং কৃত্বা তস্যালীকং দশানন।
জীবিতুং শক্ষ্যসি চিরং বিষং পীত্বেব দুর্ম্মতিঃ ॥ ২৩ ॥
নিমেষান্তরমাত্রেণ বিনা ভ্রাত্রা মহাত্মনা।
রক্ষসাং নিহতান্যাজৌ সহস্রাণি চতুর্দ্দশ ॥ ২৪ ॥

২৩। লো-টী। অমীবম্ অপরাধম্। 'অলীকম্' ইতি পাঠে স এবার্থঃ।

২১। টিপ্পনী। পারদারিকস্যাসাধারণনরকানুভবং দর্শয়তি তপ্তেতি। তপ্তানি সন্তোঽগ্নি-নিষ্টপ্তানি কাঞ্চনময়ানি পুষ্পাণি যস্যাস্তাম্। স্বর্ণস্য তপ্তত্বে অতীবৌষ্ণ্যং ভবতি। বৈদূর্য্যপ্রবরা বৈদূর্য্যমণিশ্রেষ্ঠময়াশ্ছদাঃ পর্ণানি যস্যাস্তাম্। অত্রাপি তপ্তেতি বিশেষণং বোধ্যম্। শাল্মলীং পারদারিকালিঙ্গ্যত্বেন যমলোকোৎপন্নাং শাল্মলীবৃক্ষাকারস্থূণাং দ্রক্ষ্যসে দ্রক্ষ্যসি আলিঙ্গিতুমিতি শেষঃ। গোঃ রাঃ।

২২। টিপ্পনী। মহাত্মনো মম ভর্ত্তুরপরাধং কৃত্বেতি শেষঃ। ক্ব গতঃ সন্ শর্ম্ম কল্যাণং লপ্স্যসে প্রাপ্স্যসি, ন ক্বাপীত্যর্থঃ। অতো দুর্নিবারেণ কালপাশেন ত্বং বদ্ধোঽসি। শিরোঃ।

২৩। টিপ্পনী। তস্য রামস্য ঈদৃশমলীকমবাধং কৃত্বা দুর্ম্মতির্বিষং পীত্বেব চিরং জীবিতুং ন শক্ষ্যসি অচিরাদেব মরিষ্যসীতি ভাবঃ।

২৪। টিপ্পনী। মহাত্মনা রামেণ আজৌ সংগ্রামে ভ্রাত্রা বিনা ভ্রাতৃসাহায্যমন্তরেণৈব একাকিনৈবেত্যর্থঃ। নিমেষান্তরমাত্রেণ নিমেষাবকাশমাত্রেণ রক্ষসাং চতুর্দ্দশসহস্রাণি নিহতানি।

যমের বৈতরণী নদী এবং তত্রত্য ভীষণ খড়্গপত্রবন (যাহার পত্রসমূহ খড়্গধারার ন্যায় তীক্ষ্ণ, নরকবিশেষ) দর্শন করিবে ॥ ২০ ॥

তপ্তকাঞ্চনময়পুষ্পবিশিষ্ট, [তপ্ত] বৈদূর্য্যময়-হরিদ্বর্ণপত্রযুক্ত, তীক্ষ্ণ লৌহ-কণ্টকে পরিব্যাপ্ত শাল্মলীবৃক্ষ (শাল্মলীবৃক্ষতুল্য লৌহস্তম্ভ, যাহার সহিত যমলোকে যমদূতগণ পরস্ত্রীগামীকে আলিঙ্গন করায়) তুমি দেখিতে পাইবে ॥ ২১ ॥

হে রাবণ, তুমি দুর্নিবার কালপাশে বদ্ধ হইয়াছ; আমার মহাত্মা স্বামীর নিকট অপরাধ করিয়া কোথায় যাইয়া মঙ্গল লাভ করিবে ॥ ২২ ॥

হে দশানন, দুর্ম্মতি ব্যক্তি যেরূপ বিষ পান করিয়া বহুকাল জীবন ধারণ করিতে পারে না, তুমিও সেইরূপ রামের নিকট ঈদৃশ অপরাধ করিয়া বহুকাল জীবন ধারণ করিতে পারিবে না ॥ ২৩ ॥

১। ঝ 'রুদ্ধ-'। ২। ড 'রাক্ষস'। ৩। ঝ 'তস্য ভর্ত্তুর্ম্মহা-'। ৪। ক-ঝ '-স্যামীবং'। ৫। ক-খ-ঙ-ঝ 'শক্যসি'। ৬। ঘ 'রাক্ষসান্', ছ-ঝ 'রক্ষাংসি'।

স কথং রাঘবো বীরঃ সর্ব্বাস্ত্রকুশলো বলী।
ন ত্বাং হন্যাচ্ছরৈস্তীক্ষ্ণৈ রিপুং ভার্য্যাপহারিণম্ ॥ ২৫ ॥
এতচ্চান্যচ্চ পরুষং মৈথিলী রাবণাঙ্কগা।
দুঃখশোকসমাবিষ্টা করুণং বিললাপ হ ॥ ২৬ ॥
তথা ভৃশার্ত্তাং বহুশস্তদাতুরাং বিলাপপূর্ব্বং করুণাভিভাষিণীম্।
জহার পাপঃ কৃপণাং সুদুঃখিতাং বিচেষ্টমানাং ধৃতবাষ্পবেপথুম্ ॥ ২৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রাবণভর্ৎসনং নাম
ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬০ ॥

২৭। লো-টী। ধৃতো বাষ্পো বেপথুশ্চ যয়া তাম্।

২৫। টিপ্পনী। স যথোক্তপরাক্রমঃ। রিপুং শত্রুং ত্বাং কথং ন হন্যাৎ অপি তু হন্যাদেব। রিপুত্বমেব দর্শয়তি ভার্য্যাপহারিণমিতি। এতচ্চান্যচ্চেতি নানাবিধমিত্যর্থঃ।

২৭। টিপ্পনী। তথেতি বাচামগোচরত্বোক্তিঃ। বিলাপপূর্ব্বং করুণং চ যথা তথা ভাষিণীম্। গোঃ রাঃ। ভৃশার্ত্তামতীব শোকাকুলাম্। পাপঃ পাপকর্ম্মা। তদা আতুরামিতি চ্ছেদঃ, আতুরাং বিহ্বলাম্। কৃপণাং দীনাম্।

মহাত্মা রাম মাত্র নিমেষমধ্যে ভ্রাতা [লক্ষ্মণ] ব্যতিরেকে (অর্থাৎ একাকী) যুদ্ধে চতুর্দ্দশসহস্র রাক্ষস নিধন করিয়াছেন ॥ ২৪ ॥

সর্ব্বাস্ত্রকুশল বলবান্ বীর্য্যবান্ সেই রাম ভার্য্যাপহারী শত্রু তোমাকে তীক্ষ্ণ শরের দ্বারা কেন না নিহত করিবেন ? ॥ ২৫ ॥

রাবণাঙ্কগতা দুঃখশোকসমাকুলা বৈদেহী [রাবণকে এইরূপ] নানাবিধ পরুষবাক্য বলিয়া করুণস্বরে রোদন করিতে লাগিলেন ॥ ২৬ ॥

পাপকর্ম্মা রাবণ তখন সেইরূপ অতিশোকাকুলা, বিহ্বলা, বিলাপপূর্ব্বক বারংবার করুণভাষিণী, দীনা, অতিদুঃখিতা [রাবণক্রোড়ে] বিলুণ্ঠিতা বাষ্প-কম্পান্বিতা (যাঁহার নেত্রে বাষ্প ও শরীরে কম্প উপস্থিত হইয়াছে) সীতাকে হরণ করিয়া লইয়া চলিল ॥ ২৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রাবণভর্ৎসনা-নামক
ষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৬০ ॥

১। ঘ '-লী'। ২। ঝ 'ত্বং'। ৩। ঙ ড '-ক্ষ্ণৈঃ শত্রুং', ছ '-ক্ষ্ণৈরিষ্টভার্য্যা-'। ৪। ছ '-ত্বুক্ত্বা চ'। ৫। ঝ 'পুরুষং'। ৬। ঘ 'পরমং'। ৭। ঙ 'তদা'। ৮। ছ '-র্ত্তং'। ৯। ক-ঘ '-পূর্ব্বাং', ঠ '-পূর্ণাং'। ১০। ছ '-লাপিনীম্'।

একষষ্টিতমঃ সর্গঃ

সংভ্রান্তশ্চৈব হৃষ্টশ্চ[১] প্রগৃহ্য জনকাত্মজাম্ ।
জবেন মহতাবিষ্টঃ সংপ্রয়াতো[২] নভস্তলম্ ॥ ১ ॥

পূর্ব্বাং দিশং জনস্থানান্মূঢ়চেতা জগাম সঃ ।
জটায়ুষং[৩] নিহত্যাজৌ ঘোর[৪]বিক্রমশালিনম্[৫] ॥ ২ ॥

বীক্ষমাণো দিশঃ সর্ব্বা নেত্রৈরনিমিষৈরিব[৬] ।
স সংভ্রান্তোহথ[৭] দিঙ্মূঢ়ঃ পম্পামভিমুখো যযৌ ॥ ৩ ॥

উপর্য্যুপরি পম্পায়া[৮] ঋষ্যমূকং চ পর্ব্বতম্ ।
জগামাদায় রুদতীং[৯] মৈথিলীং রাক্ষসেশ্বরঃ ॥ ৪ ॥

১। লো-টী। সম্ভ্রান্তো রামদর্শনশঙ্কয়া।

১। টিপ্পনী। সম্ভ্রান্তঃ রামাগমনশঙ্কয়া সম্ভ্রমান্বিতঃ। হৃষ্টঃ সীতাসংগমসম্ভাবনয়া আনন্দিতশ্চ। জবেন বেগেন।

২। টিপ্পনী। মূঢ়চেতাঃ অসম্ভবসম্ভাবনাকরণাদ্ ভ্রান্তচিত্তঃ।

৩। টিপ্পনী। অনিমিষৈর্নিমেষরহিতৈঃ। ইবশব্দো বাক্যালঙ্কারে।

৪। টিপ্পনী। পম্পায়া ঋষ্যমূকঞ্চ উপর্য্যুপরি তয়োঃ সন্নিহিতোর্দ্ধপ্রদেশেন, উপরিশব্দস্য সামীপ্যে দ্বির্বচনম্। পম্পায়া ইত্যত্র দ্বিতীয়াভাব আর্ষঃ।

জানকীকে গ্রহণ করিয়া আনন্দিত ও [রামের আগমনভয়ে] সম্ভ্রান্ত (ব্যস্ত) রাবণ মহাবেগান্বিত হইয়া গগনতলে গমন করিল ॥ ১ ॥

ঘোরবিক্রমশালী জটায়ুকে যুদ্ধে নিহত করিয়া ভ্রান্তচিত্ত রাবণ জনস্থান হইতে [গন্তব্য দিকে না যাইয়া] পূর্ব্বদিক্ অভিমুখে গমন করিতে লাগিল ॥ ২ ॥

অনন্তর, ভ্রান্তচিত্ত দিঙ্মূঢ় রাবণ অনিমেষ (যাহাতে নিমেষ নাই ঈদৃশ) নেত্রপংক্তিদ্বারা সকল দিক্ দর্শন করিতে করিতে পম্পাসরোবরাভিমুখে গমন করিল ॥ ৩ ॥

১। ক-ড 'সংহৃষ্টঃ'। ২। ছ-ঝ 'স প্র-'। ৩। ঘ-ঠ-ড '-য়ুষা বৈ নিহতো', ছ-ঞ '-য়ুষা বৈ বিহতো'। ৪। ঝ 'ঘোরং বি-'। ৫। ঘ-ঙ-ঠ '-শালিনা', ড '-গামিনা'। ৬। ছ '-রপি'। ৭। ক 'সংভ্রান্তোহথ স দি-', ছ 'সংভ্রান্তঃ পথি দি-', ঠ 'তং ভ্রান্তোহথ স দি-'। ৮। ক-ঘ-ঙ '-য়াম্বৃষ্য-'। ৯। ঙ 'বৈদেহীং রুদতীং'।

হ্রিয়মাণা[১] তু বৈদেহী ক্বচিন্নাথমপশ্যতী[২] ।
দদর্শ গিরিশৃঙ্গস্থান্[৩] পঞ্চ বানরপুঙ্গবান্ ॥ ৫ ॥

তেষাং মধ্যে বিশালাক্ষী কৌষেয়ং কনকপ্রভম্ ।
উত্তরীয়ং বরারোহা শুভান্যাভরণানি[৪] চ ।
মুমোচ[৫] যদি রামস্য শংসেয়ুরিতি জানকী ॥ ৬ ॥

বসুধাসক্তনয়না নেত্রজং বারি মুঞ্চতী ।
বস্ত্রং সভূষণং[৬] ক্ষিপ্রং তেষাং মধ্যে ন্যপাতয়ৎ[৭] ॥ ৭ ॥

৫। টিপ্পনী। ক্বচিন্নাথং রক্ষকমপশ্যতী অপশ্যন্তী। শিরোঃ।

৬। টিপ্পনী। বিশালাক্ষী সীতা 'যদি কদাচিৎ রামায় শংসেয়ুঃ' ইতি হেতোঃ কনকপ্রভং স্বর্ণপ্রভাসদৃশপ্রভাবিশিষ্টং কৌষেয়মুত্তরীয়ম্ আভরণানি চ তেষাং বানরপুঙ্গবাণাং মধ্যে মুমোচ। শিরোঃ। বরারোহা প্রশস্তনিতম্বা প্রশস্তসৌন্দর্য্যা বা।

৭। টিপ্পনী। তেষাং বানরাণাং মধ্যে। মুঞ্চতীতি নুমাগমাভাবঃ পাক্ষিকঃ। পূর্ব্বোক্তস্যৈবায়মনুবাদঃ।

রাক্ষসেশ্বর [রাবণ] রোদনপরায়ণা মৈথিলীকে গ্রহণ করিয়া পম্পাসরোবরের, এবং [ক্রমে] ঋষ্যমূক পর্ব্বতের সন্নিহিত ঊর্দ্ধভাগ দিয়া গমন করিল ॥ ৪ ॥

[রাবণকর্ত্তৃক] অপহ্রিয়মাণা বৈদেহী [এ যাবৎ] কোন স্থলে [স্বীয়] রক্ষাকর্ত্তা দেখিতে পান নাই। [এক্ষণ] তিনি [ঋষ্যমূক-] গিরিশৃঙ্গে অবস্থিত পাঁচটি বানরপুঙ্গবকে দেখিতে পাইলেন ॥ ৫ ॥

সৌন্দর্য্যশালিনী বিশালাক্ষী জানকী স্বর্ণপ্রভ কৌষেয় উত্তরীয়বস্ত্র এবং সুন্দর আভরণসমূহ এই নিমিত্ত তাহাদের মধ্যে নিক্ষেপ করিলেন [যে], যদি তাহারা রামের নিকট [এই অপহরণবৃত্তান্ত] বলে ॥ ৬ ॥

সীতা ভূমিসংলগ্নদৃষ্টি হইয়া নয়নসমুত্থ সলিল (অশ্রু) মোচন করিতে করিতে অলঙ্কারসমন্বিত বস্ত্র ক্ষিপ্রভাবে তাঁহাদের মধ্যে নিক্ষেপ করিয়াছিলেন ॥ ৭ ॥

১। ছ '-ণাথ'। ২। ঙ-ঘ 'কঙ্কি-', ছ 'কিঙ্কি-'। ৩। ছ '-যূথপান্'। ৪। ঝ 'তদা বানরসন্নিধৌ'। ৫। ঝ-পুস্তকে অত আরভ্য অষ্টমশ্লোকান্তোঽংশো নাস্তি, ঙ 'অমোচয়দ্ধি'। ৬। ঠ 'বস্ত্রঞ্চ ভূষণং'। ৭। ঙ 'ব্যসর্জ্জয়ৎ', ড 'বাপাতয়ৎ'।

সংভ্রমাত্তু দশগ্রীবঃ সীতাং নৈবাববুদ্ধবান্।
ভূষণানি[1] চ সর্ব্বাণি দিব্যং চূড়ামণিং বিনা।
বিসৃজন্তীং বরারোহাং তদা বানরসন্নিধৌ ॥ ৮ ॥
পিঙ্গাক্ষাস্তে বিশালাক্ষীং নেত্রৈরনিমিষৈরিব।
বিক্রোশন্তীং তদা সীতাং দদৃশুর্ব্বানরর্ষভাঃ ॥ ৯ ॥
তস্যা[2] বিচেষ্টমানায়াঃ স্রস্তং[3] বসনমুত্তমম্[4]।
স্রজশ্চ বিবিধাশ্ছিন্নাঃ[5] পেতুরাভরণানি চ ॥ ১০ ॥
তানি বৈ কলধৌতানি পাবকার্চ্চির্নিভানি[6] চ।
নক্ষত্রবিমলাভানি নিপেতুর্গিরিসানুষু ॥ ১১ ॥

৮। টিপ্পনী। সম্ভ্রমাৎ চিত্তক্ষোভাদ্ দশগ্রীবো রাবণঃ সীতাং বানরসন্নিধৌ চূড়ামণিং বিনা অন্যানি ভূষণানি বিসৃজন্তীং নাববুদ্ধবান্ নৈব জ্ঞাতবান্।

৯। টিপ্পনী। বিক্রোশন্তীং রাম রামেতি বিক্রোশন্তীমিত্যর্থঃ। গোঃ রাঃ। পিঙ্গাক্ষা বানরোত্তমা অনিমিষৈঃ নিমিষরহিতৈরিব নেত্রৈর্দদৃশুঃ। শিরোঃ।

১০। টিপ্পনী। বিচেষ্টমানায়া রাবণাঙ্কে লুণ্ঠিতায়াঃ।

১১। টিপ্পনী। কলধৌতানি স্বর্ণানি স্বর্ণময়ভূষণানীত্যর্থঃ, পাবকার্চ্চির্নিভানি বহ্নি-শিখাতুল্যানি তানি আভরণানি, নক্ষত্রবিমলাভানি নক্ষত্রবদ্ বিমলাভাযুক্তানি।

রাবণ কিন্তু ব্যস্ততাবশতঃ কোনক্রমেও জানিতে পারিল না [যে], সৌন্দর্য্যময়ী সীতা দিব্য চূড়ামণিব্যতিরেকে সমগ্র অলঙ্কার তখন বানরসমীপে নিক্ষেপ করিতেছেন ॥ ৮ ॥

পিঙ্গলনেত্র বানরপুঙ্গবগণ তখন বিশালনেত্রা [রাম রাম বলিয়া] চীৎকার-কারিণী সীতাকে অনিমেষনেত্রে দর্শন করিতে লাগিল ॥ ৯ ॥

[রাবণ-ক্রোড়ে] বিলুণ্ঠিতা সীতার স্খলিত উত্তম বসন, ছিন্ন বিবিধ মাল্য এবং আভরণসমূহ [পর্ব্বতোপরি] পতিত হইল ॥ ১০ ॥

বহ্নিশিখাতুল্য [উজ্জ্বল], নক্ষত্রের ন্যায় বিমলদীপ্তি সেই সকল স্বর্ণ (অর্থাৎ স্বর্ণময় অলঙ্কার) পর্ব্বতসানুতে (সানু = পর্ব্বতোপরিস্থ সমতল ভূমি) পতিত হইয়াছিল ॥ ১১ ॥

১। ঘ-ছ-ঠ-ড '-ণানি হি', ঙ '-ণানীহ'। ২। ছ 'তথা'। ৩। ক-ঋ-ঠ 'শস্তং'। ৪। ঘ-ঙ-ছ-ঠ-ড 'তদ্ বস্ত্র-'। ৫। ঙ-ড '-শ্চিত্রাঃ'। ৬। ছ '-কার্কনি-'।

সংভ্রমাত্তু[১] দশগ্রীবো[২] বৈদেহীং নোপলব্ধবান্ ।
ভূষণানি বিধুন্বন্তীং তেষাং মধ্যে বনৌকসাম্ ॥ ১২
ঋষ্যমূকস্তু[৩] দৃষ্ট্বা[৪] স পম্পাং চৈব নিশাচরঃ ।
উপলভ্য দিশস্তত্র চকার গমনে[৫] মতিম্ ॥ ১৩ ॥
স তু পম্পামতিক্রম্য লঙ্কামভিমুখঃ পুরীম্ ।
জগামাদায় রুদতীং মৈথিলীং রাক্ষসাধিপঃ[৬] ॥ ১৪ ॥

১২। লো-টী। বিধুন্বন্তীং

১২। টিপ্পনী। সম্ভ্রমাৎ তদুক্তিহেতুকোদ্বেগাদ্ধেতোঃ। শিরোঃ। সম্ভ্রমাৎ সীতাহরণ-জনিতচিত্তক্ষোভাৎ। গোঃ রাঃ। সম্ভ্রমাৎ সভয়হরণজনিতচিত্তক্ষোভাৎ। তিঃ। বনৌকসাং বনবাসিনাং তেষাং বানরাণাম্ ।

১৩। টিপ্পনী। স দিঙ্মূঢ়ো নিশাচরো রাবণঃ ঋষ্যমূকং পম্পাং চ দৃষ্ট্বা দিশ উপলভ্য জ্ঞাত্বা নির্ণীয়েত্যর্থঃ, গমনে স্বপুরীপ্রতিগমনে মতিং চকার ।

১৪। টিপ্পনী। পম্পাং পম্পোপর্য্যাকাশম্। লঙ্কামভিমুখ ইত্যনেন এতাবৎপর্য্যন্তং রামাশ্রমদত্তদৃষ্টির্গতঃ, ততঃ স্বচ্ছন্দং গতবানিতি গম্যতে। গোঃ রাঃ।

সেই সকল বনবাসী বানরের মধ্যে ভূষণনিক্ষেপকারিণী বৈদেহীকে দশগ্রীব সম্ভ্রম (ব্যস্ততা)-বশতঃ জানিতে পারে নাই (অর্থাৎ সীতা যে বানরগণের মধ্যে ভূষণ নিক্ষেপ করিতেছেন তাহা ব্যস্ততাবশতই জানিতে পারে নাই) ॥ ১২ ॥

নিশাচর রাবণ [সেই] ঋষ্যমূক পর্ব্বত ও পম্পা [সরোবর] দর্শন করত [নিজ ভ্রম বুঝিতে পারিয়া] তথায় দিক্ নির্ণয়পূর্ব্বক [স্বপুরী-] গমনে বুদ্ধি করিল ॥ ১৩ ॥

রাক্ষসাধিপতি রাবণ রোদনপরায়ণা মৈথিলীকে গ্রহণ করত পম্পা অতিক্রম-পূর্ব্বক লঙ্কাপুরীর দিকে মুখ করিয়া গমন করিতে লাগিল ॥ ১৪ ॥

১। ঙ-ড. 'সংভ্রমাচ্চ', ঝ 'স সংভ্রমাদ্'। ২। ঝ 'মৈথিলীং'। ৩। ঝ '-ঞ্চ'। ৪। ঙ-ঠ-ড 'তং দৃষ্ট্বা' ৫। ড '-গনে গতিম্'। ৬। ঙ-ড '-সেশ্বরঃ'।

তাং জহার সুসন্তুষ্টো রাবণো মৃত্যুমাত্মনঃ।
উৎসঙ্গেনেব ভুজগীং মহাদংষ্ট্রাং মহাবিষাম্ ॥ ১৫ ॥
বনানি সরিতঃ শৈলান্ সরাংসি চ বিহায়সা।
ক্ষিপ্রং সমতিচক্রাম চাপাচ্ছর ইব চ্যুতঃ ॥ ১৬ ॥
অন্তরীক্ষগতা বাচঃ সসৃজুশ্চারণাস্তদা।
এতদন্তো দশগ্রীব ইতি হৃষ্টতনূরুহাঃ ॥ ১৭ ॥
তিমিনক্রনিকেতন্তু বরুণালয়মক্ষয়ম্।
ক্ষণেনৈবাতিচক্রাম সাগরং সরিতাং পতিম্ ॥ ১৮ ॥

১৫। লো-টী। উৎসঙ্গেনৈব এবশব্দ ইবার্থে। 'উৎসঙ্গেনেবেতি' বা পাঠঃ

১৫। টিপ্পনী। তাং সীতাং সুসংহৃষ্টো রাবণঃ তীক্ষ্ণদংষ্ট্রাং মহাবিষামাত্মনো মৃত্যুং ভুজগীমিব উৎসঙ্গেন জহার। শিরোঃ। মৃত্যুং মৃত্যুহেতুভূতাম্। গোঃ রাঃ।

১৬। টিপ্পনী। বিহায়সা আকাশমার্গেণ। গোঃ রাঃ।

১৭। টিপ্পনী। অন্তরীক্ষং গতাশ্চারণাঃ দশগ্রীব এতদন্তঃ এতদপহরণমেব অন্তো বিধ্বংসো যস্য সঃ, ইতি বাচঃ সসৃজুঃ। শিরোঃ। চারণা দেবযোনিবিশেষাঃ, সসৃজুঃ উচুঃ।

১৮। টিপ্পনী। তিময়ো মৎস্যবিশেষাঃ নক্রা গ্রাহাঃ, তেষাং নিকেতং বাসস্থানম্। গোঃ রাঃ। বরুণালয়ং বরুণনিকেতম্, অক্ষয়ং যাবদধিকারং বিনাশরহিতম্। শিরোঃ। অক্ষয়ম্ অক্ষয়সলিলম্।

সুসন্তুষ্ট রাবণ স্বীয় মৃত্যুস্বরূপা, মহাদংষ্ট্রা মহাবিষান্বিতা ভুজঙ্গীর সদৃশী সীতাকে ক্রোড়ে করিয়া হরণ করিল ॥ ১৫ ॥

চাপচ্যুত শরের ন্যায় রাবণ, আকাশপথে বনসমূহ নদীসমূহ, শৈলসমূহ এবং সরোবরসমূহ দ্রুত অতিক্রম করিল ॥ ১৬ ॥

তখন হৃষ্টরোমা চারণ (দেবযোনিবিশেষ)-গণ অন্তরীক্ষে অবস্থান করিয়া 'রাবণের এ-ই ধ্বংস হইল' এই বাক্য বলিলেন ॥ ১৭ ॥

রাবণ ক্ষণকালেই তিমিনক্রের (তিমি = মৎস্যবিশেষ, নক্র = কুম্ভীর) আবাসভূমি বরুণালয় নদীপতি অক্ষয় [-সলিল] সমুদ্র অতিক্রম করিল ॥ ১৮ ॥

১। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ঠ-ড 'সুসংহৃষ্টো'। ৩। ঘ-ঙ-ছ-ড '-নৈব'। ৪। ঝ '-তশ্চৈব'। ৫। ঙ-ছ-ঠ 'সমভি-'। ৬। ঝ '-বঃ সর্ব্বে'। ৭। ছ '-হঃ'। ৮। ঙ-ঠ-ড '-বাভি-'।

সধূমঃ[1] পরিবৃত্তোর্ম্মিঃ ক্রুদ্ধ[2]মীনমহোরগঃ।
বৈদেহ্যাং হ্রিয়মাণায়াং বভূব বরুণালয়ঃ[3] ॥ ১৯ ॥

স সাগরমতিক্রম্য লঙ্কামাসাদ্য রাবণঃ।
বিবেশাদায় তাং[4] শীঘ্রং[5] সীতাং মৃত্যুমিবাত্মনঃ ॥ ২০ ॥

স প্রবিশ্য পুরীং লঙ্কাং সুবিভক্তমহাপথাম্।
[6]নিদধে রাবণঃ সীতাং ময়ো মায়ামিবাসুরঃ ॥ ২১ ॥

[7]সন্দিদেশ দশগ্রীবঃ পিশাচীর্ঘোরদর্শনাঃ।
[8]রক্ষণার্থং সমাহূয় বৈদেহ্যা রাক্ষসেশ্বরঃ।
কৃতাঞ্জলিপুটাঃ সর্ব্বাঃ সহিতাঃ পুরতঃ স্থিতাঃ ॥ ২২ ॥

১৯। লো-টী। ধূমেন বাষ্পেণ সহ পরিবৃত্তির্যেষাং তে উর্ম্ময়ো যস্মিন্ সঃ।

১৯। টিপ্পনী। পরিবৃত্তোর্ম্মিঃ স্বভাবপ্রাপ্তোর্ম্মিপ্রবৃত্তিরহিতঃ। তিঃ। পরিবৃত্তা নিবৃত্তা উর্ম্ময়ঃ স্বভাবসিদ্ধতরঙ্গা যস্য। শিরোঃ। ক্রুদ্ধাঃ জগন্মাত্রপহরণদর্শনজনিতক্ষোভাৎ কুপিতা মীনা মৎস্যা মহোরগা মহাবিষধরাশ্চ যত্র তাদৃশো বভূব।

২০। টিপ্পনী। আত্মনো মৃত্যুমিবেতি হেতু-হেতুমতোরভেদ উৎপ্রেক্ষিতঃ।

২১। টিপ্পনী। ময়স্ত্রিপুরাধিপতিঃ মায়াং মায়াময়ীম্ আশ্চর্য্যশক্তিযুক্তামিত্যর্থঃ, স্ত্রিয়ং স্বয়ম্প্রভাং বিলে যথা নিদধে তথেত্যর্থঃ। গোঃ রাঃ।

২২। টিপ্পনী। রাক্ষসেশ্বরো দশগ্রীবঃ ঘোরদর্শনাঃ পিশাচীঃ সমাহূয় বৈদেহ্যা রক্ষণার্থং সন্দিদেশ; সহিতাঃ সম্মিলিতাঃ কৃতাঞ্জলিপুটাশ্চ সর্ব্বাস্তাঃ পুরতো রাবণস্যেতি শেষঃ, স্থিতাঃ ইত্যন্বয়ঃ।

বৈদেহী অপহৃতা হইতে লাগিলে সাগর সধূম ও নিবৃত্ততরঙ্গ (তরঙ্গহীন) হইল, তত্রত্য মীন ও মহাসর্পসমূহ ক্রোধান্বিত হইল ॥ ১৯ ॥

রাক্ষস রাবণ সাগর অতিক্রমপূর্ব্বক লঙ্কা প্রাপ্ত হইয়া স্বীয় মৃত্যুর ন্যায় সীতাকে গ্রহণ করত [তথায়] শীঘ্র প্রবেশ করিল ॥ ২০ ॥

সেই রাবণ সুবিভক্ত-রাজপথবিশিষ্ট লঙ্কা পুরীতে প্রবেশ করিয়া ময়দানব যেরূপ [আসুরী] মায়াকে (স্বয়ম্প্রভাকে) [নিভৃতে] স্থাপন করিয়াছিল সেইরূপ সীতাকে [নিভৃত স্থানে] স্থাপন করিল ॥ ২১ ॥

১। ছ-ঙ-ড '-ধূমপ-'। ২। চ 'ক্ষুব্ধ', ঝ 'কূর্ম্ম-'। ৩। ঝ 'মকরা-'। ৪। ঘ 'তাম্রাক্ষীং'। ৫। ঙ-ঢ় 'ধাম', ছ-ঠ 'বেশ্ম'। ৬। ঙ 'বিদধে'। ৭। গ-ঙ-ছ-ড 'অব্রবীচ্চ'। ৮। ঝ 'রক্ষার্থং তাঃ'।

যথা নৈনাং পুমান্ স্ত্রী বা সীতাং পশ্যেদসংমতঃ ॥[১]

তথৈব প্রতিপত্তব্যমপ্রমত্তাভিরেব হি ॥ ২৩ ॥[২]

মণিমুক্তাসুবর্ণানি বস্ত্রাণ্যজিনচন্দনম্ ।[৩]

যদ্ যদিচ্ছতি বৈদেহী তদ্ দেয়ং বিদিতং ময়া ॥ ২৪ ॥[৪]

যা চ বক্ষ্যতি বৈদেহীং বচনং কিঞ্চিদপ্রিয়ম্ ।

অজ্ঞানাদ্ যদি বা জ্ঞানান্ন তস্যা জীবিতং প্রিয়ম্ ॥ ২৫ ॥[৫,৬]

২৩। টিপ্পনী। তদ্বচনাকারমাহ – যথেতি। যথা যেন প্রকারেণ অসম্মতঃ মদনাজ্ঞপ্তঃ পুমান্ স্ত্রী বা ন পশ্যতি। শিরোঃ। তথা প্রতিপত্তব্যমনুষ্ঠেয়মিত্যর্থঃ। অপ্রমত্তাভিঃ সাবধানাভিঃ।

২৪। টিপ্পনী। বৈদেহী যদ্ যদিচ্ছতি তন্ময়া বিদিতং জ্ঞাতং যথা স্যাৎ তথা দেয়ম্।

২৫। টিপ্পনী। তস্যা জীবিতং ন প্রিয়ম্, তাং মারয়ামীত্যর্থঃ। তিঃ। জীবিতং ন প্রিয়ং মারয়েয়মিত্যর্থঃ। গোঃ রাঃ।

রাক্ষসাধিপতি দশগ্রীব ভীষণদর্শন পিশাচীদিগকে আহ্বান করিয়া বৈদেহীর রক্ষার নিমিত্ত আদেশ করিল; তাহারা সকলে মিলিত হইয়া অঞ্জলিবন্ধনপূর্ব্বক [রাবণের] অগ্রে অবস্থান করিল ॥ ২২ ॥

[রাবণ বলিল—] যাহাতে আমার অনভিপ্রেত কোন পুরুষ বা স্ত্রীলোক এই সীতাকে দর্শন না করে, তোমরা সর্ব্বথা সাবধান হইয়া সেইরূপ অনুষ্ঠানই করিবে ॥ ২৩ ॥

মণি, মুক্তা, সুবর্ণ, বস্ত্র, অজিন এবং চন্দন [ইত্যাদি] যাহা যাহা বৈদেহী ইচ্ছা করে, সেই [সেই] বস্তু আমার জ্ঞাতসারে প্রদান করিবে ॥ ২৪ ॥

আর, অজ্ঞানে অথবা জ্ঞানে [তোমাদের মধ্যে] যে [কেহ] সীতাকে কিছুমাত্র অপ্রিয় বলিবে, [বুঝিব] তাহার জীবন প্রিয় নহে (অর্থাৎ তাহাকে আমি বধ করিব) ॥ ২৫ ॥

১। অতঃ পরং ছ-ঠ-পুস্তকয়োঃ 'কশ্চিত্তথাঽপ্রমত্তাভির্ভবিতব্যং সদৈব হি।' ইত্যধিকঃ। ২। ঘ-ঙ-ঠ-ড 'প্রযতিতব্য-'। ৩। ছ-ড '-প্রবালানি'। ৪। ঘ-ছ-ঠ 'মম'। ৫। ঠ 'তস্য'। ৬। ঙ 'ক্ষমম্'।

তথা স রাক্ষসীরুক্ত্বা রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্।
নিষ্ক্রম্যান্তঃপুরাৎ তস্থৌ কিং কৃত্যমিতি চিন্তয়ন্॥ ২৬॥
স চিন্তয়িত্বা সুচিরং রাবণো রাক্ষসেশ্বরঃ।
আজুহাব মহাবীর্য্যানষ্টৌ রাক্ষসপুঙ্গবান্॥ ২৭॥
স তান্ ভীমান্ মহাবীর্য্যান্ বরদানেন মোহিতঃ।
উবাচ বচনং স্নিগ্ধং প্রশস্য বলবীর্য্যতঃ॥ ২৮॥
নানাপ্রহরণাঃ ক্ষিপ্রমিতো গচ্ছত রাক্ষসাঃ।
জনস্থানং হতস্থানং ভূতপূর্ব্বং খরালয়ম্॥ ২৯॥

২৯। লো-টী। হতস্থানং হতসদৃশং নষ্টপ্রায়মিত্যর্থঃ। 'স্থানং সাদৃশ্যেঽবকাশে স্থিতৌ বৃদ্ধিক্ষয়েতরে' ইতি কোষঃ। ভূতপূর্ব্বং যথা ভবতি তথা খরালয়ম্। 'ভূতপূর্ব্বখরালয়ম্' ইত্যেকপদ-পাঠে ভূতঃ পূর্ব্বং খরালয়ো যত্র তৎ।

২৬। টিপ্পনী। কিং কৃত্যমিদানীং ময়া কিং কর্ত্তব্যম্। শিরোঃ। ইতি চিন্তয়ন্ তস্থৌ।
২৮। টিপ্পনী। বরদানেন পৈতামহেন, মোহিতো রামশতাদপি ন মে ভীরিতি চিন্তয়মানঃ। মোহকৃতৈষা চিন্তা। তিঃ। তান্ বলবীর্য্যতঃ প্রশস্য বলং বীর্য্যং চ ভবতামনিতর-সাধারণমিতি বিশেষোল্লেখেন তেষাং প্রশংসাং বিধায়। রাবণস্য ব্রহ্মণো বরলাভঃ উত্তরকাণ্ডে দশমসর্গে।
২৯। টিপ্পনী। নানাপ্রহরণাঃ অনেকবিধায়ুধবিশিষ্টাঃ। ভূতপূর্ব্বং খরালয়ং পৌর্ব্বকালিকং

প্রতাপশালী রাক্ষসেন্দ্র রাবণ রাক্ষসীদিগকে পূর্ব্বোক্তরূপে আদেশ প্রদান করত অন্তঃপুর হইতে নিষ্ক্রান্ত হইয়া '[এখন] কি করিতে হইবে' ইহা চিন্তা করিতে করিতে দাঁড়াইয়া রহিল॥ ২৬॥
রাক্ষসাধিপতি সেই রাবণ বহুকাল চিন্তা করিয়া অষ্ট মহাবীর্য্য রাক্ষসপুঙ্গবকে আহ্বান করিল॥ ২৭॥
[ব্রহ্ম-] বরদানে মোহিত রাবণ মহাবীর্য্য ভীষণ [সেই] রাক্ষসদিগকে [তাহাদের] বলবীর্য্যের উল্লেখপূর্ব্বক প্রশংসা করত সস্নেহে [এই] বাক্য বলিল—॥ ২৮॥

১। ৰ 'তস্যাঃ সংরক্ষণং কৃত্বা'। ২। ঙ 'তু'। ৩। ৰ '-ম্য স পু-'। ৪। ৰ-ড '-সাধিপঃ'। ৫। ঙ-ৰ 'আজহার'। ৬। ছ '-যো'। ৭। ঙ 'দর্পিতান্'। ৮। ৰ '-শংস্য'। ৯। ঘ 'মহৎ স্থানং'। ১০। ঝ-ঠ-ড '-র্ব্বখ-'।

তত্রোষ্যতাং জনস্থানে শূন্যে নিহতরাক্ষসে।
পৌরুষং বলমাশ্রিত্য[১] ত্রাসমুৎসৃজ্য দূরতঃ ॥ ৩০ ॥
বলং হি[২] সুমহদ্[৩] যন্মে জনস্থানে নিবেশিতম্।
সদূষণ[৪]খরং সঙ্খ্যে হতং তদ্রামসায়কৈঃ ॥ ৩১ ॥
হতেন[৫] তেন মহতা ময়া[৬] সৃষ্টেন রাক্ষসাঃ।
সঞ্জাতং সুমহদ্ বৈরং রামং প্রতি সুদারুণম্ ॥ ৩২ ॥

৩০। লো-টী। তত্র উষ্যতাং স্থীয়তাম্।
৩২। লো-টী। ময়া সৃষ্টেন প্রেষিতেন তেন সৈন্যেন। হে রাক্ষসাঃ।

খরনিবাসস্থানমিত্যর্থঃ। হতস্থানং হতো বিধ্বংসিতঃ স্থানঃ রাক্ষসরূপস্থাতা যস্মিন্ তৎ জনস্থানং গচ্ছত। শিরোঃ। হতস্থানং শূন্যসন্নিবেশম্। গোঃ রাঃ। হতস্থানং রামেণ শূন্যং কৃতমিত্যর্থঃ। তিঃ।

৩০। টিপ্পনী। পৌরুষং পুরুষোচিতং বলং পরাক্রমম্ আশ্রিত্য অবলম্ব্য। পৌরুষং স্বতেজঃ বলং চ আশ্রিত্য সংস্মৃত্য ত্রাসমুদ্বেগং দূরত উৎসৃজ্য ত্যক্ত্বা নিহতরাক্ষসে অত এব শূন্যে তত্র প্রসিদ্ধে জনস্থানে। শিরোঃ। পৌরুষবলং ন কেবলং নীতিবলমিত্যর্থঃ। গোঃ রাঃ।

৩১। টিপ্পনী। মে ময়া যৎ সুমহদ্ বলং সুবিপুলং সৈন্যং জনস্থানে নিবেশিতং স্থাপিতং তদ্ রামসায়কৈর্হতম্।

৩২। টিপ্পনী। ময়া সৃষ্টেন বিসৃষ্টেন প্রেরিতেনেত্যর্থঃ, সৈন্যেন হতেন হেতুনা, সৈন্যবধেন হেতুনেত্যর্থঃ।

হে রাক্ষসগণ, তোমরা নানাবিধ আয়ুধ গ্রহণ করত শীঘ্র এইস্থান হইতে খরের ভূতপূর্ব্ব বাসস্থান [সম্প্রতি] বসতিহীন জনস্থানে গমন কর ॥ ২৯ ॥

তোমরা পুরুষোচিত বলবত্তা আশ্রয় করিয়া ভয় দূরে পরিহার করত (অর্থাৎ সর্ব্বথা নির্ভয়ে) যথায় রাক্ষসসমূহ নিহত হইয়াছে সেই শূন্য জনস্থানে বাস করিতে থাক ॥ ৩০ ॥

আমি জনস্থানে যে সুবিপুল সৈন্যদল স্থাপন করিয়াছিলাম, দূষণ ও খরের সহিত তাহারা যুদ্ধে রামবাণে নিহত হইয়াছে ॥ ৩১ ॥

১। ড '-স্থায়'। ২। ছ 'চ'। ৩। ঠ 'সং মহ-'। ৪। ঝ ড '-ষণং খ-'। ৫। ছ-ঠ 'তেনাবর্জে'। ৬। ঘ-ঙ-ড 'ময়াবিষ্টস্ত', ছ-ঠ 'সমাবিষ্টস্ত'।

নির্য্যাতয়িতুমিচ্ছামি[1] বৈরং[2] তস্য দুরাত্মনঃ।
ন হি লপ্স্যাম্যহং[3][4] নিদ্রামহত্বা রাঘবং রণে।
তস্মাদ্ভবদ্ভিস্তৎ[5][6] কার্য্যং যথা বধ্যেত[7] মে রিপুঃ ॥ ৩৩ ॥
তমহং নিহতং শ্রুত্বা[8] খরদূষণঘাতিনম্।
রামং শর্ম্মাধিগচ্ছেয়ং[9] ধনং লব্ধ্বেব নির্ধনঃ ॥ ৩৪ ॥
জনস্থানে ভবদ্ভিস্তু[10] বসদ্ভী রামসংশ্রয়া[11]।
প্রবৃত্তিরুপনেতব্যা কিং করোতীতি তত্ত্বতঃ ॥ ৩৫ ॥

৩৩। লো-টী। নৈকং নীক এব নৈকঃ, নৈকং ভদ্রং যথা ভবতি তথা। নীকশব্দোঽপি সাধুঃ। (আচারাদশে শিবোক্তে ?) নির্য্যাতয়িতুং শোধয়িতুম্।

৩৪। লো-টী। দৃষ্ট্বা জ্ঞাত্বা শ্রুত্বা বা। শর্ম্ম সুখম্।

৩৫। লো-টী। প্রবৃত্তির্ব্বার্ত্তা।

৩৩। টিপ্পনী। নির্য্যাতয়িতুং প্রত্যপকারেণাপনেতুম্। তিঃ। নির্য্যাতয়িতুং রিপুধ্বংসেন দূরীকর্ত্তুম্। শিরোঃ। লপ্স্যামি লপ্স্যে।

৩৫। টিপ্পনী। রামসংশ্রয়া রামাশ্রিতা রামবিষয়িণীত্যর্থঃ, প্রবৃত্তির্বার্ত্তা উপনেতব্যা মম প্রাপণীয়া। তিঃ। রামঃ কিং করোতীতি তত্ত্বতো বার্ত্তা মৎসকাশমুপনেতব্যেত্যর্থঃ। গোঃ রাঃ।

হে রাক্ষসগণ, আমার প্রেরিত [সেই] বিপুল সৈন্যদল হত হওয়ায় রামের সহিত আমার অতিভীষণ মহাশত্রুতা উৎপন্ন হইয়াছে ॥ ৩২ ॥

সেই দুরাত্মার [প্রতি উৎপন্ন] শত্রুতার আমি প্রতিকার করিতে ইচ্ছা করি। যুদ্ধে রাঘবকে বধ না করিয়া আমি নিদ্রালাভ করিতে পারিব না, অতএব তোমরা তাহা কর, যাহাতে আমার শত্রু হত হইতে পারে ॥ ৩৩ ॥

ধন লাভ করিয়া নির্ধন ব্যক্তি যেরূপ আনন্দ লাভ করে, খরদূষণঘাতী সেই রামকে নিহত শ্রবণ করিয়া আমিও সেইরূপ আনন্দ লাভ করিব ॥ ৩৪ ॥

১। ঋ 'নৈকং'। ২। ঙ-ঋ 'মহাত্মনঃ'। ৩। ড 'চ'। ৪। ঘ-ঙ-ঠ-ড 'লপ্স্যামহে', ঋ 'পশ্যামহে'। ৫। ছ 'তথা ভব-'। ৬। ঙ '-স্তৈঃ'। ৭। ঋ 'বধ্যতমো'। ৮। ঋ 'দৃষ্ট্বা'। ৯। ক-ঘ '-ভিগ-'। ১০। ঙ-ড '-শ্চ'। ১১। ঘ '-শ্রয়াৎ', ঋ '-শ্রয়ম্'।

অপ্রমাদশ্চ কর্ত্তব্যঃ সর্ব্বৈরেব নিশাচরৈঃ[১]।
কর্ত্তব্যশ্চ সদা যত্নো রাঘবস্য বধং প্রতি ॥ ৩৬ ॥
যুষ্মাকং হি বলং জ্ঞাত্বা বহুশো রণকর্ম্মণি।
অতশ্চ[২] বিনিয়োগেঽস্মিন্ ভবন্তো বিনিযোজিতাঃ[৩] ॥ ৩৭ ॥
ততঃ প্রিয়ং বাক্যমবেক্ষ্য রাক্ষসা
যথার্থমষ্টাবভিবাদ্য[৪] রাবণম্।
বিহায় লঙ্কাং সহিতাঃ প্রতস্থিরে
যতো জনস্থানমলক্ষ্যদর্শনাঃ ॥ ৩৮ ॥

৩৮। লো-টী। অবেক্ষ্য জ্ঞাত্বা।

৩৬ টিপ্পনী। প্রমাদোঽনবধানম্, অপ্রমাদোঽবধানম্।

৩৭। টিপ্পনী। অস্মিন্ বিনিয়োগে রামসংহাররূপে কৃত্যে।

৩৮। টিপ্পনী। অষ্টৌ রাক্ষসাঃ রাবণবাক্যং যথার্থতো যাথার্থ্যেন বস্তুগতোতি যাবৎ, প্রিয়ম্ অবেক্ষ্য রাবণমভিবাদ্য লঙ্কাং বিহায় অলক্ষ্যদর্শনাঃ সন্তঃ জনস্থানং প্রতস্থিরে। যতো যত্র জনস্থানং তদ্বনমুদ্দিশ্য প্রতস্থিরে। অলক্ষ্যদর্শনাঃ বেগাতিশয়েন দুষ্প্রেক্ষ্যস্বরূপাঃ। গোঃ রাঃ। অলক্ষ্যদর্শনা অন্তর্ধানবিদ্যয়া। তিঃ।

তোমরা জনস্থানে বাস করিতে করিতে 'রাম কি করে' ইত্যাদি রামবিষয়ক বৃত্তান্ত [আমার নিকট] যথাযথভাবে উপস্থাপিত করিবে ॥ ৩৫ ॥

আর, সকল নিশাচরই সাবধানতা [অবলম্বন] করিবে এবং রামচন্দ্রের বধের প্রতিও তোমরা সর্ব্বদা যত্ন করিবে ॥ ৩৬ ॥

যুদ্ধকার্য্যে বহুবার তোমাদের বল পরিজ্ঞাত হইয়া অতঃপর আমি তোমাদিগকে এই [রামবিনাশরূপ] কার্য্যে নিযুক্ত করিতেছি ॥ ৩৭ ॥

অতঃপর, [সেই] অষ্ট রাক্ষস [রাবণোক্ত] বাক্য যথার্থই প্রিয় জ্ঞান করিয়া রাবণকে অভিবাদন করত লঙ্কা পরিত্যাগপূর্ব্বক অদৃশ্যাকৃতি হইয়া যেদিকে জনস্থান, মিলিত হইয়া সেই দিকে প্রস্থান করিল ॥ ৩৮ ॥

১। ঙ '-রেবৈর্নিশা-'। ২। ছ '-স্তস্ক'। ৩। অতঃ পরং ঘ-ঙ-ছ-ঠ-ড-পুস্তকেষু 'সংপ্রধার্য্য মহদ্বীর্য্যং ভবতাং সুদুরাসদম্'। ইত্যধিকঃ। ৪। ঙ-ড 'যথানুশিষ্টা অভি-'।

ততঃ[১] স সীতামভিরক্ষ্য[২] রাবণো
বিসৃজ্য[৩] চাষ্টৌ রজনীচরাংস্তদা।
প্রসজ্য রামেণ চ বৈরমুত্তমং
মুদান্বিতো রাক্ষসরাড়্ বভূব[৪] হ ॥ ৩৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে সীতালঙ্কাপ্রবেশো নাম
একষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬১ ॥

৩৯। লো-টী। গতজ্বরো গততাপঃ। প্রসজ্য তৎকর্ম্মণি প্রসক্তান্ কৃত্বা। বৈরমন্বিতঃ প্রাপ্তোঽপি মুদা বিশিষ্টো বভূবেত্যন্বয়ঃ।

৩৯। টিপ্পনী। রামেণ বৈরং প্রসজ্য সংঘটষ্য। মুদা হর্ষেণান্বিতো যুক্তো বভূব

অতঃপর, রাক্ষসরাজ সেই রাবণ তখন সীতার রক্ষাবিধান করিয়া, অষ্ট নিশাচরকে বিদায় দিয়া এবং রামের সহিত নিরতিশয় শত্রুতা সঙ্ঘটন করিয়া আনন্দিত হইল ॥ ৩৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে সীতালঙ্কাপ্রবেশ-নামক
একষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৬১ ॥

১। ক-ড-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি, ছ 'ততশ্চ', ঝ 'ততস্তু'। ২। ঘ-ঙ-ঝ-ঠ '-মুপলভ্য'। ৩। ঝ 'গতজ্বরোঽষ্টৌ', ঠ 'বিসর্জ্য'। ৪। ক-ঽ-ঝ-ঠ-ড 'বভূব'।

দ্বিষষ্টিতমঃ সর্গঃ

রাক্ষসাংস্তু সমাদিশ্য রাবণোঽষ্টৌ মহাবলান্।
আত্মানং বুদ্ধিদৌর্ব্বল্যাৎ কৃতকৃত্যমমন্যত ॥ ১ ॥
স চিন্তয়ানো[১] বৈদেহীং কামবাণপ্রপীড়িতঃ[২]।
প্রবিবেশ গৃহং রম্যং[৩] সীতাং দ্রষ্টুমতিত্বরন্[৪] ॥ ২ ॥
সংপ্রবিশ্য[৫] তু[৬] তদ্বেশ্ম রাবণো রাক্ষসাধিপঃ।
অপশ্যদ্রাক্ষসীমধ্যে[৭] সীতাং শোকপরায়ণাম্[৮]।
মৃগযূথপরিভ্রষ্টাং মৃগীং শ্বভিরিবাবৃতাম্ ॥ ৩ ॥

১। টিপ্পনী। বুদ্ধিদৌর্ব্বল্যাৎ অকৃতবুদ্ধিত্বাদিত্যর্থঃ। গোঃ রাঃ।

২। টিপ্পনী। অতিত্বরন্ অতিত্বরমাণঃ, চিন্তয়ানঃ চিন্তয়মানঃ।

৩। টিপ্পনী। মৃগযূথপরিভ্রষ্টাং শ্বভিঃ কুক্কুরৈরাবৃতাং মৃগীমিব অসহায়ামিত্যর্থঃ

রাবণ মহাবল অষ্ট রাক্ষসকে আদেশ প্রদান করিয়া বুদ্ধিদৌর্ব্বল্যনিবন্ধন নিজেকে কৃতকার্য্য মনে করিল ॥ ১ ॥

সীতাকে চিন্তা করিতে করিতে কামবাণপ্রপীড়িত রাবণ সীতাকে দর্শন করিবার জন্য অতিত্বরান্বিত হইয়া মনোরম [সীতা-] গৃহে প্রবেশ করিল ॥ ২ ॥

রাক্ষসাধিপতি রাবণ সেই গৃহে প্রবেশ করিয়া কুক্কুরসমূহে পরিবৃতা মৃগযূথপরিভ্রষ্টা মৃগীর ন্যায় [অসহায়া] শোকপরায়ণা সীতাকে রাক্ষসীদিগের মধ্যে দেখিতে পাইল ॥ ৩ ॥

১। ঝ 'চিন্তয়ামাস'। ২। ঘ-ঙ-ড '-সমর্দ্দিতঃ', ছ 'সমার্দ্দিতঃ', ঠ '-বলার্দ্দিতঃ'। ৩। ঝ 'তূর্ণং'। ৪। ঘ '-মভি-' ঝ '-মিব'। ৫। ঘ-ঙ-ঠ-ড 'স প্র-'। ৬। ছ-ড 'চ', ঝ 'স'। ৭। অস্যার্দ্ধস্য স্থানে ঠ-পুস্তকে 'বারিপূরৈরিবাক্রান্তা মজ্জন্তী নৌরিবার্ণবে।' ইতি পাঠঃ। ৮। অতঃ পরং ঘ-ঙ-ছ-ড-পুস্তকেষু 'তান্তু শোকবশাং ('-পরাং' ঠ) দীনাং স বলী রাক্ষসাধিপঃ। বারিধারাভিরা ('বারিপূরৈরিবা-' ঘ) ক্রান্তাং মজ্জন্তীং শোকসাগরে ('নাবমর্ণবে' ঘ, 'নৌরিবার্ণবে' ঙ-ড) ॥' ইত্যধিকঃ।

[১]তাস্তু শোকবশাং দীনাং স বলী রাক্ষসাধিপঃ।
বিবশাং দর্শয়ামাস গৃহং দেবগৃহোপমম্ ॥ ৪ ॥
হর্ম্ম্যপ্রাসাদসংবাধং স্ত্রীসহস্রনিষেবিতম্।
নানাপক্ষিগণৈর্জ্জুষ্টং[২] নানামৃগসমাকুলম্ ॥ ৫ ॥
কাঞ্চনৈস্তাপনীয়ৈশ্চ[৩] স্ফাটিকৈ রাজতৈস্তথা।
বজ্রবৈদূর্য্যগর্ভৈশ্চ স্তম্ভৈর্দৃষ্টিমনোহরৈঃ[৪] ॥ ৬ ॥

৫। লো-টী। হর্ম্ম্যৈঃ প্রাসাদৈশ্চ সম্বাধো ভগং শ্রীর্যস্য তৎ।

৬। লো-টী। কাঞ্চনশ্চম্পকতরুস্তদ্বিকারৈঃ স্তম্ভৈঃ, তাপনীয়ৈঃ স্বর্ণবিভূষিতৈঃ; জুষ্টমিতি পূর্ব্বেণান্বয়ঃ। 'কাঞ্চনঃ কাঞ্চনারে স্যাচ্চম্পকে নাগকেশরে' ইতি কোষঃ। বজ্রং হীরকং বৈদূর্য্যঞ্চ গর্ভে মধ্যভাগে যেষাং তৈঃ।

৪। টিপ্পনী। বিবশামস্বাধীনাং রাবণায়ত্তামিতি যাবৎ, এতেন রাবণসাহচর্য্যাত্তথাবিধগৃহদর্শনমনভিলষন্ত্যপি সীতা রাবণেন বলাদ্ গৃহং দর্শিতেতি ব্যজ্যতে। 'তাস্ত শোকবশাদ্দীনামবশাং রাক্ষসাধিপঃ। স বলাদ্দর্শয়ামাস গৃহং দেবগৃহোপমম্ ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৫৫।৬)।

৫। টিপ্পনী। হর্ম্ম্যৈঃ ধনিনাং গৃহৈঃ প্রাসাদৈ রাজগৃহৈর্দ্দেবগৃহৈর্ব্বা সংবাধং নিবিড়ম্। হর্ম্ম্যৈস্ত্র্যবিমানৈঃ প্রাসাদৈরুন্নতবিমানৈশ্চ সংবাধং নিবিড়ম্। গোঃ রাঃ।

৬। টিপ্পনী। 'বজ্রবৈদূর্য্যচিত্রৈ'রিতি পাশ্চাত্ত্যাঃ। তাপনীয়ৈঃ তপনীয়ং সুবর্ণং তন্নির্ম্মিতৈঃ, বজ্রবৈদূর্য্যচিত্রৈঃ অত এব দৃষ্টিমনোরমৈঃ স্তম্ভৈঃ সংযুক্তমিতি শেষঃ। শিরোঃ। কাঞ্চনৈঃ স্বর্ণময়ৈস্তাপনীয়ৈস্তপ্তস্বর্ণময়ৈঃ স্তম্ভৈরুপলক্ষিতম্। গোঃ রাঃ।

রাক্ষসাধিপতি বলশালী রাবণ শোকাভিভূতা অস্বাধীনা দীনা সীতাকে দেবগৃহতুল্য [নিজ] ভবন দেখাইতে লাগিল ॥ ৪ ॥

[ঐ ভবন] হর্ম্ম্য (সাধারণ ধনীদিগের গৃহ) এবং প্রাসাদ (দেবগণের বা রাজগণের বাসস্থান) -সমূহে গহন, সহস্র সহস্র স্ত্রীজনদ্বারা নিষেবিত, বিবিধ বিহগগণে সেবিত এবং নানাবিধ মৃগসমূহে পরিব্যাপ্ত ॥ ৫ ॥

১। অস্যার্দ্ধস্য স্থানে ঘ-ঙ-ছ-ঠ-ড-পুস্তকেষু 'অধোমুখগতাং ('অধোমুখমুখীং' ঘ) দীনামভ্যেত্য স নিশাচরঃ। ভর্ত্তৃশোকবশাং ('পরাং' ঘ-ঠ-ড) দীনাং ('ক্লিষ্টাং' ঙ) রাবণো রাক্ষসাধিপঃ ('ক্রোশন্তীং' কুররীমিব' ঙ, 'স বলী রাক্ষসাধিপঃ' ড)॥' ইতি পাঠঃ। ২। ছ-ঝ '-গণা-'। ৩। ঙ-ড '-নীয়ৈস্তাপনীয়ৈ রাজতৈঃ স্ফাটিকৈস্তথা।' ৪। ঙ-ড '-জুষ্টং মনো-', ঠ '-দীপ্ত-'।

দেবদুন্দুভিনির্হ্রাদং তপ্তকাঞ্চনতোরণম্ ।[1]
আক্রীড়ালঙ্কৃতং স্ফীতং সুবিভক্তং সুসংস্কৃতম্ ॥[2]
চন্দ্রার্কপথমাবৃত্য স্থিতং শ্বেতঘনোপমম্ ।[3]
পর্ব্বতস্যেব শিখরং সুমেরো রজতপ্রভম্ ॥ ৮ ॥[4]
কাঞ্চনী বড়ভী যস্য সূর্য্যমার্গপথে স্থিতা ।[5]
অর্করশ্মিপ্রতিহতা জ্বলদগ্নিচয়োপমা ॥ ৯ ॥[6]

৭। লো-টী। দেবদুন্দুভের্নির্হ্রাদো যত্র তৎ। তপ্তকাঞ্চনময়ং তোরণং বন্দনমালা বহির্দ্বারং বা যত্র তৎ। আক্রীড়ং ক্রীড়াস্থানং তেনালঙ্কৃতম্। সুবিভক্তং যথা সভাক্রীড়োপবেশনং ক্রমেণ ভবতি তথা সুসংস্কৃতম্।

৯। লো-টী। বড়ভী গৃহাচ্ছাদনবক্রদারু। সূর্য্যমার্গপথে পথ গতাবিত্যস্য ধাতোঃ, পথো গমনং পথস্য গমনস্য মার্গঃ মার্গপথঃ রাজদন্তাদিঃ, সূর্য্যস্য গমনমার্গে স্থিত ইত্যর্থঃ। অর্করশ্মিপ্রতিহতা সম্বদ্ধা।

৭। টিপ্পনী। স্ফীতং প্রবৃদ্ধমুন্নতমিত্যর্থঃ। স্ফায়ী বৃদ্ধাবিতি ধাতুঃ। সুবিভক্তং সভাগৃহ-প্রমোদগৃহ-স্নানগৃহ-ভোজনগৃহাদীনাং বিশিষ্য বিভাগেন যথাযথোপন্যাসাৎ সুবিন্যস্তম্। সুসংস্কৃতং নিয়তং সুসজ্জিতম্।

৮। টিপ্পনী। সুমেরোঃ পর্ব্বতস্য রজতপ্রভং শিখরমিব।

৯। টিপ্পনী। বড়ভী প্রাসাদাগ্রভাগঃ তদুপরিস্থগৃহবিশেষো বা। 'চন্দ্রশালা চ বড়ভী স্যাতাং প্রাসাদমূর্দ্ধনী'তি শ্রীধরঃ। 'বড়ভী চন্দ্রশালে সৌধোর্দ্ধবেশ্মনী'তি রভসঃ।

[ঐ ভবন] স্বর্ণময়, তপ্তস্বর্ণময়, স্ফটিকময়, মধ্যভাগে হীরক ও বৈদূর্য্যমণিদ্বারা খচিত, মনোহরদর্শন স্তম্ভসমূহে যুক্ত ॥ ৬ ॥

[ঐ ভবন] দেবদুন্দুভিধ্বনিবিশিষ্ট, তপ্তকাঞ্চনময়তোরণবিশিষ্ট, উদ্যানসমলঙ্কৃত, সমুন্নত, [দেবগৃহ, সভাগৃহ, প্রমোদগৃহপ্রভৃতি নানাবিধ গৃহের যথাযথ স্থাপনে] সুবিন্যস্ত ও সুসংস্কৃত ॥ ৭ ॥

শ্বেতমেঘতুল্য এবং সুমেরুপর্ব্বতের রজতপ্রভ শৃঙ্গতুল্য ঐ ভবন চন্দ্রসূর্য্যের পথ আচ্ছাদিত করিয়া অবস্থিত ॥ ৮ ॥

১। ক-ড-পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ২। ঠ 'তমাক্রীড়ায়নস্ফীতং'। ৩। ছ '-শ্রিতা'। ৪। ক-ঝ '-জ্বলিত-'। ৫। ছ '-পরি-'। ৬। ঝ '-ত্যগ্নিচ-', ঠ '-দগ্নিশিখো-'।

প্রাসাদঃ পাণ্ডরো যস্য তপ্তকাঞ্চনবেদিকঃ।
কাঞ্চনাঙ্গদসংবীতঃ পূর্ণেন্দুরিব[১] দৃশ্যতে ॥ ১০ ॥
কচিৎ কাঞ্চনসংবাধং[২] কচিদ্রজতবেদিকম্।
কচিন্মণিবিচিত্রঞ্চ[৩] মুক্তাফলবিভূষিতম্[৪] ॥ ১১ ॥
সোপানং কাঞ্চনং চিত্রমারুহ্যাথ[৫] তয়া সহ।
দর্শয়ামাস[৬] তৎ তস্যা রামপত্ন্যা গৃহোত্তমম্ ॥ ১২ ॥

১০। লো-টী। যস্য গৃহস্য চতুর্দ্দিশং প্রাসাদঃ তপ্তকাঞ্চনী তপ্তকাঞ্চনময়ী বেদী উপস্কৃতা ভূমির্যস্য সঃ। কঃ স্বার্থে। কাঞ্চনাঙ্গদমিব যা ক্ষুদ্রঘণ্টিকা তেন সংবীতো বেষ্টিতঃ।

১১। লো-টী। পুনর্গৃহং বিশিনষ্টি, মুক্তেব ফলং ফলকং তেন বিভূষিতম্।

১২। লো-টী। অবশয়া বশং ন প্রাপ্তয়া।

১০। টিপ্পনী। তপ্তকাঞ্চনময়ী বেদিঃ সমন্তাৎ পরিষ্কৃতা ভূমির্যস্য সঃ। কাঞ্চনাঙ্গদসংবীতঃ স্বর্ণবলয়বেষ্টিতঃ।

১১। টিপ্পনী। কাঞ্চনসংবাধং সুবর্ণনিবিড়ম্।

সূর্য্যের গমনমার্গে অবস্থিত, যাহার (যে ভবনের) কাঞ্চনময় বড়ভী (উপরিস্থ গৃহ) সূর্য্যরশ্মিদ্বারা প্রতিহত (অর্থাৎ সংস্পৃষ্ট) হইয়া প্রজ্বলিত অগ্নিরাশির ন্যায় [দৃষ্ট] হইয়া থাকে ॥ ৯ ॥

যাহার তপ্তকাঞ্চনময় বেদি (চতুষ্পার্শ্ববর্ত্তী ভূমি)-বিশিষ্ট শুভ্রবর্ণ প্রাসাদ স্বর্ণবলয়বেষ্টিত পূর্ণচন্দ্রের ন্যায় পরিদৃষ্ট হইয়া থাকে ॥ ১০ ॥

[ঐ ভবন] কোন স্থানে স্বর্ণসঙ্কুল, কোন স্থানে রজতবেদিবিশিষ্ট, কোন স্থানে মণিদ্বারা বিচিত্রিত, [এবং কোন স্থানে] মুক্তাফলবিভূষিত ॥ ১১ ॥

অতঃপর, রাবণ সীতার সহিত বিচিত্র কাঞ্চনময় সোপানে আরোহণ করিয়া রামপত্নী সীতাকে সেই উত্তম [বাস-] ভবন দেখাইল ॥ ১২ ॥

১। ক-ঝ 'কান্তেন্দু-'। ২। ঠ '-সঙ্কাশং'। ৩। ঝ '-ত্রাঙ্গং'। ৪। ছ '-বিচিত্রিতম্'। ৫। ছ-ঝ-ঠ-ঙ '-মারুরোহ'। ৬। ঘ 'দদৃশে বশগা তস্য রামপত্নী', ঙ 'দদৃশে চ তয়া তস্য', ঝ 'দদৃশেঽবশয়া সার্দ্ধং', ঠ 'দদৃশে স তয়া' ড 'দদৃশে চ তয়া সার্দ্ধং'।

দান্তিকৈ[1] রাজতৈশ্চিত্রৈ[2]র্গবাক্ষৈঃ প্রিয়দর্শনৈঃ।
হেমজালা[3]বৃতৈশ্চৈব র[4]ম্যৈঃ সাগ্রবিতানকৈঃ ॥ ১৩ ॥

পুষ্পকঞ্চ বিমান[5]স্তু দৈ[6]বং সদ্মনিবেশিতম্।
অদর্শয়দ্দশগ্রীবঃ কামগং কামরূপিণম্ ॥ ১৪ ॥

মু[7]ক্তামণিবিচিত্রাংশ্চ ভূ[8]মিভাগাংস্ততস্ততঃ।
দ[9]শগ্রী[10]বঃ স্বভবনে দর্শয়ামাস রাক্ষসঃ ॥ ১৫ ॥

চিত্রশালাশ্চ বি[11]বিধাঃ কৃত্রিমাংশ্চৈব প[12]র্ব্বতান্।
রম্যান্ ক্রীড়াগৃহাংশ্চৈব সোঽদর্শয়দিতস্ততঃ ॥ ১৬ ॥

১৩। লো-টী। দান্তকৈর্হস্তিদন্তময়ৈঃ। রম্যৈর্ম্মনোহরৈঃ সাগ্রবিতানকৈঃ উপরি বিতানেন সহ বর্ত্তমানৈশ্চ। 'অগ্রবিতানকৈরি'তি পাঠে অগ্রৈঃ প্রধানৈর্ব্বহুমূল্যৈশ্চন্দ্রাতপৈর্ব্বিশিষ্টম্।

১৪। লো-টী। কামরূপিণং বিমানবিশেষণম্।

১৩। টিপ্পনী। সাগ্রবিতানকৈরুৎকৃষ্টচন্দ্রাতপসমন্বিতৈঃ।

১৪। টিপ্পনী। সদ্মনিবেশিতং সদ্মনি গৃহে নিবেশিতং স্থাপিতং দৈবং দেবেন ব্রহ্মণা দত্তং বিমানমদর্শয়ৎ।

১৫। টিপ্পনী। ততস্ততঃ সমন্তাদিত্যর্থঃ।

১৬। টিপ্পনী। চিত্রশালাঃ সোপকরণানি চিত্রাঙ্কণগৃহাণি চিত্রবহুলানি গৃহাণি বা।

[ঐ গৃহ] হস্তিদন্তনির্ম্মিত এবং রৌপ্যনির্ম্মিত, বিচিত্রবর্ণ, প্রিয়দর্শন, স্বর্ণজালাবৃত, রম্য, উৎকৃষ্ট-বিতান (পর্দ্দা) -যুক্ত গবাক্ষসমূহে সমন্বিত ॥ ১৩ ॥

রাবণ [সেই] গৃহে স্থাপিত কামগামী কামরূপী দেবদত্ত পুষ্পক [-নামক] বিমানও দর্শন করাইল ॥ ১৪ ॥

রাক্ষস দশগ্রীব নিজভবনে মণিমুক্তাবিচিত্র চতুষ্পার্শ্বে [স্থিত] ভূমিভাগ দর্শন করাইল ॥ ১৫ ॥

১। ঝ 'দান্তকৈ', ঠ 'দান্তৈশ্চ'। ২। ক '-তৈশ্চৈব', ঘ-ছ '-তৈঃ শ্বেতৈ-'। ৩। ঠ 'জাল-'। ৪। ছ 'হর্ম্ম্যৈঃ'। ৫। ছ-ঝ ড '-নঞ্চ', য '-নস্তদ্', ঠ '-নস্তং'। ৬। ঘ 'দেবচ্ছন্দ-', ঙ-ঠ 'দেবচ্ছদ্মনি-', ছ 'দেবগন্ধর্ব্বসেবিতম্', ঝ 'দৈবসদ্মনিষেবিতম্'। ৭। ঘ-ছ-ঠ-ড 'সুধা-'। ৮। ঝ 'ভূভাগাংশ্চ তত-'। ৯। ঝ-পুস্তকে এতদর্দ্ধং ষোড়শশ্লোকশ্চ নাস্তি। ১০। ঠ '-বস্তু ভ-'। ১১। ছ-ঠ 'বহুধা'। ১২। ছ 'পাদপান্'।

তপ্তকাঞ্চনসোপানা বাপীঃ কমলপিঙ্গলাঃ।
দীর্ঘিকাঃ পুষ্করিণীশ্চ নানাবৃক্ষসমাকুলাঃ ॥ ১৭ ॥
রাবণো দর্শয়ামাস নানাপতগসংযুতাঃ।
নন্দনপ্রতিমান্যেব তথৈবোদ্যানকান্যপি ॥ ১৮ ॥
প্রহৃষ্টঃ সোঽপ্রহৃষ্টাং তাং বিবশাং রাক্ষসো বলাৎ
রাবণঃ পশ্য পশ্যেতি দীনাস্যামব্রবীৎ তদা ॥ ১৯ ॥
দর্শয়িত্বা ত্বকামায়া বৈদেহ্যাস্তদ্ গৃহোত্তমম্।
উবাচ বাক্যং পাপাত্মা রাবণো জনকাত্মজাম্ ॥ ২০ ॥

১৯। লো-টী। দীনমাস্যং যস্যাস্তাম্।

১৭-১৮। টিপ্পনী। কমলৈঃ কমলপরাগৈঃ পিঙ্গলাঃ পিঙ্গলবর্ণাঃ বাপীঃ, সরসীঃ, নানাবৃক্ষসমাকুলাঃ নানাপতগসংযুতাঃ পুষ্করিণীঃ পুষ্করবতীঃ শোভনসলিলা ইত্যর্থঃ, দীর্ঘিকাশ্চ। নন্দনপ্রতিমানি দেবোদ্যানতুল্যানি।

১৯। টিপ্পনী। প্রহৃষ্ট আনন্দিতঃ স রাবণঃ অপ্রহৃষ্টাম্ অত এব দীনাস্যাং মলিনমুখী-মিত্যর্থঃ।

২০। টিপ্পনী। অকামায়া দর্শনাভিলাষরহিতায়া বৈদেহ্যাঃ। সম্বন্ধবিবক্ষায়াং ষষ্ঠী।

রাবণ ইতস্ততঃ [অবস্থিত] বিবিধ চিত্রশালা (চিত্রাঙ্কনগৃহ) কৃত্রিম পর্ব্বতসমূহ এবং মনোরম ক্রীড়াগৃহসমূহ দর্শন করাইল ॥ ১৬॥

হে তরুরাজ (অশোক), [বিল্বাদি] ফলতুল্যস্তনবিশিষ্টা সৌন্দর্য্যময়ী সীতাকে যদি তুমি দেখিয়া থাক এবং যদি আমার প্রতি তোমার দয়া থাকে তবে [তাঁহার বিষয়] বল ॥ ১৮ ॥

ভীষণাকৃতি রাক্ষসগণের মধ্যবর্ত্তিনী শুভদর্শনা শোকে রোদনপরায়ণা ক্ষীণমধ্যা প্রকম্পিতাঙ্গী প্রশস্তাভরণবিশিষ্টা [আমার] প্রিয়া বিদেহরাজপুত্রী সীতা [নিশ্চয় রাক্ষসগণকর্ত্তৃক] ভক্ষিতা হইয়াছে ॥ ১৯ ॥

আমার সেই প্রিয়া এইভাবে [আমাদের দ্বারা] পরিত্যক্তা হইয়া [রাক্ষস-

১। ঙ 'তৃণ-'। ২। ঙ-ড 'করুণা'। ৩। ছ 'মে'। ৪। ছ 'ত্বয়ি'। ৫। ঙ-ড '-ণপ্রিয়া' ৬। অতঃ পরং ছ-ড-পুস্তকয়োঃ 'অথবা ভক্ষিতা ঘোরে রাক্ষসৈঃ ('রাক্ষসৈর্ঘোরৈর্ভক্ষিতা' ড) কামরূপিভিঃ'। ইত্যর্দ্ধমধিকম্। ৭। ঙ 'বনে সংপরি-', ড 'ত্বেবন্তু'। ৮। ঙ 'জানকী ক গতা প্রিয়া', ড 'জানকী ভক্ষিতা প্রিয়া'। ৯। ছ-ড 'মনসা'। ১০। ড 'ক্ষুত্র ক্ষুত্রেতি'।

ইত্যেবং বিলপন্ রামঃ পরিশ্রান্তো বনে বনে।
ক্বচিদুদ্‌ভ্রমতে[১] বেগাৎ ক্বচিদ্বিশ্রমতে[২] পুনঃ।
উন্মত্ত[৩] ইব বভ্রাম ক্লান্তোঽন্বেষন্ বনং বনম্ ॥ ২১ ॥
স বনানি চ সর্ব্বাণি[৪] গিরিপ্রস্রবণানি চ।
বেগেন[৫] ভ্রমতে তত্র রাঘবঃ পরিশঙ্কিতঃ।
হা লক্ষ্মণ মহাবাহো পশ্যসি[৬] ত্বং প্রিয়াং ক্বচিৎ ॥ ২২ ॥
তথা তু গত্বা বিপুলং মহদ্[৭] বনং
বিবিচ্য সর্ব্বং ত্বথ মৈথিলীকৃতে।

২১। টিপ্পনী। ক্বচিদুদ্‌ভ্রমতে উদ্‌ভ্রান্তঃ সন্ বিচরতি, ক্বচিচ্চ বিশ্রমতে বিশ্রাম্যতি। ক্বচিদধিষ্ঠানসাদৃশ্যাভাবেঽপি বেগাৎ শোকাবেগাৎ উদ্‌ভ্রমতে সীতাপ্রতীতিরূপং ভ্রমং প্রাপ্নোতি। গোঃ রাঃ। বনং বনং প্রতিবনম্। অন্বেষন্ অন্বেষমাণঃ উন্মত্ত ইব বভ্রাম।

২২। টিপ্পনী। সর্ব্বাণি বনানি গিরিপ্রস্রবণানি চ ভ্রমতে ভ্রাম্যতি স্ম। পশ্যসি ত্বং প্রিয়াং ক্বচিদিতি উবাচেতি শেষঃ।

কর্ত্তৃক] ভক্ষিতা হইয়াছে। রামচন্দ্র 'আমার প্রিয়া কোথায়, [আমার প্রিয়া] কোথায়' ইহা এবং 'হে সীতে' ইহা বলিয়া পুনঃ পুনঃ চীৎকার করিতে লাগিলেন ॥ ২০ ॥

রামচন্দ্র প্রতিবনে এইরূপ বিলাপ করিতে করিতে পরিশ্রান্ত হইয়া পড়িলেন। তিনি শোকাবেগবশতঃ কোনস্থানে উদ্‌ভ্রান্ত হইয়া বিচরণ করিতে লাগিলেন, কোন স্থানে আবার বিশ্রাম করিতে লাগিলেন। ক্লান্ত রাম বনে বনে অন্বেষণ করিতে করিতে উন্মত্তের ন্যায় ঘুরিয়া বেড়াইতে লাগিলেন ॥ ২১ ॥

পরিশঙ্কিত রাম জনস্থানে সকল বন, পর্ব্বত ও প্রস্রবণসমূহে বেগে ভ্রমণ করিতে লাগিলেন এবং বলিতে লাগিলেন—হে মহাবাহো লক্ষ্মণ, তুমি কি আমার প্রিয়াকে কোন স্থানে দর্শন করিতেছ ? ॥ ২২ ॥

১। ছ-ড 'দেশান্'। ২। ছ-ড '-দুদ্বিজতে'। ৩। ঙ-ছ 'স উন্মত্ত ইব ভ্রান্তো হ্যন্বেষত পরম্পরম্'। ৪। ঙ-ড 'বিচিত্রাণি'। ৫। ছ 'অন্বেষমাণো বেগেন'। ৬। ঙ-ড 'পশ্য মে'। ৭। ড 'মহা-'।

অনুষ্ঠিতস্তৎ[1] স চকার মার্গণৈ-

র্ব্বনং যথাকামমথো নিরন্তরম্ ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রামপরিদেবনং নাম
অষ্টষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৮ ॥

২৩। টিপ্পনী। তথা পূর্ব্বোক্তপ্রকারেণ সবিলাপমিত্যর্থঃ, বিপুলং বিশালং মহদ্ বনং মহারণ্যং নিবিড়ারণ্যমিত্যর্থঃ, গত্বা প্রবিশ্য অথ অনন্তরং মৈথিলীকৃতে সীতান্বেষণনিমিত্তম্ অনুষ্ঠিতঃ অনুষ্ঠানবান্ উৎসাহসম্পন্ন ইতি যাবৎ, স রামঃ যথাকামং যথেচ্ছং বিবিচ্য মার্গণৈঃ বিচারপূর্ব্বৈরন্বেষণৈঃ যত্র যত্র অন্বেষণাভিলাষস্তত্র তত্র সর্ব্বত্রৈব, যথা কিঞ্চিদপি অভিমতং স্থানং পরিত্যক্তং ন ভবেৎ ইত্যেবং বিবেকসহিতৈরন্বেষণৈরিতি ভাবঃ; তৎ সর্ব্বং বনং নিরন্তরং নিরবকাশং চকার, কৃৎস্নমেবান্বেষণযোগ্যং স্থানং নিরবশেষেণান্বেষিতবানিত্যর্থঃ।

এইরূপে বিশাল নিবিড় অরণ্যে গমন করিয়া, অনন্তর সীতার [অন্বেষণ-] নিমিত্ত উৎসাহসম্পন্ন রাম বিচারপূর্ব্বক ইচ্ছানুরূপ [পুঙ্খানুপুঙ্খরূপে] অন্বেষণদ্বারা সেই সমস্ত অরণ্যকে নিরবকাশ (অর্থাৎ নিঃশেষিত) করিলেন ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রামপরিদেবন-(বিলাপ)নামক
অষ্টষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৬৮ ॥

১। ঙ-ড '-স্তস্তৎ'।

ঊনসপ্ততিতমঃ সর্গঃ

স তু দৃষ্ট্বা জনস্থানং শূন্যং দশরথাত্মজঃ।
রহিতাং পর্ণশালাঞ্চ প্রবিদ্ধান্যাসনানি চ ॥ ১ ॥
অদৃষ্ট্বা তত্র বৈদেহীং সংনিরীক্ষ্য চ সর্ব্বশঃ।
অব্রবীল্লক্ষ্মণং দীনো মুখেন পরিশুষ্যতা ॥ ২ ॥
ক্ব সা লক্ষ্মণ বৈদেহী কং বা দেশমিতো গতা।
হৃতা বা কেন সৌমিত্রে ভক্ষিতা বা তপস্বিনী ॥ ৩ ॥

১। লো-টী রহিতাং সীতয়া ত্যক্তাম্। প্রবিদ্ধানি তয়া প্রক্ষিপ্তানি. ত্যক্তানীত্যর্থঃ।

১। টিপ্পনী। শূন্যং সীতয়া রহিতম্। প্রবিদ্ধানি ইতস্ততঃ প্রক্ষিপ্তানি। তিঃ।
২। টিপ্পনী। সর্ব্বশঃ সর্ব্বত্র তত্র বনপ্রদেশে সন্নিরীক্ষ্য বিচিত্য। গোঃ রাঃ।
৩। টিপ্পনী। কং কঞ্চিদ্দেশমিতো গতা বৈদেহী ক্ব অস্তীতি শেষঃ। শিরোঃ।

দুঃখিতহৃদয় দশরথাত্মজ রাম শূন্য জনস্থান, সীতাশূন্য পর্ণশালা এবং [ইতস্ততঃ] বিক্ষিপ্ত আসনসমূহ দর্শন করিয়া সীতাকে সে স্থানে না দেখিয়া ও সকল স্থান সম্যক্‌রূপে নিরীক্ষণ করিয়া বিশুষ্কমুখে লক্ষ্মণকে বলিলেন—॥ ১-২ ॥

হে লক্ষ্মণ, সেই সীতা কোথায়? এই স্থান হইতে কোথায় গিয়াছে? হে সৌমিত্রে, দুঃখিনী সীতাকে কে অপহরণ করিল অথবা ভক্ষণ করিল? ॥ ৩ ॥

১। ইতঃ পূর্ব্বং সর্গারম্ভে ছ-পুস্তকে 'চচাল চাসকৃদ্দীনো বেপথুশ্চাপ্যজায়ত। উপলভ্য নিমিত্তানি অশুভানি মুহুর্মুহুঃ॥ অপি স্বস্তি ভবত্যস্যা বৈদেহ্যা রঘুনন্দন। এবমুক্ত্বা ততো রামো লক্ষ্মণং দীনমানসম্। সুমহদ্রক্ষসাং স্থানং জনস্থানং দদর্শ হ॥' ইত্যধিকঃ। ড-পুস্তকে 'এবমুক্ত্বা ততো রামো লক্ষ্মণং দীনমানসম। সুমহদ্রক্ষসাং স্থানং জনস্থানং দদর্শ হ॥' এতাবন্মাত্রমধিকম্। ২। ঙ-ঠ-ড 'প্রবৃদ্ধা-'। ৩। ঝ 'ন দৃ-'। ৪। ক-ছ 'স নি-'। ৫। ঙ-ড় 'স'। ৬। ক-ঝ '-মুপাগতা'।

তথা দৃষ্ট্বা জনস্থানং রুদন্তমিব সর্ব্বতঃ।
উবাচ রামঃ প্রক্রুশ্য[১] প্রগৃহ্য[২] রুচিরৌ ভুজৌ ॥ ৪ ॥
বৃক্ষেণাবার্য্য যদি মাং সীতে হসিতুমিচ্ছসি[৩]।
অলং তে হসিতেনার্য্যে[৪] মাং বিহায় সুদুঃখিতম্[৫] ॥ ৫ ॥
যৈঃ সহ[৬] ক্রীড়তে[৭] সীতা বিশ্বস্তৈর্[৮]মৃগপোতকৈঃ[৯]।
তাং বিনা তে বিশালাক্ষীং দৃশ্যন্তে চেহ[১০] লক্ষ্মণ ॥ ৬ ॥

৪। লো-টী। তথা তেন প্রকারেণ। 'যথে'তি পাঠে যথাবৎ। পর্ব্বতঞ্চ রুদন্তম্ ইব। 'সর্ব্বত' ইতি পাঠে সর্ব্বাসু দিক্ষু সীতাং রুদতীমিব দৃষ্ট্বা। প্রক্রুশ্য হা সীতেত্যুক্ত্বা। প্রসৃত্য ঊর্দ্ধং কৃত্বা।

৫। লো-টী। আবার্য্য আত্মানমিতি শেষঃ। হে আর্য্যে [অ] ক্রূরস্বভাবে, মামিহ শোকার্ণবে অপাস্য ক্ষিপ্ত্বা তে তব হসিতেন পরিহাসেনালং নিরর্থকং হসিতং নিরর্থকমিত্যর্থঃ। ধান্যেন ধনবান্ ইতিবৎ। অকারপ্রশ্লেষে হে অনার্য্যে, হসিতে অলমিতি।

৪। টিপ্পনী। রুদন্তমিতি পুংস্ত্বমার্ষম্। অথবা আশ্রমো বিশেষ্য ইত্যুক্তং প্রাক্। প্রক্রুশ্য হা ইতি শব্দং কৃত্বা। বাহূ প্রগৃহ্য উৎক্ষিপ্য। তিঃ। প্রাক্রুশ্য সীতামুচ্চৈরাহূয় উবাচ। ভুজগ্রহণং শোককৃতবিকারবিশেষঃ। প্রগৃহ্য উৎক্ষিপ্য। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। হে সীতে, বৃক্ষেণাবার্য্য স্বাত্মানমাচ্ছাদ্য যদি মাং হসিতুমিচ্ছসি তর্হি তে হসিতেনালম্। শিরোঃ। হসিতুমন্তর্হিতাং মাং জ্ঞাতুমসমর্থোঽসি ইত্যেবং পরিহসিতুম্। গোঃ রাঃ।

৬। টিপ্পনী। সীতা যৈর্বিশ্বস্তৈর্মৃগপোতকৈঃ মৃগশাবকৈঃ সহ ক্রীড়তে ক্রীড়াং করোতি তে মৃগশিশবোঽপি তাং বিনৈবেহ দৃশ্যন্তে। এতেন নূনং সীতা নাস্তোবেতি রামাশয়ো ব্যজ্যতে।

সমগ্র জনস্থান যেন রোদন করিতেছে দেখিয়া রামচন্দ্র সুন্দর ভুজদ্বয় উৎক্ষিপ্ত করত [সীতাকে] সম্বোধনপূর্ব্বক বলিতে লাগিলেন—॥ ৪ ॥

হে সীতে, যদি তুমি বৃক্ষদ্বারা (অর্থাৎ বৃক্ষের অন্তরালে) [নিজেকে] প্রচ্ছন্ন রাখিয়া আমাকে উপহাস করিতে ইচ্ছা করিয়া থাক, তবে হে সাধুস্বভাবে, তুমি অতিদুঃখিত আমাকে পরিত্যাগ করিয়া (অর্থাৎ আমার নিকট হইতে দূরে থাকিয়া) [আর] উপহাস করিও না ॥ ৫ ॥

১। ঙ-ড 'সংক্রুশ্য'। ২। ঋ 'প্রসৃত্য'। ৩। ড 'জ্ঞাতুমিহেচ্ছসি'। ৪। ঠ 'নাথ'। ৫। ঘ মামিহায়াস্য দুঃখিতম্', ঙ 'মামপাস্যেহ দুঃখিতম্', ছ-ঋ 'মামিহাপাস্য দুঃখিতম্'। ৬। ঙ ড 'সহাক্রী-'। ৭। ছ '-ড়িতা'। ৮। ক-ঋ 'বিশ্রব্ধৈ-'। ৯। ড '-পক্ষিভিঃ'। ১০। ঘ-ছ-ড 'নেহ'।

ইমে লক্ষ্মণ বৈদেহ্যাস্তাপনীয়বিভূষণাঃ।[১]
ধরণ্যাং সহ মাল্যেন শীর্ণাঃ কনকবিন্দবঃ ॥ ৭ ॥
তপ্তরুক্মপ্রকাশৈশ্চ[২] ঘোরৈঃ ক্ষতজবিন্দুভিঃ।
আবৃতং পশ্য সৌমিত্রে সর্ব্বতো ধরণীতলম্ ॥ ৮ ॥
মন্যে লক্ষ্মণ বৈদেহী রাক্ষসৈঃ কামরূপিভিঃ।
ছিত্বা[৩] ছিত্বা বিভক্তা বা ভক্ষিতা[৪] বা তপস্বিনী ॥ ৯ ॥
তস্যা নিমিত্তং বৈদেহ্যা দ্বয়োর্ব্বিবদমানয়োঃ।
প্রবৃত্তং[৫] পশ্য সৌমিত্রে যুদ্ধং[৬] রাক্ষসয়োরিহ ॥ ১০ ॥

৭। লো-টী। তাপনীয়াঃ তপনীয়ং স্বর্ণং তন্ময়া বিভূষণা অলঙ্কারাঃ শীর্ণাঃ পতিতাঃ। কনকবিন্দবঃ কনকবিন্দুময্যো মালা ইত্যর্থঃ।

৯। লো-টী। বিভক্তা বা ভাগং ভাগং কৃত্বা বা।

৭। টিপ্পনী। তপনীয়বিভূষণানাং স্বর্ণালঙ্কারাণামিমে তাপনীয়বিভূষণাঃ, স্বর্ণালঙ্কার-সম্বন্ধিন ইত্যর্থঃ, কনকবিন্দবঃ স্বর্ণরেণবঃ মাল্যেন সহ ধরণ্যাং শীর্ণাঃ পতিতাঃ।

৮। টিপ্পনী। তপ্তরুক্মপ্রকাশৈর্জ্বলৎসুবর্ণপ্রভৈঃ। ক্ষতজবিন্দুভিঃ রক্তবিন্দুভিঃ। সর্ব্বতঃ সর্ব্বত্র।

৯। টিপ্পনী। তপস্বিনী দুঃখিতা, অসহায়তয়া শোচনীয়া বা।

১০। টিপ্পনী। রাবণজটায়ুষোঃ সংমর্দ্দস্থানমালোক্য সীতালোলুপয়ো রাক্ষসয়োরয়ং বৃত্তঃ সংগ্রাম ইতি মত্বা রামস্যেয়মুক্তিঃ। প্রবৃত্তং প্রকর্ষেণ বৃত্তং ঘটিতম্।

হে লক্ষ্মণ, যে সকল বিশ্বস্ত মৃগশাবকের সহিত সীতা ক্রীড়া করিয়া থাকে, তাহাদিগকে এই স্থানে বিশালনেত্রা-সীতা-বিরহিত দেখিতেছি ॥ ৬ ॥

হে লক্ষ্মণ, [দেখ] সীতার স্বর্ণভূষণসমূহের স্বর্ণরেণুনিচয় মাল্যের সহিত ধরণীতলে পতিত রহিয়াছে ॥ ৭ ॥

হে সৌমিত্রে, দেখ, উত্তপ্ত স্বর্ণের ন্যায় সমুজ্জ্বল ভীষণ শোণিতবিন্দুসমূহে ধরণীতল সর্ব্বত্র আবৃত রহিয়াছে ॥ ৮ ॥

হে লক্ষ্মণ, আমি মনে করি, কামরূপী রাক্ষসগণ তপস্বিনী (দুঃখিতা) বৈদেহীকে খণ্ড খণ্ড করিয়া বিভক্ত করিয়াছে অথবা ভক্ষণ করিয়াছে ॥ ৯ ॥

১। ক-খ-ঠ '-স্তাপনীযা', ছ '-স্তপ-'। ২। ঘ-ছ-ঠ '-বিন্দু-', ঙ-ড '-হেমপ্র-'। ৩। ক-ঘ-ছ 'ভিত্বা'। ৪। ঝ 'রক্ষিতা'। ৫। ঘ 'প্রযুদ্ধং', ঙ-ড 'বভূব যুদ্ধং', ছ 'আবৃত্তং', ঠ 'পদানি'। ৬। ঘ-ঙ-ছ 'ঘোরং', ঠ 'ভূশং'।

১ ২ ৩
কথং চন্দ্রপ্রতীকাশং সীতায়া বিমলং মুখম্।
আসীদ্রাক্ষসয়োর্ম্মধ্যে দ্বয়োর্ব্বিবদমানয়োঃ ॥ ১১ ॥
৩ ৪ ৫
ভূয়ঃ সীতাবিনাশাদ্ধি প্রযুক্তং রাক্ষসৈর্ম্মম।
৬ ৭ ৮
বৈরং স্থানেঽত্র সৌমিত্রে তেষামাত্মবধায় বৈ ॥ ১২ ॥
৯
শক্রচাপনিভঞ্চেদং তপনীয়বিভূষিতম্।
ধরণ্যাং পতিতং ভগ্নং কস্য সৌম্য মহদ্ধনুঃ ॥ ১৩ ॥

১১। লো-টী। কথং কিংপ্রকারকম্।

১২। লো-টী। তেষাং রক্ষসামেব বধায় মম রাক্ষসৈঃ সহ প্রযুক্তং ভূয়ঃ পুনরপি প্রকৃষ্টো যুদ্ধযোগঃ (?)। 'প্রসক্তমি'তি পাঠে যুদ্ধমিতি শেষঃ।

১১। টিপ্পনী। বিবদমানয়ো রাক্ষসয়োর্মধ্যে তস্যাশ্চন্দ্রপ্রতীকাশং চন্দ্রপ্রতিমং মুখমণ্ডলং কথমাসীৎ কীদৃগ্ বভূব ইত্যর্থঃ।

১২। টিপ্পনী। সীতাবিনাশাদ্ ভূয়ঃ প্রযুক্তং পুনরুৎপন্নং রাক্ষসৈঃ সহ বৈরং তেষাং রাক্ষসানামাত্মবধায় আত্মবিনাশনিমিত্তং ভবতীতি শেষঃ।

১৩। টিপ্পনী। শক্রচাপনিভমিন্দ্রধনুঃসদৃশম্। তপনীয়বিভূষিতং স্বর্ণভূষিতম্।

হে সৌমিত্রে, দেখ [দেখ], সেই বৈদেহীর নিমিত্ত বিবদমান দুই রাক্ষসের এই স্থানে যুদ্ধ সংঘটিত হইয়াছিল ॥ ১০ ॥

সীতার চন্দ্রতুল্য বিমল বদন বিবদমান রাক্ষসদ্বয়ের মধ্যে [থাকিয়া] কিরূপ হইয়াছিল ? ॥ ১১ ॥

হে সৌমিত্রে, [রাক্ষসগণকর্ত্তৃক] সীতার বিনাশনিবন্ধন এই জনস্থানে রাক্ষসগণের সহিত আমার পুনর্ব্বার উৎপন্ন শত্রুতা তাহাদের আত্মবিনাশের নিমিত্তই হইল ॥ ১২ ॥

১। ঘ-ছ-ঝ 'কথঞ্চ চন্দ্রসঙ্কাশং'। ২। ঙ-ড 'তচ্চন্দ্রসঙ্কাশং-'। ৩। ঝ '-তা, বিশালাক্ষী'। ৪। ঙ-ছ 'প্রসক্তং' ঠ-ড 'প্রশক্তং'। ৫। ক-ঝ '-সৈঃ সহ'। ৬। ঘ 'জনস্থানে তু', ঝ জনস্থানেঽত্র', ঠ 'জনস্থানেঽপি'। ৭। ছ-ঝ 'তেষামেব বধায়'। ৮। ক 'বা', ঘ ঠ 'হি'। অতঃ পরং ঙ-ঠ-ড-পুস্তকেষু 'এবং বিলপমানস্তু রামো মত্ত ইব স্বয়ম্ ('স্খলন্' ঙ-ড)। অথাশ্রমক্রোশমাত্রে ('-শ্রমাৎ ক্রো-' ড, '-মাত্রাৎ' ঙ) সোঽপশ্যন্মহদদ্ভুতম্ ('অপশ্যন্-' ঙ)॥ রণোপকরণং সর্ব্বং বিষ্ঠিতং ধরণীতলে। তদ্দৃষ্ট্বা দর্শয়ামাস সশোকো লক্ষ্মণায় বৈ।' ইত্যধিকঃ। ৯। ঙ-ড '-ভং ছত্রং'।

তরুণাদিত্যসঙ্কাশং বৈদূর্য্যমণিভূষিতম্ ।
বিশীর্ণং পতিতং[1] ভূমৌ কবচং কস্য কাঞ্চনম্[2] ॥ ১৪ ॥

ছত্রং শতশলাকঞ্চ দিব্যমাল্যোপশোভিতম্ ।
ভগ্নদণ্ডমিদং সৌম্য কস্য ভূমৌ নিপাতিতম্ ॥ ১৫ ॥

কাঞ্চনোরশ্ছদাশ্চেমে পিশাচবদনাঃ খরাঃ[3] ।
ভীমরূপা মহাকায়াঃ কস্য বীর[4] হতা রণে ॥ ১৬ ॥

দীপ্তপাবকসঙ্কাশঃ[5] সপতাকঃ সহধ্বজঃ ।
অপবিদ্ধশ্চ ভগ্নশ্চ কস্য সাংগ্রামিকো রথঃ ॥ ১৭ ॥

১৪। লো-টী। বিশীর্ণং সৎ পতিতম্ ।

১৫। লো-টী। শতং শলাকাঃ স্বর্ণনির্ম্মিতচন্দ্রা যস্মিন্ তৎ, স্বর্ণকাষ্ঠ্যো বা।

১৬। লো-টী। কাঞ্চনময়া উরশ্ছদাঃ কবচা যেষাং তে, তরুণাদিত্যসঙ্কাশাঃ শুক্লাঃ।

১৭। লো-টী। ভগ্নোঽপবিদ্ধশ্চ ইতস্ততঃ পতিতশ্চ।

১৪। টিপ্পনী কাঞ্চনং কাঞ্চনময়ং কবচং বিশীর্ণং স্খলিতং সৎ ভূমৌ পতিতম্ আস্ত ইতি শেষঃ।

১৬। টিপ্পনী কাঞ্চনোরশ্ছদাঃ সুবর্ণময়কবচবিশিষ্টাঃ।

১৭। টিপ্পনী ভগ্নঃ খণ্ডিতঃ, অপবিদ্ধো নিক্ষিপ্তশ্চ।

হে সৌম্য, কাহার এই স্বর্ণবিভূষিত ইন্দ্রচাপতুল্য বিশাল ধনু ভগ্ন হইয়া ধরণীতলে পতিত রহিয়াছে ? ॥ ১৩ ॥

কাহার তরুণারুণসন্নিভ বৈদূর্য্যমণিভূষিত কাঞ্চনময় কবচ [গাত্র হইতে] স্খলিত হইয়া ভূমিতে পতিত রহিয়াছে ? ॥ ১৪ ॥

হে সৌম্য, কাহার শতশলাকাবিশিষ্ট দিব্য মাল্যে উপশোভিত ভগ্নদণ্ড ছত্র ভূমিতলে পাতিত হইয়াছে ? ॥ ১৫ ॥

হে বীর, কাহার কাঞ্চনময়কবচধারী পিশাচবদন ভীষণাকৃতি বিশালদেহ [রথবাহন] খরসমূহ যুদ্ধে নিহত হইয়াছে ? ॥ ১৬ ॥

কাহার দীপ্তপাবকতুল্য, পতাকাযুক্ত, ধ্বজবিশিষ্ট যুদ্ধরথ ভগ্ন ও [ভূমিতলে] নিক্ষিপ্ত হইয়াছে ? ॥ ১৭ ॥

১। ক 'কবচং ভূমৌ পতিতং'। ২। ঙ 'দৃশ্যতে'। ৩। অতঃ পরং ঝ-পুস্তকে 'তরুণাদিত্যসঙ্কাশা। বৈদূর্য্যমণিভূষিতাঃ' ইত্যধিকঃ। ৪। ঠ 'বীরা-'। ৫। ধ '-কাঞ্চন-'।

রথাক্ষমাত্রা বিশিখাস্তপনীয়বিভূষণাঃ।
কস্যেমে নিশিতা বাণাঃ প্রকীর্ণা ঘোরকর্ম্মণঃ ॥ ১৮ ॥
ঘোরং প্রতিকৃতং পশ্য মমেদং জীবিতান্তকৃৎ।
বৈরং শতগুণং বীর রাক্ষসৈঃ কামরূপিভিঃ ॥ ১৯ ॥
মৃতং শোকেন মহতা সীতাহরণজেন মাম্।
পরলোকে মহারাজো নূনং বক্ষ্যতি মে পিতা ॥ ২০ ॥
কথং প্রতিজ্ঞাং সংশ্রুত্য বনবাসকৃতাং মম।
অপূরয়িত্বা তং কালং মৎসকাশমিহাগতঃ ॥ ২১ ॥

১৮। লো-টী। রথাক্ষশ্চক্রমধ্যস্থিতকাষ্ঠবিশেষঃ, তন্মাত্রাস্তৎপ্রমাণা বিশিখাস্তোমরা অস্ত্রবিশেষা ইতি যাবৎ, কস্য ? 'বিশিখস্তোমরে শরে' ইতি কোষঃ। প্রকীর্ণাঃ পতিতাঃ। 'ঘোরদর্শনাঃ' 'ঘোরকর্ম্মণ' ইতি বা পাঠঃ। দীর্ঘাভাব আর্ষঃ (?)।

১৯। লো-টী। শতগুণং বৈরং মম ময়া সহ প্রতিকৃতং কৃতমিত্যর্থঃ, তেষামেব জীবিতান্তকং পশ্য।

১৮। টিপ্পনী। কস্য ঘোরকর্ম্মণো ভয়ানককার্য্যকারিণঃ।

১৯। টিপ্পনী। কামরূপিভিঃ রাক্ষসৈর্ম্মম বৈরমীদৃশং জীবিতান্তকৃৎ প্রাণান্তকরং শতগুণং ঘোরং চ যথা স্যাৎ তথা প্রতিকৃতং নির্যাতিতং পশ্য।

২০-২১। টিপ্পনী। বনবাসে ত্বদীয়চতুর্দ্দশবর্ষব্যাপিনি বনবাসে কৃতাং মম প্রতিজ্ঞাং সংশ্রুত্য পিতৃপ্রতিশ্রুতিং পালয়িষ্যামীতি প্রতিশ্রুত্য তং বনবাসনির্দ্দিষ্টং কালম্ অপূরয়িত্বা কথমিহাগতোঽসীতি সীতাবিরহশোকমৃতং মাং দশরথঃ পরলোকে বক্ষ্যতীত্যর্থঃ।

ভীষণকর্ম্মা কাহার, রথের অক্ষদণ্ডের ন্যায় [স্থূল] এই সকল বিশিখ (অস্ত্রবিশেষ) এবং স্বর্ণবিভূষিত নিশিত শর [ইতস্ততঃ] বিক্ষিপ্ত রহিয়াছে ? ॥ ১৮ ॥

হে বীর, দেখ, কামরূপী রাক্ষসগণ [আমার কৃতপূর্ব্ব-] শত্রুতার প্রতিশোধ শতগুণে ও ভীষণ ভাবে গ্রহণ করিয়াছে ; ইহা আমার জীবনান্তকর ॥ ১৯ ॥

সীতাহরণসম্ভূত মহাশোকে মৃত, আমাকে, মহারাজ আমার পিতা [দশরথ] পরলোকে নিশ্চয় [ইহা] বলিবেন—॥ ২০ ॥

১। ঠ-টি 'ঘোররূপাশ্চ'। ২। ঙ '-মালা'। ৩। ক '-কর্ম্মিণঃ', ঝ '-দর্শনাঃ'। ৪। ঠ-টি 'মৃত্যুমূলং'। ৫। ঝ 'কম্'। ৬। ঙ 'হতং', ছ-ঠ-ড 'কৃতং'। ৭। ছ 'সীতায়া হরণেন'। ৮। ছ-ঠ-ড 'মে'। ৯। ড '-বাহো'। ১০। ঠ 'সংস্মৃত্য'। ১১। ক-ঝ '-বাসে কৃ-'।

কামবৃত্তমনার্য্যঞ্চ মৃষাবাদমধার্ম্মিকম্ ।
ধিক্ ত্বামিতি পরে লোকে ব্যক্তং বক্ষ্যতি মে পিতা ॥ ২২ ॥
বিবশং শোকসন্তপ্তং দীনং ভগ্নমনোরথম্ ।
মাং সমুৎস্বজ্য কৃপণং কীর্ত্তির্নরমিবানৃজুম্ ॥ ২৩ ॥
ক্ব সা গতা চারুদতী শুভেক্ষণা মমেশ্বরী লক্ষ্মণ যুক্তভাষিণী ।
বিহায় মাং শোকবলাভিপীড়িতং প্রভা যথা ভাস্করমস্তমূর্ধনি ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রামবিলাপো নাম উনসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৬৯ ॥

২২ লো-টী। কামবৃত্তং স্বচ্ছন্দচরিতম্, মৃষাবাদং মিথ্যাবাদিনম্।

২৩। লো-টী। বিবশং মাং সমুৎস্বজ্য সা গতেতি শেষঃ। অনৃজুং বক্রম্।

২৪। লো-টী। শোক এব বলং শক্রসৈন্যং তেনাভিপীড়িতম্। অস্তমূর্ধনি অস্তাচলোপরি বর্ত্তমানং ভাস্করং যথা প্রভা সন্ত্যজ্য গচ্ছতি তথা।

২৩। টিপ্পনী। কৃপণং শোচ্যং মাম্, যদ্বা কৃপণং বায়কুণ্ঠম্ অনৃজুমসরলং চ নরং কীর্ত্তির্যথা জহাতি তথা মাং সমুৎস্বজ্য সীতা গতেতি শেষঃ।

২৪। টিপ্পনী। অস্তমূর্ধনি অস্তাচলশিখরে প্রভা কান্তির্যথা ভাস্করং সূর্য্যং বিহায় গচ্ছতি, তথা মাং পরিত্যজ্য যুক্তভাষিণী ন্যায়ভাষণশীলা চারুদতী শোভনদন্তবিশিষ্টা সা ক্ব গতা ?

[তোমার চতুর্দ্দশ বর্ষ] বনবাসার্থ কৃত আমার প্রতিশ্রুতি পালন করিবে প্রতিজ্ঞা করিয়া [এবং] সেই সময় পূর্ণ না করিয়া কেন তুমি এখন আমার সমীপে আগমন করিলে ?॥ ২১ ॥

'স্বেচ্ছাচারী অনার্য্য মিথ্যাবাদী অধার্ম্মিক তোমাকে ধিক্' নিশ্চয় পরলোকে আমার পিতা এই বাক্য বলিবেন ॥ ২২ ॥

কীর্ত্তি যেরূপ কুটিল ব্যক্তিকে পরিত্যাগ করিয়া চলিয়া যায়, সেইরূপ অবশশরীর, শোকসন্তপ্ত, দীন, ভগ্নমনোরথ, কৃপণ (অনুকম্পার্হ) আমাকে পরিত্যাগ করিয়া সীতা চলিয়া গিয়াছে ॥ ২৩ ॥

হে লক্ষ্মণ, অস্তাচলশিখরে [বর্ত্তমান] সূর্য্যকে যেরূপ [তৎ-] প্রভা পরিত্যাগ করিয়া যায়, সেইরূপ সুদশনা সুলোচনা আমার [হৃদয়ের] অধীশ্বরী ন্যায়বাদিনী সীতা শোকবলে পীড়িত আমাকে পরিত্যাগ করিয়া কোথায় চলিয়া গেল ? ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রামবিলাপ-নামক উনসপ্ততিতম সর্গ সমাপ্ত ॥ ৬৯ ॥

১। ঠ '-বৃত্তি-'। ২। ড '-বাচ-'। ৩। ঝ 'পরো'। ৪। ঙ 'নূনং'। ৫। ছ 'করুণং'। ৬। ঘ 'বা রুদ-'। ৭। ছ 'মদনধরা'। ৮। ঘ 'চারু-', ড 'মুক্ত-'। ৯। ঠ '-লাভিপী-'।

সপ্ততিতমঃ সর্গঃ

স তথা[১] তু জনস্থানং সর্ব্বতঃ[২] প্রবিলোকয়ন্।
নাসসাদ[৩] সুদুঃখার্ত্তো রাঘবো জনকাত্মজাম্ ॥ ১ ॥
অনাসাদয়মানশ্চ[৪] সীতাং দশরথাত্মজঃ।
পঙ্কমাসাদ্য বিপুলং সীদন্নিব মহাদ্বিপঃ[৫] ॥ ২ ॥
সন্ধারয়িতুমাত্মানং[৬] ন শশাক নরোত্তমঃ।
সীতাবিয়োগজে[৭] দুঃখে মগ্নো[৮] মহতি দারুণে ॥ ৩ ॥
তং নিশ্বসন্তং ধ্যায়ন্তং দীনং বাষ্পপরায়ণম্।
শোকেন মহতাবিষ্টং নববদ্ধমিব[৯] দ্বিপম্।
লক্ষ্মণো রামমত্যর্থমুবাচ হিতকাম্যয়া ॥ ৪ ॥

১। লো-টী। 'সুদুঃখার্ত্ত' ইতি পাঠঃ। 'সদুঃখার্ত্ত' ইতি পাঠে দুঃখার্ত্তেন লক্ষ্মণেন সহ বর্ত্তমানঃ।

২-৩। লো-টী। অনাসাদয়মানঃ অপ্রাপ্নুবন্, মহাদ্বিপ ইব পঙ্কমাসাদ্য সীদন্ আত্মানং মনঃ সন্ধারয়িতুং ন শশাক।

৪। লো টী। অতিশয়িতোঽর্থো যস্মিন্ তদত্যর্থং বচনমিত্যর্থঃ।

২-৩। টিপ্পনী। সীতামনাসাদয়মানোঽলভমানঃ দারুণে সীতাবিয়োগজদুঃখে মগ্নো দশরথাত্মজো রামঃ বিপুলং পঙ্কমাসাদ্য মহাদ্বিপো মহাগজ ইব সীদন্ অবসন্নীভবন্ আত্মানং মনঃ সন্ধারয়িতুং স্থিরীকর্ত্তুং ন শশাক।

৪। টিপ্পনী। নববদ্ধমচিরাবদ্ধং প্রথমানুভূতবন্ধদুঃখমিতি ভাবঃ, দ্বিপং হস্তিনমিব।

অতিদুঃখার্ত্ত রঘুকুলোদ্ভব রামচন্দ্র সেইরূপে জনস্থানের সকলস্থান বিশেষভাবে অবলোকন করিয়া [-ও] সীতাকে [দেখিতে] পাইলেন না ॥ ১ ॥

সীতাকে না পাইয়া দারুণ সীতাবিরহসম্ভূত মহাদুঃখে নিমগ্ন দশরথাত্মজ নরোত্তম রামচন্দ্র, বিপুল পঙ্কময় প্রদেশ প্রাপ্ত হইয়া (অর্থাৎ তাহাতে নিমগ্ন হইয়া) অবসন্ন [-শরীর] মহাগজের ন্যায় মনের স্থৈর্য্যসম্পাদন করিতে পারিলেন না ॥ ২-৩ ॥

১। ছ 'তদা'। ২। ক-ঝ 'পরি-'। ৩। ঝ 'ন সসাদ'। ৪। ক '-স্তু'। ৫। ড '-গজঃ'। ৬। ছ 'সন্তার-', ঠ 'স ধার-'। ৭। ঙ '-রহিতে'। ৮। ঝ 'মগ্নং', ঠ 'মগ্নে'। ৯। ড '-বদ্ধ-'।

মা বিষাদং গমো বীর কুরু যত্নং ময়া সহ।
ইদঞ্চৈব[1] বনং সৌম্য বহুপাদপ[2]শোভিতম্[3]।
প্রিয়কাননসঞ্চারা[4] বনোন্মত্তা চ মৈথিলী ॥ ৫ ॥
সা বনং বা প্রবিষ্টা স্যান্নলিনীং বা সুপুষ্পিতাম্।
সরিতং বাঽনুসম্প্রাপ্তা মীনবঞ্জুল[5]সেবিতাম্ ॥ ৬ ॥

৫। লো-টী। প্রিয়ঃ কাননসংবাসো যস্যাঃ সা। 'প্রিয়কাননসঞ্চারা' ইতি [বা] পাঠঃ।

৬। লো-টী। নলিনীং পদ্মম্, 'নলিনা পদ্মিনী পদ্মব্যোমসিন্ধুসরোবরে' ইতি ভূরিঃ। নলিনীং সরোবরং বা। সরিতং নদীম্। মীনাশ্চ তে মঞ্জুলা মনোহরাস্তৈঃ সেবিতাম্। 'মীনবঞ্জুলসেবিতামি'তি পাঠে বঞ্জুলা বেতসাঃ, 'বঞ্জুলঃ পুংসি তিনিশে বেতসাশোকয়োরপী'তি কোষঃ।

রামস্যাপি সীতাবিয়োগদুঃখমিদমেব প্রথমমচিরপ্রাপ্তং চেতি যুক্তমৌপম্যম্। অত্যর্থং হিতকাম্যয়া নিরতিশয়শুভেচ্ছয়া।

৫। টিপ্পনী। প্রিয়ঃ কাননসঞ্চারো বনসঞ্চরণং যস্যাঃ সা, অত এব বনোন্মত্তা বনদর্শনহেতুকাতিহর্ষবিশিষ্টা। শিরোঃ। বনোন্মত্তা বনস্য পুষ্পিতত্বদর্শনাদুন্মত্তা হর্ষবতী। তিঃ। প্রিয়ঃ কাননসঞ্চারো যস্যাঃ সা, বনোন্মত্তা চ। বনং জলম্ "জীবনং ভুবনং বনম্" ইত্যমরঃ। বনেন বনদর্শনেন উন্মত্তা উন্মাদবতী অতিপ্রিয়সলিলা ইত্যর্থঃ। যথাক্রমং তৎকার্য্যমাহ সেতি। গোঃ রাঃ।

নববদ্ধ (অচিরগৃহীত) হস্তীর ন্যায় মহাশোকাবিষ্ট, নিশ্বাসমোচনকারী, চিন্তাসম্বলিত অশ্রু [-মোচন-] পরায়ণ দীন সেই রামচন্দ্রকে লক্ষ্মণ অতীব হিতাভিলাষে বলিলেন—॥ ৪ ॥

হে বীর, আপনি বিষণ্ণ হইবেন না, আমার সহিত [মিলিত হইয়া সীতার অন্বেষণে] চেষ্টা করুন। হে সৌম্য, এই কাননও বহুবৃক্ষশোভিত, সীতাও বনভ্রমণপ্রিয়া [ও] বনদর্শনোন্মত্তা ॥ ৫ ॥

সীতা বনে কিংবা সুন্দরপুষ্পসমন্বিত সরোবরে প্রবেশ করিয়া থাকিবেন ; অথবা মৎস্য ও বঞ্জুল (বেতসলতা) -বিশিষ্ট নদীতে গমন করিয়া থাকিবেন ॥ ৬ ॥

১। খ-ঙ-ছ 'ইদং মহীতলং', ড 'ইদং মহাবনং'। ২। ঠ '-দুর্গমম্'। ৩। অতঃ পরং ঠ-পুস্তকে 'মহীং সর্ব্বাং বিচিন্বানৌ কিং ন লপ্স্যাবহে ক্বচিৎ।' ইতি পাঠঃ। ৪। ঝ '-সংবাসা'। ৫। ঠ 'মীনশৈবাল-', ঠটি-ড 'নীলব-'।

বিত্রাসয়িতুকামা[১] বা[২] লীনা[৩] স্যাৎ কাননে ক্বচিৎ।
জিজ্ঞাসমানা বৈদেহী ত্বাং মাঞ্চ[৪] পুরুষর্ষভ ॥ ৭ ॥
যত্নমন্বেষণে তস্যাঃ কুরু বীর[৫] ময়া সহ।
বনং সর্ব্বং বিচিন্বানো যত্র সা জনকাত্মজা ॥ ৮ ॥
এবমুক্তস্তু বচনং[৬] লক্ষ্মণেন সমাহিতঃ।
সহ সৌমিত্রিণা রামো বিচেতুমুপচক্রমে ॥ ৯ ॥
তৌ বনানি গিরীংশ্চৈব সরিতশ্চ সরাংসি চ।
নিরীক্ষাঞ্চক্রতুর্ব্বীরৌ সীতাদর্শনকাঙ্ক্ষয়া ॥ ১০ ॥

৮। লো-টী। বিচিন্বানো গচ্ছন্।

৭। টিপ্পনী। বিত্রাসয়িতুকামা আবয়োর্ভীতিমুৎপাদয়িতুমভিলষন্তী, ত্বাং মাং চ জিজ্ঞাসমানা তামপ্রাপ্য আবাভ্যাং কিং ক্রিয়তে ইতি জ্ঞাতুমিচ্ছন্তীত্যর্থঃ।

৮। টিপ্পনী। যত্র সা জনকাত্মজা সম্ভাব্যতে ইতি শেষঃ। শিরোঃ। বিচিন্বানোঽন্বেষণপরায়ণো ভব ইতি শেষঃ।

৯। টিপ্পনী। সমাহিতঃ কৃতচিত্তসমাধানঃ। বিচেতুমন্বেষ্টুম্। গোঃ রাঃ।

হে পুরুষশ্রেষ্ঠ, [অথবা] বৈদেহী আপনাকে এবং আমাকে (অর্থাৎ আপনার ও আমার মনোভাব) অবগত হইতে অভিলাষিণী হইয়া কিংবা [আপনাকে ও আমাকে] ভয়প্রদর্শন করিতে ইচ্ছা করিয়া [এই] কাননে কোনস্থানে লুক্কায়িতা হইয়া থাকিবেন ॥ ৭ ॥

হে বীর, সীতার অন্বেষণে যত্ন করুন ; জনকাত্মজা সীতা যে স্থানে আছেন [সংশয় হয়], আপনি আমার সহিত সেই সকল বন অনুসন্ধান করিতে থাকুন ॥ ৮ ॥

লক্ষ্মণকর্ত্তৃক এইরূপ বাক্য অভিহিত হইয়া অবহিতচিত্ত রামচন্দ্র লক্ষ্মণের সহিত [বনে সীতার] অনুসন্ধান করিতে আরম্ভ করিলেন ॥ ৯ ॥

বীর্য্যশালী রাম ও লক্ষ্মণ সীতাদর্শনাভিলাষে বনসমূহ, গিরিসমূহ, নদীসমূহ ও সরোবরসমূহ নিরীক্ষণ করিতে লাগিলেন ॥ ১০ ॥

১। খ 'পরিত্রাসয়ি-'। ২। ঠ 'সা'। ৩। ড 'বা'। ৪। ঘ 'ত্বাঞ্চ মাং'। ৫। ক-খ 'রাম'। ৬। ঘ-ছ 'স বনং'।

পর্ব্বতং বহুকূটং[১] চ[২] নানাধাতুশতৈশ্চিতম্[৩]।
সকাননবনং[৪] রামো ব্যচিনোৎ[৫] সহলক্ষ্মণঃ ॥ ১১ ॥
তস্য শৈলস্য সানূনি[৬] গুহাশ্চ শিখরাণি চ।
নলিনীশ্চ বিচিন্বন্তৌ নৈব তামধিজগ্মতুঃ[৭] ॥ ১২ ॥
বিচিত্য সর্ব্বতঃ শৈলং রামো লক্ষ্মণমব্রবীৎ।
নেহ[৮] পশ্যামি সৌমিত্রে[৯] বৈদেহীং পর্ব্বতে শুভে ॥ ১৩ ॥
স তথোক্তোঽতিসন্তপ্তো[১০] লক্ষ্মণো বাক্যমব্রবীৎ।
বিচরন্[১১] দণ্ডকারণ্যে[১২] ভ্রাতরং দীনমানসম্[১৩] ॥ ১৪ ॥

১১। লো-টী। 'দুর্গশৃঙ্গমি'তি পাঠঃ। 'বহুকূটাভমি'তি পাঠে বহুভিঃ কূটৈঃ শৃঙ্গৈরাভাতীতি তম্; 'অয়োঘনে শৈলশৃঙ্গে শীরাঙ্গে কূটমস্ত্রিয়াম্' ইত্যমরঃ। কাননং নিবাসস্থানম্, বনং জলং বা। 'বনং নপুংসকং নীরে নিবাসালয়কাননে' ইতি কোষঃ।

১২। লো-টী। 'নলিনীশ্চে'তি পাঠঃ। 'নলিনীমি'তি বিমলবোধঃ, নলিনীং পদ্মিনীং সীতামিত্যর্থঃ।

১১। টিপ্পনী। বহুকূটং বহুশৃঙ্গম্। নানাধাতুশতৈর্নানাবিধৈর্ধাতুশতৈঃ, চিতং ব্যাপ্তম্। ব্যচিনোৎ অন্বেষিতবান্।

১২। টিপ্পনী। তস্য তত্রস্থস্য শৈলস্য সানূনি পর্ব্বতোপরিস্থসমভূমীঃ।

সলক্ষ্মণ রামচন্দ্র বিবিধ শত শত ধাতুসমূহে ব্যাপ্ত, বহুশৃঙ্গবিশিষ্ট, বনকাননসমন্বিত পর্ব্বত অন্বেষণ করিলেন ॥ ১১ ॥

রাম ও লক্ষ্মণ সেই পর্ব্বতের সানুসমূহ (উপরিস্থ সমতলভূমি), গুহাসমূহ, শিখরসমূহ ও সরোবরসমূহ অনুসন্ধান করিয়া [-ও] সীতাকে পাইলেন না ॥ ১২ ॥

পর্ব্বতের সর্ব্বত্র অন্বেষণ করিয়া রাম লক্ষ্মণকে বলিলেন,—হে সৌমিত্রে, এই সুরম্য পর্ব্বতে ত বৈদেহীকে দেখিতেছি না ॥ ১৩ ॥

১। ঝ 'দুর্গশৃঙ্গং'। ২। ক-ড 'তু'। ৩। ঝ '-তৈর্ব্বৃতম্'। ৪। ছ '-নং বনং'। ৫। ঠ 'বিচিনোৎ'। ৬। ঠ 'বা ভূমিশু-'। ৭। ঙ '-মভিজ-'। ৮। ছ 'ন হি'। ৯। ঝ-ড 'বৈদেহীং সৌমিত্রে'। ১০। ক 'তথৈবাতি-', ঝ 'তথা চাতি-', ড 'তথোক্তোঽভি-'। ১১। ঝ 'বিচিন্বন্'। ১২। ক-ছ-ঝ '-রণ্যং'। ১৩। ছ 'দীপ্তমা-', ঝ 'দীপ্তচেতসম্'।

প্রাপ্স্যসি ত্বং মহাপ্রাজ্ঞ[1] মৈথিলীং জনকাত্মজাম্।
যথা বিষ্ণুর্ম্মহাবাহো[2] বলিং বদ্ধ্বা[3] মহীমিমাম্[4] ॥ ১৫ ॥

এবমুক্তস্তু বীরেণ[5] লক্ষ্মণেন স রাঘবঃ।
উবাচ[6] দীনয়া বাচা দুঃখাভিহতচেতনঃ ॥ ১৬ ॥

বনং সর্ব্বং প্রবিচিতং পদ্মিন্যশ্চ সপঙ্কজাঃ।
গিরয়শ্চ মহাবাহো[7] বহুকন্দরনির্ঝরাঃ ॥ ১৭ ॥

ন চ[8] পশ্যামি বৈদেহীং প্রাণেভ্যোঽপি গরীয়সীম্।
বিচিন্বানো গিরিং[9] সর্ব্বং বনং চ নিখিলং মহৎ ॥ ১৮ ॥

১৭। লো-টী। পদ্মিন্যঃ সরিতঃ।

১৫। টিপ্পনী। যথা বিষ্ণুর্বলিং বদ্ধ্বা মহীং প্রাপ তথেত্যর্থঃ।
১৮। টিপ্পনী। নিখিলং সর্ব্বম্। মহদ্ বিশালম্।

[রামচন্দ্রকর্ত্তৃক] সেইরূপে অভিহিত হইয়া অতিশয় সন্তপ্ত লক্ষ্মণ দণ্ডকারণ্যে বিচরণ করিতে করিতে দীনচিত্ত ভ্রাতাকে [এই] বাক্য বলিলেন—॥ ১৪ ॥

হে মহাপ্রাজ্ঞ, মহাবাহো, বিষ্ণু যেরূপ বলিকে বন্ধন করিয়া এই পৃথিবী প্রাপ্ত হইয়াছিলেন, আপনিও সেইরূপ জনকাত্মজা সীতাকে [অবশ্যই] প্রাপ্ত হইবেন ॥ ১৫ ॥

বীর লক্ষ্মণকর্ত্তৃক এইরূপে অভিহিত হইয়া দুঃখে হতচেতন রঘুবংশোদ্ভব রামচন্দ্র কাতর বাক্যে বলিলেন—॥ ১৬ ॥

হে মহাবাহো, আমরা সমস্ত কানন, পঙ্কজসমন্বিত নদীসমূহ এবং বহু কন্দর ও নির্ঝরবিশিষ্ট পর্ব্বতসমূহ অন্বেষণ করিয়াছি ॥ ১৭ ॥

সমস্ত পর্ব্বত এবং বিশাল [বিশাল] সমস্ত বন অন্বেষণ করিয়াও প্রাণাপেক্ষা গরীয়সী বৈদেহীকে দেখিতে পাইতেছি না ॥ ১৮ ॥

১। ক '-বাহো', ঙ-ড '-ভাগ'। ২। ক-ছ '-বীর্য্যো', ঠ '-বাহর্ব্ব-'। ৩। ঝ 'ত্রিপিষ্টপম্'। ৪। ঠ-ট '-তলম্'। ৫। ছ 'ধীরেণ'। ৬। ক 'অব্রবীদ্দী-', ঝ 'অব্রবীল্লক্ষ্মণং বীরং সর্ব্বতঃ পরিলোকয়ন্'। ৭। ক '-তেজো'। ৮। ছ 'তু', ঝ 'পশ্যামি চ'। ৯। ঙ-ছ-ড 'গিরীন্ সর্ব্বান্'।

এবং স বিলপন্ দীনঃ সীতাহরণকর্ষিতঃ।
রাঘবঃ শোকসন্তপ্তো মুহূর্ত্তং বিহ্বলো[1]ঽভবৎ ॥ ১৯ ॥

স বিহ্বলিতসর্ব্বাঙ্গো গতসত্ত্বো বিচেতনঃ।
নিশ্বাসাতুরো[2] দীনঃ শোকসন্তপ্তমানসঃ ॥ ২০ ॥

বহুধা তু বিনিশ্বস্য রামো রাজীবলোচনঃ।
হা প্রিয়ে[3] ক্বাসি নষ্টাসি[4] ব্যাক্রোশন্[5] ন্যপতৎ ক্ষিতৌ ॥ ২১ ॥

তং[6] সান্ত্বয়ামাস ততো লক্ষ্মণঃ প্রিয়বান্ধবঃ।
বহুপ্রকারং ধর্ম্মজ্ঞঃ প্রশ্রিতঃ[7] প্রয়তাঞ্জলিঃ[8] ॥ ২২ ॥

২০। লো-টী। গতসত্ত্বো গতবলঃ, নিশ্বাসেন সহ বর্ত্তমানঃ আতুরশ্চ কিঞ্চিৎ কর্ত্তুমসমর্থঃ। 'নিশ্বসংশ্চাতুর' ইতি বা পাঠঃ।

২১। লো-টী। বিনষ্টা অদর্শনং গতা মৃতা বা। রাক্ষসভয়াৎ পলায়িতেতি সর্বজ্ঞঃ।

১৯। টিপ্পনী। বিহ্বলঃ পরবশঃ। তিঃ।

২০। টিপ্পনী। বিহ্বলিতসর্ব্বাঙ্গঃ সীতাত্যন্বেষণফলাপ্রাপ্ত্যা বিহ্বলিতানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ। আতুরো দুঃখাসহিষ্ণুঃ। শিরোঃ। বিচেতনশ্চেষ্টারহিতঃ। তিঃ। গতসত্ত্বো লুপ্তধৈর্য্যঃ, হীনবলো বা।

২১। টিপ্পনী। বহুধা বহুবারান্ ব্যাক্রোশন্ উচ্চৈরাহ্বয়ন্, আহ্বানপূর্ব্বং ক্রন্দন্নিত্যর্থঃ।

২২। টিপ্পনী। প্রিয়বান্ধবঃ প্রিয়ভ্রাতৃক ইত্যর্থঃ। প্রশ্রিতঃ সপ্রশ্রয়ঃ, বিনীত ইত্যর্থঃ। প্রয়তাঞ্জলির্বদ্ধাঞ্জলিরিত্যর্থঃ।

দীন, সীতাহরণপীড়িত, শোকসন্তপ্ত, রঘুবংশোদ্ভব রামচন্দ্র এইরূপে বিলাপ করিতে করিতে মুহূর্ত্তের জন্য বিহ্বল হইয়া পড়িলেন ॥ ১৯ ॥

অবশীভূতসর্ব্বশরীর, ধৈর্য্যবিহীন, বিচেতন, কাতর, শোকসন্তপ্তচিত্ত রাম [মুহুর্ম্মুহু] নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন ॥ ২০ ॥

রাজীবলোচন রাম বহুবার নিশ্বাস পরিত্যাগ করিয়া 'হা প্রিয়ে, কোথায় আছ, তুমি কি বিনষ্ট হইয়াছ ?' [এই বলিয়া] রোদন করিতে করিতে ভূমিতলে পতিত হইলেন ॥ ২১ ॥

১। ড '-লো ভবেৎ'। ২। ছ 'নিশ্বসংশ্চা-', ঝ-পুস্তকে ইদমর্দ্ধম্ একবিংশশ্লোকশ্চ ন দৃশ্যেতে। ৩। ছ '-য়েতি বিচুক্রোশ বহুধা দু-'। ৪। ঙ 'নষ্টেতি'। ৫। ঘ-ঙ-ড '-শদ্বাষ্পগদ্গদঃ', ঠ '-শন্ বাষ্পগদ্গদম্'। ৬। [illegible]নং সান্ত্বয়ামাস'। ৭। ক 'প্রসৃতঃ', খ 'প্রশিতঃ', ঙ-ড 'প্রথিতঃ', ছ 'প্রশ্রিতং'। ৮। ঙ 'প্রণতা-'।

অনাদৃত্য তু তদ্বাক্যং লক্ষ্মণস্য মুখাচ্চ্যুতম্[১]।
অপশ্যন্[৩] স প্রিয়াং ভার্য্যাং[৪] বিলপন্নিদমব্রবীৎ ॥ ২৩ ॥
ত্রৈলোক্যাধিপতে দেব শক্রেদং[৫] ত্বং নিবোধ মে।
পুরন্দর চিরায়েহ ভার্য্যা[৬] সাধ্বী জহাতি মাম্ ॥ ২৪ ॥
যস্মিন্[৭] কালে যুবা[৮] ভার্য্যাং লব্ধ্বা ভূয়োঽভিনন্দতি[৯]।
তস্মিন্নভ্যাগতে কালে প্রিয়া ভার্য্যা জহাতি মাম্ ॥ ২৫ ॥

২৪। লো-টী। চিরাদ্ বহুকালং ব্যাপ্য যা মম সাধ্বী ভার্য্যা সা ইদানীং মাং জহাতি।

২৫। লো-টী। যুবা পূর্ব্বস্মিন্ কালে ময়া আলব্ধা স্পৃষ্টা আলিঙ্গিতেতি যাবৎ, ভূয়োঽধিকং যথা তথা অভিনন্দতি মামানন্দয়তি, তস্মিন্ কালে মাং জহাতীতি শক্রস্থানে নিবেদনম্।

২৪। টিপ্পনী। মে মত্তঃ ইদং নিবোধ শৃণু। চিরায় সাধ্বী ভার্য্যা স্বামিনং জহাতীত্যাশ্চর্য্যমাকর্ণয়েতি ভাবঃ।

২৫। টিপ্পনী। ভূয়ো বাহুল্যেনাভিনন্দতি অধিকমানন্দমধিগচ্ছতীত্যর্থঃ।

অতঃপর বান্ধবপ্রিয়, ধর্ম্মজ্ঞ, বিনীত, কৃতাঞ্জলি লক্ষ্মণ তাঁহাকে বহুপ্রকারে সান্ত্বনা দিতে লাগিলেন ॥ ২২ ॥

লক্ষ্মণমুখনির্গত সেই [সান্ত্বনা-] বাক্য অগ্রাহ্য করিয়া প্রিয়া ভার্য্যাকে দেখিতে না পাইয়া রাম বিলাপ করিতে করিতে এই বাক্য বলিলেন—॥ ২৩ ॥

হে ত্রৈলোক্যাধিপতে, হে দেব, হে শক্র, হে পুরন্দর, আমার এই বাক্য শ্রবণ কর,—[আমার] সাধ্বী ভার্য্যা এইক্ষণে আমাকে চিরতরে পরিত্যাগ করিতেছে ॥ ২৪ ॥

যে কালে যুবাব্যক্তি ভার্য্যালাভ করিয়া নিরতিশয় আনন্দিত হয়, সেই কাল উপস্থিত হইলে [আমার] প্রিয়া ভার্য্যা আমাকে পরিত্যাগ করিতেছে ॥ ২৫ ॥

১। ঘ 'মুখচ্যুতম্'। ২। অতঃ পরং ছ-ঠ ড-পুস্তকেষু 'আসীচ্ছোকসমাবিষ্টো বিহ্বলো রঘুনন্দনঃ। বিললাপ সুদুঃখার্ত্তো বহু তত্র ('বহুতত্ত্বং' চ, 'বহু তত্ত্ব' ড) বিচিন্তয়ন্ ॥' ইত্যধিকঃ শ্লোকঃ অত্রৈব সর্গসমাপ্তিশ্চ, ঘ-পুস্তকে অধিকোঽয়ং শ্লোকঃ কিন্তু নাত্র সর্গসমাপ্তিঃ, ঙ-পুস্তকে 'অপশ্যন্' ইত্যাদিদ্বিতীয়পাদস্থানে অয়ং শ্লোকঃ। ৩। ছ '-শ্যংস্তু'। ৪। ঠ 'সীতাং'। ৫। কঁ-খ 'শক্র ইন্দ্র নি-'। ৬। ছ 'সাধ্বী ভার্য্যা'। ৭। খ 'অস্মিন্'। ৮। ঙ-খ-ড ॥'। ৯। ঙ-ঠ-ড '-য়োঽপি'।

নির্যূথ ইব মাতঙ্গঃ পুরং বৃত্তোৎসবং যথা।[1]
ন ভাত্যয়ং মমাবাসো হতধ্বজ ইবাহবঃ॥ ২৬॥[2]
স্বর্গাদিব পরিভ্রষ্টঃ পরিত্যজ্যেব চামৃতম্।
নাশয়িত্বেব সর্ব্বস্বমনুশোচামি জানকীম্॥ ২৭॥[3]
শীঘ্রং লক্ষ্মণ জানীহি গত্বা গোদাবরীং নদীম্।
অপি গোদাবরীং সীতা পদ্মান্যুদ্ধরিতুং গতা॥ ২৮॥

২৬। লো-টী। বৃত্তোঽতীত উৎসবো যস্মিন্ তৎ কর্ম্মেত্যর্থঃ। 'বৃত্তোঽধীতেঽপ্যতীতেঽপি বর্ত্তনেঽপি মৃতে ধৃতে' ইতি কোষঃ। নিলোপাৎ নিবৃত্তোৎসবম্ উপশান্তমিবেতি বিমলবোধঃ। 'ভুক্তোৎসবমি'তি সর্ব্বজ্ঞঃ। হতো ধ্বজো রাজ্ঞ আজ্ঞা যস্মিন্ সঃ। 'বৈজয়ন্ত্যামথাজ্ঞায়াং ধ্বজশ্চিহ্নেঽপি তেজসী'তি নিঘণ্টুঃ।

২৮। লো-টী। উদ্ধরিতুম্ উদ্ধর্ত্তুমানেতুমিত্যর্থঃ।

২৬। টিপ্পনী। নিষ্ক্রান্তো যূথান্নির্যূথঃ, যূথভ্রষ্ট ইত্যর্থঃ, তাদৃশো মাতঙ্গো যথা ন শোভতে; যথা চ বৃত্তোৎসবং সম্পন্নোৎসবং পুরং নগরং ন শোভতে; যথা চ হতধ্বজঃ ভগ্নধ্বজ আহবো যুদ্ধং যুদ্ধস্থলমিতি ভাবঃ, ন শোভতে; তথা মমায়মাবাসো ন ভাতি ন শোভতে।

২৭। টিপ্পনী। জনঃ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্ স্বর্গং যথা অনুশোচতি, অমৃতং পরিত্যজ্য অমৃতং যথা অনুশোচতি, যথা চ সর্ব্বস্বং নাশয়িত্বা তদর্থমনুশোচতি, তথাহং জানকীমনুশোচামি ইত্যর্থঃ। সীতা মে স্বর্গঃ সীতা অমৃতম্, কিং বহুনা সর্ব্বস্বমেব মে সীতেতি ভাবঃ।

২৮। টিপ্পনী। উদ্ধরিতুমুদ্ধর্ত্তুং চেতুমিত্যর্থঃ।

যূথশূন্য মাতঙ্গের ন্যায়, নিবৃত্তোৎসব নগরীর ন্যায় এবং ভগ্নধ্বজ যুদ্ধক্ষেত্রের ন্যায় আমার এই নিবাসস্থান শোভা পাইতেছে না॥ ২৬॥

মানব স্বর্গ হইতে বিচ্যুত হইয়া যেরূপ স্বর্গের নিমিত্ত অনুতাপ করে, অমৃত পরিত্যাগ করিয়া যেরূপ অমৃতের নিমিত্ত অনুতাপ করে এবং সর্ব্বস্ব বিনষ্ট করিয়া যেরূপ সর্ব্বস্বের জন্য অনুতাপ করে, আমিও সেইরূপ [জানকীকে হারাইয়া] জানকীর জন্য অনুতাপ করিতেছি॥ ২৭॥

হে লক্ষ্মণ, তুমি শীঘ্র গোদাবরী নদীতে গমন করিয়া অবগত হও সীতা পদ্ম চয়ন করিবার নিমিত্ত গোদাবরীতে গমন করিয়াছে কি না॥ ২৮॥

১। ঋ 'পূর্ব্বং'। ২। ছ 'ভাত্যেব', ঋ 'ভাত্যেব'। ৩। ঙ '-শয়ত্যেব'।

এবমুক্তস্তু রামেণ লক্ষ্মণস্ত্বরিতো ভৃশম্ ।

নদীং গোদাবরীং রম্যাং[1] জগাম লঘুবিক্রমঃ[2] ॥ ২৯ ॥

তাং লক্ষ্মণস্তীর্থবতীং বিচিত্যোবাচ রাঘবম্ ।

ন তাং পশ্যামি তীর্থেষু[3] ক্রোশতো ন শৃণোতি মে ॥ ৩০ ॥

কং নু[4] সা দেশমাপন্না বৈদেহী জনকাত্মজা ।

ন হ্যহং বেদ্মি তং দেশং যত্র সা[5] তনুমধ্যমা ॥ ৩১ ॥

রাবণস্য[6] হি[7] ভূতানি বধায়াগম্য[8] পদ্মিনীম্ ।

সীতাং রামায় শংসেতি প্রাহুর্গোদাবরীং নদীম্ ॥ ৩২ ॥

২৯। লো-টী। লঘুবিক্রমঃ শীঘ্রচরণন্যাসঃ।

২৯। টিপ্পনী। ভৃশম্ অত্যর্থং ত্বরিতস্ত্বরান্বিতঃ, লঘুবিক্রমঃ ক্ষিপ্রপদক্ষেপঃ।

৩০। টিপ্পনী। তীর্থবতীম্ অবতারবতীং পুণ্যোদকবতীঞ্চ। তিঃ। তীর্থবতীং প্রশস্তা-বতরণমার্গবিশিষ্টাম্। শিরোঃ। ক্রোশত আহ্বয়তো মে মত্তো ন শৃণোতি সেতি শেষঃ। গোঃ রাঃ। বিচিত্য অন্বিষ্য।

৩১। টিপ্পনী। ন বেদ্মি ন জানামি। তনুমধ্যমা ক্ষীণমধ্যা।

৩২। টিপ্পনী। ভূতানি জনস্থানস্থিতাঃ প্রাণিনঃ রাবণস্য বধায় পদ্মিনীং পদ্মবিভূষিতাং গোদাবরীং নদীম্ আগম্য রামায় সীতাং শংস কথয় গ্রামসমীপে সীতাবৃত্তান্তং বিবৃণ্বিতি প্রাহুঃ কথয়ামাসুঃ।

রামকর্তৃক এইরূপে অভিহিত লঘুবিক্রম (যে ক্ষিপ্রপদক্ষেপে গমন করে) লক্ষ্মণ অতিবেগান্বিত হইয়া রম্য গোদাবরী নদীতে গমন করিলেন ॥ ২৯ ॥

লক্ষ্মণ জলাবতরণসোপানবিশিষ্ট সেই নদী অন্বেষণ করিয়া রামকে বলিলেন—সীতাকে তীর্থসমূহে (অর্থাৎ কোন ঘাটেই) দেখিতেছি না। আমি আহ্বান করিলেও তিনি [আমার আহ্বান] শ্রবণ করিতেছেন না ॥ ৩০ ॥

জনকাত্মজা বৈদেহী কোন্ দেশে গমন করিয়াছেন? যে দেশে সেই ক্ষীণমধ্যা গমন করিয়াছেন, আমি সে দেশের বিষয় অবগত নহি ॥ ৩১ ॥

[জনস্থানবর্ত্তী] প্রাণিসমূহ রাবণবধার্থ পদ্মবিভূষিতা গোদাবরী নদীর সমীপে আগমন করিয়া [সেই নদীকে] বলিল, রামের নিকট সীতার বিষয় বল ॥ ৩২ ॥

১। ড 'পুণ্যাং'। ২। ছ '-মাতুলবি-'। ৩। ঠ '-র্থেহস্মিন্'। ৪। ড 'তু'। ৫। ঙ-ঝ-ঠ-ড 'জনকাত্মজা'। ৬। ক-ঝ-পুস্তকয়োঃ অত আরভ্য পঞ্চত্রিংশশ্লোকান্তা অংশা ন বর্ত্তন্তে। ৭। ঠ 'তু ভূতাশ্চ', ঙ 'তু'। ৮। ঙ '-গত্য'।

ততঃ প্রচোদিতা ভূতৈঃ শংসাস্মৈ ত্বং প্রিয়ামিতি।
রামং সমভ্যগচ্ছৎ[১] সা তদা গোদাবরী নদী ॥ ৩৩ ॥

স[২] তামুপস্থিতাং রামঃ ক সীতেত্যন্বপৃচ্ছত।
সা নৈবাভ্যবদৎ সীতাং পৃষ্টা রামেণ শোভনা[৩] ॥ ৩৪ ॥

রাবণস্য[৪] হি যদ্রূপং কর্ম্মাণি চ মহাত্মনঃ[৫]।
ভয়াৎ সমীক্ষ্য বৈদেহীং ন রামায়[৬] শশংস সা ॥ ৩৫ ॥

নিরাশস্তু[৭] তয়া নদ্যা সীতায়া দর্শনে কৃতঃ।
উবাচ রামঃ সৌমিত্রিং দুঃখিতো দুঃখিতং বচঃ ॥ ৩৬ ॥

৩৩। টিপ্পনী। অস্মৈ রামায় ত্বং প্রিয়াং সীতাং তদ্‌বৃত্তান্তমিতি যাবৎ, শংস কথয়, ইতি ভূতৈঃ প্রচোদিতা প্রবর্ত্তিতা গোদাবরী নদী রামং সমভ্যগচ্ছৎ।

৩৪। টিপ্পনী। সীতা ক কুত্র ইতি অন্বপৃচ্ছত অন্বপৃচ্ছৎ। শোভনা সুন্দরদর্শনা।

৩৫। টিপ্পনী। গোদাবর্য্যা অকথনে কারণমাহ—রাবণস্যেতি। মহাত্মনো বিশালদেহস্য রাবণস্য যাদৃশং রূপং যাদৃশানি চ কর্ম্মাণি তৎ সমীক্ষ্য বিচার্য্য গোদাবরী নদী ভয়াদ্ রামায় বৈদেহীং সীতাবৃত্তান্তং ন শশংস ন কথয়ামাস।

৩৬। টিপ্পনী। সীতায়া দর্শনে সীতাদর্শনবিষয়ে নিরাশ আশাহীনঃ কৃতো রামঃ। ইয়ং গোদাবরী দিব্যাদেবতা ন ব্রূতে, অতস্তদ্দর্শনং দুর্ল্লভমিতি নিরাশোঽভূৎ। তিঃ।

অতঃপর, 'তুমি রামের নিকট [তাঁহার] প্রিয়ার বিষয় বল' প্রাণিবৃন্দকর্ত্তৃক এইরূপে প্রবর্ত্তিত হইয়া তখন গোদাবরী নদী রামের সমীপে উপস্থিত হইলেন ॥ ৩৩ ॥

সেই রামচন্দ্র সমাগতা গোদাবরীকে সীতা কোথায় ইহা জিজ্ঞাসা করিলেন; সুন্দরদর্শনা গোদাবরী রামকর্ত্তৃক জিজ্ঞাসিতা হইয়া [-ও] সীতার বিষয় বলিলেন না ॥ ৩৪ ॥

বিশালকায় রাবণের যাদৃশ আকৃতি এবং [যাদৃশ] কর্ম্ম তাহা বিবেচনা করিয়া গোদাবরী ভয়বশতঃ রামের নিকট সীতার বিষয় বলিলেন না ॥ ৩৫ ॥

১। ড 'সমম্বগচ্ছৎ'। ২। ঙ-ড 'ন'। ৩। ঙ-ড 'শোচতা'। ৪। ঘপুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৫। ঠ-ড 'ছুরাত্মনঃ'। ৬। ঠ 'রামায় ন'। ৭। ক-ছ '-ত্বপি ভূত্বা বৈ'।

কিন্নু লক্ষ্মণ বক্ষ্যামি সমেত্য জনকং বচঃ।
মাতরং চাপি কৌশল্যাং বিনা সীতামিতো গতঃ ॥ ৩৭ ॥

যা মে রাজ্যাদ্বিহীনস্য বনে বন্যেন জীবতঃ।
সর্ব্বং ব্যপনয়েচ্ছোকং বৈদেহী ক্ব নু সা গতা ॥ ৩৮ ॥

জ্ঞাতিসঙ্ঘবিহীনস্য রাজপুত্রীমপশ্যতঃ।
মন্যে দীর্ঘা ভবিষ্যন্তি রাত্রয়ো মম জাগ্রতঃ ॥ ৩৯ ॥

৩৭। লো-টী। সমেত্য প্রাপ্য।

৩৯। লো-টী। মন্যে ইতি রাত্রির্মম প্রভাতা ন ভবিষ্যতীত্যর্থঃ, মরণং বা। মন্দাকিনীং নদীম্।

৩৭। টিপ্পনী। সীতাং বিনা ইতঃ অস্মাৎ স্থানাদ্ গতঃ অযোধ্যায়ামিতি শেষঃ, জনকং কৌশল্যাঞ্চ সমেত্য কিং বচো বক্ষ্যামি।

৩৮। টিপ্পনী। বন্যেন ফলমূলাদিনা জীবতো মম শোকং ব্যপনয়েদ্ দূরীকর্ত্তুং শক্নুয়াৎ।

৩৯। টিপ্পনী। জাগ্রতো নিদ্রাবিহীনস্য।

নদী গোদাবরীকর্ত্তৃক সীতাদর্শনবিষয়ে নিরাশীকৃত রামচন্দ্র দুঃখিত হইয়া দুঃখিত লক্ষ্মণকে [এই] বাক্য বলিলেন—॥ ৩৬ ॥

হে লক্ষ্মণ, এই স্থান হইতে সীতাব্যতিরেকে প্রতিনিবৃত্ত হইয়া আমি [রাজর্ষি] জনক এবং মাতা কৌশল্যার নিকট উপস্থিত হইয়া [তাঁহাদিগকে] কি বাক্য বলিব ? ॥ ৩৭ ॥

যে [বৈদেহী] রাজ্যবিহীন, বনে বন্যদ্রব্যদ্বারা জীবনধারণকারী আমার সকল শোক দূর করিতে পারে, সেই বৈদেহী কোন্ স্থানে গমন করিয়াছে ? ॥ ৩৮ ॥

জ্ঞাতিবর্গবিহীন, সীতাদর্শনবর্জ্জিত, নিদ্রাহীন আমার [পক্ষে] রজনীসমূহ দীর্ঘ হইবে বলিয়া মনে করি ॥ ৩৯ ॥

১। ক-ঘ-ড 'কিন্তু', ঝ 'কিঞ্চ'। ২। 'ঘ 'জননীং বচঃ', ঝ 'জনকাত্মজাম্'।" ৩। অতঃ পরং ছ-পুস্তকে 'স্বজনং বাপি বৈদেহ্যা বিনা তাং মহিষীং প্রিয়াম্।' ইতি, '-পুস্তকে 'মাতরঞ্চাপি জানক্যা বিনা তাং মহিষীং প্রিয়াম্।' ইত্যধিকঃ। ৪। ঠ 'কৌশল্যাং মাতরঞ্চাপি'। ৫। ক 'বাপি'। ৬। অতঃ পরং ঙ-ড-পুস্তকয়োঃ 'কিং বদিষ্যামি সৌমিত্রে অন্যান্ বন্ধুজনানপি' ইত্যধিকঃ। ৭। ড 'নয়েচ্ছো-'। ৮। ক-ঝ '-ত্যাশ্চ', ঘ '-সম্পত্তিহীনস্য'।

গোদাবরীং জনস্থানমিমং প্রস্রবণং গিরিম্।
সর্ব্বাণ্যনুচরিষ্যামি যাবৎ সীতা ন দৃশ্যতে ॥ ৪০ ॥
তথা তু[১] বিলপন্তং তং রামং শোকপরায়ণম্[২]।
প্রত্যুবাচ মহাপ্রাজ্ঞো লক্ষ্মণঃ পরবীরহা ॥ ৪১ ॥
অলমাহৃত্য সন্তাপং স্থিরো ভব নরোত্তম।
বিচিত্য[৩] তাং ময়া সার্দ্ধং নষ্টামধিগমিষ্যসি[৪] ॥ ৪২ ॥
এবং সম্ভাষমাণৌ তু তাবুভৌ রামলক্ষ্মণৌ।
বসুন্ধরায়াং পতিতাং[৫] পুষ্পমালামপশ্যতাম্[৬] ॥ ৪৩ ॥

৪২। লো-টী। আহৃত্য হৃত্বা অলং ব্যর্থম্। বিচিত্য অন্বিষ্য। 'সমেত্য তামি'তি পাঠে প্রাপ্য ; অধিগমিষ্যসি অযোধ্যামিতি শেষঃ।

৪৩। লো-টী। কুত্রাপ্যপশ্যতাং (?) যদা তদা বসুন্ধরায়াং পতিতৌ।

৪০। টিপ্পনী। অনুচরিষ্যামি বিচরিষ্যামি। অনুচরিষ্যামি অনুচরবৎ সেবিষ্যামি। তিঃ।

৪১। টিপ্পনী। পরবীরহা শত্রুভূতানাং বীরাণাং শ্রেষ্ঠানাং বীরাণাং বা নিহন্তা।

৪২। টিপ্পনী। সন্তাপং শোকম্ আহৃত্য কৃত্বা অলম্। নষ্টাম্ অদর্শনং গতাম্, অধিগমিষ্যসি প্রাপ্স্যসি।

যে পর্য্যন্ত সীতাকে না দেখা যাইতেছে, তাবৎ কাল আমি গোদাবরী, জনস্থান এবং এই প্রস্রবণ পর্ব্বত—সকল স্থান [সীতার অন্বেষণার্থ] বিচরণ করিব ॥ ৪০ ॥

সেইরূপে বিলাপকারী শোকপরায়ণ সেই রামচন্দ্রকে শত্রুভূত বীরগণের নিহন্তা মহাপ্রাজ্ঞ লক্ষ্মণ প্রত্যুত্তরে বলিলেন—॥ ৪১ ॥

হে নরোত্তম, শোক করা বৃথা, আপনি স্থির হউন, আপনি আমার সহিত অন্বেষণ করিয়া দৃষ্টির অগোচরীভূতা সীতাকে লাভ করিবেন ॥ ৪২ ॥

এইরূপ কথোপকথন করিতে করিতে সেই রাম লক্ষ্মণ উভয়ে ভূমিতলে পতিত [এক গাছা] পুষ্পমালা দেখিতে পাইলেন ॥ ৪৩ ॥

১। ঙ '-হপি', ঝ 'চ'। ২। অতঃ পরং ঘ-ঙ-ছ-ঠ-ড-পুস্তকেষু 'নেহ সীতা জনস্থানে নাপি গোদাবরীং প্রতি।' ইত্যধিকঃ। ৩। ঘ-ঙ 'ত্বমেবৈতাং মহাপ্রাজ্ঞ', ঠ 'ত্বমেব তাং মহাপ্রাজ্ঞ'। ৪। অতঃপরং ঘ-ঙ-ছ-ঝ-ঠ-ড-পুস্তকেষু 'ময়া সহ মহাবাহো মা তে শোকঃ সমাবিশেৎ ('-বিশৎ' ড)।' ইত্যধিকঃ। ৫। ঝ '-তৌ'। ৬। ঝ 'পত্নীং কুত্রাপ্যপশ্যতাম্'।

তাং পুষ্পবেণীং[১] বৈদেহ্যা[২] দৃষ্ট্বা রামো মহীতলে।
উবাচ লক্ষ্মণং দীনো দুঃখার্ত্তো দুঃখিতং ভৃশম্ ॥ ৪৪ ॥
অভিজানামি পুষ্পাণি তান্যেবেমানি[৩] লক্ষ্মণ।
অপিনদ্ধানি[৪] বৈদেহ্যাঃ পূর্ব্বং চৈতানি কাননে ॥ ৪৫ ॥
এবমুক্ত্বা মহাতেজা লক্ষ্মণং পুরুষর্ষভঃ[৫]।
ক্রুদ্ধোঽব্রবীত্তদা রামো গিরিং সন্তর্জ্জয়ন্নিব ॥ ৪৬ ॥

৪৪। লো-টী। পুষ্পবীথীং পুষ্পানয়নার্থং বর্ত্ম। 'বীথী পংক্তৌ গৃহাঙ্গে চ রূপকান্তর-বর্ত্মনোঃ' ইতি কোষঃ।

৪৫। লো-টী। অভিজানাসি পশ্যসি। কাননে কাননাদানীয় অপিবদ্ধানি সঞ্চিতানি।

৪৪। টিপ্পনী। পুষ্পবেণীং পুষ্পমালাম্। ভৃশম্ অত্যর্থং দুঃখিতম্।

৪৫। টিপ্পনী। ইমানি মালাস্থপুষ্পাণি তান্যেব সীতয়া অদ্যৈব ধৃতানীতি অভিজানামি স্মরামি। পূর্ব্বঞ্চ ইতঃ পূর্ব্বমপি বৈদেহ্যাঃ কাননে এতানি ঈদৃশানি পুষ্পাণি অপিনদ্ধানি বদ্ধানি ধৃতানীতি যাবৎ। বৈদেহ্যা ইতি কর্ত্তরি ষষ্ঠী আর্ষী। 'অভিজানামি পুষ্পাণি তানীমানীহ লক্ষ্মণ। অপিনদ্ধানি বৈদেহ্যা ময়া দত্তানি কাননে॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৬৪।২৬)। অপিনদ্ধানি কেশপাশে বদ্ধানি। গোঃ রাঃ। অভিজানামি প্রত্যভিজানামি। তিঃ। অভিজানামি বুদ্ধ্যা নিশ্চিনোমি। শিরোঃ।

৪৬। টিপ্পনী। সন্তর্জ্জয়ন্নিব সন্তর্জ্জয়ন্নেব।

মহীতলে [পতিত] সীতার সেই পুষ্পমালা দর্শন করিয়া দুঃখার্ত্ত দীন রামচন্দ্র অতিদুঃখিত লক্ষ্মণকে বলিলেন—॥ ৪৪ ॥

হে লক্ষ্মণ, আমার স্মরণ হইতেছে, এই সকল পুষ্প তাহাই (অর্থাৎ সীতা অদ্য এই সকল পুষ্পই ধারণ করিয়াছিল); পূর্ব্বেও সীতা বনে ঈদৃশ পুষ্পসমূহই ধারণ করিত ॥ ৪৫ ॥

মহাতেজা পুরুষশ্রেষ্ঠ রাম লক্ষ্মণকে এইরূপ বলিয়া ক্রুদ্ধ হইয়া গিরির প্রতি তর্জ্জনগর্জ্জন করিতে করিতেই বলিলেন—॥ ৪৬ ॥

১। ছ-ঝ-ঠ-ড '-বীথাং'। ২। ঙ 'পতিতাং'। ৩। ঘ-ঠ 'তানি চেমানি', ঙ-ড 'তানীমান্যেব', ঝ 'যানীমানি চ'। ৪। ক-ছ-ঝ-ড '-বদ্ধানি'। ৫। ঙ-ঝ-ড '-র্ষভম্'।

তাং মৃষ্টহেমবর্ণাভাং সীতাং দর্শয় পর্ব্বত।
পুরা শিলাশিতৈর্ব্বাণৈর্ম্মা ত্বাং বিধ্বংসয়াম্যহম্ ॥ ৪৭ ॥
মম বাণাগ্নিনির্দ্দগ্ধো ভস্মীভূতো ভবিষ্যসি।
অসেব্যঃ সততঞ্চৈব নিদ্রু'মস্তৃণপল্লবঃ ॥ ৪৮ ॥
ইমাং বা সরিতং ভদ্র শোষয়িষ্যামি লক্ষ্মণ।
যদি নাখ্যাতি মে সীতাং পূর্ণচন্দ্রনিভাননাম্ ॥ ৪৯ ॥

৪৮। লো-টী। অসেব্যঃ সাধূনামনাশ্রয়ঃ। কিঞ্চ, বিদ্রুতো দ্রবীভূতঃ সততং চলপল্লবী-ভবিষ্যসীত্যাক্রোশঃ।

৪৭। টিপ্পনী। মৃষ্টহেমবর্ণাভাং বিশুদ্ধস্বর্ণবদ্ বর্ণকান্তিবিশিষ্টাম্। অন্যথা অহং শিলাশিতৈঃ শিলায়াং ঘর্ষণেন তীক্ষ্ণীকৃতৈর্বাণৈঃ পুরা মা ত্বাং বিধ্বংসয়ামি ত্বাং কিং ন বিধ্বংসয়িষ্যামি অপি তু বিধ্বংসয়িষ্যাম্যেব। 'যাবৎপুরানিপাতয়োর্লট্' ইত্যনেন লট্। পুরেতি নিপাতো নিশ্চয়ং দ্যোতয়তি।

৪৮। টিপ্পনী। অসেব্যঃ অসেবনীয়ঃ বাসাযোগ্য ইত্যর্থঃ।

৪৯। টিপ্পনী। যদি সীতাং ন আখ্যাতি সীতাবিষয়ং বচনং যদি ন ব্রবীতি তদা ইমাং বা সরিতং গোদাবরীং নদীঞ্চ শোষয়িষ্যামি। বা সমুচ্চয়ে।

হে পর্ব্বত, বিশুদ্ধ স্বর্ণের ন্যায় বর্ণকান্তিবিশিষ্ট সেই সীতাকে দর্শন করাও; [অন্যথা] শিলাশিত (শিলায় ঘর্ষণদ্বারা তীক্ষ্ণীকৃত) বাণসমূহদ্বারা আমি কি তোমাকে ধ্বংস করিব না? (অর্থাৎ নিশ্চয়ই ধ্বংস করিব) ॥ ৪৭ ॥

তুমি আমার বাণাগ্নিদ্বারা সর্ব্বথা দগ্ধ হইয়া ভস্মীভূত হইবে এবং দ্রুম তৃণ ও পল্লবরহিত হইয়া সর্ব্বদা অসেব্য (সাধুগণের বাসের অযোগ্য) হইবে ॥ ৪৮ ॥

হে ভদ্র লক্ষ্মণ, পূর্ণচন্দ্রসদৃশাননা সীতার বিষয়ে যদি আমাকে না বলে [তাহা হইলে] এই নদীকেও (গোদাবরীকেও) আমি শোষণ করিব ॥ ৪৯ ॥

১। ঋ 'তপ্ত-'। ২। ঋ 'মে নিশিতৈ-'। ৩। ঙ-ড '-ন'। ৪। ক-ঘ-পুস্তকয়োরত আরভ্য উনপঞ্চাশশ্লোকান্তোহংশো নাস্তি। ৫। ঙ-ড 'অসাধ্যঃ'। ৬। ঙ-ড 'সদ্রুমস্তৃ-', ঋ 'বিদ্রুতশ্চলপল্লবঃ'। ৭। ঋ 'ইমা বা সরিতস্তত্র'। ৮। ঋ '-খ্যাস্তি'। ৯। ঠ 'পদ্মচন্দ্র-'।

স তং দাশরথী রামস্তর্জ্জয়ঞ্ জগতীধরম্।
দদর্শ ভূমৌ বিক্রান্তং রাক্ষসস্য মহৎ পদম্ ॥ ৫০ ॥
স [১] সমীক্ষ্য পরিক্রান্তং [২] সীতায়া রাক্ষসস্য চ। [৩]
সংভ্রান্তহৃদয়ো [৪] রামঃ শশংস [৫] ভ্রাতরং প্রিয়ম্ ॥ ৫১ ॥
এহি [৬] লক্ষ্মণ পশ্যেদং [৭] রাক্ষসস্য মহৎ পদম্।
মিথ্যা সন্তর্জ্জিতঃ শৈলো ন সীতা গিরিকন্দরে ॥ ৫২
ব্রীড়িতং লক্ষ্মণং দৃষ্ট্বা পরাজিতমিবাগতম্।
অথাব্রবীদিদং বাক্যং দিব্যং বিস্ফারয়ন্ [৮] ধনুঃ ॥ ৫৩ ॥

৫০। লো-টী। মহৎ পদং চিহ্নম্, চরণং বা।

৫১। লো-টী। পরিক্রান্তং পাদবিক্ষেপম্।

৫৩। লো-টী। ব্রীড়িতং লক্ষ্মণমিতি। রাক্ষসেন সীতাঽপহৃতা ত্বয়া চ কিঞ্চিদপি ন কৃতমিতি রামস্য হৃদয়ং বুদ্ধ্বেত্যর্থঃ। তস্য মোহদর্শনেনেতি নারায়ণঃ।

৫০। টিপ্পনী। জগতীধরং পর্ব্বতম্। ভূমৌ রাক্ষসস্য মহদ্ বিশালং পদং বিক্রান্তং কৃতন্যাসং দদর্শ। 'দদর্শ ভূমৌ নিষ্ক্রান্তং রাক্ষসস্য পদং মহৎ' ইতি পাশ্চাত্যাঃ (৩।৬৪।৩৬)। নিষ্ক্রান্তং প্রবৃত্তবিক্ষেপম্। তিঃ। নিষ্ক্রান্তং প্রাদুর্ভূতম্। গোঃ রাঃ।

৫১। টিপ্পনী। পরিক্রান্তং চরণক্ষেপচিহ্নম্। সম্ভ্রান্তহৃদয়ঃ উদ্বিগ্নচিত্তঃ। পরিক্রান্তম্ ইতস্ততো গমনম্। শিরোঃ। পরিক্রান্তং পরিক্রমং পাদন্যাসমিতি যাবৎ। গোঃ রাঃ।

৫২। টিপ্পনী। গিরিকন্দরে পর্ব্বতগুহায়াম্।

দাশরথি সেই রামচন্দ্র [এইরূপে] সেই পর্ব্বতের প্রতি তর্জ্জন-গর্জ্জন করিয়া ভূমিতলে [কোন] রাক্ষসের বিশাল চরণ বিক্রান্ত (ন্যস্ত) হইয়াছে (অর্থাৎ ভূমিতলে রাক্ষসের চরণক্ষেপচিহ্ন রহিয়াছে) দেখিতে পাইলেন ॥ ৫০ ॥

সীতা এবং রাক্ষসের চরণক্ষেপের চিহ্ন দর্শন করিয়া উদ্বিগ্নহৃদয় সেই রামচন্দ্র প্রিয় ভ্রাতাকে বলিলেন—॥ ৫১ ॥

লক্ষ্মণ, এস, রাক্ষসের বিশাল চরণচিহ্ন দর্শন কর। মিথ্যাই পর্ব্বতকে ভর্ৎসনা করিয়াছি, সীতা গিরিগুহায় নাই ॥ ৫২ ॥

১। ঋ 'সমীপে'। ২। ছ '-ক্রান্তং'। ৩। ড 'হ'। ৪। ঋ '-নয়নো'। ৫। ক-ঙ 'উবাচ'। ৬। ঋ 'বৎ হি'। ৭। ঙ-ঠ-ড 'পশ্য বৎ'। ৮। ক-ঘ-ঋ 'বিস্ফারয়ন্ মহদ্ ধনুঃ'।

যমঃ সপরিবারো বা কালো বা দুরতিক্রমঃ।
ন ত্বাং ধর্ষয়িতুং শক্তো[১] রক্ষো[২] বা ময়ি তিষ্ঠতি ॥ ৫৪ ॥
অন্তরীক্ষগতো মন্যে সীতামাদায় গচ্ছতি[৩]।
ন তস্যাগমনং[৪] সৌম্য[৫] গমনঞ্চৈব[৬] লক্ষ্যতে ॥ ৫৫ ॥

৫৫। লো-টী। সীতামাদায় যো গচ্ছতি সোঽপি অন্তরীক্ষগত ইত্যহং মন্যে

৫৩। টিপ্পনী। ব্রীড়িতং লজ্জিতং লক্ষ্মণং যুদ্ধে পরাজিতং জনমিব নতশিরসা আগতং দৃষ্ট্বা।

৫৪। টিপ্পনী। ময়ি তিষ্ঠতি বর্ত্তমানে সতি ধর্ষয়িতুং পরাভবিতুং ন শক্তঃ। সপরিবারঃ সানুচরঃ।

৫৫। টিপ্পনী। অন্তরীক্ষগতঃ অন্তরীক্ষচরঃ কশ্চিদ্ রাক্ষসঃ সীতামাদায় গচ্ছতি অগচ্ছৎ। যতো ভূমিতলে তস্যাগমনগমনচিহ্নং ন লক্ষ্যতে।

অতঃপর, লজ্জিত লক্ষ্মণকে [যুদ্ধে] পরাজিত ব্যক্তির ন্যায় [অবনত মস্তকে] সমাগত দেখিয়া রামচন্দ্র দিব্য ধনু বিস্ফারণপূর্ব্বক এই বাক্য বলিলেন—॥ ৫৩ ॥

আমি বর্ত্তমান থাকিতে সানুচর যম অথবা দুরতিক্রমণীয় কাল অথবা [কোনও] রাক্ষস তোমাকে পরাভূত করিতে সমর্থ নহে ॥ ৫৪ ॥

আমি মনে করি, অন্তরীক্ষচারী [কোন রাক্ষস] সীতাকে লইয়া গমন করিয়াছে। [যে হেতু] হে সৌম্য, [ভূতলে] সেই ব্যক্তির গমন বা আগমনচিহ্ন দেখা যাইতেছে না ॥ ৫৫ ॥

১। ঙ-ড 'শক্যো'। ২। অতঃ পরং ছ-ঠ-ড-পুস্তকেষু 'পশ্য মাং নিশিতৈ- ('বিশিখৈ-' ছ) র্বাণৈরথ বহ্নি-শিখোপমৈঃ। শোষয়ন্তং জলনিধিং বিকিরন্তং ধরাধরান্ ('ধরাধরম্' ছ) ॥ মহীং নির্দ্দা- ('বিদা- 'ঠ) রয়ন্তঞ্চ নির্দ্দহন্তং বনানি চ। ত্রিদিবাৎ পাতয়ন্তঞ্চ দেবানিন্দ্রপুরোগমান্ ॥ বহুনা কিং প্রলাপেন পশ্য মামদ্য লক্ষ্মণ। সদেবাসুরগন্ধর্ব্বং সযক্ষোরগরাক্ষসম্ ॥ নির্দ্দহন্তং জগৎ সর্ব্বং সীতাহরণকর্ষিতম্ ॥ যদি বৈ সেশ্বরা ('বিশ্বেশ্বরা' ছ) দেবা মম প্রাণসমাং প্রিয়াম্। সাম্নাথ ন প্রযচ্ছন্তি ('তামদ্য ন প্রদাস্যন্তি' ঠ) সর্ব্বমেতদ্ ভবিষ্যতি ॥ কেন বাপি প্রদানেন ('বা প্রিয়দানেন' ঠ, 'চাপি প্রযত্নেন' ড) করিষ্যন্তি মম প্রিয়ম্। ন পৃথিব্যা সকলয়া ন সুবর্ণস্য রাশিভিঃ। শক্যো লোভয়িতুং বীর দেবরাজ্যেন ('রাজ্যেন' ঠ-ড) বা পুনঃ। ধার্ম্মিকোঽপি মৃদুঃ সত্যঃ প্রিয়ো দান্তো দয়ান্বিতঃ। ('ধার্ম্মিকোঽয়ম্মৃদুঃ সত্যো মৃদুর্দ্দান্তো দয়াপরঃ' ঠ) ইতি মাং সর্ব্বলোকোঽয়ং পরিভূতেন পশ্যতি। তস্মান্ন চৈকরূপেণ ('-ন্নৈকৈকরূ-'ঠ, '-ন্নৈবৈকরূ-'ড) ভবিতব্যং নরেণ বৈ ॥ প্রাপ্য কালং ভবেত্তীক্ষ্ণো মৃদুশ্চেতি বিনিশ্চয়ঃ ('ভবেত্তূতমাহশ্চেতি বিনিশ্চয়ম্' ঠ)। যাদৃশোঽয়ং মম ক্রোধো বীর দেবাদুপাগতঃ। ('বীর দৈবাদুপাগতঃ' ঠ, 'মম দৈবাদুপাগতঃ' ড)। ইত্যধিকঃ। ৩। ক 'রাক্ষসঃ'। ৪। ক '-মনে', খ '-মনঞ্চৈব গগনে বৈ ন'। ৫। ঙ 'চৈব'। ৬। ড '-নং নৈব'।

কথং কং[1] ত্বিহ পৃচ্ছামি কাং দিশং যামি লক্ষ্মণ।
তাং দিশং নাধিগচ্ছামি যত্র সীতা হৃতা ভবেৎ॥ ৫৬॥
এবমুক্তস্তু রামেণ লক্ষ্মণঃ সত্যবিক্রমঃ।
রামং শোকাগ্নিসন্তপ্তমিদং বচনমব্রবীৎ॥ ৫৭॥
সংপ্রাপ্য[2] পণ্ডিতঃ কৃচ্ছ্রং প্রজ্ঞামেবাবগাহতে[3]।
বালস্তু কৃচ্ছ্রমাসাদ্য শিলেবাম্ভসি[4] মজ্জতি[5]॥ ৫৮॥
তং শোকবেগাভিহতং ব্যাধিঃ স্পৃশতি[6] দারুণঃ।
তস্যাত্মা সংপ্রমুহ্যেত[7] ন চ[8] শোকাৎ প্রমুচ্যতে॥ ৫৯॥

৫৮। লো-টী। অনলে অম্ভসি বা।

৫৯। লো-টী। বিন্দতি লভতে প্রাপ্নোতীত্যর্থঃ। আত্মা মনঃ, সংপ্রমুহ্যেত সংপ্রমুগ্ধং ভবতি।

৫৬। টিপ্পনী। নাধিগচ্ছামি ন জানামি। যত্র যস্যাং দিশি।

৫৮। টিপ্পনী। কৃচ্ছ্রং কষ্টম্। প্রজ্ঞাং বুদ্ধিম্ অবগাহতে অবলম্বতে। বালো মূর্খঃ। আসাদ্য প্রাপ্য।

৫৯। টিপ্পনী। শোকবেগাভিহতং তং বালং ব্যাধিঃ স্পৃশতি আক্রামতি। সংপ্রমুহ্যেত মোহগ্রস্তো ভবেৎ।

হে লক্ষ্মণ, এক্ষণে কি প্রকারে কাহার নিকট জিজ্ঞাসা করিব? কোন্ দিকে গমন করিব? আমি সেই দিকের বিষয় অবগত নহি, যথায় সীতাকে হরণ করিয়া লইয়া গিয়াছে॥ ৫৬॥

রামকর্তৃক এইরূপে অভিহিত হইয়া সত্যপরাক্রম লক্ষ্মণ শোকাগ্নিসন্তপ্ত রামকে এই বাক্য বলিলেন—॥ ৫৭॥

পণ্ডিত ব্যক্তি কষ্ট পাইয়া বুদ্ধিকেই অবলম্বন করেন; কিন্তু মূর্খ ব্যক্তি কষ্ট পাইয়া প্রস্তরখণ্ডের ন্যায় জলে ডুবিয়া যায়॥ ৫৮॥

শোকবেগে অভিহত মূর্খ ব্যক্তিকে দারুণ ব্যাধি স্পর্শ (আক্রমণ) করে, তাহার চিত্ত মোহগ্রস্ত হয় এবং শোক হইতে মুক্ত হইতে পারে না॥ ৫৯॥

১। ঙ-ড 'ত্বাং', ছ 'কান্ ত্বিহ', ঠ 'কত্বিহ'। ২। ঙ 'দুঃখমাপতিতং কৃচ্ছ্রং প্রজ্ঞয়া হি বিগাংপতে'। ৩। ঘ-ছ 'প্রজ্ঞয়া হি বিগাহতে', ড 'প্রজ্ঞয়া হি বিগাংপতে',। ৪। ঝ '-ত্তাবলে বা-'। ৫। ঙ 'নৌরিবা-'। ৬। ঝ '-র্বিবিন্দতি'। ৭। ছ-ঠ '-প্রমুহ্যন্ত', ড '-প্রবুদ্ধ্যেত'। ৮। ঠ 'নৈব কোপাৎ', ঙ 'ন স'।

স পণ্ডিতবরঃ[১] প্রাজ্ঞঃ প্রজ্ঞাকর্ম্মবিশারদঃ।
অপ্রাজ্ঞ[২] ইব কিং ত্বার্য্য ভার্য্যাহেতোর্বিমুহ্যসি[৩] ॥ ৬০ ॥
তং রামঃ[৪] প্রত্যুবাচেদং শোকসন্তপ্তচেতনঃ[৫]।
যথা ব্রবীষি সৌমিত্রে তৎ কর্ত্তুং[৬] প্রযতামহে[৭] ॥ ৬১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রামবিলাপো নাম
সপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭০ ॥

৬০। লো-টী। প্রজ্ঞাকর্ম্মবিশারদঃ বুদ্ধ্যা ভদ্রাভদ্রকর্ম্মজ্ঞাতা। 'প্রজ্ঞাকর্ম্মবিচক্ষণঃ' ইতি কচিৎ পাঠঃ।

৬০। টিপ্পনী। প্রজ্ঞাকর্ম্মবিশারদঃ প্রজ্ঞয়া করণীয়ং কর্ম্ম তত্র বিশারদঃ প্রজ্ঞয়া কর্ম্মকরণে নিপুণ ইত্যর্থঃ, স ত্বং কিং কথং ভার্য্যাহেতোঃ বিমুহ্যসি মোহং প্রাপ্নোষি।

হে আর্য্য, পণ্ডিতশ্রেষ্ঠ, বিজ্ঞ, বুদ্ধিপূর্ব্বক কর্ম্মকরণে নিপুণ সেই আপনি অবিজ্ঞের ন্যায় কেন ভার্য্যার নিমিত্ত মোহগ্রস্ত হইতেছেন ? ॥ ৬০ ॥

'হে সৌমিত্রে, তুমি যেরূপ বলিতেছ, আমরা তাহাই করিতে চেষ্টা করিতেছি' শোকসন্তপ্তচিত্ত রাম লক্ষ্মণকে প্রত্যুত্তরে ইহা বলিলেন ॥ ৬১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রামবিলাপ-নামক
সপ্ততিতম সর্গ সমাপ্ত ॥ ৭০ ॥

১। ছ-ড '-তরঃ'। ২। ছ 'অপ্রাজ্ঞ'। ৩। ঝ '-হ্যসে'। ৪। ড 'স রামং'। ৫। ঘ-ছ-ঠ '-সংযুত-'। ৬। ঠ 'ধর্ত্তুং'। ৭। ক '-মাহম্'।

একসপ্ততিতমঃ সর্গঃ

ততঃ সৌম্যোঽপি তং রামঃ ক্রুদ্ধো বচনমব্রবীৎ।[1]
সংহৃত্যেব শশী জ্যোৎস্নাং জ্বলন্ সূর্য্য ইবোদিতঃ॥ ১॥[2]
অসৌ লক্ষ্মণ ভূতাত্মা নূনং মামবমন্যতে।
অনুক্রোশান্ম্যদুত্বাচ্চ[3] নৃপাত্মজ নিবর্ত্ততে[4]॥ ২॥
[5]যোঽহং রাজ্যং পরিত্যজ্য ত্যক্ত্বা দীনাঞ্চ মাতরম্।
[6]স্বধর্ম্মমগ্রতঃ কৃত্বা প্রবিষ্টো দণ্ডকং বনম্॥ ৩॥

১। লো-টী। ক্রুদ্ধঃ ক্রোধেন রক্তবর্ণঃ সন্। রক্তবর্ণাংশে দৃষ্টান্তাঃ—জ্যোৎস্নাং সংহৃত্য অস্তগমনসময়ে শশীব, জ্বলন্ কাষ্ঠসংযোগাজ্জ্বলন্নগ্নিরিব, উদিতঃ সূর্য্য ইব চ। 'সংহৃত্যেব শশী জ্যোৎস্নামি'তি বা পাঠঃ।

২। লো-টী। ভূতাত্মা ভূতানামাত্মা অধিষ্ঠাতেতি নারায়ণঃ। ভূতানামাত্মা যত্নো যস্মাৎ স ইতি বা। বিবর্দ্ধতে ক্রোধ ইতি শেষঃ।

১। টিপ্পনী। ততঃ সৌম্যঃ স্বভাবতঃ শান্তমূর্ত্তিরপি রামঃ ক্রুদ্ধঃ সন্ বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। অত্রোৎপ্রেক্ষতে—সংহৃত্যেবেতি। শশী চন্দ্রঃ স্বীয়াং শীতাং জ্যোৎস্নাং সংহৃত্য ইব জ্বলন্ সূর্য্যো যথা উদেতি তথোদিতঃ। 'সংহৃত্যেব শশিজ্যোৎস্নাং মহান্ সূর্য্য ইবোদিতঃ' ইতি পাশ্চাত্যাঃ (৩।৬৪।৫৭)।

২। টিপ্পনী। ভূতাত্মা সর্ব্বভূতানাং প্রাণস্বরূপঃ অসৌ ধর্ম্মো নূনং নিশ্চিতং মাম্ অবমন্যতে, যতঃ স অনুক্রোশাদ্ মৃদুত্বাচ্চ নিবর্ত্ততে মাং প্রতি দয়াং মৃদুত্বঞ্চ ন প্রদর্শয়তীতি ভাবঃ।

অতঃপর, রামচন্দ্র শান্তমূর্ত্তি হইলেও [তখন] ক্রুদ্ধ হইয়া লক্ষ্মণকে এই বাক্য বলিলেন।—[শান্তমূর্ত্তি রাম ক্রুদ্ধ হওয়ায় মনে হইল] চন্দ্র যেন [স্বীয় শীতল] জ্যোৎস্না সংবরণপূর্ব্বক জ্বলন্ত সূর্য্যের ন্যায় উদিত হইলেন॥ ১॥

হে লক্ষ্মণ, ভূতাত্মা (সর্ব্বভূতের প্রাণস্বরূপ) ধর্ম্ম নিশ্চয়ই আমাকে অবজ্ঞা করিতেছে; [যেহেতু] হে রাজনন্দন, ধর্ম্ম দয়া এবং কোমলতা হইতে নিবৃত্ত হইতেছে (অর্থাৎ ধর্ম্ম আমার প্রতি দয়া ও কোমলতা প্রদর্শন করিতেছে না॥ ২॥

১। ঙ 'রামঃ স'। ২। ঠ 'সূর্য্যমিবো-'। ৩। ড 'সদা ধর্ম্মানুবর্ত্তিনাম্'। ৪। ঝ 'বিবর্দ্ধতে', ঠ 'প্রবর্ত্ততে'। ৫। ছ 'অহং', ঝ 'সোঽহং'। ৬। ছ 'ধর্ম্মমেবা-'।

তস্য মে ধর্ম্মকামস্য স্থিতস্য বচনে পিতুঃ।
ন ধর্ম্মস্ত্রায়তে সীতাং হ্রিয়মাণাং[1] মহাবনে ॥ ৪ ॥
যদা ধর্ম্মপ্রধানস্য ধর্ম্মসেতুর্ব্বিপদ্যতে[2]।
তদা খিন্নস্য সৌমিত্রে নাস্তিক্যমুপজায়তে[3] ॥ ৫ ॥
ভক্ষিতায়াঞ্চ[4] বৈদেহ্যাং হৃতায়াং[5] বাপি লক্ষ্মণ।
কেনান্যেন প্রিয়ং কর্ত্তুং শক্তা[6] মম সুরেশ্বরাঃ[7] ॥ ৬ ॥

৫। লো-টী। ধর্ম্মসেতুঃ ধর্ম্মস্য রক্ষণরূপমর্য্যাদা, বিপদ্যতে নাস্তি। খিন্নস্য ধর্ম্মশ্চ ধার্ম্মিকং ন রক্ষতীতি খেদবতঃ। নাস্তিক্যং ধর্ম্মো নাস্তীতি [বুদ্ধিঃ]।

৬। লো-টী। কেনান্যেন অন্যেন কেন প্রকারেণ। 'মম নাম প্রিয়ং কর্ত্তুং ন শক্তাস্ত্বমরেশ্বরাঃ' ইতি বা পাঠঃ।

৩-৪। টিপ্পন। অগ্রতঃ কৃত্বা প্রধানীকৃত্য। ধর্ম্মকামস্য ধর্ম্মে কামোঽভিলাষো যস্য তস্য ধর্ম্মাভিলাষিণ ইত্যর্থঃ।

৫। টিপ্পনী। ধর্ম্মপ্রধানস্য ধর্ম্মমেব প্রধানত্বেনাশ্রিতবতো জনস্য ধর্ম্মসেতুঃ ধর্ম্মস্য তদাশ্রিতজনানাং রক্ষাকরণরূপা মর্য্যাদা কর্ত্তব্যতা বা যদা বিপদ্যতে বিনশ্যতি।

৬। টিপ্পনী। বৈদেহ্যাং ভক্ষিতায়াং হৃতায়াং বা সুরেশ্বরা ধর্ম্মাদয়ঃ শ্রেষ্ঠদেবগণাঃ অন্যেন কেন বস্তুনা মম প্রিয়ং কর্ত্তুং শক্তাঃ।

যে আমি রাজ্য পরিত্যাগ করিয়া এবং দীনা জননীকে ত্যাগ করিয়া স্বধর্ম্মকে অগ্রবর্ত্তী (অর্থাৎ প্রধান) করিয়া দণ্ডকারণ্যে প্রবেশ করিয়াছিলাম; ধর্ম্মাভিলাষী পিতৃবচনপালনকারী সেই আমার, মহাবনে অপহ্রিয়মাণা [ভার্য্যা] সীতাকে ধর্ম্ম রক্ষা করিতেছে না ॥ ৩-৪ ॥

হে সৌমিত্রে, ধর্ম্মপ্রধান (ধর্ম্মকে যে প্রধানবস্তুরূপে অবলম্বন করিয়া থাকে এইরূপ) ব্যক্তির বিষয়ে ধর্ম্মসেতু (ধর্ম্মকর্ত্তৃক আশ্রিত জনের রক্ষাকরণরূপ মর্য্যাদা বা কর্ত্তব্যতা) যখন বিনষ্ট হয়, তখন খিন্নচিত্ত সেই ব্যক্তির নাস্তিকতা ('ধর্ম্ম নাই' এইরূপ জ্ঞান) উপস্থিত হইয়া থাকে ॥ ৫ ॥

হে লক্ষ্মণ, বৈদেহী ভক্ষিতা অথবা অপহৃতা হইলে অন্য কোন্ বস্তুদ্বারা [ধর্ম্মপ্রভৃতি] প্রধান দেবগণ আমার প্রিয়কার্য্য করিতে সমর্থ হইবেন? ॥ ৬ ॥

১। ঙ 'সদা ধর্ম্মানুবর্ত্তিনীম্'। ২। ক-ঝ '-র্ব্বিভিদ্যতে'। ৩। ঙ '-পদ্যতে'। ৪। ঠ '-য়াং হি'। ৫। ঙ-ঝ 'হতা-'। ৬। ড 'মম শক্তাঃ'। ৭। ঝ '-খরাৎ'।

কর্ত্তারমপি লোকানাং শূরং[১] করুণবেদিনম্।
অজ্ঞানাদবমন্যন্তে[২][৩] সর্ব্বভূতানি লক্ষ্মণ ॥ ৭ ॥

মৃদুং লোকহিতে যুক্তং[৪] দান্তং করুণবেদিনম্।
নির্ব্বীর্য্য ইতি[৫] মন্যন্তে নূনং মাং ত্রিদশেশ্বরাঃ ॥ ৮ ॥

স গুণঃ প্রাপ্য মাং দোষঃ সংবৃত্তঃ পশ্য লক্ষ্মণ।
অজ্ঞানাৎ[৬] সর্ব্বভূতানাং লোকানামভবায় হি ॥ ৯ ॥

৭। লো-টী। কর্ত্তারং হিতকর্ত্তারম্, সত্যং সত্যব্রতম্, করুণবেদিনং করুণরসজ্ঞং কারুণিকমিত্যর্থঃ, তং মাম্।

৮। লো-টী। দান্তং যতবাহেন্দ্রিয়ম্।

৯। লো-টী। অভয়ায় ভয়াভাবায়, যো মম গুণঃ [স] লোকানামজ্ঞানাদ্ দোষঃ সংবৃত্তঃ জাতঃ।

৭। টিপ্পনী। কারুণ্যস্য দোষমাহ—কর্ত্তারমপীতি। করুণবেদিনং কারুণ্যগুণ-বিশিষ্টং শূরং লোককর্ত্তারং লোকসৃষ্টিকর্ত্তারমপি জনা অবমন্যন্তে। শূরোঽপি লোককর্ত্তাপি যদি কারুণিকো ভবেৎ কারুণ্যবশাদ্ যদি শৌর্য্যং ন প্রকাশয়েদিত্যর্থঃ, তদা জনাঃ স নির্বীর্য্য ইতি মত্বা তমবমন্যন্তে ইত্যর্থঃ।

৮। টিপ্পনী। এষ স্বভাবো দেবেষ্বপি সমান এব যতস্তেঽপি করুণবেদিনং মাং নির্ব্বীর্য্যং মন্যন্তে। ত্রিদশেশ্বরা দেবশ্রেষ্ঠাঃ।

৯। টিপ্পনী। স গুণঃ করুণবেদিত্বমিত্যর্থঃ, মাং প্রাপ্য লোকানাম্ অভবায় বিনাশায় ইদানীং দোষঃ সংবৃত্তঃ দোষরূপেণ পরিণতঃ। লোকা মম কারুণ্যং ক্লৈব্যমিতি মত্বা মামভিভবন্তি, অত ইদানীমহং ক্লৈব্যভ্রমাধায়কং তৎ কারুণ্যং হিত্বা ক্রৌর্য্যমাশ্রিত্য সর্ব্বলোকসংহারং করিষ্যে ইতি ভাবঃ।

হে লক্ষ্মণ, করুণরসাভিজ্ঞ (কারুণ্যসম্পন্ন) লোকসমূহের [সৃষ্টি] কর্ত্তাকেও নিখিল প্রাণিসমূহ অজ্ঞানতানিবন্ধন অবজ্ঞা করিয়া থাকে (অর্থাৎ শৌর্য্যবিশিষ্ট লোকসমূহের সৃষ্টিকর্ত্তাও যদি কারুণ্যবশতঃ শৌর্য্য প্রকাশ না করেন, তবে প্রাণিগণ তাঁহাকে নির্ব্বীর্য্য মনে করিয়া অবজ্ঞা করিয়া থাকে) ॥ ৭ ॥

মৃদুপ্রকৃতি, লোকহিতে নিরত, জিতেন্দ্রিয় [ও] করুণরসাভিজ্ঞ আমাকে দেবেশ্বরগণ নিশ্চয়ই নির্বীর্য্য মনে করিতেছেন ॥ ৮ ॥

১। ঋ 'সত্যং'। ২। ঠ-পুস্তকে অত্র আরভ্য নবমশ্লোকান্তোঽংশো নাস্তি। ৩। ড '-নাদেব ম-'। ৪। ঋ '-হিতং'। ৫। ঙ '-র্য্য ইতি', চ-ড '-র্য্যমিতি', ঋ '-র্য্যমিব'। ৬। ঙ '-জ্ঞাদ্ যদি'।

যেন সৌম্য হৃতা সীতা ভক্ষিতা বা তপস্বিনী[১]।
দৃষ্টে তস্মিন্ ভবেচ্ছান্তির্লোকানাং পার্থিবাত্মজ ॥ ১০ ॥
নৈব যক্ষা ন গন্ধর্ব্বা ন পিশাচা ন রাক্ষসাঃ।
কিন্নরা[২] বা মনুষ্যা[৩] বা সুখং প্রাপ্স্যন্তি[৪] লক্ষ্মণ ॥ ১১ ॥
